প্রথম পাঠ।

জিলার ডাক।

অমুক নম্বরের চালান।

অমুক জিলার ডাকের আড্ডাহইতে অমুক জিলার ডাকের আড্ডায় যে সকল পত্র চালান হয়।

সন তাং

যত পত্র		যত গুণ ডাক-মাসুল	ডাকমাসুল।	
			যে আড্ডাহইতে চালান হয়	যে আড্ডায় পাওয়া যায়।
	মাসুল দেওয়া পত্র			
	মাসুল দেওয়া সম্বাদপত্র			
	রেজিষ্টরীকরা পত্র			
	মোট			
			শ্রী অমুক। ডাকাধ্যক্ষ।	শ্রী অমুক। ডাকাধ্যক্ষ।

মন্তব্য কথা। যে আড্ডায় পত্র পাওয়া যায় তাহার ডাকাধ্যক্ষ যত মাসুল পাইয়াছেন ঠিক ততই ডাকমাসুলের ঘরে লিখিবেন, যে আড্ডাহইতে পত্র চালান হইয়াছিল তাহার হিসাবের সঙ্গে মিলিলে কি না মিলিলেও লিখিবেন।

Form 2.

DISTRICT POST.

CHALAN No. .

Letters despatched from the District Post Office at *to the Post Office at*

Dated *of* 185 .

No. of Letters.		No. of Rates of Postage.	Postage.	
			Despatching Office.	Receiving Office.
	Unpaid Letters returned, ... Unpaid Newspapers returned, ...			
	Total, ...			
	Paid Letters posted at this Office, ... Paid Newspapers ditto ditto, ... Paid Letters returned,... ... ... Paid Newspapers returned, ... Registered Letters returned, ...			
	Total, ...			
			C. D., *Post Master.*	A. B., *Post Master.*

N. B.—The Receiving Officer is invariably to enter the correct amount in the column of Postage, whether it agrees with the Despatching Office or not.

দ্বিতীয় পাঠ।

জিলার ডাক।

অমুক নম্বরের চালান।

অমুক স্থানের জিলার ডাকের আড্ডাহইতে যে২ পত্র অমুক ডাকঘরে চালান হয়।

সন তাং

যত পত্র		যত গুণ ডাক-মাসুল	ডাকমাসুল।	
			যে আড্ডাহইতে চালান হয়	যে আড্ডায় পাওয়া যায়
	মাসুল না দেওয়া পত্র ফিরিয়া দেওয়া যায় ...			
	মাসুল না দেওয়া সম্বাদপত্র ফিরিয়া দেওয়া যায়			
	মোট			
	যে পত্রের মাসুল এই আড্ডায় দেওয়া যায় ...			
	যে সম্বাদপত্রের ঐ ঐ			
	মাসুল দেওয়া যে পত্র ফিরিয়া দেওয়া যায় ..			
	মাসুল দেওয়া যে সম্বাদপত্র ফিরিয়া দেওয়া যায়			
	রেজিষ্টরীকরা যে পত্র ফিরিয়া দেওয়া যায় ...			
	মোট			
			শ্রী অমুক। ডাকাধ্যক্ষ।	শ্রী অমুক। ডাকাধ্যক্ষ।

মন্তব্য কথা। যে আড্ডায় পত্র পাওয়া যায় তাহার ডাকাধ্যক্ষ যত মাসুল পাইয়াছেন ঠিক ততই ডাকমাসুলের ঘরে লিখিবেন, যে আড্ডাহইতে পত্র চালান হইয়াছিল তাহার হিসাবের সঙ্গে মিলিলে কি না মিলিলেও লিখিবেন।

Form 3.

DISTRICT POST.

CHALAN NO. .

Letters despatched from the Post Office at *to the District Post Office at*

Dated *of* 185 .

No. of Letters.		No. of Rates of Postage.	POSTAGE.	
			Despatching Office.	Receiving Office.
	Paid Letters, ...			
	Paid Newspapers, ...			
	Paid Registered Letters, ...			
	Unpaid Newspapers, ...			
	Unpaid Letters, ...			
	Total, ...			
			C. D., *Post Master.*	A. B., *Post Master.*

N. B.—The Receiving Officer is invariably to enter the correct amount in the column of Postage, whether it agrees with the Despatching Office or not.

তৃতীয় পাঠ।

জিলার ডাক।

অমুক নম্বরের চালান।

অমুক স্থানের ডাকঘরহইতে যে সকল পত্র অমুক জিলার ডাকের আড্ডায় চালান হয়।

সন তাং

যত পত্র		যত গুণ মাসুল	ডাকমাসুল	
			যে আড্ডাহইতে চালান হয়	যে আড্ডায় পাওয়া যায়।
	মাসুল দেওয়া পত্র			
	মাসুল দেওয়া সম্বাদপত্র			
	মাসুল দেওয়া রেজিষ্টরীকরা পত্র			
	মাসুল না দেওয়া সম্বাদপত্র			
	মাসুল না দেওয়া পত্র...			
	মোট			
			শ্রী অমুক। ডাকাধ্যক্ষ।	শ্রী অমুক। ডাকাধ্যক্ষ।

মন্তব্য কথা। যে আড্ডায় পত্র পাওয়া যায় তাহার ডাকাধ্যক্ষ যত মাসুল পাইয়াছেন ঠিক ততই ডাকমাসুলের ঘরে লিখিবেন, যে আড্ডাহইতে পত্র চালান হইয়াছিল তাহার হিসাবের সঙ্গে মিলিলে কি না মিলিলেও লিখিবেন।

Form 4.

DELIVERY BOOK.

Date.	Names of Peons to whom Letters for delivery are made over.	Unpaid Letters from Post Office.		Unpaid Newspapers from Post Office.		Paid Letters.		Paid Newspapers.		Total Number of Letters paid and unpaid.	Total Number of Newspapers.	Signature of Delivery Peon.
		Number.	Postage to be collected.	Number.	Postage to be collected.	No. of Paid Letters for Post Office.	No. of Paid Letters for other District Post Office.	No. of Paid Newspapers for Post Office.	No. of Paid Newspapers for other District Post Office.			

A. B., *Post Master.*

[*Government Gazette*, 26*th September*, 1854.]

চতুর্থ পাঠ।

পত্র পঁহুছাইয়া দেওনের বহী।

তারিখ।	পঁহুছাইয়া দিবার পত্র যে পেয়াদারদিগকে দেওয়া যায় তাহারদের নামে	ডাকঘরহইতে মাসুল না দেওয়া পত্র		ডাকঘরহইতে মাসুল না দেওয়া সম্বাদপত্র		মাসুল দেওয়া পত্র		মাসুল দেওয়া সম্বাদপত্র		মাসুল দেওয়া ও না দেওয়া মোটে যত পত্র	মোটে যত সম্বাদপত্র	যে হরকারা পঁহুছাইয়া দেয় তাহার নাম সহী
		যত পত্র	যত মাসুল আদায় হইবেক	যত পত্র	যত মাসুল আদায় হইবেক	ডাকঘরের নিমিত্তে মাসুল দেওয়া যত পত্র	অন্য জিলার ডাকের আউড়ার নিমিত্তে মাসুল দেওয়া যত পত্র	ডাকঘরের নিমিত্তে মাসুল দেওয়া যত সম্বাদপত্র	অন্য জিলার ডাকের আউড়ার নিমিত্তে মাসুল দেওয়া যত সম্বাদপত্র			

শ্রীঅমুক ডাকাধ্যক্ষ।

Form 5.

REMITTANCE BOOK.

Account between Post Office and District Post Office.

Date.	Postage due on unpaid Letters sent for delivery.			Remittance from District Post Office to Post Office.			Postage on Letters returned.			Total Remittance received.			Date of Receipt.	Signature of Post Master.	Signature of Officer in charge of District Post Office.	Remarks.	Abstract.			
	Rs.	A.	P.	Rs.	A.	P.	Rs.	A.	P.	Rs.	A.	P.						Rs.	A.	P.
Balance,																	Cash received during the month. Postage due on unpaid letters returned, Balance due,			

A. B., *Post Master.*

পঞ্চম পাঠ।

টাকার চালান বহী।

ডাকঘরের ও জিলার ডাকের আড্ডার পরস্পর হিসাব।

তারিখ	পঁহুছাইয়া দিবার নিমিত্তে মাসুল না দেওয়া যে পত্র পাঠান যায় তাহার পাওনা মাসুল	জিলার ডাকের আড্ডাইতে ডাকঘরে যত টাকা চালান হয়	ফিরিয়া দেওয়া পত্রের মাসুল	মোটে চালান যত টাকা পাওয়া গিয়াছে	তাহা পাইবার তারিখ	ডাকাধ্যক্ষের সহী	জিলার ডাকের আড্ডার ভারপ্রাপ্ত কার্য্যকারকের সহী	মন্তব্য কথা	চুম্বক।
	টাকা	টাকা	টাকা	টাকা					
বাকী									অমুক মাসে জমা... মাসুল না দেওয়া যে পত্র ফিরাণ গিয়াছে তাহার পাওনা মাসুল ... ... বাকী পাওনা ...

শ্রী অমুক ডাকাধ্যক্ষ।

JOHN ROBINSON, *Bengalee Translator.*

NOTIFICATIONS.

ORDERS BY THE SUDDER DEWANNY ADAWLUT

APPOINTMENT.

The 15th September, 1854.

Baboo Bhyrubchunder Mitter, to officiate as Moonsiff of Madargunge, Zillah Mymensing.

LEAVE OF ABSENCE.

The 15th September, 1854.

Baboo Kalleekinkur Roy, Moonsiff of Madargunge, Zillah Mymensingh, for two months and twenty-five days, in excess of the vacations on Medical Certificate.

C. T. BUCKLAND, *Register.*

বিজ্ঞাপন।

সদর দেওয়ানী আদালতের হুকুম।

নিয়োগ।

১৮৫৪ সাল ১৫ সেপ্টেম্বর।

শ্রীযুত বাবু ভৈরবচন্দ্র মিত্র জিলা ময়মুনসিংহের মাদারগঞ্জের মুনসেফের কর্ম্ম নির্ব্বাহ করিবেন।

ছুটী।

১৮৫৪ সাল ১৫ সেপ্টেম্বর।

জিলা ময়মুনসিংহের মাদারগঞ্জের মুনসেফ শ্রীযুত বাবু কালীকিঙ্কর রায় বন্দের অতিরিক্ত চিকিৎসকের সর্টিফিটক্রমে দুই মাস পঁচিশ দিনের ছুটী পাইয়াছেন।

সি টি বকলাণ্ড। রেজিষ্টর।

রাজকর্ম্মে নিয়োগ।

২০৪৭ নম্বর।

বাঙ্গলা দেশের শ্রীযুত লেপ্টেনেণ্ট গবর্নর সাহেবের হুকুম।

নিয়োগ।

১৮৫৪ সাল ১ সেপ্টেম্বর।

ডাকাইতী দমনার্থ কমিস্যনর সাহেবের সিরিশ্তায় নিযুক্ত ডেপুটী মাজিষ্ট্রেট শ্রীযুত বাবু চন্দ্রশেখর রায় বর্দ্ধমান জিলাতে মাজিষ্ট্রেটের সম্পূর্ণ ক্ষমতাপ্রাপ্ত হইয়াছেন।

১৮৫৪ সাল ১৩ সেপ্টেম্বর।

শ্রীযুত জি পি লেষ্টর, সাহেবের (Mr. G. P. Leycester,) না পঁহুছন কি অন্য হুকুম না হওনপর্য্যন্ত চাকার মাজিষ্ট্রেট শ্রীযুত সি ডবলিউ মাকিলপ সাহেব (Mr. C. W. Mackillop,) উক্ত জিলার কালেক্টরের কর্ম্মও নির্ব্বাহ করিবেন।

শ্রীযুত বাবু ব্রহ্মানন্দ দাস কটকে পেশকশী মহালের সুপরিণ্টেণ্ডেণ্ট সাহেবের আসিষ্টাণ্ট হইবেন।

ডবলিউ গ্রে।

বাঙ্গলা দেশের গবর্ণমেণ্টের সেক্রেটারী।

[*Government Gazette, 26th September*, 1854.]

GOVERNMENT ADVERTISEMENT.

OPIUM.

গবর্ণমেণ্টের ইশ্‌তিহার।

আফিম।

আফিমের ইশ্‌তেহার।

ইশ্‌তেহার দেওয়া যাইতেছে যে সন ১৮৫৪ সাল তারিখ ১২ অক্‌টোবর বৃহস্পতিবার পূর্ব্বাহ্নে দিবা এগার ঘণ্টার সময়ে মোকাম কলিকাতার এক্‌সচেঞ্জ ঘরে সন১৮৫২।৫৩ সালের পয়দায়শী আফিমের দশম নীলাম হইবেক এবং ঐ নীলামে ৪০২৫ সিন্দুক আফিম বিক্রয় হইবেক তাহার বিশেষ এই।

বেহারের পয়দায়শী আফিম	২৮৫৫
বানারসের পয়দায়শী আফিম	১১৭০
জুমলা সিন্দুক	৪০২৫

২ দফা। এইক্ষণে যে নীলামের ইশ্‌তেহার হইল তাহার সাধারণ নিয়ম অর্থাৎ শরত সকল ধারানুসারে সন ১৮৫৩ সালের ৬ ডিসেম্বর তারিখের লিখিত ইশ্‌তেহারে সমুদয় বিবরণ প্রকাশ হইয়াছে এবং কলিকাতা ও এক্‌সচেঞ্জ গেজেট কাগজে ছাপা হইয়াছে তাহা দৃষ্টি করিলে অথবা রিবিনিউ বোর্ডের দপ্তরখানায় দরখাস্ত করিলে সবিশেষ জানিতে পারিবেন।

৩ দফা। ডিপাজিট অর্থাৎ আমানৎ পেশগীর টাকা দাখিলের শেষ তারিখ এবং কিলিয়রেন্স অর্থাৎ কিস্মতের টাকা দিয়া আফিম খালাসের শেষ তারিখ সন ১৮৫৪ সালের ১৭ এবং ২৭ অক্‌টোবর এই দুই দিবস ক্রমশঃ স্থির করা গেল অতএব নীলামী খরিদারান যে সকল প্রমিশ্বরী নোট অর্থাৎ তমসুক লিখিয়া দিয়া থাকেন তাহার খালাস করণার্থে সব-ট্রেজরর সাহেবের দস্তখতী ট্রেজুরী রসিদ অথবা কোম্পানির কাগজ কিম্বা কোন রকম সরকারী মাতবরী দস্তাবেজাত যাহা আমানতের হিসাবে দাখিল হইয়া থাকে তাহা সন ১৮৫৪ সালের ১৭ অক্‌টোবর মঙ্গলবার বেলা দুই প্রহর ৪ ঘণ্টার পর আর লওয়া যাইবেক না এবং ঐ আফিমের লাটখালাসি সববে কিস্মতের পূরা টাকার দরুন কোন ট্রেজুরি রসিদ সন ১৮৫৪ সালের ২৭ অক্‌টোবর শুক্রবার বেলা দুই প্রহর ৪ ঘণ্টার পর লওয়া যাইবেক না।

৪ দফা। উপরের লিখিত নীলামের ইশ্‌তেহারের মেকদার আফিম সেওয়ায় ইমসন নীচের লিখিত মেকদার সন ১৮৫২।৫৩ সালের বেহার ও বানারসের আফিম কিঞ্চিৎ কমী বা বেশী হউক পশ্চাৎ লিখিত তারিখে অথবা তাহার কিঞ্চিৎ অগ্রপশ্চাৎ নীলামে ধরা যাইবেক আর যদিস্যাৎ কোন হেতুপ্রযুক্ত নীলামের তারিখ বদল করার আবশ্যক হয় তবে সাহেবান বোর্ডের এক্তিয়ার থাকিল যে আবশ্যকমতে তারিখ বদল করিবেন ইতি।

	বেহারের সিন্দুক	বানারসের সিন্দুক	জুমলা সিন্দুক
সন ১৮৫৪ সালের ৮ নবেম্বর বুধবার অথবা কিঞ্চিৎ অগ্রপশ্চাৎ	২৮৫৫	১১৭০	৪০২৫
ঐ ৮ ডিসেম্বর শুক্রবার অথবা কিঞ্চিৎ অগ্রপশ্চাৎ	২৮৬৯	১১৭৬	৪০৪৫
	৫৭২৪	২৩৪৬	৮০৭০

বিমৌজীব হুকুম সাহেবান আলিসান বোর্ড রিবিনিউ। ফোর্ট উলিয়ম সন ১৮৫৪ সাল তারিখ ১৯ সেপ্টেম্বর।

এ আর ইয়ং। একটিং ছোট সেক্রেটারী।

[গবর্ণমেণ্ট গেজেট। ১৮৫৪। ২৬ সেপ্টেম্বর।]

কলিকাতার গবর্ণমেণ্ট যন্ত্রালয়ে শ্রীযুত মেকলেয়ড সাহেবের দ্বারা মুদ্রিত হইল।

CALCUTTA PUBLIC LIBRARY

গবর্ণমেণ্ট গেজেট

গবর্ণমেণ্টের আজ্ঞাক্রমে প্রকাশিত।

CALCUTTA, TUESDAY, OCTOBER 3, 1854.

কলিকাতা মঙ্গলবার ১৮৫৪ সাল ৩ অক্টোবর।

CIRCULAR ORDERS OF THE ACCOUNTANT GENERAL.

No. 828.

To the Collectors of Land Revenue, Lower Provinces.

In the event of any expenses being incurred by you on account of articles of Art and Industry for the Exhibition to be held in Paris in 1855, I have the honour to request that you will have the goodness to debit the same when audited, to a distinct head in your Treasury accounts to be styled "Exhibition of Art and Industry to be held in Paris in 1855.

(Signed) C. H. LUSHINGTON,
Offg. Acctt. to the Govt. of Bengal.

Fort William, Accountant's Office,
Revenue Department,
The 29th April, 1854.

No. 829.

To the Post Masters at Lower Provinces.

Her Majesty's Post Master General, London, with the concurrence of the Honourable the Court of Directors has given directions that instead of unpaid letters addressed to India being detained in the General Post Office, London, as heretofore until postage for them is paid, they should be forwarded to one of the three Presidencies, when the amount due to the British Post Office should be collected and remitted to England.

2d. With the view of carrying out this arrangement I have the honour to request, that you will be good enough to credit in your Cash Accounts any postage you may realize on account of the description of letters in question to the head of "Postage on unpaid letters received in London from

আক্টোণ্টেণ্ট জেনরল সাহেবের সরক্যুলর অর্ডর।

৮২৮ নম্বর।

বাঙ্গলাপ্রভৃতি দেশের ভূমির রাজস্বের শ্রীযুত কালেক্টর সাহেব বরাবরেষু।

১৮৫৫ সালে পারিসনগরে শিল্পকার্য্য ও বিদ্যাসম্পর্কীয় যে দ্রব্যের প্রদর্শন হইবেক তাহার জন্যে যদি তোমার কোন খরচ করিতে হয় তবে আদেশ করিতেছি যে তাহা আডিট হইলে "১৮৫৫ সালে পারিসনগরে শিল্প কার্য্য ও বিদ্যাসম্পর্কীয় দ্রব্যের যে প্রদর্শন হইবেক" এই নামের এক আলাহিদা শিরনামায় তোমার খাজানাখানার হিসাবে খরচ লেখ।

সি এচ লশিংটন।

বাঙ্গলা দেশের গবর্ণমেণ্টের একটিং আক্কৌণ্টেণ্ট।

ফোর্ট উলিয়ম। আক্কৌণ্টেণ্ট সাহেবের দফ্তরখানা।

রেবিনিউ ডিপার্টমেণ্ট।

১৮৫৪ সাল ২৯ আপ্রিল।

৮২৯ নম্বর।

বাঙ্গলাপ্রভৃতি দেশের শ্রীযুত ডাকাধ্যক্ষ বরাবরেষু।

লণ্ডননগরে শ্রীশ্রীমতী মহারাণীর শ্রীযুত সাধারণ ডাকাধ্যক্ষ সাহেব শ্রীযুত অনরবিল কোর্ট অফ ডৈরেক্টর্স সাহেবেরদের সম্মতিক্রমে আজ্ঞা করিয়াছেন যে, মাসুল না দেওয়া যে সকল পত্র ভারতবর্ষে চালান করিতে হইবেক তাহার মাসুল না দেওনপর্য্যন্ত লণ্ডননগরের সাধারণ ডাকঘরে যেমন পূর্ব্বাবধি আটক হইয়া থাকে তেমন না হইয়া ঐ পত্র তিন রাজধানীর মধ্যে এক রাজধানীতে পাঠান যায় তাহাতে ব্রিটনীয় ডাকঘরের যে মাসুল পাওনা হয় তাহা আদায় হইয়া ইঙ্গলণ্ডে পাঠান যায়।

২। এই নিয়ম সফল করিবার নিমিত্তে আদেশ করিতেছি যে তুমি সেইপ্রকারের পত্রের বাবৎ যে কিছু মাসুল আদায় কর তাহা "শ্রীশ্রীমতী মহারাণীর গবর্ণমেণ্টকে দেনা বাষ্পীয় ডাকমাসুল" এই হিসাবের মধ্যে "লণ্ডননগরে মাসুল না দেওয়া যে পত্র লওয়া যায় সমুদ্রদ্বারা গমনশীল

Ports beyond Sea" subordinate to the head of "Steam Postage payable to Her Majesty's Government."

3rd. You are also requested to open a new Memorandum at foot of your Cash Accounts to be designated "Postage on unpaid letters received in London from Ports beyond Sea" similar to that opened for Steam Postage payable to Her Majesty's Government.

4th. Should any letters of the kind above stated be received by you viâ Bombay, or Madras, you will credit the Postage recovered on such letters to those Presidencies respectively under the subordinate heading above pointed out, the amount of postage on letters remaining undelivered being distinctly shewn in the Memorandum of Bombay or Madras Steam Letters.

(Signed) C. H. LUSHINGTON,
Offg. Acctt. to the Govt. of Bengal.

Fort William, Accountant's Office,
Revenue Department,
The 6th May, 1854.

No. 830.

To the Collectors of Land Revenue, Lower Provinces.

Considerable inconvenience and embarrassment having been experienced by the drawers of drafts, in consequence of the signatures of the drawer on the bills and letters of advice being illegible, I have the honor to request that such documents may in future be carefully and legibly signed.

A disregard of the rule might subject drafts to refusal by the Drawee. A course which would be justified in case of doubt, and the responsibility for the inconvenience and delay which might arise to individuals, whether public or private, in the event of such refusal, would rest upon the officers by whom the bill was drawn.

(Signed) C. H. LUSHINGTON,
Offg. Acctt. to the Govt. of Bengal.

Fort William, Accountant's Office,
Revenue Department,
The 19th May, 1854.

No. 831.

To the Collectors of Land Revenue, Lower Provinces.

Under orders of the Government of Bengal conveyed in Mr. Under-Secretary Pratt's letter, No. 1306 of the 2nd instant, I have the honor to inform you, that, from the date of your receipt of these instructions, you are at liberty to remit the Salaries of Uncovenanted Officers, transferred from your district to any other, on public duty by bills free of premium on the Collector of the District to which the Uncovenanted Officers may have been so transferred.

বন্দরহইতে তাহার মাসুল" এই শিরনামায় তোমার নগদের হিসাবে জমা কর।

৩। আরো তোমার প্রতি আদেশ হইতেছে যে শ্রীশ্রীমতী মহারাণীর গবর্ণমেণ্টকে দেনা বাষ্পীয় ডাকমাসুল এই নামের যে স্মারক লিপি আছে তাহার মত তুমি "লণ্ডননগরে মাসুল না দেওয়া যে পত্র লওয়া যায় সমুদ্রদ্বারা গমনশীল বন্দরহইতে তাহার মাসুল" এই নামের এক নূতন স্মারক লিপি তোমার নগদের হিসাবের নিম্ন ভাগে দেও।

৪। যদি তুমি উক্ত প্রকারের কোন পত্র বোম্বাই কি মান্দ্রাজের পথে পাও তবে তুমি ঐ২ পত্রের উপর যে ডাকমাসুল আদায় কর তাহা ঐ২ রাজধানীর নামে উক্ত দ্বিতীয় শিরনামার নীচে জমা কর এবং যে সকল পত্র পঁহুছাইয়া দেওয়া না যায় তাহার মাসুল বোম্বাই কি মান্দ্রাজের বাষ্পীয় জাহাজে প্রাপ্ত পত্রের স্মারক লিপিতে স্পষ্টরূপে প্রকাশ হইবেক।

সি এচ লশিংটন।
বাঙ্গলা দেশের গবর্ণমেণ্টের একটিং আকেকাণ্টেণ্ট।

ফোর্ট উলিয়ম। আকেকাণ্টেণ্ট সাহেবের দফ্তরখানা।
রেবিনিউ ডিপার্টমেণ্ট।
১৮৫৪ সাল ৬ মে।

---

৮৩০ নম্বর।

বাঙ্গলাপ্রভৃতি দেশের ভূমির রাজস্বের শ্রীযুত কালেক্টর সাহেব বরাবরেষু।

যাঁহারা হুণ্ডী দেন তাঁহারদের হুণ্ডীর উপরে ও তদ্বিষয়ের সমাচারের পত্রের উপরে নামসহী পাঠ করা যাইতে না পারাতে যাঁহার উপর হুণ্ডী দেওয়া যায় তাঁহার অনেক ক্লেশ ও দুঃখ হয়। অতএব আদেশ করিতেছি যে উত্তর কালে ঐ হুণ্ডীপ্রভৃতির উপরে সাবধান ও সুপাঠ্যরূপে নাম সহী করা যায়।

এই বিধিমতে কার্য্য না হইলে যাঁহার উপর হুণ্ডী দেওয়া যায় তিনি তাহা অগ্রাহ্য করিতে পারেন আর সন্দেহের স্থলে অগ্রাহ্য করিলেও নির্দ্দোষী হইবেন। আর সেই প্রকারে অগ্রাহ্য হইলে সরকারী কি সাধারণ লোকেরদের যে ক্লেশ ও বিলম্ব হইতে পারে তাহার দায় যে কার্য্যকারক হুণ্ডী দেন তাঁহার উপর থাকিবেক।

সি এচ লশিংটন।
বাঙ্গলা দেশের গবর্ণমেণ্টের একটিং আকেকাণ্টেণ্ট।

ফোর্ট উলিয়ম। আকেকাণ্টেণ্ট সাহেবের দফ্তরখানা।
রেবিনিউ ডিপার্টমেণ্ট।
১৮৫৪ সাল ১৯ মে।

---

৮৩১ নম্বর।

বাঙ্গলাপ্রভৃতি দেশের ভূমির রাজস্বের শ্রীযুত কালেক্টর সাহেব বরাবরেষু।

ছোট সেক্রেটারী শ্রীযুত প্রাট সাহেবের বর্ত্তমান মাসের ২ তারিখের ১৩০৬ নম্বরী পত্রের লিখিত বাঙ্গলা দেশের গবর্ণমেণ্টের হুকুমমতে তোমাকে জ্ঞাপন করিতেছি যে, অচিহ্নিত যে সকল কার্য্যকারক সরকারী কর্ম্মেতে তোমার জিলাহইতে অন্য কোন জিলায় নিযুক্ত হন তাঁহারদের বেতন, ঐ অচিহ্নিত কার্য্যকারকেরা সেইপ্রকারে যে জিলাতে নিযুক্ত হন সেই জিলার কালেক্টর সাহেবের উপর বিনাপ্রিমিয়মের হুণ্ডী দিয়া পাঠাইতে, এই উপদেশ পত্র পাইবার তারিখঅবধি তোমার প্রতি অনুমতি আছে।

2nd. You will be careful to cite in any bills of this nature that you may issue the orders of Government under which the Uncovenanted Officer in whose favor they are issued, has been transferred from your District to that on which the bill is drawn.

(Signed) C. HOBHOUSE,
Assistt. Acctt. to the Govt. of Bengal.

Fort William, Accountant's Office,
Revenue Department,
The 23rd June, 1854.

২। এই প্রকারের কোন হুণ্ডী দিলে, যে অচিহ্নিত কার্য্যকারকের নামে দেওয়া যায় তিনি তোমার জিলাহইতে বিল যে জিলার উপর দেওয়া যায় সেই জিলাতে গবর্ণমেণ্টের যে হুকুমক্রমে নিযুক্ত হন তাহা উল্লেখ করিবার বিষয়ে মনোযোগ করিবা।

সি হবহৌস।
বাঙ্গলা দেশের গবর্ণমেণ্টের আসিষ্টাণ্ট আকেকৌণ্টেণ্ট।
ফোর্ট উলিয়ম।
আকেকৌণ্টেণ্ট সাহেবের দফ্তরখানা।
রেবিনিউ ডিপার্টমেণ্ট।
১৮৫৪ সাল ২৩ জুন।

No. 826.

To the Collectors of Land Revenue, Lower Provinces.

The Board of Revenue in Circular No. 3, dated 17th January, 1854, direct that Collectors when reporting settlements for confirmation, should at once transfer the Mehals to the fixed Towjee in the same way that it is presumed they do now when confirming settlements under the 7th Rule of Practice.

The Statements of "settlements confirmed" hitherto rendered by Commissioners, having thus become inoperative as the means of checking transfers from the fluctuating to the fixed portion of the Towjee, I have the honour with reference to the Extract of the Board's letter as per margin,* to forward a form of Statement in accordance with which I request you will furnish to this Department Quarterly Returns of the settlements made in your district from the year 1854-55. They should be transmitted together with your Quarterly Towjees.

This Statement should embrace all settlements by which the Jumma of an estate is fixed for a year with reference to Paragraph 3rd of Circular Order No. 7, dated 30th April, 1852.

(Signed) W. MAPLES,
Assistt. Acctt. to the Govt. of Bengal.

Fort William, Accountant's Office,
Revenue Department,
The 29th April, 1854.

৮২৬ নম্বর।

বাঙ্গলাপ্রভৃতি দেশের ভূমির রাজস্বের শ্রীযুত কালেক্টর সাহেব বরাবরেষু।

বোর্ড রেবিনিউর সাহেবেরা ১৮৫৪ সালের ১৭ জানুআরি তারিখের ৩ নম্বরী সরক্যুলর অর্ডরে হুকুম করিয়াছেন যে "কালেক্টর সাহেবেরা কার্য্য করণের ৭ বিধানমতে বন্দোবস্ত মঞ্জুর করণ কালে যে প্রকারে এইক্ষণে করিয়া থাকেন বোধ হয়, সেই প্রকারে তাঁহারদের উচিত যে, মঞ্জুর হওনের নিমিত্তে বন্দোবস্তের রিপোর্ট করণ কালে, মহাল একেবারে স্থির তৌজীতে দাখিল করেন।"

এই বিধিপ্রযুক্ত তৌজীর কমীবেশী জমার অংশহইতে স্থির জমার অংশেতে যে সকল মহাল খারিজদাখিল হয় তাহা মোকাবিলা করিবার জন্যে "মঞ্জুরকরা বন্দোবস্তের" যে২ কৈফিয়ৎ এখনপর্য্যন্ত কমিস্যনর সাহেবেরা দিয়া থাকেন তাহা নিষ্ফল হইয়াছে। অতএব বোর্ডের পত্রহইতে গৃহীত নীচের লিখিত * কথার উপলক্ষে কৈফিয়তের এক পাঠ পাঠাইতেছি। তদনুসারে ১৮৫৪। ৫৫ সালাবধি তোমার জিলাতে যে সকল বন্দোবস্ত করা যায় তাহার তিন২ মাসের রিটর্ণ তুমি এই সিরিশ্তায় পাঠাও এই আদেশ করিতেছি। সেই রিটর্ণ তোমার তিন২ মাসের তৌজীর সঙ্গে পাঠান উচিত।

১৮৫২ সালের ৩০ আপ্রিল তারিখের ৭ নম্বরী সরক্যুলর অর্ডরের ৩ দফার উপলক্ষে যে বন্দোবস্তক্রমে মহালের জমা এক বৎসরপর্য্যন্ত নির্দ্ধার্য্য হয় সেই সকল বন্দোবস্ত এই কৈফিয়তের মধ্যে লিখিতে হইবেক।

ডবলিউ মেপল্স।
বাঙ্গলা দেশের গবর্ণমেণ্টের আসিষ্টাণ্ট আকেকৌণ্টেণ্ট।
ফোর্ট উলিয়ম। আকেকৌণ্টেণ্ট সাহেবের দফ্তরখানা।
রেবিনিউ ডিপার্টমেণ্ট।
১৮৫৪ সাল ২৯ আপ্রিল।

---

* Extract Paragraph 2nd of letter from Officiating Secretary to the Board of Revenue, L. P., No. 13, dated 28th February, 1854.

"The Board have however no objection to your "prescribing on your own authority, as the head "of the Department of Accounts, such forms as you "consider best calculated to answer the purposes "of your Department. But in doing so, it should "be intimated to the local officers that the forms "which you may prescribe are not intended to supersede those which are now submitted to the "Board."

* বাঙ্গলাপ্রভৃতি দেশের বোর্ড রেবিনিউর শ্রীযুত এক্টিং সেক্রেটারী সাহেবের ১৮৫৪ সালের ২৮ ফেব্রুআরি তারিখের ১৩ নম্বরী পত্রের ২ দফা।

"কিন্তু হিসাবের সিরিশ্তার প্রধান কার্য্যকারকস্বরূপ তুমি আপন সিরিশ্তার অভিপ্রায় সফল করিবার নিমিত্তে যে২ পাঠ অত্যুপযুক্ত বোধ কর তাহা আপনার ক্ষমতামতে নির্দ্দিষ্ট কর এই বিষয়ে বোর্ডের সাহেবেরদের কোন আপত্তি নাই। কিন্তু তাহা করিলে তুমি যে পাঠ নির্দ্দিষ্ট করিবা তাহাতে বোর্ডের সাহেবেরদের নিকটে এইক্ষণে যে২ পাঠ অর্পণ হইয়া থাকে তাহা অন্যথা করিবার অভিপ্রায় নয় ইহা স্থানীয় কার্য্যকারকদিগকে অবগত করাণ উচিত।"

Quarterly Statement of Settlements made in the District of during the Quarter of

Mehal.	Pergunnah.	Term of new Settlement.	Date from which the new settlement takes effect.	Date of order sanctioning former Jumma.	Jumma.		No. and Date of settlement order.	New Jumma when brought on the fixed portion of the Towjee	Particulars of the Bukya balance to be added to the Towjee.
					Of former settlement.	Of settlement now made.			

Zillah Collector's Office,
The

A. B, *Collector.*

[গবর্ণমেণ্ট গেজেট। ১৮৪৪। ৩ অক্টোবর।]

অমুক জিলাতে অমুক সালের যে তিন মাসে বন্দোবস্ত করা যায় তাহার ত্রৈমাসিক কৈফিয়ৎ।

মহাল	পরগনা	নূতন বন্দোবস্তের মিয়াদ	নূতন বন্দোবস্ত যে তারিখঅবধি চলন হইবেক	সাবেক জমার অনুমতি যে হুকুমমতে হয় তাহার তারিখ	জমা		বন্দোবস্তের হুকুমের নম্বর ও তারিখ	নূতন জমা তৌজীর স্থির অংশে যে সময়ে লেখা যায়	তৌজীতে যে বকেয়া বাকী ধরিতে হইবেক তাহার বেওরা
					সাবেক বন্দোবস্তের	এইক্ষণকার করা বন্দোবস্তের			

অমুক জিলার কালেক্টরী কাছারী। সন তাং।

শ্রীঅমুক কালেক্টর।

No. 827.

To the Commissioners of Revenue of the Districts of Bhaugulpore Division, Rajshahye Division, Dacca Division, Patna Division, Chittagong Division, Assam Division, Hazareebaugh, Cuttack, Nuddea, Burdwan, Tenasserim and Martaban Provinces, and Arracan.

The Revenue Board having in their Circular No. 3, dated 17th January, 1854, directed that Collectors when reporting settlements for confirmation, should at once transfer the Mehals to the fixed Towjee, the Statements of settlements confirmed, furnished by you to this Department, have become inoperative as a means of check.

In lieu of them the Collectors have, with reference to the Extract of the Board's letter noted in the margin,* been requested to furnish this Department with Quarterly Returns of settlements made in their districts in a new form (annexed.)

As however the Jumma fixed by settlements may be revised upon confirmation, I have the honor to forward herewith a form of settlement in accordance with which I request the favor of your furnishing this Department with Quarterly Returns of alterations of the settled Jumma of Mehals confirmed by you, transmitting it by the 15th of the month following the close of each quarter.

(Signed) W. MAPLES,
Assistt. Accountt. Govt. of Bengal.

Fort William, Accountant's Office,
Revenue, Department,
The 29th April, 1854.

* Extract Paragraph 2d of letter from Officiating Secretary to the Board of Revenue, Lower Provinces, No. 13, dated 28th February, 1854.

The Board however have no objection to your prescribing on your own authority as the head of the Department of Account such forms as you consider best calculated to answer the purposes of your Department. But in doing so it should be intimated to all officers that the forms which you may prescribe are not intended to supersede those which are now submitted to the Board.

৮২৭ নম্বর।

ভাগলপুর এলাকা ও রাজশাহী এলাকা ও ঢাকা এলাকা ও পাটনা এলাকা ও চাটিগাঁ এলাকা ও আসাম এলাকা ও হাজারীবাগ ও কটক ও নদীয়া ও বর্দ্ধমান ও থনাসরিম ও মার্ত্তাবান প্রদেশ ও আরাকাণের শ্রীযুত কমিস্যনর সাহেব বরাবরেষু।

রেবিনিউ বোর্ডের সাহেবেরা ১৮৫৪ সালের ১৭ জানুআরি তারিখের ৩ নম্বরী সরক্যুলর অর্ডরে হুকুম করিয়াছেন যে কালেক্টর সাহেবেরা যখন মঞ্জুর হওনের নিমিত্তে বন্দোবস্তের রিপোর্ট করেন তখন তাঁহারা মহাল একেবারে স্থির তৌজীতে দাখিল করিবেন। ইহাতে তুমি মঞ্জুরকরা বন্দোবস্তের যে কৈফিয়ৎ এই সিরিশ্‌তায় পাঠাও তাহা মোকাবিলার কার্য্যের অভিপ্রায়ে নিষ্ফল হইয়াছে।

তাহার পরিবর্ত্তে বোর্ডের সাহেবেরদের পত্রহইতে গৃহীত নীচের লিখিত কথার উপলক্ষে কালেক্টর সাহেবদিগকে আদেশ করা গিয়াছে যে তাঁহারা আপন২ জিলার মধ্যে যে সকল বন্দোবস্ত করেন তাহার তিন২ মাসের রিটর্ণ ঐ আদেশ পত্রের পশ্চাৎ লিখিত নূতন পাঠানুসারে এই সিরিশ্‌তায় পাঠান্।

পরন্তু বন্দোবস্তক্রমে যে জমা নির্দ্ধার্য্য হয় তাহা মঞ্জুর করণ কালে পরিবর্ত্তন হইতে পারে এইহেতুক এই পত্রের সঙ্গে বন্দোবস্তের এক পাঠ পাঠাইয়া আদেশ করিতেছি যে তোমার মঞ্জুরকরা মহালের নির্দ্ধারিত জমার যে পরিবর্ত্তন হয় তাহার তিন২ মাসের কৈফিয়ৎ তিন২ মাসের শেষ হইলে তাহার পর মাসের ১৫ তারিখপর্য্যন্ত এই সিরিশ্‌তায় পাঠাও।

ডবলিউ মেপলস।
বাঙ্গলা দেশের গবর্ণমেণ্টের আসিষ্টাণ্ট আকেক্টাণ্টেণ্ট।

ফোর্ট উলিয়ম। আকেক্টাণ্টেণ্ট সাহেবের দস্তুরখানা।
রেবিনিউ ডিপার্টমেণ্ট।
১৮৫৪ সাল ২৯ আপ্রিল।

* বাঙ্গলাপ্রভৃতি দেশের বোর্ড রেবিনিউর শ্রীযুত একটিং সেক্রেটারী সাহেবের ১৮৫৪ সালের ২৮ ফেব্রুআরি তারিখের ১৩ নম্বরী পত্রের ২ দফা।

"কিন্তু হিসাবের সিরিশ্‌তার প্রধান কার্য্যকারকস্বরূপ তুমি আপন সিরিশ্‌তার অভিপ্রায় সফল করিবার নিমিত্তে যে২ পাঠ অত্যুপযুক্ত বোধ কর তাহা আপনার ক্ষমতামতে নির্দ্দিষ্ট কর এই বিষয়ে বোর্ডের সাহেবেরদের কোন আপত্তি নাই। কিন্তু তাহা করিলে তুমি যে পাঠ নির্দ্দিষ্ট করিবা তাহাতে বোর্ডের সাহেবেরদের নিকটে এইক্ষণে যে২ পাঠ অর্পণ হইয়া থাকে তাহা অন্যথা করিবার অভিপ্রায় নয় ইহা স্থানীয় কার্য্যকারকদিগকে অবগত করাণ উচিত।"

Quarterly Statement of Alterations of the Settled Jumma of Mehals confirmed by the Commissioner of Revenue of the Division during the Quarter of

District.	Mehal.	Pergunnah.	Jumma fixed by Settlement Officer.	Jumma as altered by the Commissioner.	Date of Commissioner's Order.	Remarks.

A. B.,
Commissioner of Revenue.

অমুক তিন মাসের মধ্যে অমুক এলাকার রাজস্বের শ্রীযুত কমিস্যনর সাহেব মঞ্জুরকরা মহালের স্থির জমার যে পরিবর্ত্তন করেন সেই পরিবর্ত্তনের তিন২ মাসের কৈফিয়ৎ।

জিলা	মহাল	পরগনা	বন্দোবস্তের কার্য্যকারক যে জমা স্থির করেন	কমিস্যনর সাহেবের পরিবর্ত্তন করা জমা	কমিস্যনর সাহেবের হুকুমের তারিখ	মন্তব্য কথা।

শ্রী অমুক
রাজস্বের কমিস্যনর।

No. 1038.

NOTICE.

It is hereby notified that measures are in progress for discontinuing the sale of Salt by retail from the Government Depôts on the mainland of Bullooah and the island of Dukhin Shabazpore.

From the 1st January, 1855, all the Retail Chokeys on the mainland will be closed with the exception of that at Soodaram, where a stock of Salt will be stored and sold wholesale and retail, till such time as there is reason to suppose that arrangements have been made by private traders for keeping up a constant and adequate supply. Similarly in the island of Shabazpore a single Depôt for the wholesale and retail sale of Salt will be maintained at Dowlutkhan.

The Salt delivered from the Depôts will for the present be Arracan Salt, and the price Rs. 345 per 100 Mds. on purchases of 100 Mds. and upwards. Payments on such purchases must be made into the Bullooah Treasury, and Rowannahs to protect the Salt will be granted by the Superintendent of the Bullooah Salt Chokeys. For quantities less than 100 Mds. the price will be Rs. 3-8 per Maund, and the Golah Darogahs will grant Chars for the removal of Salt purchased in such small quantities; but no sales of less than 5 Mds. at a time will be allowed.

Rowannah Salt will be allowed free admission both in Shabazpore, and on the mainland, and the prices at the Depôts have been purposely so fixed as to give fair encouragement for a regular trade on the part of private merchants.

By order of the Board of Revenue,

A. R. YOUNG,
Offg. Junior Secretary.

Fort William, the 25th September, 1854.

No. 1039.

NOTIFICATION.

On the re-opening of the Public Offices after the Holidays, i. e., from the 9th Proximo, applications for licenses will be received by the Board of Revenue, and also by the Superintendent of the Barripore Salt Chokies for transmission to the Board, from parties desirous to engage in the manufacture of Salt under an excise system. A portion of the Sunderbuns, known as the Tuffal Aurungs of the late 24-Pergunnahs Salt Agency, has been specially set apart for this purpose, and licenses to manufacture will be granted to applicants on the following terms and conditions.

1. The Sunderbun Lots 131 and 132, in the first instance, afterwards Lot 149, and subsequently Lots 127, 128, 150, 151 and 152, in such order as may hereafter be judged expedient will be made available for the manufacture of Salt on a system of excise.

2. Lands suitably situated in the above locality will be divided into allotments of 50 Beegahs each,

১০৩৮ নম্বর।

বিজ্ঞাপন।

ইহার দ্বারা সম্বাদ দেওয়া যাইতেছে যে বলুয়াতে এবং দক্ষিণ শাহাবাজপুর উপদ্বীপে গবর্ণমেণ্টের যে নিমকের গোলা আছে তাহাহইতে নিমকের খুজরা বিক্রয় রহিত করণের উপায় করা যাইতেছে।

১৮৫৫ সালের ১ জানুআরি তারিখঅবধি বলুয়াতে নিমকের খুজরা বিক্রয়ের সকল চৌকী বন্দ হইবেক। কেবল সুদারামে কিছু নিমক গোলাজাত করা যাইবেক এবং বিশেষ মাহাজনেরা নিয়ত ও প্রচুরমতে লবণ যোগাইবার নিয়ম করিয়াছেন এইরূপ বোধ করিবার কারণ যাবৎ না হয় তাবৎ সুদারামের গোলাহইতে লবণের মোটে ও খুজরা বিক্রয় হইবেক। শাবাজপুর উপদ্বীপেও লবণের মোট ও খুজরা বিক্রয়ের নিমিত্তে দৌলৎখাঁ নামক স্থানে একি গোলা থাকিবেক।

এইক্ষণে ঐ২ গোলাহইতে আরাকাণের লবণ দেওয়া যাইবেক। এবং ১০০/ মোন ও তাহার অধিক লবণ যাহারা খরীদ করে তাহারা এক২ শত মোন ৩৪৫৲ টাকা মূল্যে পাইবেক। ঐ প্রকারে খরীদকরা লবণের মূল্য বলুয়ার খাজানাখানায় দিতে হইবেক এবং বলুয়ার নিমক চৌকীর সুপরিণ্টেণ্ডেণ্ট ঐ লবণ রক্ষার জন্যে রওয়ানা দিবেন। ১০০/ মোনের কম যত খরীদ করা যায় তাহার মূল্য মোনপ্রতি ৩॥০ সাড়ে তিন টাকা হইবেক এবং এত অল্প২ যে লবণ খরীদ করা যায় তাহা লইয়া যাইবার নিমিত্তে গোলার দারোগারা ছাড়চিঠী দিবেন। কিন্তু একি কালে ৫/ মোনের কম লবণ বিক্রয় করিবার অনুমতি নাই।

রওয়ানার লবণ শাহাবাজপুরে ও বলুয়াতে বিনামাসুলে লইবার অনুমতি হইবেক। এবং বিশেষ মহাজনেরা রীতিমতে ব্যবসা করিবার উপযুক্ত উৎসাহ পায় এই অভিপ্রায়ে গোলাতে তাহার উক্ত মূল্য নির্দ্ধার্য্য হইয়াছে।

বোর্ড রেবিনিউর হুকুমক্রমে।

এ আর ইয়ং।

এক্‌টিং দ্বিতীয় সেক্রেটারী।

ফোর্ট উলিয়ম।

১৮৫৪ সাল ২৫ সেপ্টেম্বর।

১০৩৯ নম্বর।

বিজ্ঞাপন।

যাঁহারা মাসুল দেওনের নিয়মমতে নিমক পোয়ান করিতে চাহেন তাঁহারদের পাট্টা পাইবার দরখাস্ত ছুটীর পরে সরকারী সকল দফ্তরখানা খোলা গেলে অর্থাৎ আগামি মাসের ৯ তারিখঅবধি, বোর্ড রেবিনিউতে গ্রাহ্য হইবেক, এবং বোর্ড রেবিনিউতে পাঠাইবার জন্যে বারুইপুরের নিমক চৌকীর সুপরিণ্টেণ্ডেণ্টও গ্রাহ্য করিবেন। চব্বিশপরগনার সাবেক নিমক এজেণ্টীর তফাল আরুঙ নামে খ্যাত সুন্দরবনের এক অংশ এই কার্য্যের নিমিত্তে বিশেষমতে পৃথক করা গিয়াছে, এবং দরখাস্তকারি দিগকে নিমক পোয়ানের পাট্টা নীচের লিখিত নিয়ম ও শর্তমতে দেওয়া যাইবেক।

১। মাসুল দেওনের নিয়মমতে নিমক পোয়ানের জন্যে সুন্দরবনের ১৩১ ও ১৩২ নম্বরী লাট প্রথমে পাওয়া যাইতে পারে, পরে ১৪৯ নম্বরী লাট ও তাহার পর ১২৭ ও ১২৮ ও ১৫০ ও ১৫১ ও ১৫২ নম্বরী লাট যে ক্রমেতে উত্তর কালে উপযুক্ত বোধ হইবেক সেই ক্রমেতে পাওয়া যাইতে পারিবেক।

২। উক্ত স্থানে যে সকল জমী স্থান বুঝিয়া উপযুক্ত হয় তাহা পঞ্চাশ২ বিঘার অংশ করিয়া বিলি করা যাইবে

and rented at the rate of one anna per Beegah to parties engaging to manufacture not less than Maunds 2,000 of Salt per annum. Each new allotment must be contiguous to the one last granted, or as nearly so as the nature of the ground will admit, but any number of allotments may be assigned to a single individual on his satisfying the Board of his ability and bonâ fide intention to work them. The rent of the lands must be paid half at the beginning and half at the end of the season.

3. The supervision of the manufacture will be entrusted to the Superintendent of the Barripore Salt Chokies assisted by an Establishment whose duty it will be to take an account of the daily manufacture of each Khalary and to prevent malpractices.

4. The Salt when made may, at the option and convenience of the manufacturer be delivered to purchasers from the Aurungs or stored in Golahs which will be provided by Government free of charge; or a manufacturer may, if he prefers it under certain conditions remove his Salt to be stored elsewhere than in the Government Golahs. In each case the following rules must be observed.

5. When Salt is sold for delivery from the Aurungs, the amount of duty leviable upon it at the rate of Rupees 2-8 per Maund must be paid into the General Treasury, and, on production of receipts for such payment Permits will be granted at the Board's Office for the protection of the Salt in the same manner as in the case of Salt imported by Sea. The weighment on delivery must be made in presence of one of the Supervisor's Officers and the Permit must be endorsed by the Aurung Assistant.

6. When Salt is to be removed for the purpose of being stored in the Government Golahs (which for the present will be established at Baugundee,) the Boats must be laden and the Salt stamped over in the presence of one of the Supervisor's Officers. It will then be transported to the Golahs by a certain prescribed route under Chellans specifying the quantity by foot measurement. The Chellans will be numbered and signed and the Boats passed by the Aurung Assistant, who will keep a Register of the Chellans. On arrival at the Golahs the despatch will be examined by the Officer in charge of the Golahs, the condition of the Stamps noted and the Chellan registered. The Salt will then be weighed into store and the result of the weighment entered in the Chellan Register as well as in the store account to be kept by the Golah Darogah. The expense of weighing the Salt into store will be borne by the manufacturer.

7. Each manufacturer's Salt will be piled in a separate heap and stamped with his own Stamp.

বেক, এবং যাহারা বৎসরে অন্যূন ২০০০/ মোন লবণ পোখ্তান করিতে করার করে তাহারদিগকে ঐ জমী বিঘা প্রতি এক আনার হারের খাজানায় দেওয়া যাইবেক। নূতন অংশ কোন কাহাকে দিতে হইলে, তৎপূর্ব্বে যে অংশ দেওয়া গিয়াছে তাহার কাছে যে অংশ তাহা, অথবা জমীর ভাব বুঝিয়া তাহার যত নিকটের অংশ দেওয়া যাইতে পারে তাহা, দেওয়া যাইবেক। কিন্তু কোন এক ব্যক্তি যত অংশ লইতে চাহে সে যদি ঐ সকল অংশের কার্য্য চালাইতে আপনার শক্তি ও আপনার প্রকৃত অভিপ্রায়ের বিষয়ে বোর্ডের সাহেবেরদের হৃদ্বোধ করাইতে পারে তবে ততই অংশ পাইতে পারে। জমীর খাজানার অর্দ্ধেক নিমক পোখ্তানের কালের আরম্ভে ও অর্দ্ধেক ঐ কালের শেষে দিতে হইবেক।

৩। নিমক পোখ্তানের তত্ত্বাবধারণের কার্য্য বারুইপুরের নিমক চৌকীর সুপরিন্টেণ্ডেণ্টের প্রতি অর্পিত হইবেক, তাঁহার সাহায্যের নিমিত্তে আমলাগণ থাকিবেক। তাঁহারদের কর্ত্তব্য কর্ম্ম এই যে প্রত্যেক খালাড়িতে প্রতিদিন যত নিমক পোখ্তান হয় তাহার হিসাব লন এবং কুব্যবহার নিবারণ করেন।

৪। নিমক প্রস্তুত হইলে পর, যে ব্যক্তি তাহা প্রস্তুত করে তাহার যেমন ইচ্ছা কি সুবিধা হয় তেমনি সেই ব্যক্তি আড়ঙ্গহইতে খরীদারদিগকে নিমক দিতে কিম্বা গবর্ণমেণ্ট যে গোলা নিরূপণ করেন সেই গোলাতে বিনাখরচে গোলাজাত করিতে পারে। অথবা যদি চাহে তবে ঐ নিমক প্রস্তুতকরণিয়া, কোন বিশেষ নিয়মমতে কার্য্য করিয়া গবর্ণমেণ্টের গোলা ছাড়া অন্য স্থানে গোলাজাত করিবার নিমিত্তে আপনার নিমক চালান করিতে পারে। ইহার মধ্যে যেরূপ করুক তাহার এই২ বিধিমতে কার্য্য করিতে হইবেক।

৫। যখন নিমক আড়ঙ্গহইতে দেওয়া যাইবার নিমিত্তে বিক্রয় হয়, তখন তাহার উপর মোনপ্রতি ২॥০ আড়াই টাকার হারে মাসুল জেনরল ট্রেজুরীতে দিতে হইবেক। এবং ঐ টাকা দেওয়ার রসীদ দেখান গেলে, সমুদ্র হইতে আমদানী হওয়া লবণের বিষয়ে যে প্রকার হইয়া থাকে সেই প্রকারে নিমকের রক্ষার নিমিত্তে বোর্ডের দস্তুরখানাহইতে ছাড়চিঠী দেওয়া যাইবেক। খরীদারকে নিমক দিবার সময়ে সুপরিন্টেণ্ডেণ্টের এক জন আমলার সাক্ষাতে তাহার ওজন করিতে হইবেক এবং আড়ঙ্গের আসিষ্টাণ্ট ঐ ছাড়চিঠীর পৃষ্ঠে দস্তখৎ করিবেন।

৬। যখন নিমক গবর্ণমেণ্টের গোলাতে গোলাজাত করিবার নিমিত্তে চালান করা যায়, তখন, সুপরিন্টেণ্ডেণ্টের এক জন আমলার সাক্ষাতে নৌকা বোঝাই করা যাইবেক এবং নিমকের উপর ছাপ দেওয়া যাইবেক। (এইক্ষণকার জন্যে ঐ গোলা বাগুণ্ডীতে করা যাইবেক।) পরে ঐ বোঝাইকরা লবণ চালানক্রমে বিশেষ নির্দ্দিষ্ট পথে গোলায় পাঠান যাইবেক, ঐ চালানেতে কুৎ করিয়া যত লবণ হয় তাহা লেখা থাকিবেক। আড়ঙ্গের আসিষ্টাণ্ট ঐ চালানে নম্বর লিখিয়া ও দস্তখৎ করিয়া নৌকা পাস করিবেন। তিনি চালানের এক রেজিষ্টর রাখিবেন। গোলাতে পঁহুছিলে গোলার ভারপ্রাপ্ত কার্য্যকারক চালান ভালমতে দেখিবেন এবং লবণের উপর দেওয়া ছাপের অবস্থা দেখিবেন, এবং চালান রেজিষ্টরী করিবেন। পরে নিমক ওজন করিয়া গোলাজাত করা যাইবেক, এবং ওজন করিয়া যত নিমক আছে তাহা চালানের রেজিষ্টরে টুকিয়া রাখা যাইবেক, এবং গোলার দারোগা গোলাজাত নিমকের যে হিসাববহী রাখিবেন তাহাতেও টুকিয়া রাখা যাইবেক। নিমক ওজন করিয়া গোলাজাত করণের খরচ নিমক প্রস্তুতকরণিয়ার দিতে হইবেক।

৭। নিমক প্রস্তুত করণিয়া প্রত্যেক ব্যক্তির নিমকের আলাহিদা গাদি হইবেক এবং তাহার উপর তাহার নিজ

When a whole Golah is stored with Salt of a single manufacturer, the Golah will be secured with two locks, one key being kept by the manufacturer and the other by the Golah Darogah. When a Golah contains the Salt of more than one manufacturer there will be only one lock, the key of which will be kept by the Golah Darogah.

8. The Registers of Chellans kept by the Aurung Assistant and the Officer in charge of the Golahswill be carefully compared by the Superintendent, for which purpose extracts will be sent to him weekly; and if any despatch be not duly accounted for, or if any despatch appear to have been tampered with and the quantity received at the Depôt from such despatch be deficient as compared with the Estimate, no Salt belonging to the party concerned will be allowed to be delivered from the Depôt until the duty chargeable on the deficient quantity shall have been made good.

9th. Salt will be delivered to purchasers from the Golahs on the production of Permits to be obtained from the Board's Office in the manner described in Rule 5.

10. Wastage at the rates specified in the margin* will be allowed in accounting for Salt stored under these rules, and duty must be paid by the manufacturer on any deficiency beyond the allowed wastage which may not be accounted for to the Board's satisfaction. For the realization of this duty a sufficient portion of the Salt may be detained and sold by Government.

11. The Salt of each year's manufacture will be kept separate in order that the accounts of each year's store may be duly made up.

12. Manufacturers who may not choose to store their Salt at the fixed Depôt, must make a deposit of the duty in Company's Paper before removing it, and the duty must be paid in full within six months from the close of the season, that is before the 1st December of each year. The Salt must be weighed before removal and an excess of 3 per cent. above the quantity registered for duty will be allowed for wastage. Salt so removed will be protected by Special Passes to be filled up and signed by the Superintendent, and after removal will be at the

ছাপ দেওয়া যাইবেক। যখন লবণ প্রস্তুতকরণিয়া একি ব্যক্তির লবণেতে এক গোলা পূর্ণ হয় তখন ঐ গোলা দুই তালা দিয়া বন্ধ হইবেক। একের চাবি নিমক প্রস্তুতকরণিয়া রাখিবেক অন্য তালার চাবি গোলার দারোগা রাখিবেন। যদি একি গোলাতে দুই কি তাহার অধিক লোকের লবণ থাকে তবে কেবল এক তালা দেওয়া যাইবেক তাহার চাবি গোলার দারোগার হাতে থাকিবেক।

৮। আড়ঙ্গের আসিষ্টান্ট এবং যাঁহার জিম্মায় গোলা থাকে সেই কার্য্যকারক চালানের যে২ রেজিষ্টর রাখেন তাহা সুপরিণ্টেণ্ডেণ্ট মনোযোগ করিয়া মিলাইয়া দেখিবেন এবং সেই অভিপ্রায়ে সপ্তাহে২ ঐ২ রেজিষ্টরের চুম্বক তাঁহার নিকটে পাঠান যাইবেক। তাহাতে যদি চালান করা কিছু লবণের উপযুক্ত হিসাব দিতে না পারা যায় কিম্বা যদি দৃষ্ট হয় যে ঐ লবণের কিঞ্চিৎ অপহরণ হইয়াছে এবং চালান করা যত লবণ গোলাতে পাওয়া গিয়াছে তাহা ইষ্টিমেটের সঙ্গে মিলাইয়া কম হইয়াছে তবে ঐ কম লবণের যত মাসুল লাগে তাহা সমুদয় যাবৎ না দেওয়া যায় তাবৎ ঐ লবণ যাহার আছে তাহার আর কিছু লবণ ঐ গোলাহইতে বাহির করিবার অনুমতি হইবেক না।

৯। যাহারা গোলাহইতে লবণ খরীদ করিবেক তাহারা ৫ বিধির নির্দ্দিষ্টমতে বোর্ডের দফ্তরখানাহইতে ছাড়চিঠী লইবেক তাহা গোলাতে দেখাইলে তাহারদিগকে লবণ দেওয়া যাইবেক।

১০। এই সকল বিধিমতে যে লবণ গোলাজাত করা যায় তাহার হিসাব করিলে নীচের লিখিত* হারানুসারে তাহার শুক্তির বাবৎ বাদ দেওয়া যাইবেক। যত বাদ দেওয়া যায় তাহার অধিক যদি কম পড়ে ও বোর্ডের খাতিরজমামতে তাহার হিসাব দিতে না পারা যায় তবে লবণ প্রস্তুতকরণিয়ার তাহার মাসুল দিতে হইবেক। ঐ মাসুল আদায় করিবার নিমিত্তে যত লবণ উপযুক্ত হয় তাহা আটক করা যাইতে ও গবর্ণমেণ্টের দ্বারা বিক্রয় হইতে পারিবেক।

১১। এক২ বৎসরে যে লবণ গোলাজাত করা যায় তাহার হিসাব উপযুক্তমতে হইতে পারে এই নিমিত্তে যে বৎসরে যে লবণ প্রস্তুত করা যায় তাহা আলাহিদা রাখা যাইবেক।

১২। লবণ প্রস্তুতকরণিয়া যে ব্যক্তিরা আপনারদের লবণ নির্দ্দিষ্ট গোলাতে গোলাজাত করিতে না চাহে তাহারদের ঐ লবণ লইয়া যাইবার পূর্ব্বে তাহার মাসুল কোম্পানির কাগজে আমানৎ করিতে হইবেক। এবং নিমক পোখ্তানের কালের শেষ হইলে পর ছয় মাসের মধ্যে অর্থাৎ প্রতিবৎসরের ডিসেম্বর মাসের ১ তারিখের পূর্ব্বে ঐ সমুদয় মাসুল তাহারদের দিতে হইবেক। ঐ লবণ লইয়া যাইবার পূর্ব্বে তাহার ওজন করিতে হইবেক এবং মাসুলের নিমিত্তে যত রেজিষ্টরী করা যায় তাহার উপর ফিশত মোনের প্রতি ৩/ মোন শুক্তির বাবৎ দেওয়া যাইবেক। এই প্রকারে যে লবণ স্থানান্তর করা

									Mds.	Srs.
* First Quarter after storage per 100 Mds.,				...	...	...	...		2	10
Second	Do.	Do.	Do.,	...	...	...	...		3	10
Third	Do.	Do.	Do.,	...	...	...	...		3	30
Fourth	Do.	Do.	Do.,	...	...	...	...		4	0

And an additional allowance at the rate of one Maund per annum for Salt kept in store above one year.

* গোলাজাত করিবার পরে প্রথম তিন মাস ফি শত মোনের উপর				...	...	...	২।০
ঐ	দ্বিতীয়	ঐ	ঐ	...	...	...	৩।০
ঐ	তৃতীয়	ঐ	ঐ	...	...	...	৩৸০
ঐ	চতুর্থ	ঐ	ঐ	...	...	...	৪/

এক বৎসরের অধিক কাল যে লবণ গোলায় থাকে তাহার উপর বৎসরে২ অধিক এক২ মোনের হিসাবে বাদ দেওয়া যাইবেক।

[গবর্ণমেণ্ট গেজেট। ১৮৫৪। ৩ অক্টোবর।

free disposal of the manufacturer subject only to the provisions of Section 46, Regulation X. of 1819. Manufacturers intending to remove their Salt under this rule must give notice to the Superintendent at the commencement of the season.

13. The manufacture will be closed on or before the 31st May, and all Salt must be removed from the Aurungs not later than the 15th June. Any Salt remaining in the Aurungs after that date will be liable to be destroyed by the Supervisor's Officers.

14. For a breach of any of the provisions of the rules the licenses of the party offending will be liable to be immediately withdrawn, and, in the event of smuggling or connivance at smuggling being proved against the manufacturer or his duly authorized Agent, the whole of the Salt manufactured or stored by him will be liable to confiscation.

15. Applicants before receiving their licenses will be required to bind themselves to accept and abide by the conditions embodied in the foregoing rules.

16. Should any individual or Joint Stock Company desire to manufacture Salt on a large scale elsewhere than in the locality above described, licenses will be granted for such manufacture, provided the site chosen appear on enquiry suitable for the purpose and a compliance with the application be otherwise unobjectionable. The foregoing terms, except in so far as they may be in part modified by special conditions to be entered in the license will be applicable to licenses granted under this Rule.

By order of the Board of Revenue,

A. R. YOUNG,

Offg. Junior Secretary.

Fort William, the 25th September, 1854.

যায় তাহার রক্ষার জন্যে বিশেষ পাস দেওয়া যাইবেক তাহাতে সুপরিণ্টেণ্ডেণ্ট সকল কথা লিখিয়া দস্তখৎ করিবেন এবং তাহা স্থানান্তর করা গেলে লবণ প্রস্তুতকরণিয়া তাহা লইয়া যেমন ইচ্ছা তেমন করিতে পারিবেক কেবল ১৮১৯ সালের ১০ আইনের ৪৬ ধারার বিধানের অধীন থাকিবেক। লবণ প্রস্তুতকরণিয়া যে ব্যক্তিরা এই বিধিমতে আপনারদের লবণ স্থানান্তর করিতে চাহে তাহারদের সেই অভিপ্রায়ের সম্বাদ নিমক পোখ্তানের কালের আরম্ভে সুপরিণ্টেণ্ডেণ্টকে দিতে হইবেক।

১৩। নিমক পোখ্তানের কার্য্য মে মাসের ৩১ তারিখে কি তাহার পূর্ব্বে সাঙ্গ হইবেক। এবং জুন মাসের ১৫ তারিখের পরে না হয় এমন সময়ে সকল লবণ আড়ঙ্গহইতে স্থানান্তর করিতে হইবেক। ঐ তারিখের পর যে কিছু লবণ কোন আড়ঙ্গে থাকে তাহা সুপরিণ্টেণ্ডেণ্টের আমলারদের দ্বারা নষ্ট করা যাইতে পারিবেক।

১৪। এই বিধির মধ্যের কোন বিধান লঙ্ঘন হইলে তাহার অপরাধি ব্যক্তির পাট্টা তৎক্ষণে মৌকুফ হইতে পারিবেক এবং নিমক প্রস্তুতকরণিয়া ব্যক্তির কি তাহার উপযুক্ত ক্ষমতাপ্রাপ্ত গোমাশতার নামে যদি মামুল চুরীর দোষ কি মামুল চুরী জানিয়া তাচ্ছল্য করণের দোষ প্রমাণ হয় তবে তাহার পোখ্তানকরা কি গোলাজাত সমুদয় লবণ জব্দ হইতে পারিবেক।

১৫। যাহারা পাট্টা পাইবার দরখাস্ত করে তাহারদিগকে পাট্টা লইবার পূর্ব্বে পূর্ব্বোক্ত সকল বিধির লিখিত নিয়ম স্বীকার করিয়া তদনুসারে কার্য্য করিতে করার করিতে হইবেক।

১৬। যদি কোন ব্যক্তি কি সমাজভুক্ত কোম্পানি উপরের নির্দ্দিষ্ট স্থানভিন্ন অন্য স্থানে বাহুল্যমতে নিমক পোখ্তান করিতে চাহেন তবে তদারক হইলে পর যদি ঐ স্থান ঐ কার্য্যের উপযুক্ত বোধ হয় এবং সেই প্রার্থনামতে কার্য্য করণের যদি অন্য প্রকারে কোন আপত্তি না থাকে তবে তাঁহারদিগকে ঐ প্রকারে নিমক পোখ্তানের পাট্টা দেওয়া যাইতে পারিবেক। এই বিধিমতে যে পাট্টা দেওয়া যায় তাহার প্রতি পূর্ব্বোক্ত সকল নিয়ম খাটিবেক কেবল তাহার কোন অংশ যদি বিশেষ নিয়মমতে পরিবর্ত্তন করা যায় তবে সেই নিয়ম পাট্টায় লেখা যাইবেক।

বোর্ড রেবিনিউর হুকুমক্রমে।

এ আর ইয়ং।

একটিং জোট সেক্রেটারী।

ফোর্ট উলিয়ম। ১৮৫৪ সাল ২৫ সেপ্টেম্বর।

JOHN ROBINSON, *Bengalee Translator.*

রাজকর্ম্মে নিয়োগ।

২০৪৭ নম্বর।

বাঙ্গলা দেশের শ্রীযুত লেপ্টেনেণ্ট গবর্নর সাহেবের হুকুম।

নিয়োগ।

১৮৫৪ সাল ১৪ সেপ্টেম্বর।

শ্রীযুত এ লিটলডেল সাহেব (Mr. A. Littledale,) নওয়াখালীর জাইণ্ট মাজিষ্ট্রেট ও ডেপুটী কালেক্টর হইবেন কিন্তু অন্য হুকুম না হওনপর্য্যন্ত পাটনার কালেক্টরের কর্ম্ম নির্ব্বাহ করিতে থাকিবেন।

শ্রীযুত জি এ পেপর সাহেব (Mr. G. A. Pepper,) পূরণিয়ার মাজিষ্ট্রেট হইবেন।

উপরোক্ত নিয়োগসকল গত মাসের ১০ তারিখঅবধি চলিবেক।

ছুটী।

১৮৫৪ সাল ২৭ জুলাই।

নওগাং জিলার চিকিৎসকের কর্ম্মের ভারপ্রাপ্ত শ্রীযুত জে এফ পিঙ্গল্ট সাহেব (Mr. J. F. Pingault,) স্বীয় কর্ম্মোপলক্ষে ছয় মাসের ছুটী পাইয়াছেন।

[*Government Gazette, 3rd October*, 1854.]

১৮৫৪ সাল ২ সেপ্টেম্বর।

বাঁকুড়ার জাইণ্ট মাজিষ্ট্রেট ও ডেপুটী কালেক্টর শ্রীযুত এফ টকর সাহেব (Mr. F. Tucker,) ছুটীবিষয়ক সংশোধিত বিধির ১১ ধারানুসারে এক মাসের ছুটী পাইয়াছেন।

১৮৫৪ সাল ১১ সেপ্টেম্বর।

নওয়াদহের ডেপুটী মাজিষ্ট্রেট শ্রীযুত এ জি উইলসন সাহেব (Mr. A. G. Wilson,) গত জুন মাসের ৩০ তারিখে যে ছুটী পান তদতিরিক্ত পনের দিনের ছুটী পাইয়াছেন।

১৮৫৪ সাল ১৩ সেপ্টেম্বর।

মথুরা এলাকাখণ্ডের ভারপ্রাপ্ত শ্রীযুত ই ডবলিউ মলনি সাহেব (Mr. E. W. Molony,) ছুটীবিষয়কা সংশোধিত বিধির ১১ ধারানুসারে এক মাসের ছুটী পাইয়াছেন।

১৮৫৪ সাল ১৪ সেপ্টেম্বর।

রেলওয়ে সিরিশ্তায় নিযুক্ত ১৮৩৩ সালের ৯ আইনানুসারের ডেপুটী কালেক্টর শ্রীযুত বাবু রসিককৃষ্ণ মল্লিক দশহরার বন্দে এক মাসের ছুটী পাইয়াছেন।

নাটোরের ডেপুটী মাজিষ্ট্রেট শ্রীযুত বাবু গোপাললাল

মিত্র দশহরার বন্দের আরম্ভঅবধি এক মাস পনের দিনের ছুটী পাইয়াছেন।

বিজ্ঞাপন।

১৮৫৪ সাল ৬ সেপ্টেম্বর।

বাঙ্গলা দেশের শ্রীযুক্ত লেপ্টেনেণ্ট গবর্নর সাহেব সুপ্রিম গবর্ণমেণ্টের সম্মতিক্রমে অনুমতি করিয়াছেন যে রুয়াবারি গ্রাম জিলা পাবনার শাহজাদপুরের থানার এলাকাহইতে খারিজ হইয়া জিলা ময়মুনসিংহের সিরাজগঞ্জ থানার এলাকাভুক্ত হয়।

১৮৫৪ সাল ১৫ সেপ্টেম্বর।

শ্রীযুত এচ এচ রাবিন্সন সাহেব (Mr. H. H. Robinson,) শ্রীযুক্ত অনরবিল কোর্ট অফ ডৈরেক্টর্স সাহেবেরদের দ্বারা বাঙ্গলা দেশের সিবিলসম্পর্কীয় সিরিশ্তায় নিযুক্ত হইয়া গত মাসের ২৯ তারিখে বোম্বাইনামক বাষ্পীয় জাহাজে রাজধানীতে পঁহুছিয়াছেন এমত রিপোর্ট করেন।

ডবলিউ গ্রে।

বাঙ্গলা দেশের গবর্ণমেণ্টের সেক্রেটারী।

২০৭৪ নম্বর।

বাঙ্গলা দেশের শ্রীযুত লেপ্টেনেণ্ট গবর্নর সাহেবের হুকুম।

নিয়োগ।

১৮৫৪ সাল ১৫ সেপ্টেম্বর।

শ্রীযুত এম সি ফর্ণেল সাহেব (Mr. M. C. Furnell,) শ্রীরামপুরের চিকিৎসক হইবেন।

ছুটী।

১৮৫৪ সাল ১৫ সেপ্টেম্বর।

বাকরগঞ্জের ডেপুটী মাজিষ্ট্রেট শ্রীযুত বাবু গুরুচরণ দাস চিকিৎসকের সর্টিফিকটক্রমে দশহরার বন্দে ছুটী পাইয়াছেন

১৮৫৪ সাল ১৬ সেপ্টেম্বর।

হিজলীতে সিবিল আসিষ্টাণ্ট চিকিৎসক ও নিমকের এজেণ্ট সাহেবের আসিষ্টাণ্ট শ্রীযুত সি বি চালমর্স সাহেব (Mr. C. B. Chalmers,) ছুটীবিষয়ক সংশোধিত বিধির ১১ ধারানুসারে এক মাসের ছুটী পাইয়াছেন।

নদীয়ার ফতওয়াদায়ক শ্রীযুত মৌলবী ইয়াতাজাদ হুসেন দশহরার ও মহরমের বন্দে ছুটী পাইয়াছেন।

বিজ্ঞাপন।

১৮৫৪ সাল ১৬ সেপ্টেম্বর।

বগুড়ার জিলা সরিয়া কান্দীগ্রামে বাঙ্গালী নদীর পারে যে গুদারা আছে তাহা ১৮১৯সালের ৬ আইনানুসারে সরকারী গুদারা প্রকাশ হইয়াছে।

ডবলিউ গ্রে।

বাঙ্গলা দেশের গবর্ণমেণ্টের সেক্রেটারী।

২১২৪ নম্বর।

বাঙ্গলা দেশের শ্রীযুত লেপ্টেনেণ্ট গবর্নর সাহেবের হুকুম।

নিয়োগ।

১৮৫৪ সাল ১২ সেপ্টেম্বর।

শ্রীযুত বাবু ব্রজনাথ কারফর্ম্মা সিরাজগঞ্জের সব-আসিষ্টাণ্ট চিকিৎসক হইবেন।

১৮৫৪ সাল ১৬ সেপ্টেম্বর।

চতুর্থ অর্থাৎ পশ্চিম এলাকার রাজস্বসম্পর্কীয় জরীপী কার্য্যের সুপরিণ্টেণ্ডেণ্ট শ্রীযুত জে ওয়াটসন সাহেব (Mr. J. Watson,) ও জরীপী কর্ম্মের ঐ এলাকার নিযুক্ত ডেপুটী কালেক্টর শ্রীযুত বাবু তারকনাথ ঘোষ ও শ্রীযুত ও মৌলবী আশান আহমদ যশোহর ও পাবনা ও ফরিদপুর ও বাকরগঞ্জ এবং চব্বিশপরগনার জিলাতে ১৮২২ সালের ৭ আইন ও ১৮২৫ সালের ৯ আইনানুসারে কালেক্টরের সম্পূর্ণ ক্ষমতাপ্রাপ্ত হইয়াছেন এবং সুন্দরবনে ১৮২২ সালের ৭ আইনানুসারে কালেক্টরের সম্পূর্ণ ক্ষমতাপ্রাপ্ত হইয়াছেন।

১৮৫৪ সাল ১৯ সেপ্টেম্বর।

শ্রীযুত এচ মসপ্রাট সাহেব (Mr. H. Musprattt,) কিঞ্চিৎকালের নিমিত্তে বাঁকুড়ার জাইণ্ট মাজিষ্ট্রেট ও ডেপুটী কালেক্টরের কর্ম্ম নির্ব্বাহ করিবেন।

১৮৫৪ সাল ২০ সেপ্টেম্বর।

শ্রীযুত এচ বেলি সাহেব (Mr. H. Baillie,) হুগলী জিলার দলীলদস্তাবেজের রেজিষ্টর ও বিবাহের রেজিষ্ট্রার হইবেন।

শ্রীরামপুরের ডেপুটী মাজিষ্ট্রেট শ্রীযুত কে এচ ষ্টিফেন সাহেব (Mr. K. H. Stephen,) হুগলী জিলাতে ১৮৩৩ সালের ৯ আইনানুসারে ডেপুটী কালেক্টরের ক্ষমতাপ্রাপ্ত হইয়াছেন।

ছুটী।

১৮৫৪ সাল ১৮ সেপ্টেম্বর।

যশোহরের প্রধান সদর আমীন শ্রীযুত বাবু উপেন্দ্রচন্দ্র ন্যায়রত্ন যে তারিখে আপনার মোকামহইতে প্রস্থান করেন সেই তারিখঅবধি দশহরা ও মহরমের বন্দের শেষপর্য্যন্ত চিকিৎসকের সর্টিফিকটক্রমে ছুটী পাইয়াছেন।

বাঢ়ের ডেপুটী মাজিষ্ট্রেট শ্রীযুত এফ এ বিনসেণ্ট সাহেব (Mr. F. A. Vincent,) গত মার্চ মাসের ২০ তারিখে যে ছুটী পান তাহার অতিরিক্ত চিকিৎসকের সর্টিফিকটক্রমে পাঁচ সপ্তাহের ছুটী পাইয়াছেন।

১৮৫৪ সাল ১৯ সেপ্টেম্বর।

পূরণিয়ার একটিং জজ শ্রীযুত জি লক সাহেব (Mr. G. Loch,) ছুটীবিষয়ক সংশোধিত বিধির ১১ ধারানুসারে দশহরার বন্দে এক মাসের ছুটী পাইয়াছেন।

মেদিনীপুরের মাজিষ্ট্রেট ও কালেক্টর সাহেবের আসিষ্টাণ্ট শ্রীযুত জে এচ রেবেন্শা সাহেব (Mr. J. H. Ravenshaw,) ছুটীবিষয়ক সংশোধিত বিধির ১১ ধারানুসারে এক মাসের ছুটী পাইয়াছেন।

১৮৫৪ সাল ২০ সেপ্টেম্বর।

দিনাজপুরের সদর আমীন ও সদর মুনসেফ শ্রীযুত মৌলবী ইত্রত হুসেন দশহরার ও মহরমের বন্দের অতিরিক্ত স্বীয় কর্ম্মোপলক্ষে পনের দিনের ছুটী পাইয়াছেন।

১৮৫৪ সাল ২১ সেপ্টেম্বর।

বারাণসীতে আফীনের একটিং এজেণ্ট শ্রীযুত আর বি গারট সাহেব (Mr. R. B. Garrett,) আপনার কর্ম্মের ভার প্রধান আসিষ্টাণ্ট শ্রীযুত ডাক্তর আর লায়েল সাহেবের (Dr. R. Lyell,) প্রতি অর্পণ করিয়া দুই মাসের ছুটী পাইয়াছেন।

ডবলিউ গ্রে।

বাঙ্গলা দেশের গবর্ণমেণ্টের সেক্রেটারী।

MISCELLANEOUS ADVERTISEMENT. সাধারণ ব্যক্তিরদের ইশ্তিহার।

সদর দেওয়ানী আদালতের মাসিক নিষ্পন্ন মোকদ্দমার ইংরাজি রিপোর্টের বঙ্গভাষায় অনুবাদ।

মেসর্স ব্রাডন কোম্পানির মুৎসুদ্দি শ্রীযুত বাবু পীতাম্বর পাইনের সহকারে কলিকাতাস্থ একাউণ্টেণ্ট আপিসের জেনেরল ডিপার্টমেণ্টের শ্রীকৃষ্ণচন্দ্র হালদার, শ্রীকালীমোহন মুখো, শ্রীপ্রসন্নচন্দ্র মুখো ও শ্রীগিরিশচন্দ্র মুখোপাধ্যায়ের দ্বারা উক্ত বহি ১৮৫৩ সালের জানুআরি মাসহইতে পৃষ্ঠায়২ বঙ্গভাষায় অনুবাদিত হইয়া মাসিক ১৲ ষাণ্মাসিক আগামি ৫৲ ও বার্ষিক ৮৲ আট টাকা মূল্যে প্রতি ২০ দিনান্তর প্রকাশ হইতেছে, প্রথম তিন মাসের বহী প্রস্তুত আছে, চতুর্থ মাসের মুদ্রিত হইতেছে গ্রহণেচ্ছুক মহাশয়েরা উক্ত এক স্থানে পত্র লিখিলেই গ্রন্থ পাইবেন।

[গবর্ণমেণ্ট গেজেট। ১৮৫৪। ৩ অক্টোবর।]

শ্রীরামপুরের যন্ত্রালয়ে শ্রীযুত জে সি মরে সাহেবকর্ত্তৃক মুদ্রিত হইল।

PUBLICK LIBRARY · CALCUTTA

AUSPICIO REGIS ET SENATUS ANGLIÆ

গবর্নমেন্ট গেজেট

গবর্ণমেন্টের আজ্ঞাক্রমে প্রকাশিত।

CALCUTTA, TUESDAY, OCTOBER 10, 1854.

কলিকাতা মঙ্গলবার ১৮৫৪ সাল ১০ অক্টোবর।

DRAFT OF ACT.

LEGISLATIVE COUNCIL.

19TH AUGUST, 1854.

THE following Bill was read a second time in the Legislative Council on the 19th of August, 1854, and referred to a Select Committee, who are to report thereon after the 23d of November next:—

A Bill for the further Improvement of the Law as administered in Her Majesty's Supreme Courts; for the transfer and abridgment of the Ecclesiastical Jurisdiction thereof; and for giving additional powers in certain cases to Justices of the Peace, with regard to offences committed out of their jurisdiction.

[Business of Supreme Courts to be transacted on four sides only, *viz.*, Plea, Equity, Admiralty, and Crown sides.]

I. The business of Her Majesty's Supreme Courts, after this Act comes into operation, shall be transacted on four divisions or sides of the Court only, *viz.*, the Plea, the Equity, the Admiralty, and the Crown side.

[In Admiralty or Vice Admiralty suits, Court empowered to call in Assessors.]

II. In any suit brought on the Admiralty side of any of the Supreme Courts, or in any Vice-Admiralty Court in the Territories subject to the Government of the East India Company, which is likely to involve any question of nautical skill, the Court shall have power to summon from persons possessing such skill one or more, not exceeding three in number, to sit as Assessor or Assessors to the Court on the trial of the cause; but such Assessor or Assessors shall not be required to deliver his or their opinion or opinions publicly; and the Judge or Judges may retire and confer with him or them

আইনের মুসাবিদা।

ব্যবস্থাপক কৌন্সেল।

ইঙ্গরেজী ১৮৫৪ সাল ১৯ আগষ্ট।

নীচের লিখিত মুসাবিদা ইঙ্গরেজী ১৮৫৪ সালের ১৯ আগষ্ট তারিখে ব্যবস্থাপক কৌন্সেলে দ্বিতীয়বার পাঠ করা গেল এবং তাহা বিশেষ কমিটির নিকটে অর্পিত হইয়াছে। তাঁহারা আগামি নবেম্বর মাসের ২৩ তারিখে তদ্বিষয়ের রিপোর্ট করিবেন।

শ্রীশ্রীমতী মহারাণীর সুপ্রিম কোর্টের মধ্যে যে আইনমতে কার্য্য নির্ব্বাহ হয় তাহা পূর্ব্বাপেক্ষা উত্তম করিবার, এবং ঐ কোর্টের ইক্লিসিয়াষ্টিকাল এলাকা অন্য এলাকাভুক্ত করিবার ও সঙ্কোচ করিবার, এবং জুষ্টিস অফ দি পীসের এলাকার বাহিরে যে অপরাধ হয় তাহার বিষয়ের কোন২ মোকদ্দমায় তাঁহারদিগকে অধিক ক্ষমতা দিবার আইনের মুসাবিদা।

[সুপ্রিম কোর্টের কার্য্য কেবল চারি এলাকায় অর্থাৎ প্লী ও একুটি ও আড্‌মিরালটি ও ক্রৌন্ এলাকায় নির্ব্বাহ হইবার কথা।]

১ ধারা। এই আইন চলন হওনের পরে শ্রীশ্রীমতী মহারাণীর সুপ্রিম কোর্টের কার্য্য ঐ কোর্টের কেবল চারি এলাকায় কি পক্ষে অর্থাৎ প্লী ও একুটি ও আড্‌মিরালটি ও ক্রৌন্ পক্ষে নির্ব্বাহ হইবেক ইতি।

[আড্‌মিরালটি কি বৈস-আড্‌মিরাল্‌টি মোকদ্দমায় কোর্ট সহকারিদিগকে তলব করিতে পারিবার কথা।]

২ ধারা। কোম্পানি বাহাদুরের শাসিত দেশের মধ্যস্থ কোন সুপ্রিম কোর্টের আড্‌মিরাল্‌টি পক্ষে কিম্বা কোন বৈস আড্‌মিরাল্‌টি কোর্টের কোন মোকদ্দমায় জাহাজ চালাইবার নৈপুণ্যের বিষয়ে কোন জিজ্ঞাসা লিপ্ত হইবার সম্ভাবনা হইলে ঐ কোর্ট সেই বিদ্যাতে নিপুণ ব্যক্তিরদের মধ্যহইতে এক ব্যক্তিকে কিম্বা তিন জনের অনধিক ব্যক্তিদিগকে ঐ মোকদ্দমার বিচারেতে ঐ কোর্টের সহকারিস্বরূপ বসিতে তলব করিতে পারিবেন। কিন্তু ঐ সহকারিকে কি সহকারিদিগকে প্রকাশরূপে আপন২ মত জানাইতে আদেশ হইবেক না। এবং জজ সাহেব কি জজ সাহেবেরা তাঁহার কি তাঁহারদের সঙ্গে, অপ্রকাশ স্থানে গিয়া পরামর্শ করি-

in private, and the decision of the case shall rest with the Court.

[Remuneration of Assessors.]

III. The Court shall have power to allow a remuneration to each Assessor for his attendance, at the rate of one Gold Mohur each a day, and such remuneration shall be in the first instance payable by the Promovent, as part of his costs in the cause.

[Assessors to be sworn, &c.]

IV. The Assessors must swear, or solemnly affirm, or must affirm as the case may be, that they will give their opinion honestly and truly according to the Evidence.

[Ecclesiastical Jurisdiction to be transferred to the Equity side. Limitation of Ecclesiastical Jurisdiction. Proviso, as to cohabitation.]

V. The jurisdiction which the said Supreme Courts possessed prior to the passing of this Act on their Ecclesiastical side shall cease on that side and be transferred entirely to the Equity side of the Court, except as to suits pending at the time when this Act comes into force, and the jurisdiction as to matters of Ecclesiastical jurisdiction shall be limited to Causes Testamentary, including Administrations and Causes Matrimonial. Provided that in any suit for restitution of conjugal rights, the Court shall be at liberty to limit its sentence to one for alimony, without making any order to compel cohabitation.

[Procedure in Ecclesiastical matters to be the same as on the Equity side.]

VI. The procedure as to matters which were of Ecclesiastical cognizance, and which are directed to be transferred to the Equity side, shall be that which may be in force on the Equity side, modified by the Rules and Orders of the Court, so far as it may require to be modified in order to give effect to this Act.

[Probate or Letters of Administration granted by Supreme Court in one Presidency to have effect throughout British India.]

VII. When any Probate or Letters of Administration has, or have been granted by any one of the said Supreme Courts to any other person than the Administrator General of such Presidency, respectively, and there are Assets of the Estate in any of the other Presidencies, it shall not be necessary to obtain any fresh grant of Probate or fresh Administration in any other of such Presidencies, but the one first granted shall operate throughout the territories of British India, and shall, as to any Assets therein, be of the same force and effect as if it had been granted by the authority of the Supreme Court of the Presidency in which such Assets may be.

[Letters of Administration granted by any Supreme Court after grant of Probate or Letters of Administration by the Supreme Court of another Presidency, may be revoked. But acts of Administrator under the second grant to be in the meantime valid, &c. Administrator under second grant

তে পারেন এবং মোকদ্দমার নিষ্পত্তির ভার কোর্টের প্রতি থাকিবেক ইতি।

[সহকারিরদের বেতন।]

৩ ধারা। সহকারিরদের উপস্থিত হইবার নিমিত্তে ঐ কোর্ট প্রত্যেক জনকে দিন২ এক২ সোণার মোহরের হারে বেতন দিতে পারিবেন এবং ঐ বেতন ফরিয়াদীর মোকদ্দমার খরচার একাংশস্বরূপ ঐ ফরিয়াদীর প্রথমে দিতে হইবেক ইতি।

[সহকারিরদের শপথপ্রভৃতি করিতে হইবার কথা।]

৪ ধারা। সহকারিরদের এইরূপ শপথ করিতে কি ধর্ম্মতঃ প্রতিজ্ঞা করিতে কিম্বা বিষয়বিশেষে প্রতিজ্ঞা করিতে হইবেক যে তাঁহারা প্রমাণানুসারে সরলতা ও সত্যতাভাবে আপন২ মত জানাইবেন ইতি।

[ইক্লিসিয়াষ্টিকাল এলাকা একুটি পক্ষের এলাকাভুক্ত হইবার কথা। ইক্লিসিয়াষ্টিকাল এলাকার সীমা নিরূপণের কথা। স্ত্রীপুরুষের সহবাসের বিষয়ে বর্জ্জিত কথা।]

৫ ধারা। এই আইন জারী হওনের পূর্ব্বে সুপ্রিম কোর্টের ইক্লিসিয়াষ্টিকাল পক্ষে ঐ কোর্টের যে এলাকা ছিল তাহা সেই পক্ষে রহিত হইবেক এবং ঐ কোর্টের একুটি পক্ষের এলাকায় সম্পূর্ণরূপে ভুক্ত হইবেক। কেবল এই আইন প্রবল হইবার সময়ে যে সকল মোকদ্দমা উপস্থিত থাকে তাহার বিষয়ে হইবেক না। এবং ইক্লিসিয়াষ্টিকাল এলাকার সম্পর্কীয় বিষয়ে ঐ কোর্টের এলাকা কেবল উইলসম্পর্কীয় মোকদ্দমায় বর্ত্তিবেক, তাহার মধ্যে আডমিনিষ্ট্রেসন ও বিবাহসম্পর্কীয় মোকদ্দমাও গণ্য হইবেক। পরন্তু জানা কর্ত্তব্য যে বিবাহসম্বন্ধীয় স্বত্বের পুনঃস্থাপনের কোন মোকদ্দমাতে, ঐ কোর্ট সহবাস করাইবার কোন হুকুম না করিয়া কেবল স্ত্রীপ্রতিপালনের টাকা দিবার হুকুম করিতে পারিবেন ইতি।

[ইক্লিসিয়াষ্টিকাল বিষয়ে কার্য্য করিবার নিয়ম একুটি পক্ষে কার্য্য করিবার নিয়মের মত হওয়ার কথা।]

৬ ধারা। যে সকল বিষয়ের ইক্লিসিয়াষ্টিকাল পক্ষে বিচার হইত কিন্তু এইক্ষণে একুটি পক্ষে অর্পণ করিবার হুকুম হইয়াছে তাহার সম্পর্কীয় কার্য্য করিবার নিয়ম একুটি পক্ষে যে নিয়ম চলন হয় তাহাই হইবেক। কেবল এই আইন সফল করিবার জন্যে ঐ নিয়মের যেপর্য্যন্ত মতান্তর করা আবশ্যক হয় সেইপর্য্যন্ত কোর্টের বিধান ও হুকুমমতে মতান্তর হইবেক ইতি।

[এক রাজধানীর সুপ্রিম কোর্টের দ্বারা যে প্রোবেট কি লেটর্স অফ আডমিনিষ্ট্রেসন দেওয়া যায় তাহা ব্রিটনীয়েরদের অধিকৃত ভারতবর্ষের সমস্ত স্থানে প্রবল হইবেক।]

৭ ধারা। যখন উক্ত সুপ্রিম কোর্টের মধ্যে কোন এক কোর্ট যে রাজধানীতে থাকে সেই রাজধানীর আডমিনিষ্ট্রেটর জেনরল ভিন্ন অন্য কোন ব্যক্তিকে কোন প্রোবেট কি লেটর্স অফ আডমিনিষ্ট্রেসন দিয়াছেন এবং অন্য কোন রাজধানীতে ইষ্টেটের সম্পত্তি থাকে তখন সেই অন্য রাজধানীতে কোন নূতন প্রোবেট কি নূতন আডমিনিষ্ট্রেসন লইবার আবশ্যক হইবেক না। কিন্তু প্রথমে যাহা দেওয়া গিয়াছিল তাহা ব্রিটনীয়েরদের অধিকৃত ভারতবর্ষের সমস্ত স্থানে প্রবল হইবেক। এবং তৎসম্পর্কীয় কোন সম্পত্তির বিষয়ে, ঐ সম্পত্তি যে রাজধানীর মধ্যে থাকে সেই রাজধানীর সুপ্রিম কোর্টের ক্ষমতাক্রমে ঐ প্রোবেট প্রভৃতি দেওয়া গেলে যেরূপ বলবৎ ও ফলবৎ হইত তাহাও তদ্রূপই হইবেক ইতি।

[কোন রাজধানীর সুপ্রিম কোর্টহইতে প্রোবেট কি লেটর্স অফ আডমিনিষ্ট্রেসন দেওয়া গেলে পর অন্য সুপ্রিম কোর্ট যে লেটর্স অফ আডমিনিষ্ট্রেসন দেন তাহা বাতিল হইতে পারিবেক। কিন্তু ঐ দ্বিতীয়বারের লেটর্স যাবৎ বাতিল না হয় তাবৎ তৎক্রমে আডমিনিষ্ট্রেটরের কার্য্য সিদ্ধ হইবেক। দ্বিতীয়বার যিনি লেটর্স পান তিনি ঐ

to be accountable after revocation to Executor or Administrator under first grant.]

VIII. *Clause 1st.* When any Letters of Administration shall have been granted by any other of the Supreme Courts after such first grant as aforesaid, and without the assent of the Executor or Administrator to whom such first grant has been made of Probate or Letters of Administration as the case may be, such letters shall be liable to be revoked by the Court granting the same on the application of the Executor or Administrator under the first grant; but all acts done under them in the due course of Administration shall be valid to all intents and purposes. The Administrator under the second grant shall, when it is revoked, be liable to account to the Executor or Administrator under the first, and to pay over to such Executor or Administrator under the first, whatever may remain in his hands to be distributed.

[A grant in one Presidency to the Administrator General ex-officio shall empower the Administrator General in other Presidencies, respectively, to collect and distribute Assets in each, without applying for fresh grants to the Courts of their respective Presidencies, saving rights as to Commission.]

Clause 2nd. When Administration, or Administration with the Will annexed, shall have been granted ex-officio to the Administrator General of one Presidency, and there are Assets belonging to the Estate in another or other Presidencies, it shall not be necessary for the Administrator General of another Presidency in which there may be Assets to take out Letters of Administration, but each may act as to the Assets within his Presidency, in the collection and distribution of them, in like manner as if he had taken out Letters of Administration in the Presidency in which he is Administrator General, and each shall be entitled to his Commission on the Assets collected and distributed by him, as though there had been separate grants of Letters of Administration to each; and the Letters of Administration to the Administrator General, by virtue of his office, shall be expressed so as to give to each Administrator General in each Presidency the right to collect and distribute the effects in his Presidency, and each shall be answerable for his own acts and defaults only, and not for those of any other Administrator General. And when any Administrator General has taken out Letters of Administration, and he has reason to believe that there are Assets in another Presidency, he shall forthwith certify under his hand to the Administrator General, of such Presidency, the fact of his having taken out such Letters of Administration, and shall give such information as he possesses as to the existence of Assets in the Presidency of the Administrator General to whom such communication is addressed. And it is further enacted, that each Administrator General shall give notice, in like manner as the Administrator General taking out Letters of Adminis-

লেটর্স বাতিল হইলে পর প্রথম অছি কি আডমিনিষ্ট্রেটরের নিকটে দায়ী হইবেন।]

৮ ধারা। প্রথম প্রকরণ।—পূর্ব্বোক্তমতে লেটর্স অফ আডমিনিষ্ট্রেসন দেওয়া গেলে পর এবং ঐ প্রথমবার যাঁহাকে প্রোবেট কিম্বা বিষয়বিশেষে লেটর্স অফ আডমিনিষ্ট্রেসন দেওয়া গিয়াছিল তাঁহার সম্মতি বিনা যদি অন্য কোন সুপ্রিম কোর্টের দ্বারা কোন লেটর্স অফ আডমিনিষ্ট্রেসন দেওয়া যায় তবে প্রথমে প্রোবেট কি লেটর্স প্রাপণক্রমে যিনি অছি কি আডমিনিষ্ট্রেটর হন তিনি প্রার্থনা করিলে, দ্বিতীয় যে কোর্ট লেটর্স দিয়াছেন সেই কোর্টের দ্বারা ঐ লেটর্স বাতিল হইবার যোগ্য হইবেক। কিন্তু তদনুসারে আডমিনিষ্ট্রেসনের উপযুক্ত ধারাক্রমে যে সকল কার্য্য করা গিয়াছে তাহা সর্ব্বতোভাবে ও অভিপ্রায়ে সিদ্ধ হইবেক। দ্বিতীয়বারের দেওয়া পত্র বাতিল হইলে পর তদনুসারে যিনি আডমিনিষ্ট্রেটর ছিলেন তিনি প্রথমবারের দেওয়া প্রোবেটপ্রভৃতির অনুযায়ি অছি কি আডমিনিষ্ট্রেটরের নিকটে হিসাব দিবার যোগ্য হইবেন এবং বণ্টন করিবার যত টাকা তাঁহার হাতে থাকে তাহা প্রথমবারের দেওয়া প্রোবেটপ্রভৃতির অনুযায়ি অছিকে কি আডমিনিষ্ট্রেটরকে দিবার যোগ্য হইবেন।

এক রাজধানীতে আডমিনিষ্ট্রেটর জেনরলকে তাঁহার পদপ্রযুক্ত যে লেটর্স দেওয়া যায় তাহাতে অন্য২ রাজধানীর আডমিনিষ্ট্রেটর জেনরলকে আপন২ রাজধানীর কোর্টে নূতন লেটর্স পাইবার প্রার্থনা না করিয়া স্ব২ রাজধানীতে সম্পত্তি আদায় করিয়া বণ্টন করিবার শক্তি দেওয়া যাইবেক। তাঁহারা কমিস্যন পাইবার স্বত্বও রাখিবেন।]

২ দ্বিতীয় প্রকরণ। যখন এক রাজধানীর আডমিনিষ্ট্রেটর জেনরলকে তাঁহার পদপ্রযুক্ত আডমিনিষ্ট্রেসন কিম্বা উইলসংযুক্ত আডমিনিষ্ট্রেসন দেওয়া গিয়াছে এবং অন্য এক কি ততোধিক রাজধানীতে ঐ ইষ্টেটের সম্পত্তি থাকে তখন অন্য যে রাজধানীতে সম্পত্তি থাকে সেই রাজধানীর আডমিনিষ্ট্রেটর জেনরলের লেটর্স অফ আডমিনিষ্ট্রেসন লইবার আবশ্যক হইবেক না। কিন্তু প্রত্যেক জন যে রাজধানীর আডমিনিষ্ট্রেটর জেনরল হন সেই রাজধানীতে লেটর্স অফ আডমিনিষ্ট্রেসন লইলে যে প্রকারে করিতে পারিতেন সেই প্রকারে আপন রাজধানীর মধ্যের সম্পত্তি আদায় ও বণ্টন করিবার বিষয়ে কার্য্য করিতে পারিবেন এবং প্রত্যেক জনকে পৃথক্২ লেটর্স অফ আডমিনিষ্ট্রেসন দেওয়া গেলে যে প্রকারে হইত সেই প্রকারে যিনি যে সম্পত্তি আদায় করিয়া বণ্টন করেন তিনি তাহার উপর কমিস্যন পাইতে পারিবেন। এবং আডমিনিষ্ট্রেটর জেনরলকে তাঁহার পদপ্রযুক্ত যে লেটর্স অফ আডমিনিষ্ট্রেসন দেওয়া যায় তাহার কথা এমন লেখা যাইবেক যে তদ্দ্বারা প্রত্যেক রাজধানীর প্রত্যেক আডমিনিষ্ট্রেটর জেনরলকে নিজ রাজধানীর মধ্যে সম্পত্তি আদায় ও বণ্টন করিবার স্বত্ব দেওয়া যায় এবং প্রত্যেক জন কেবল নিজ কার্য্যের ও ত্রুটির দায়ী হইবেন এবং অন্য কোন আডমিনিষ্ট্রেটর জেনরলের কার্য্যের ও ত্রুটির দায়ী হইবেন না। এবং যখন কোন আডমিনিষ্ট্রেটর জেনরল লেটর্স অফ আডমিনিষ্ট্রেসন লইয়াছেন এবং অন্য রাজধানীতে সম্পত্তি আছে এমন বিশ্বাস করিবার তাঁহার হেতু থাকে তখন তিনি ঐ লেটর্স অফ আডমিনিষ্ট্রেসন লইয়াছেন এই কথা অগৌণে আপনার স্বাক্ষরক্রমে ঐ রাজধানীর আডমিনিষ্ট্রেটর জেনরলকে জানাইবেন এবং যে আডমিনিষ্ট্রেটর জেনরলকে ঐ বিষয়ের পত্র লেখেন তাঁহার রাজধানীর মধ্যে ঐ সম্পত্তি থাকার বিষয়ে যেপর্য্যন্ত অবগত হইয়াছেন তাহাও তাঁহাকে জানাইবেন। আরো হুকুম করা যাইতেছে যে যে আডমিনিষ্ট্রেটর জেনরল লেটর্স অফ আডমিনিষ্ট্রেসন লন তাঁহার যে প্রকারে এত্তেলা দিতে হইতেছে সেই প্রকারে প্রত্যেক আডমিনিষ্ট্রেটর

tration is obliged to give notice, that he claims to administer in his Presidency, by virtue of such grant of the Court which issued the Letters describing it, and thereupon any party disputing his right and intending to claim the right to probate, or to administer in that Presidency to which such notice relates, may apply to the Supreme Court of the Presidency of the Administrator giving such notice, for a grant to himself, and to revoke, so far as it relates to the particular Presidency, the original grant, which the said Court shall have power to do as fully as if such grant had been one of that Court. It is further enacted, that such certificate shall, on its production, be sufficient proof of the grant of such original Letters, which shall be judicially presumed to be in the regular form directed by this Act.

[Supreme Court may, in any Equity suit, determine questions of Law arising therein. And may bring before it by notice persons interested, though not parties to the suit.]

IX. When any suit is instituted in any of Her Majesty's Supreme Courts, on the Equity side thereof, such Court shall proceed with the suit if it embraces any matter of equitable jurisdiction, and in such suit determine all matters, whether of Law or Equity, that therein arise, and give all such consequential relief as may be necessary to give full effect to the rights determined, and in so doing shall have power to bring before it, by notice, provided such person be subject to its jurisdiction, any person not a party to the suit, whose rights may appear to be affected by the enforcement of such consequential relief.

[In suits for specific performance, Supreme Court may award damages instead of decreeing specific performance.]

X. In any Bill or Claim which is filed in any of Her Majesty's Supreme Courts after the time when this Act comes into effect, for the specific performance of any agreement, the relief may be asked in the alternative for a specific performance or for damages; and the Court shall have power to award damages if it think that, under the circumstances, it would not be equitable, or proper, or practicable, to give relief by specific performance, in like manner, and to as full an extent as damages might be given in an action at Law for the same breach of agreement.

[Equitable defences allowed to actions instituted on the Plea side. Bills to restrain progress of suits on the Plea side not allowed. Plaintiff may set up any equitable defence to set-off or counter-claim. Court on its Plea side may make orders in the nature of injunctions.]

[গবর্ণমেণ্ট গেজেট। ১৮৫৪। ১০ অক্টোবর।]

জেনরলও এই এত্তেলা দিবেন যে আডমিনিষ্ট্রেসন যে লেটর্সে নির্দ্দিষ্ট হয় তাহা যে কোর্ট জারী করেন সেই কোর্টহইতে প্রাপণপ্রযুক্ত তিনি আপন রাজধানীর মধ্যে আডমিনিষ্টর করিতে দাওয়া রাখেন তাহাতে যে কোন ব্যক্তি তাঁহার স্বত্বের বিষয়ে আপত্তি করেন এবং ঐ এত্তেলা যে রাজধানীর সম্পর্কীয় হয় সেই রাজধানীতে প্রোবেট লইবার কি আডমিনিষ্টর করিবার স্বত্বের দাওয়া করিতে অভিপ্রায় রাখেন সেই ব্যক্তি ঐ এত্তেলাদেওনিয়া আডমিনিষ্ট্রেটর যে রাজধানীর হন তথাকার সুপ্রিম কোর্টে এই প্রার্থনা করিতে পারেন যে লেটর্সপ্রভৃতি তাঁহাকে দেন এবং প্রথমে দেওয়া লেটর্সপ্রভৃতির ঐ বিশেষ রাজধানীর সঙ্গে যেপর্য্যন্ত সম্পর্ক থাকে সেইপর্য্যন্ত তাহা বাতিল করেন। এবং ঐ কোর্টেরই দত্ত লেটর্সপ্রভৃতি হইলে ঐ কোর্ট যেমন সম্পূর্ণরূপে করিতে পারিতেন তেমনি ঐ কোর্টের ঐ লেটর্সপ্রভৃতি বাতিল করিতে ক্ষমতা থাকিবেক। আরো হুকুম হইতেছে যে ঐ প্রকার সর্টিফিকট দেখান গেলে তাহা ঐ প্রথমে দত্ত লেটর্সপ্রভৃতি দেওনের প্রচুর প্রমাণ হইবেক এবং বিচারকার্য্যোপলক্ষে তাহা এই আইনের নির্দ্দিষ্ট নিয়মিত পাঠানুসারে হইয়াছে এইমত জ্ঞান হইবেক ইতি।

[একুটি পক্ষের কোন মোকদ্দমায় আইনঘটিত যে২ বিষয় উদয় হয় তাহাও সুপ্রিম কোর্ট একুটি পক্ষে নিষ্পত্তি করিতে পারেন। এবং মোকদ্দমার এক পক্ষ না হইয়াও যে ব্যক্তিরা তাহাতে লিপ্ত হয় তাহারদিগকে এত্তেলা দিয়া উপস্থিত করাইতে পারেন।]

৯ ধারা। যখন শ্রীশ্রীমতী মহারাণীর কোন সুপ্রিম কোর্টের একুটি পক্ষে কোন মোকদ্দমা উপস্থিত করা যায় তখন ঐ মোকদ্দমার মধ্যে যদি একুটি পক্ষের এলাকাসম্পর্কীয় কোন বিষয় থাকে তবে ঐ কোর্ট তাহার বিচার করিবেন এবং ঐ মোকদ্দমায় আইন কি একুটিসম্পর্কীয় যে সকল বিষয় উদয় হয় তাহাও ঐ মোকদ্দমায় নিষ্পত্তি করিবেন এবং যে স্বত্ব নির্দ্ধার্য্য হয় তাহা সম্পূর্ণরূপে সিদ্ধ করিবার জন্যে ঐ নিষ্পত্তিজাত যে উপকার আবশ্যক হয় তাহা করিবেন, এবং তাহা করণেতে, ঐ নিষ্পত্তিজাত উপকার সফল করণের দ্বারা মোকদ্দমার এক পক্ষ না হইয়া যাহার স্বত্বের ক্ষতিবৃদ্ধি হইতে পারে দৃষ্ট হয়, এমত কোন ব্যক্তি ঐ কোর্টের এলাকার মধ্যে থাকিলে, তাহাকে এত্তেলা দেওনক্রমে ঐ কোর্টের সম্মুখে উপস্থিত করাইতে পারিবেন ইতি।

[বিশেষ কার্য্য নির্ব্বাহের বিষয়ের মোকদ্দমায় সুপ্রিম কোর্ট বিশেষ কার্য্য নির্ব্বাহ করিবার ডিক্রী না করিয়া ক্ষতিপূরণের হুকুম করিতে পারেন।]

১০ ধারা। এই আইন প্রবল হওনের পরে শ্রীশ্রীমতী মহারাণীর কোন সুপ্রিম কোর্টে কোন চুক্তির বিশেষ কার্য্য নির্ব্বাহের কোন প্রার্থনাপত্রে কি দাবীপত্রে এই প্রার্থনা হইতে পারে যে হয় ঐ বিশেষকার্য্য নির্ব্বাহের কিম্বা ক্ষতিপূরণের হুকুম হয়। এবং ঐ কোর্ট যদি ভাবগতিক বুঝিয়া বোধ করেন যে বিশেষ কার্য্য নির্ব্বাহের হুকুম করিয়া উপকার করা ন্যায্য কি উচিত কি সাধ্য নহে, তবে চুক্তি ভঙ্গনের নিমিত্তে আইনসম্পর্কীয় নালিশে যে প্রকারে ও যেপর্য্যন্ত ক্ষতি পূরণের হুকুম করিতে পারেন সেই প্রকারে ও সেইপর্য্যন্ত ঐ কোর্টের ক্ষতিপূরণের হুকুম করিবার ক্ষমতা থাকিবেক ইতি।

[প্লী পক্ষে যে মোকদ্দমা উপস্থিত করা যায় তাহাতে একুটি পক্ষের আপত্তি করণের অনুমতি হওয়ার, এবং প্লী পক্ষে মোকদ্দমা রহিত করিবার প্রার্থনাপত্রের অনুমতি না হওয়ার, এবং দাওয়ার কিছু বাদ দেওনের কি বিপরীত দাওয়ার উত্তরে ফরিয়াদীর কোন একুটি পক্ষের আপত্তি করিতে পারিবার কথা এবং কোর্টের প্লী পক্ষে ইনজঙ্কশনের ন্যায় হুকুম করিতে পারিবারকথা]

XI. When any action is instituted in any of Her Majesty's Supreme Courts, on the Plea side thereof, such Court shall proceed with the action if it embraces any matter of jurisdiction on the Plea side of the Court, and all defences on equitable grounds which might have been made the subject of an application to a Court of Equity to restrain proceedings at Law, in such a suit, under the like circumstances, shall be made matter of defence in that suit; and no Bill shall be filed to restrain or interfere with the progress of the suit on the Plea side; and in like manner the Court shall hear and determine in such action any equitable defence on the part of the Plaintiff to any set-off or counter-claim which may be pleaded by the Defendant; and it shall have power, on the application of either party, by an order in the nature of an injunction, to stay the further prosecution of the action, pending any inquiry which it may see fit to direct, and also to restrain the opposite party, either temporarily or perpetually, from doing any act with reference to the subject matter of the suit, as a Court of Equity might have restrained such party upon a Bill filed, and praying an injunction against him.

[Supreme Courts on their Plea side, and Courts of Small Causes to have jurisdiction to try actions on lost negotiable securities.]

XII. From the time when this Act comes into operation, Her Majesty's Supreme Courts shall have jurisdiction to try on the Plea side an action on a lost negotiable Bill of Exchange or other negotiable security, as to which, before this Act came into operation, the remedy would have been on the Equity side of the Court alone, and shall have power to order indemnity to be given by the Plaintiff recovering in such action, in like manner as it would have been ordered by the Court on the Equity side thereof, and to stay execution until such security be given. And the several Courts of Small Causes at the Presidencies of Fort William, Fort St. George, and Bombay, respectively, shall have, within the limits of their respective jurisdictions, the same jurisdiction and powers as are hereby enforced in the Supreme Courts, as to such causes of action.

[Supreme Court may in any action on the Plea side direct an account to be taken in like manner as on the Equity side. And may stay proceedings till account taken. Certificate of Judge or Officer taking account to be sufficient proof of its result.]

XIII. If in any action at Law it becomes necessary for the determination of the rights of the parties to take an account which cannot be conveniently taken in open Court, the Court shall have power to direct the account to be taken in like manner as upon a Bill or Claim filed on the Equity side of the Court, and may, if there is no other question to be tried or decided in the cause, stay further proceedings therein until such account be taken, and the certificate of the Judge or Officer taking the ac-

১১ ধারা। যখন শ্রীশ্রীমতী মহারাণীর কোন সুপ্রিম কোর্টে প্লীপক্ষে কোন মোকদ্দমা উপস্থিত করা যায় তখন ঐ মোকদ্দমার মধ্যে যদি কোর্টের প্লীপক্ষের এলাকাসম্পর্কীয় কোন বিষয় থাকে তবে ঐ কোর্ট তাহার বিচার করিবেন এবং তদ্রূপ মোকদ্দমায় সেই গতিকে আইনের পক্ষের কার্য্য রহিত করিবার নিমিত্তে একুটির হেতুতে যে সকল আপত্তির বিষয়ে একুটির কোর্টে দরখাস্ত হইতে পারিত তাহা সেই মোকদ্দমাতেও আপত্তির বিষয় করা যাইবেক এবং প্লীপক্ষে মোকদ্দমার চলন রহিত করিতে কি বাধা করিতে কোন দরখাস্ত দাখিল করা যাইবেক না। আরো আসামী যদি কোন দাওয়াহইতে বাদ দেওনের বিষয় কিম্বা বিপরীত দাওয়া প্রকাশ করে তবে তাহার বিষয়ে ফরিয়াদী একুটি পক্ষের যে কোন আপত্তি করে ঐ কোর্ট সেই প্রকার নালিশে তাহাও শুনিয়া বিচার করিতে পারেন। এবং ঐ কোর্টের ক্ষমতা থাকিবেক যে মোকদ্দমার কোন পক্ষ দরখাস্ত করিলে ইনজঙ্কশনের ন্যায় হুকুম করিয়া যে কোন তদারক করিবার আজ্ঞা করা বিহিত বোধ করেন তাহা না হওনপর্য্যন্ত মোকদ্দমার অধিক চলন রহিত করেন এবং যে বিষয় লইয়া মোকদ্দমা হয় তাহার বিষয়ে বিপক্ষ পক্ষ কিঞ্চিৎকাল কি চিরকাল কার্য্য না করে এমত নিষেধ, বিল ফাইল হইলে এবং সেই পক্ষের বিরুদ্ধে ইন্‌জঙ্কশনের প্রার্থনা হইলে একুটি কোর্ট যে প্রকারে করিতে পারিতেন সেই প্রকারে করেন ইতি।

[যে নিদর্শনপত্রের কেনা বেচা হইতে পারে তাহা হারাণ গেলে তাহার নালিশের বিচার সুপ্রিম কোর্ট প্লীপক্ষে এবং ক্ষুদ্র মোকদ্দমার আদালত বিচার করিতে পারেন।]

১২ ধারা। যে বিল অফ এক্সচেঞ্জ কিম্বা অন্য যে নিদর্শন কেনা বেচা হইতে পারে তাহা হারাণ গেলে তাহার যে প্রতিকার এই আইন জারী হওনের পূর্ব্বে শ্রীশ্রীমতী মহারাণীর সুপ্রিম কোর্টের কেবল একুটি পক্ষে হইতে পারিত তদ্বিষয়ের দাবীর নালিশ এই আইন চলন হওনের কালাবধি ঐ কোর্টের প্লীপক্ষেও বিচার করিবার এলাকা থাকিবেক এবং ঐ কোর্টের একুটি পক্ষে যে প্রকারে হুকুম হইতে পারিত সেই প্রকারে ঐ নালিশে ফরিয়াদী নিদর্শন পত্র ফিরিয়া পাইলে তাহাকে অন্য ব্যক্তির রক্ষা করণার্থে জামিনীপত্র লিখিয়া দিতে হুকুম করিবার এবং যাবৎ ঐ জামিনীপত্র না দেওয়া যায় তাবৎ ডিক্রী জারী করা স্থগিত করিবার ক্ষমতা থাকিবেক। এবং দাবীর সেই প্রকার নালিশের বিষয়ে সুপ্রিম কোর্টের যে এলাকা ও ক্ষমতা এতদ্দ্বারা হওনের হুকুম হইয়াছে ফোর্ট উলিয়ম ও ফোর্ট সেণ্ট জর্জ ও বোম্বাই রাজধানীতে ক্ষুদ্র২ মোকদ্দমার নানা আদালতেরও সেই২ এলাকা ও ক্ষমতা আপন২ এলাকার সীমার মধ্যে থাকিবেক ইতি।

[সুপ্রিম কোর্ট একুটি পক্ষে যেমন করেন তেমন প্লীপক্ষে ও কোন দাবীর নালিশে হিসাব লইবার হুকুম করিতে পারেন। এবং যাবৎ হিসাব না লওয়া যায় তাবৎ মোকদ্দমার কার্য্য স্থগিত করিতে পারেন। যে জজ সাহেব কি কার্য্যকারক হিসাব লন তাঁহার সর্টিফিকট তাহার ফলের প্রচুর প্রমাণ হইবেক।]

১৩ ধারা। যদি আইনপক্ষের কোন নালিশে উভয় পক্ষের স্বত্ব নির্দ্ধার্য্যের নিমিত্তে হিসাব লওয়া আবশ্যক হয় কিন্তু সেই হিসাব খোলা কাছারীতে সুবিধামতে লওয়া যাইতে পারে না তবে ঐ কোর্টের একুটি পক্ষে প্রার্থনাপত্র কি দাবীপত্র দাখিল করা গেলে যে প্রকারে হইতে পারিত সেই প্রকারে ঐ কোর্টও হিসাব লইবার আজ্ঞা করিতে পারিবেন। এবং যদি ঐ মোকদ্দমায় বিচার করিবার কি নিষ্পত্তি করিবার অন্য কোন বিষয় না থাকে তবে যাবৎ ঐ হিসাব না লওয়া যায় তাবৎ ঐ মোকদ্দমায় অন্য কার্য্য হওয়া স্থগিত করিতে পারিবেন। এবং

count shall be sufficient proof of the result of such account.

[Whenever questions arise as to whether Executor, &c., has Assets, opposite party not bound to allege or prove existence of Assets, but may call on Executor, &c., to admit Assets, or to show that he never received any, or has accounted for them.]

XIV. In any action or suit, whether original or continued by revivor, or in any stage thereof, wherein a question arises, whether an Executor or Administrator or other Representative has Assets to satisfy the demand, the opposite party shall not be bound to allege or to prove the existence of such Assets, but may call on the Executor or Administrator, or such Representative, either to admit Assets sufficient to satisfy the demand, or to show that he either never received any Assets of his testator or intestate, or that he has duly applied and accounted for the same.

[Choses in action, &c., to be assignable at Law. Assignee to sue in his own name. Plaintiff's rights to be subject to any set-off of Defendant against Plaintiff himself or against the original or any subsequent Assignor before notice.]

XV. All choses in action and rights, capable of being recovered and enforced at Law, and which are now assignable in Equity only, shall be assignable at Law, and in every action for the recovery thereof at Law, the Assignee shall sue for the same in his own name, and not in the name of the Assignor, and in every such action the right of the Plaintiff to recover shall be subject to any claim of set-off which the Defendant may have either against the Plaintiff personally or had against the original or any successive Assignor before notice of such Assignment.

[Assignee need not make Assignor party to action or suit.]

XVI. It shall not be necessary to make the Assignor a party to an action at Law or suit in Equity by the Assignee of any chose in action against the party liable in respect of the matter assigned, and such party liable shall, in the absence of fraud on his part, be as effectually discharged from his original liability, by the proceedings in such action or suit, as he would have been, had the alleged Assignor of such chose in action been a party to such proceedings.

[Assets in Equity to be also Assets at Law. All debts after the death of Debtor, whatever their na-

যে জজ সাহেব কি কার্য্যকারক হিসাব লন তাঁহার সর্টিফিকট ঐ হিসাবের ফলের প্রচুর প্রমাণ হইবেক ইতি।

[অছিপ্রভৃতির নিকটে সম্পত্তি আছে কি না এই বিষয়ের প্রশ্ন যখন উদয় হয় তখন সম্পত্তি আছে এমত এজহার করিতে কি সম্পত্তি থাকার প্রমাণ করিতে বিপক্ষ ব্যক্তি বদ্ধ নহে কিন্তু সম্পত্তি আছে এই কথা স্বীকার করিতে কিম্বা কোন সম্পত্তি কখন পায় নাই কিম্বা তাহার হিসাব দিয়াছে ইহা দেখাইতে অছিপ্রভৃতিকে তলব করিতে পারে।]

১৪ ধারা। কোন নালিশ কি মোকদ্দমা আদৌ হউক কি স্থগিত হইলে পর তাহার পুনরুত্থাপন হউক তাহাতে কিম্বা তাহার চলনের কোন সময়ে, যদি অছির কি আডমিনিষ্ট্রেটরের কি অন্য স্থলাভিষিক্তের হস্তে দাওয়ার পরিশোধের উপযুক্ত সম্পত্তি থাকার বিষয়ের কোন প্রশ্ন উদয় হয় তবে বিপক্ষ ব্যক্তি ঐ সম্পত্তি থাকার বিষয়ে এজহার করিতে কি প্রমাণ করিতে বদ্ধ হইবেক না। কিন্তু ঐ অছি কি আডমিনিষ্ট্রেটর কি ঐ স্থলাভিষিক্তকে এমত আদেশ করিতে পারে যে দাওয়ার পরিশোধের প্রচুর সম্পত্তি পাইয়াছে ইহা স্বীকার করে অথবা উইল করিয়া কি না করিয়া মৃত যে ব্যক্তির অছিপ্রভৃতি হইয়াছে তাহার কোন সম্পত্তি কখন পায় নাই কিম্বা তাহা উপযুক্তমতে বণ্টন করিয়াছে ও তাহার হিসাব দিয়াছে ইহা দেখায় ইতি।

[নালিশের দ্বারা প্রাপ্য বিষয়প্রভৃতি আইনপক্ষে হস্তান্তর করা যাইতে পারে। ঐ বিষয়গ্রাহক আপননামে নালিশ করিবেন। ফরিয়াদীর উপর কিম্বা এত্তেলার পূর্ব্বে প্রথমে কিম্বা পরে হস্তান্তরকরণিয়ার উপর আসামীর যে দাওয়া থাকে তাহা ফরিয়াদীর দাবীহইতে বাদ দেওয়া যাইতে পারিবেক।]

১৫ ধারা। নালিশক্রমে প্রাপ্য যে সকল বিষয় ও স্বত্ব আইন পক্ষের নালিশে পাওয়া যাইতে ও বলবৎ হইতে পারে কিন্তু এইক্ষণে কেবল একটি পক্ষে হস্তান্তর হইতে পারে তাহা আইনপক্ষেও হস্তান্তর হইতে পারিবেক। এবং তাহা পাইবার জন্যে আইনপক্ষের প্রত্যেক দাবীর নালিশে আসৈনি অর্থাৎ ঐ বিষয় হস্তান্তর করিয়া যাঁহাকে দেওয়া যায় তিনি তাহার বাবৎ হস্তান্তরকরণিয়ার নাম লইয়া নালিশ না করিয়া নিজনামে নালিশ করিবেন। এবং এমত প্রত্যেক নালিশেতে ফরিয়াদীর আদায় করিবার স্বত্বের বিপরীতে নিজ ফরিয়াদীর উপর আসামীর বাদ দেওনের যে কোন দাওয়া থাকে কিম্বা ঐ বিষয় হস্তান্তর করণের এত্তেলার পূর্ব্বে প্রথম কি তাহার পর কোন হস্তান্তরকরণিয়ার উপর আসামীর যে কোন দাওয়া ছিল তাহা গ্রাহ্য হইতে পারিবেক ইতি।

[আসৈনির নালিশে কি মোকদ্দমায় হস্তান্তরকরণিয়াকে এক পক্ষ করার প্রয়োজন নাই]

১৬ ধারা। নালিশক্রমে প্রাপ্য কোন বিষয়ের আসৈনির আইন পক্ষের কোন নালিশে কি একটি পক্ষের কোন মোকদ্দমায়, ঐ হস্তান্তরকরা দ্রব্যের বিষয়ে দায়ি ব্যক্তির বিপরীত হস্তান্তরকরণিয়াকে এক পক্ষ করার আবশ্যক হইবেক না। এবং ঐ দায়ি ব্যক্তির যদি কোন চাতুরী না হইয়া থাকে, তবে নালিশক্রমে প্রাপ্য ঐ দ্রব্যের কথিত হস্তান্তরকরণিয়া আপনি ঐ মোকদ্দমার এক পক্ষ হইলে ঐ দায়ি ব্যক্তি যে প্রকারে মুক্ত হইত সেই প্রকারে, ঐ নালিশ কি মোকদ্দমার কার্য্যের দ্বারা আপনার আসল দায়হইতে সম্পূর্ণরূপে মুক্ত হইতে পারে ইতি।

[মৃত ব্যক্তির যে সম্পত্তি একটি পক্ষে আদায় হইতে পারে তাহা আইন পক্ষেও আদায় হইতে পারে। কর্জ্জ

ture, to be paid *pari passu.* Proviso—that mortgages, pledges, &c., and payments made in ignorance of insolvency, are not to be affected by the above provision.]

XVII. All Assets, which are Assets in a Court of Equity, shall also be Assets at Law, and all debts, whatever the nature of them, shall be paid *pari passu* after the death of any Debtor dying after the passing of this Act, by his personal Representatives, or in any suit for the administration of the Estate of the said person. Provided that this provision shall not impair or affect any mortgage, pledge, or lien, legal or equitable, whether given by the Law or the act of the party, or any payment *bona fide* made by any such Representative in ignorance of the insolvency of the Estate.

[Receiver may bring actions with the assent of the Court by which he is appointed.]

XVIII. A receiver shall have authority to bring any action in respect of the property of which he is appointed receiver, in his own name as receiver, but such action shall not be brought without the assent of the Court which has appointed him a receiver; and shall be under its control, so far as the same may be exercised without clashing with the authority of any other Court.

[Persons appointed by letters *ad colligendum bona* may take legal Estate for the purpose of protecting it, and may bring action in same manner as Administrators. But may not alienate Estate without leave of Court.]

XIX. All persons appointed by Letters *ad colligendum bona*, shall take the legal Estate for the purpose of protecting the Estate, and shall have authority to bring actions in the same manner as Administrators may sue; but they shall not have authority to alienate the Estate without the order of the Court under whose authority they act.

[Where Plaintiff or Defendant require discovery in aid of any action or defence thereto, Court may, if satisfied with the affidavit of such party, direct the opposite party to answer interrogatories. Proviso that the party seeking discovery must pay the costs of obtaining it. Further proviso as to power of Court to compel a full answer and to provide for costs thereto.]

XX. When the Plaintiff or Defendant respectively require discovery in aid of an action at Law, or defence thereto, in any of Her Majesty's said Supreme Courts, it shall be lawful for such party by affidavit to state the reason why he requires discovery and as to what it is required; and the Court thereon, if it sees that such discovery ought to be

দারের মৃত্যুর পরে তাহার যে কোন প্রকারের কর্জ্জ হউক সকল কর্জ্জ সমান অংশে শোধ হইবেক। পরন্তু যে সকল বন্ধক ও জামিনপ্রভৃতি ও যোত্রহীনতা না জানিয়া যে সকল টাকা দেওয়া যায় তাহার উক্ত বিধানমতে ক্ষতিবৃদ্ধি হইবেক না।]

১৭ ধারা। মৃত ব্যক্তির যে সকল সম্পত্তি একুটি কোর্টে আদায় হইতে পারে তাহা আইন পক্ষেও আদায় হইবার যোগ্য সম্পত্তি হইবেক। এবং এই আইন জারী হওনের পরে যে কোন কর্জ্জদার মরে তাহার যে কোন প্রকারের কর্জ্জ হউক সেই সকল কর্জ্জ তাহার মৃত্যুর পরে তাহার নিজ স্থলাভিষিক্তেরদের দ্বারা কিম্বা উক্ত ব্যক্তির সম্পত্তির আডমিনিষ্ট্রেসনের নিমিত্তে কোন মোকদ্দমাতে সমান অংশে শোধ হইবেক। পরন্তু জানা কর্ত্তব্য যে আইনসম্পর্কীয় কি একুটিসম্পর্কীয় যে কোন বন্ধক কি জামিন কি কোন দাওয়ার শোধ না হওনপর্য্যন্ত দখলের স্বত্ব আইনের দ্বারা কিম্বা সে ব্যক্তির নিজ ক্রিয়ার দ্বারা দেওয়া যাউক তাহার, কিম্বা ঐ ইষ্টেটের যোত্রহীনতা না জানিয়া এমত কোন স্থলাভিষিক্ত যে কোন টাকা প্রকৃতপ্রস্তাবে দিয়াছে তাহার ক্ষতি কি কোন প্রকার লাভনোকসান এই বিধানের দ্বারা হইবেক না ইতি।

[সম্পত্তিগ্রাহক যে কোর্টের দ্বারা নিযুক্ত হন সেই কোর্টের সম্মতিক্রমে নালিশ উপস্থিত করিতে পারেন।]

১৮ ধারা। সম্পত্তিগ্রাহক যে সম্পত্তি গ্রহণার্থে নিযুক্ত হন তাহার বিষয়ে সম্পত্তিগ্রাহকস্বরূপ আপনার নাম লইয়া নালিশ উপস্থিত করিতে পারেন কিন্তু যে কোর্ট তাঁহাকে গ্রাহকস্বরূপ নিযুক্ত করিয়াছেন সেই কোর্টের সম্মতি বিনা ঐ নালিশ উপস্থিত করা যাইতে পারিবেক না। এবং অন্য কোন কোর্টের ক্ষমতার বিপরীত না হইয়া ঐ কোর্ট যেপর্য্যন্ত কর্ত্তৃত্ব করিতে পারেন সেইপর্য্যন্ত ঐ কোর্টের কর্ত্তৃত্বাধীনে ঐ নালিশ উপস্থিত করা যাইবেক ইতি।

[যে ব্যক্তিরা সম্পত্তি সংগ্রহ করণের ক্ষমতাপত্রের দ্বারা নিযুক্ত হন তাঁহারা ইষ্টেট রক্ষা করিবার নিমিত্তে সম্পত্তির উপর আইনমতে স্বামির ক্ষমতা গ্রহণ করিতে পারেন। এবং আডমিনিষ্ট্রেটরেরদের ন্যায় নালিশ উপস্থিত করিতে পারেন। কিন্তু কোর্টের অনুমতি বিনা সম্পত্তি হস্তান্তর করিতে পারেন না।]

১৯ ধারা। যে সকল ব্যক্তি সম্পত্তি সংগ্রহ করণের ক্ষমতাপত্রের দ্বারা নিযুক্ত হন তাঁহারা সম্পত্তি রক্ষা করিবার জন্যে আইনমতে স্বামির ক্ষমতা গ্রহণ করিবেন এবং আডমিনিষ্ট্রেটরেরা যে প্রকারে নালিশ করিতে পারেন সেই প্রকারে তাঁহারদের নালিশ উপস্থিত করিবার ক্ষমতাও থাকিবেক। কিন্তু যে কোর্টের আজ্ঞামতে তাঁহারা কার্য্য করেন সেই কোর্টের আজ্ঞা না পাইলে তাঁহারা ঐ ইষ্টেট হস্তান্তর করিতে পারিবেন না ইতি।

[যখন ফরিয়াদী কি আসামী কোন নালিশ করণেতে কি তাহার জওয়াব দেওনেতে সাহায্যের জন্যে "ডিসকবরি" অর্থাৎ কোন বিষয় প্রকাশের প্রয়োজন রাখে তখন কোর্ট ঐ ব্যক্তির আফিডেবিটে তৃপ্ত হইলে বিপক্ষ পক্ষকে প্রশ্নের উত্তর দিতে হুকুম করিতে পারেন। কিন্তু যে পক্ষ ডিসকবরি প্রার্থনা করে তাহার তাহা পাইবার খরচ দিতে হইবেক। আরো কোর্ট প্রশ্নের সম্পূর্ণ উত্তর দেওয়াইতে পারেন এবং তাহার খরচের নিয়ম করিতে পারেন।]

২০ ধারা। যখন শ্রীশ্রীমতী মহারাণীর উক্ত কোন সুপ্রিম কোর্টে আইন পক্ষে কোন নালিশেতে কিম্বা তাহার উত্তর দেওনার্থে ফরিয়াদীর কিম্বা আসামীর সাহায্যের নিমিত্তে কোন "ডিসকবরি" অর্থাৎ বিষয় প্রকাশের প্রয়োজন থাকে তখন সেই ব্যক্তি যে হেতুতে ঐ ডিসকবরি চাহে এবং যে বিষয়েতে তাহার প্রয়োজন হয় সেই কথা আফিডেবিটের দ্বারা জ্ঞাত করিতে পারে।

given, shall direct that the party to the suit from whom the discovery is sought may answer to interrogatories to be exhibited to him for such purpose. Provided that the party asking for such discovery shall be liable to pay the cost of obtaining it, to the party giving it, whatever be the event of the suit, in like manner as if a Bill of pure discovery had been filed on the Equity side of the Court and answered. Provided always, that the Court shall have and exercise the same power to compel a full answer to such interrogatories as it might have exercised had such interrogatories been filed in a suit for discovery in the Equity side of the Court, and shall have the same power as to the costs of procuring such full answer as it would possess in the Equity side of the Court, if the answer to a Bill of Discovery were insufficient.

[Supreme Court may, in a summary way, without Bill filed, restrain East India Company from paying interest on, or renewing or parting with, Government Paper deposited in Treasury. And any public Company from transferring or paying dividends on any Stock or Share.]

XXI. And whereas it is desirable to avoid the inconvenience of making public bodies parties to suits, in which they have no interest, and where the contest is as to the right to property of which they are only the depositaries or managers for others, it is further enacted, that it shall be lawful for any of Her Majesty's Courts, upon the application of any party interested, by motion or petition in a summary way, without Bill filed, to restrain the East India Company from paying the interest due or to become due on any of the Promissory Notes of the said Company, commonly called Government Paper, or from renewing or permitting the renewal of any such Government Paper, or from parting with any Government Paper, which may have been paid into or deposited in the Public Treasury ; and also to restrain any other public Company, whether incorporated or not, from permitting the transfer of any Stock or Shares in such Company, which may be standing in the name or names of any person or persons, or body politic or corporate, in the books of such Company, or from paying any dividend or dividends due or to become due thereon.

[Orders made in pursuance of provisions of preceding Section to describe and specify Notes, Stock, Shares, &c., to be affected thereby. Such orders may be varied or discharged, &c.]

XXII. Every order to be made upon such motion or petition as in the preceding Section mentioned, shall describe the Promissory Notes, or specify the amount of the Stock, or the particular Shares to be affected thereby, and the name or names of the person or persons, body politic or corporate, in which the same shall be standing ; and upon the application of any party interested may be discharged, varied, or continued, as the justice of the case may

তাহাতে ঐ কোর্ট ঐ "ডিসকবরি" দেওয়া উচিত বোধ করিলে হুকুম করিতে পারেন যে মোকদ্দমার যে পক্ষের স্থানে ঐ ডিসকবরি লইবার অভিপ্রায় হয় সেই পক্ষ যে সকল লিখিত প্রশ্ন তাহাকে সেই অভিপ্রায়ে দেওয়া যায় তাহার উত্তর দেয়। পরন্তু কোর্টের একুটি পক্ষে শুদ্ধ ডিসকবরির বিলফাইল হইলে ও তাহার উত্তর দেওয়া গেলে যে প্রকারে হইত সেই প্রকারে মোকদ্দমার শেষ যে কোন ফল হউক যে পক্ষ ঐ ডিসকবরি প্রার্থনা করে সেই পক্ষ তাহা পাইবার খরচ দিবার যোগ্য হইবেক। আরো সর্ব্বদাই জানা কর্ত্তব্য যে ঐ কোর্টের একুটি পক্ষে ডিসকবরির প্রার্থনাতে ঐ প্রশ্ন দেওয়া গেলে ঐ কোর্ট যে প্রকার ক্ষমতামতে কার্য্য করিতে পারিতেন সেই প্রকার ক্ষমতা ঐ কোর্টের ঐ প্রশ্নের সম্পূর্ণ উত্তর দেওয়াইবার বিষয়ে থাকিবেক এবং ঐ কোর্ট সেই ক্ষমতামতে কার্য্য করিবেন এবং কোর্টের একুটি পক্ষে ডিসকবরির বিলের উত্তর প্রচুর না হইলে কোর্টের যেরূপ ক্ষমতা থাকিত ঐ সম্পূর্ণ উত্তর লইবার খরচের বিষয়ে সেইরূপ ক্ষমতা থাকিবেক ইতি।

[সুপ্রিম কোর্ট বিলফাইল না হইলেও কোম্পানি বাহাদুরকে সরাসরীমতে নিষেধ করিতে পারেন যে ট্রেজুরীতে যে কোম্পানির কাগজ আমানৎ করা যায় তাহার সুদ না দেন কিম্বা কাগজ নূতন করিয়া না দেন কি তাহা না ছাড়েন এবং কোন সাধারণ কোম্পানিকে নিষেধ করিতে পারেন যে তাঁহারা কোন ষ্টাক কি শ্যার হস্তান্তর না করেন কি তাহার উপর ডিবিডেণ্ড না দেন।]

২১ ধারা। এবং যেহেতুক সমাজভুক্ত লোকেরদের যে মোকদ্দমায় কিছু সম্পর্ক নাই এবং তাঁহারা যে সম্পত্তির কেবল জিম্মাদার হন অথবা অন্যেরদের নিমিত্তে কার্য্যকারক হন সেই সম্পত্তিতে স্বত্বের বিষয়ে যে স্থলে বিবাদ হয় সেই স্থলে তাঁহারদিগকে সেই মোকদ্দমায় লিপ্ত করিলে যে ক্লেশ হয় তাহা রহিত করা উচিত অতএব ইহার দ্বারা আরো হুকুম হইতেছে যে ঐ মোকদ্দমাতে লিপ্ত কোন পক্ষ বিল ফাইল না করিয়া প্রার্থনা কি দরখাস্তের দ্বারা নিবেদন করিলে শ্রীশ্রীমতী মহারাণীর কোন সুপ্রিম কোর্ট সরাসরীমতে কোম্পানি বাহাদুরকে নিষেধ করিতে পারেন যে উক্ত কোম্পানির গবর্ণমেণ্টের কাগজ বলিয়া সাধারণমতে খ্যাত প্রমিসরি নোটের উপর যে সুদ পাওনা হয় কি হইবেক তাহা না দেন কিম্বা এমত কোন কোম্পানির কাগজ নূতন করিয়া না দেন কি নূতন করিয়া দিবার অনুমতি না দেন কিম্বা এমত যে কোন কোম্পানির কাগজ সরকারী ট্রেজুরীতে দেওয়া গিয়াছে কি আমানৎ করা গিয়াছে তাহা না ছাড়েন। এবং চার্টরপ্রাপ্ত হউন কি না হউন সমাজভুক্ত অন্য কোন কোম্পানিকে নিষেধ করিতে পারেন যে ঐ কোম্পানির যে কোন ষ্টাক কি শ্যার ঐ কোম্পানির খাতাবহীতে কোন ব্যক্তির কি ব্যক্তিরদের কিম্বা সমাজভুক্ত কি চার্টরপ্রাপ্ত কোন লোকেরদের নামে থাকে তাহা হস্তান্তর করিবার অনুমতি না দেন কিম্বা তাহার উপর যে কোন এক কি অনেক ডিবিডেণ্ড পাওনা হয় কি হইবেক তাহা না দেন ইতি।

[উক্ত ধারার বিধানানুসারে যে হুকুম করা যায় তাহাতে যে নোট কি ষ্টাক কি শ্যারপ্রভৃতির বিষয়ে হুকুম হয় তাহা নির্ণয় ও নির্দ্দিষ্ট হইবার, এবং ঐ হুকুম পরিবর্ত্তন কি স্থগিতপ্রভৃতি হইতে পারিবার কথা।]

২২ ধারা। পূর্ব্বোক্ত ধারার লিখিত প্রকারের প্রার্থনা কি দরখাস্তমতে যে প্রত্যেক হুকুম করা যাইবেক তাহা যে২ প্রমিসরি নোটের বিষয়ে সম্পর্ক রাখে তাহা নিশ্চয় করিতে হইবেক এবং যে ষ্টাক কি বিশেষ২ শ্যার তাহাতে উল্লেখ হয় তাহার মূল্য এবং যে ব্যক্তির কি ব্যক্তিরদের অথবা সমাজভুক্ত কি চার্টরপ্রাপ্ত যে ব্যক্তিরদের নামে তাহা লেখা থাকে তাঁহার কি তাঁহারদের নাম নির্দ্দিষ্ট করা যাইবেক। এবং মোকদ্দমাতে লিপ্ত কোন পক্ষের দরখাস্ত-

require, by the Court granting the same, and the Court shall have power to award such costs upon any such application as it shall see fit.

[No Company or Officer of a Company to be made a party to such proceedings, except by special order of Court. But Court may order East India or other Company how to deal with the Government Paper, Stock, Shares, &c., although Company not party to suit or proceeding.]

XXIII. In no case, except by special order of Court, shall any Company, or any Servant or Officer of any Company, against which proceedings may be taken under the provisions of the last Sections of this Act, be made a party, either to the application for obtaining the order to restrain, or to any application to discharge, vary, or continue such order, or to any suit or proceeding which may be instituted, either before or after the issuing of such order, for the purpose of determining the title or right to the Government Paper, or other Stock or Shares which may be the subject of such order; and in every such suit or proceeding, it shall be lawful for the Court wherein the same is pending to order the East India Company, or any of the Officers thereof, or any other public Company, or any of the Servants or Officers thereof, to deal with the Government Paper, Stock, or Shares which are the subject of the said suit or proceeding, or the interest or dividends of such Government Paper, Stock, or Shares as the said Court may deem just, although the Company or person upon whom such order is made is not a party to the suit or proceeding wherein the same is made.

[No such Company to be liable for any thing *bonâ fide* done, &c., in pursuance of any such order. Remedy of party aggrieved by any such order.]

XXIV. No action or suit shall lie against the East India Company or any public Company, or any of the Officers or Servants thereof, respectively, for any thing *bonâ fide* done, or omitted to be done by them or any of them, in pursuance of any order made under the provisions of the foregoing Sections; but any person aggrieved by such order must assert his rights against the party at whose instance the same shall have been obtained.

[Where parties desirous of stating a special case cannot agree on all the facts, they may state those admitted and also those in dispute. Committees of

মতে যে কোর্ট সেই হুকুম করেন সেই কোর্ট মোকদ্দমার ন্যায়রূপে বিচারার্থে যেমন প্রয়োজন হয় তেমনি ঐ হুকুম রহিত কি পরিবর্ত্তন করিতে পারিবেন কি বহাল রাখিতে পারিবেন এবং এমত কোন দরখাস্ত হইলে যে খরচ ঐ কোর্ট উপযুক্ত বোধ করেন তাহা দিবার হুকুম করিতে পারেন ইতি।

[কোর্টের বিশেষ হুকুম না হইলে কোন কোম্পানিকে কিম্বা কোম্পানির কোন কার্য্যকারককে এমত মোকদ্দমার কার্য্যের এক পক্ষ করা যাইতে পারিবেক না। কিন্তু কোম্পানি বাহাদুর কি অন্য কোম্পানির মোকদ্দমার কি মোকদ্দমার কার্য্যের এক পক্ষ না হইলেও কোম্পানির কাগজ কি ষ্টাক কি শ্যারপ্রভৃতি লইয়া যেরূপে কার্য্য করিতে হইবেক তাহা ঐ কোর্ট ঐ কোম্পানিকে হুকুম করিতে পারেন।]

২৩ ধারা। এই আইনের শেষোক্ত ধারার বিধানমতে যে কোম্পানির বিরুদ্ধে মোকদ্দমার কার্য্য করা যায় এমত কোন কোম্পানিকে কিম্বা কোন কোম্পানির কোন চাকরকে কি কার্য্যকারককে ঐ প্রকার হুকুম নিবারণার্থ হুকুম পাইবার দরখাস্তের, কিম্বা সেই প্রকার হুকুম রহিত কি পরিবর্ত্তন করিবার কি বহাল রাখিবার কোন দরখাস্তের, কিম্বা ঐ প্রকার হুকুম জারী করিবার পূর্ব্বে কি পরে ঐ হুকুম যে কোম্পানির কাগজের কি অন্য ষ্টাক কি শ্যারের বিষয়ে হয় তাহাতে অধিকার কি স্বত্ব নিশ্চয় করণের অভিপ্রায়ে যে কোন মোকদ্দমা কি মোকদ্দমাঘটিত কার্য্য উপস্থিত করা যায় তাহার, এক পক্ষ আদালতের বিশেষ হুকুম না হইলে কখন করা যাইতে পারে না। এবং এমত প্রত্যেক মোকদ্দমা কি মোকদ্দমাঘটিত কার্য্য যে কোর্টে উপস্থিত থাকে সেই কোর্ট ঐ মোকদ্দমাপ্রভৃতিতে কোম্পানি বাহাদুরকে কি তাঁহার কোন কার্য্যকারকদিগকে কিম্বা অন্য কোন সমাজভুক্ত কোম্পানিকে কি তাঁহারদের কোন চাকরদিগকে কি কার্য্যকারকদিগকে হুকুম করিতে পারিবেন যে উক্ত মোকদ্দমা কি মোকদ্দমাঘটিত কার্য্য যে কোম্পানির কাগজের কি ষ্টাকের কি শ্যারের বিষয়ে হয় তাহা লইয়া কি ঐ কোম্পানির কাগজের কি ষ্টাকের কি শ্যারের সুদ কি ডিবিডেণ্ড লইয়া ঐ কোর্ট যে প্রকার যথার্থ বোধ করেন সেই প্রকার করেন এবং ঐ হুকুম যে কোম্পানির কি ব্যক্তির উপর করা যায় তিনি, যে মোকদ্দমাতে কি মোকদ্দমাঘটিত কার্য্যেতে ঐ হুকুম করা যায়, তাহার এক পক্ষ না হইলেও ঐ কোর্ট সেই হুকুম করিতে পারিবেন ইতি।

[এমত কোন হুকুমঅনুসারে যে কোন কার্য্য প্রকৃতপ্রস্তাবে করা যায় ইত্যাদি তাহার বিষয়ে সেই প্রকার কোন কোম্পানি দায়ী নহেন। এমত কোন হুকুমের দ্বারা অন্যায়গ্রস্ত ব্যক্তির প্রতিকার।]

১১ ধারা। ইলেকট্রিক টেলিগ্রাফের সিরিশতায় যে প্রত্যেক ব্যক্তি গবর্ণমেণ্টের কর্ম্মে নিযুক্ত হইয়া, এবং সম্বাদ দেওনের কি চালাওনের জন্যে কিম্বা অন্য কোন সরকারী কর্ম্মের নিমিত্তে টাকা গ্রহণ করিবার ভারপ্রাপ্ত হইয়া, তাহা প্রবঞ্চনাপূর্ব্বক আপনারই জন্যে রাখে, সেই ব্যক্তির দোষ মাজিষ্ট্রেট সাহেবের সম্মুখে সাব্যস্ত হইলে, তাহার দুই বৎসরের অনধিক মিয়াদে পরিশ্রমসহিত কি পরিশ্রমবিনা কয়েদের দণ্ড হইবেক এবং সে জরীমানা দিবারও যোগ্য হইবেক ইতি।

[সম্বাদ পরিবর্ত্তন করিবার দণ্ড।

১২ ধারা। ১১ ধারার নির্দ্দিষ্ট কর্ম্মে নিযুক্ত হইয়া যে কেহ প্রবঞ্চনাপূর্ব্বক কোন সম্বাদ বদল করে, সেই ব্যক্তি দুই বৎসরের অনধিক মিয়াদে পরিশ্রমসহিত কি পরিশ্রমবিনা কয়েদ হইবার, কি জরীমানা দিবার, কি উভয় দণ্ডের যোগ্য হইবেক ইতি।

[দলীল প্রবঞ্চনাপূর্ব্বক পরিবর্ত্তন করিবার দণ্ড।]

১৩ ধারা। যে কোন ব্যক্তি ১১ ধারার নির্দ্দিষ্ট কর্ম্মেতে নিযুক্ত হইয়া কোন দলীল প্রস্তুত করিবার কি রাখিবার ভারপ্রাপ্ত হইয়া, প্রবঞ্চনার অভিপ্রায়ে ঐ দলীল অশুদ্ধরূপে প্রস্তুত করে, কিম্বা ঐ দলীল পরিবর্ত্তন করে, কি ঐ দলীল গুপ্ত করে, কি নষ্ট করে সেই ব্যক্তি দুই বৎসরের অনধিক মিয়াদে পরিশ্রমসহিত কি পরিশ্রমবিনা কয়েদ হইবার, কি জরীমানা দিবার, কি উভয় দণ্ডের যোগ্য হইবেক ইতি।

[গবর্ণমেণ্টকে মূল্য না দিয়া সম্বাদ পাঠাইবার দণ্ড।]

১৪ ধারা। যে কোন ব্যক্তি ১১ ধারার নির্দ্দিষ্ট কর্ম্মেতে নিযুক্ত হইয়া ইলেকট্রিক টেলিগ্রাফের সিরিশতার বিধিতে ও আইনেতে কোন সম্বাদ পাঠাওনের যত খরচ নিরূপিত হইয়াছে তাহা না দেওয়া গেলেও ঐ সম্বাদের উপর গবর্ণমেণ্টের পাওনা প্রবঞ্চনাপূর্ব্বক হরণ করণের অভিপ্রায়ে সেই সম্বাদ ইলেকট্রিক টেলিগ্রাফের দ্বারা

defraud the Government of the charge on such message, shall be punished, on conviction before a Magistrate, with a fine not exceeding one hundred rupees.

[Fines how to be recovered.]

XV. Any person, whether a European British subject or not, who shall be guilty of any offence, for which, according to the provisions of this Act, he shall be liable to fine only, shall be punishable, for such offence, by any Justice of the Peace, for any of the Presidency Towns of Calcutta, Madras and Bombay, Magistrate, Joint Magistrate, or person lawfully exercising the powers of Magistrate; and any person, hereby made punishable by a Justice of the Peace shall be punishable upon summary conviction.

[Conviction to be quashed on merits only. Form of conviction, &c.]

XVI. No conviction, order, or judgment of any Justice of the Peace shall be quashed for error of form or procedure, but only on the merits; and it shall not be necessary to state, on the face of the conviction, order, or judgment, the evidence on which it proceeds; but the depositions taken, or a copy of them, shall be returned with the conviction, order, or judgment, in obedience to any writ of *certiorari*; and if no jurisdiction appears on the face of the conviction, order, or judgment, but the depositions taken supply that defect, the conviction, order, or judgment shall be aided by what so appears in such depositions.

[Mode of realizing fines.]

XVII. All fines incurred under the provisions of this Act by any person, except in respect of offences punishable by fine in addition to imprisonment, shall, upon conviction of the offender before any Magistrate, be levied, together with the costs attending the prosecution and conviction, by distress and sale of the goods and chattels of the party or parties offending, by warrant under the hand of such Magistrate, and if, upon the return of such warrant, it shall appear that no sufficient distress can be had thereon, then it shall be lawful for any Magistrate, by warrant under his hand and seal, to cause such offender or offenders to be committed to prison, there to be imprisoned, according to the discretion of such Magistrate, for any term not exceeding two calendar months, where the amount of the fine shall not exceed fifty rupees, and for any term not exceeding four calendar months, where the amount of the fine shall not exceed one hundred rupees, and for any term not exceeding six calendar months in other case, the commitment to be determinable in each of the cases aforesaid upon payment of the amount of the fine and of the costs attending the prosecution and conviction.

[Authority to punish Servants of the East India Company who commit offences against this Act in foreign territory.]

XVIII. If any Servant of the East India Com-

চালায় সেই ব্যক্তির দোষ মাজিষ্ট্রেট সাহেবের সম্মুখে সাব্যস্ত হইলে তাহার এক শত টাকার অনধিক জরীমানা হইবেক ইতি।

[জরীমানা যে প্রকারে আদায় হইবেক তাহার কথা।]

১৫ ধারা। এই আইনের বিধানানুসারে যে অপরাধের জন্যে কেবল জরীমানা হইতে পারে এমত অপরাধে যে কোন ব্যক্তি অপরাধী হয়, সে ইউরোপীয় ব্রিটনীয় প্রজা হউক কি না হউক, তাহার সেই অপরাধের জন্যে কলিকাতা কি মান্দ্রাজ কি বোম্বাই শহরের কোন জুষ্টিস অফ দি পীসের দ্বারা কিম্বা কোন মাজিষ্ট্রেট সাহেবের কি জাইন্ট মাজিষ্ট্রেট সাহেবের কিম্বা আইনমতে মাজিষ্ট্রেটের ক্ষমতানুসারে কার্য্যকারি কোন ব্যক্তির দ্বারা দণ্ড হইতে পারিবেক। এবং এই হুকুমমতে জুষ্টিস অফ দি পীসের দ্বারা যে কোন ব্যক্তির দণ্ড হইতে পারে সেই ব্যক্তির দোষ সরাসরীমতে সাব্যস্ত হইলে তাহার দণ্ড হইতে পারিবেক ইতি।

[দোষ সাব্যস্ত করণ কেবল মোকদ্দমার দোষগুণক্রমে বাতিল হইতে পারিবেক। দোষ সাব্যস্ত করণাদির প্রকার।

১৬ ধারা। কোন জুষ্টিস অফ দি পীসকর্ত্তৃক যে কোন দোষ সাব্যস্ত হয় কি যে হুকুম কি বিচার হয় তাহা দাঁড়ার কি কার্য্য করিবার নিয়মের ভ্রমপ্রযুক্ত বাতিল হইবেক না কেবল দোষগুণক্রমে বাতিল হইবেক। এবং দোষ সাব্যস্ত করণ কি হুকুম কি বিচার যে প্রমাণক্রমে হয় তাহা ঐ হুকুমপ্রভৃতিতে ব্যক্ত করা আবশ্যক হইবেক না। কিন্তু সর্টিওরারৈনামক কোন পরওয়ানা বাহির হইলে, যে সাক্ষ্য লওয়া গিয়াছে তাহা কি তাহার নকল, দোষ সাব্যস্ত করণ কি হুকুম কি বিচারের সঙ্গে, ঐ পরওয়ানাক্রমে, পাঠান যাইবেক, এবং যদি দোষ সাব্যস্ত করণের কি হুকুমের কি বিচারের উপর এলাকা দৃষ্ট না হয়, কিন্তু যে সাক্ষ্য লওয়া গিয়াছে তাহাতে ঐ ত্রুটির প্রতিকার হয় তবে ঐ সাক্ষ্যেতে ঐরূপে যাহা দৃষ্ট হয় তদ্দ্বারা ঐ দোষ সাব্যস্ত করণ কি হুকুম কি বিচারের সাহায্য হইবেক ইতি।

[জরীমানার টাকা যে প্রকারে উসুল হইবেক।]

১৭ ধারা। কয়েদের অতিরিক্ত জরীমানার দ্বারা যে অপরাধের দণ্ড হইতে পারে সেই অপরাধের বিষয়ছাড়া কোন ব্যক্তির এই আইনের বিধানানুসারে যে সকল জরীমানা দিতে হয়, ঐ অপরাধির দোষ কোন মাজিষ্ট্রেট সাহেবের সম্মুখে সাব্যস্ত হইলে ঐ জরীমানা এবং নালিশ ও দোষ সাব্যস্ত করণের সম্পর্কীয় খরচ ঐ মাজিষ্ট্রেট সাহেবের দস্তখৎকরা পরওয়ানাক্রমে অপরাধি ব্যক্তির কি ব্যক্তিরদের মাল ও দ্রব্য ক্রোক ও বিক্রয় করণের দ্বারা উসুল করা যাইবেক। এবং ঐ পরওয়ানা ওয়াপোস হইলে যদ্যপি দৃষ্ট হয় যে ঐ পরওয়ানামতে ক্রোক করিবার প্রচুর দ্রব্য নাই, তবে কোন মাজিষ্ট্রেট সাহেবের ক্ষমতা থাকিবেক যে আপনার দস্তখৎ ও মোহর করা পরওয়ানাক্রমে ঐ অপরাধিকে কি অপরাধিদিগকে কয়েদ করাইয়া ঐ মাজিষ্ট্রেট সাহেবের বিবেচনামতে, যে স্থলে জরীমানা পঞ্চাশ টাকার অনধিক হয় সেই স্থলে দুই মাসের অনধিক কোন মিয়াদে, কিম্বা যে স্থলে জরীমানা এক শত টাকার অনধিক হয় সেই স্থলে চারি মাসের অনধিক কোন মিয়াদে, এবং অন্য কোন স্থলে ছয় মাসের অনধিক কোন মিয়াদে কয়েদ রাখেন। পূর্ব্বোক্ত কোন গতিকে জরীমানার টাকা এবং নালিশ করণের ও দোষ সাব্যস্ত করণের সম্পর্কীয় খরচ দেওয়া গেলে ঐ কয়েদ রহিত হইবেক ইতি।

[কোম্পানি বাহাদুরের যে কোন চাকর ভিন্নাধিকার দেশে এই আইনের বিরুদ্ধে কোন অপরাধ করে তাহার দণ্ড করিতে ক্ষমতার কথা।]

১৮ ধারা। কোম্পানি বাহাদুরের সহিত যে ভিন্ন দে-

pany, who shall be employed by the said Company in the Electric Telegraph Department, shall be posted within the dominions of any Foreign Prince or State in alliance with the said Company, in which an Electric Telegraph shall be established by the said Company, shall, within the dominions of such Prince or State, commit any act hereby prohibited or omit to do any act hereby required to be done by any person similarly employed, appointed, or entrusted as aforesaid within the territories under the Government of the said Company, such Servant of the said Company shall be guilty of an offence, and on conviction thereof, shall be punished in the same manner as if such act had been done or omitted within the said last-mentioned territories, and every such person may be convicted and punished, either by fine or otherwise, according to the nature of the offence, by any Magistrate or Court in any part of the said last-mentioned territories, in the same manner as if the offence had been committed in such part of the said territories.

[Explanation of terms.]

XIX. The word "Magistrate" in this Act shall include Joint Magistrates and persons lawfully exercising the powers of Magistrate; and the word "Fine" shall include a penalty or forfeiture.

W. MORGAN,
Clerk of the Council.

শীয় রাজার কি ভিন্নাধিকারের সন্ধি আছে তাহার দেশের মধ্যে যদি উক্ত কোম্পানিকর্ত্তৃক ইলেকট্রিক টেলিগ্রাফ সংস্থাপিত হয়, এবং ঐ কোম্পানির ইলেকট্রিক টেলিগ্রাফের সিরিশতায় নিযুক্ত ঐ কোম্পানির কোন চাকর যদি সেই দেশে নিযুক্ত হয়, এবং উক্ত কোম্পানির শাসিত দেশের মধ্যে সেই প্রকার কর্ম্মে ভুক্ত কি নিযুক্ত কি ভারপ্রাপ্ত কোন ব্যক্তির যে কর্ম্ম করিতে এই আইনমতে নিষেধ হইয়াছে এমত কোন কর্ম্ম সেই রাজার কি ভিন্নাধিকার দেশে করে, কি যে কর্ম্ম করিতে এই আইনমতে আজ্ঞা আছে তাহা না করে, তবে ঐ কোম্পানির ঐ চাকর অপরাধী হইবেক। এবং যদি ঐ দোষ সাব্যস্ত হয় তবে উক্ত কোম্পানি বাহাদুরের শাসিত দেশে ঐ প্রকারের কর্ম্ম করিলে কি করিতে ত্রুটি করিলে তাহার যে প্রকারে দণ্ড হইত, সেই প্রকারে দণ্ড হইবেক, এবং এমত প্রত্যেক ব্যক্তির দোষ ঐ শাসিত দেশের কোন স্থানে ঐ অপরাধ হইলে যে প্রকারে মাজিষ্ট্রেট সাহেবকর্ত্তৃক সাব্যস্ত হইতে পারিত সেই প্রকারে ঐ দেশের কোন স্থানের মাজিষ্ট্রেট সাহেবের কি আদালতের দ্বারা সাব্যস্ত হইতে পারিবেক এবং অপরাধের ভাবানুসারে ঐ ব্যক্তির জরীমানার দ্বারা কি অন্য প্রকারে দণ্ড হইতে পারিবেক ইতি।

[শব্দের অর্থ করণ।]

১৯ ধারা। এই আইনেতে "মাজিষ্ট্রেট" এই শব্দের মধ্যে জাইণ্ট মাজিষ্ট্রেট সাহেবেরা এবং যে ব্যক্তিরা আইনমতে মাজিষ্ট্রেটের ক্ষমতানুসারে কার্য্য করেন তাঁহারাও গণ্য হইবেন। এবং "জরীমানা" এই শব্দেতে অর্থদণ্ড কি দ্রব্য জব্দ করণও গণ্য হইবেক ইতি।

ডবলিউ মর্গান।
কৌন্সেলের ক্লার্ক।

JOHN ROBINSON, *Bengalee Translator.*

CIRCULAR ORDERS OF THE ACCOUNTANT GENERAL.

No. 832.

To the Collector of Land Revenue, Lower Provinces.

The Board of Revenue being desirous that the columns under the heading of "Explanatory arrangement of Net Balance" in the Quarterly Hal Towjee Statements furnished to this office for the Board's information should be filled up as well in regard to Estates on the Fluctuating as to those on the Fixed Towjee, I have the honor to request you will in future be careful in furnishing these Statements to make the required entries in such of the columns of the heading above referred to as are applicable to Estates on the Fluctuating Towjee.

2nd. I take this opportunity of pointing out that in order to suit the new system on which, in obedience to the Board's directions, Mehals are now shewn on the Towjee Statements, the Annual Statement called for in circular from this office No. 783 of the 29th November, 1851 must be furnished in the accompanying amended form.

(Signed) C. HOBHOUSE,
Asstt. Acctt. to the Govt. of Bengal.

Fort William, Accountant's Office,
Revenue Department,
The 23rd June, 1854.

আক্টোণ্টেণ্ট জেনরল সাহেবের সরকুলর অর্ডর।

৮৩২ নম্বর।

বাঙ্গলাপ্রভৃতি দেশের ভূমির রাজস্বের শ্রীযুত কালেক্টর সাহেব বরাবরেষু।

বোর্ড রেবিনিউর সাহেবেরা ইচ্ছা করিয়াছেন যে বোর্ডের সাহেবেরদের বিজ্ঞাপনের নিমিত্তে ত্রৈমাসিক হাল তৌজীর যে কৈফিয়ৎ এই সিরিশতায় পাঠান গিয়া থাকে তাহার মধ্যে "খরচ বাদে বাকী টাকা বুঝাইবার নিদর্শন লিপি" এই শিরনামার নীচের ঘরে যেমন স্থির তৌজীর মহালের বিষয় লেখা থাকে তেমনি কমীবেশীর তৌজীর মহালের বিষয় লেখা যায় অতএব আদেশ করিতেছি যে ঐ কৈফিয়ৎ যখন পাঠাইবা তখন পূর্ব্বোক্ত শিরনামার যে২ ঘর কমীবেশীর তৌজীর মহালের বিষয়ে খাটে সেই২ ঘরে উক্ত হুকুমকরা কথা লিখিতে উত্তর কালে মনোযোগ কর।

২। এই সুযোগমতে তোমাকে জানাইতেছি যে বোর্ডের সাহেবেরদের আদেশমতে যে নূতন নিয়মানুসারে মহাল এইক্ষণে তৌজীর কৈফিয়তে লেখা যায় সেই নূতন নিয়মমতে কার্য্য হইবার জন্যে এই সিরিশতার ১৮৫১ সালের ২৯ নবেম্বর তারিখের ৭৮৩ নম্বরী সরকুলর পত্রেতে যে বার্ষিক কৈফিয়ৎ তলব হইয়াছিল তাহা নীচের লিখিত সংশোধিত পাঠে পাঠাইতে হইবেক।

সি হবহৌস।
বাঙ্গলা দেশের গবর্ণমেণ্টের আসিষ্টাণ্ট আক্কেণ্টেণ্ট।

আক্কেণ্টেণ্ট সাহেবের দফ্তরখানা।
ফোর্ট উলিয়ম। ১৮৫৪ সাল ২৩ জুন।

Comparative Statement of the number of Estates on the Fixed and Fluctuating Rent Roll of the District of for 185 —5 .

Description of Mehals.	Number of Estates as they stood on the 30th April, 185 .	Add number of Estates brought on during the year 185 —5 .	Total.	Deduct No. of Estates struck off during the year 185 —5 .	Total number of Estates on the 30th April, 185 .
Mehals on the Fixed Rent Roll, ...	00	00	00	00	
Do. on the Fluctuating, Do. Do., ...	00	00	00	00	
Police Thannadary Lands, Mehals under Fixed Revenue, ...	00	00	00	00	
Do. Do. Fluctuating Do., ...	00	00	00	00	

Zillah Collector's Office, the

A. B., *Collector.*

অমুক সালে অমুক জিলার স্থির জমার ও কমীবেশী জমার তৌজীতে যে মহাল আছে তাহার সংখ্যা মিলাইবার কৈফিয়ৎ।

মহালের প্রকার	অমুক সালের ৩০ আপ্রিল তারিখে যত মহাল লেখা ছিল	অমুক সালের মধ্যে যত মহাল নূতন লেখা যায়	মোট	অমুক সালে যত মহাল খারিজ হয় তাহা বাদ দেও	অমুক সালের ৩০ আপ্রিল তারিখে যত মহাল লেখা আছে তাহার মোট।
স্থির তৌজীতে লিখিত মহাল	. .	. .	. .	. .	
কমীবেশী ঐ ঐ ঐ	. .	. .	. .	. .	
পোলীস থানাদারী জমী স্থির রাজস্বের মহাল	. .	. .	. .	. .	
কমীবেশী ঐ ঐ ..	. .	. .	. .	. .	

অমুক জিলার কালেক্টরী কাছারী।

অমুক সাল অমুক তাং।

শ্রী অমুক।
কালেক্টর।

[গবর্ণমেণ্ট গেজেট। ১৮৫৪। ১৭ অক্টোবর।]

No. 833.

To the Post Master General, Calcutta, and Post Master of Burdwan, Mungulpore and Shergotty.

Government having directed on the suggestion of the Superintendent of the Electric Telegraph in India, that Bullock Train hire for the conveyance of Electric Telegraph stores should be adjusted without the actual payment of cash, I have the honor to request that you will be good enough in despatching such stores on the application of an officer of the Electric Telegraph Department to debit "Remittances of the Electric Telegraph" with the amount of the charges, supported by the receipt of the officer making the application, such receipts being for the amount due for the conveyance of the stores, and to be ascertained by the Telegraph officers from your Department before despatching them, and credit a similar amount by transfer to "Bullock Train hire" in your cash account.

The officers of the Electric Telegraph Department will be instructed in due course to grant such receipts, and to credit the amount of them in their accounts to the head of "Remittances of the Electric Telegraph" and debit the same sums per contra as charges of the Department under audit of the Superintendent of the Electric Telegraph.

(Signed) C. HOBHOUSE,
Asstt. Acctt. to the Govt. of Bengal.

Fort William, Accountant's Office,
Revenue Department,
The 3rd July, 1854.

৮৩৩ নম্বর।

কলিকাতার শ্রীযুত পোষ্ট মাষ্টর জেনরল সাহেব এবং বর্দ্ধমান ও মঙ্গলপুর ও শেরঘাটির ডাকাধ্যক্ষ সাহেব বরাবরেষু।

ভারতবর্ষের ইলেকট্রিক টেলিগ্রাফের সুপরিন্টেণ্ডেণ্ট সাহেবের পরামর্শমতে গবর্ণমেণ্ট আজ্ঞা করিয়াছেন যে ইলেকট্রিক টেলিগ্রাফের সরঞ্জাম যে বলদ গাড়িশ্রেণীতে পাঠান যায়, তাহার ভাড়া নগদ টাকায় না দিয়া নিষ্পত্তি করা যায়। অতএব আদেশ করিতেছি যে ইলেকট্রিক টেলিগ্রাফের সিরিশ্তার এক জন কার্য্যকারকের দরখাস্তমতে যখন ঐ প্রকার সরঞ্জাম পাঠাও তখন "ইলেকট্রিক টেলিগ্রাফের পাঠান দ্রব্য" এই শিরনামার নীচে সেই খরচ লিখিবা এবং ঐ দরখাস্তকরণিয়া কার্য্যকারকের রসীদ ঐ খরচের দলীলস্বরূপ হইবেক। ঐ রসীদ ঐ সরঞ্জাম পাঠাইবার দেনা টাকার নিমিত্তে হইবেক, এবং তাহা পাঠাইবার পূর্ব্বে তোমার সিরিশ্তায় টেলিগ্রাফসম্পর্কীয় কার্য্যকারকেরা তাহা নিশ্চয় করিবেন, এবং তোমার নগদের খাতায় "বলদ গাড়িশ্রেণীর ভাড়া" এই শিরনামায় খারিজদাখিল করিয়া ঐ টাকা জমা কর।

ইলেকট্রিক সিরিশ্তার কার্য্যকারকদিগকে নিয়মমতে আদেশ করা যাইবেক যে তাঁহারা ঐ প্রকার রসীদ দেন এবং ঐ রসীদের মোট টাকা "ইলেকট্রিক টেলিগ্রাফের পাঠান দ্রব্য" এই শিরনামায় আপনারদের খাতায় জমা করিয়া ইলেকট্রিক টেলিগ্রাফের সুপরিন্টেণ্ডেণ্ট সাহেব আডিট করিলে পর ঐ টাকা ঐ সিরিশ্তায় খরচ লেখেন।

সি হবহৌস।

বাঙ্গলা দেশের গবর্ণমেণ্টের আসিষ্টাণ্ট আকৌণ্টেণ্ট।
ফোর্ট উলিয়ম।
আকৌণ্টেণ্ট সাহেবের দফ্তরখানা।
রেবিনিউ ডিপার্টমেণ্ট।
১৮৫৪ সাল ৩ জুলাই।

JOHN ROBINSON, *Bengalee Translator.*

No. 1038.

NOTICE.

It is hereby notified that measures are in progress for discontinuing the sale of Salt by retail from the Government Depôts on the mainland of Bullooah and the island of Dukhin Shabazpore.

From the 1st January, 1855, all the Retail Chokeys on the mainland will be closed with the exception of that at Soodaram, where a stock of Salt will be stored and sold wholesale and retail, till such time as there is reason to suppose that arrangements have been made by private traders for keeping up a constant and adequate supply. Similarly in the island of Shabazpore a single Depôt for the wholesale and retail sale of Salt will be maintained at Dowlutkhan.

The Salt delivered from the Depôts will for the present be Arracan Salt, and the price Rs. 345 per 100 Mds. on purchases of 100 Mds. and upwards. Payments on such purchases must be made into the Bullooah Treasury, and Rowannahs to protect the Salt will be granted by the Superintendent of the Bullooah Salt Chokeys. For quantities less than 100 Mds. the price will be Rs. 3-8 per Maund, and the Golah Darogahs will grant Chars for the removal of Salt purchased in such small quantities; but no sales of less than 5 Mds. at a time will be allowed.

১০৩৮ নম্বর।

বিজ্ঞাপন।

ইহার দ্বারা সম্বাদ দেওয়া যাইতেছে যে বলুয়াতে এবং দক্ষিণ শাহাবাজপুর উপদ্বীপে গবর্ণমেণ্টের যে নিমকের গোলা আছে তাহাহইতে নিমকের খুজরা বিক্রয় রহিত করণের উপায় করা যাইতেছে।

১৮৫৫ সালের ১ জানুআরি তারিখঅবধি বলুয়াতে নিমকের খুজরা বিক্রয়ের সকল চৌকী বন্দ হইবেক। কেবল সুদারামে কিছু নিমক গোলাজাত করা যাইবেক এবং বিশেষ মহাজনেরা নিয়ত ও প্রচুরমতে লবণ যোগাইবার নিয়ম করিয়াছেন এইরূপ বোধ করিবার কারণ যাবৎ না হয় তাবৎ সুদারামের গোলাহইতে লবণের মোটে ও খুজরা বিক্রয় হইবেক। শাবাজপুর উপদ্বীপেও লবণের মোট ও খুজরা বিক্রয়ের নিমিত্তে দৌলৎখাঁ নামক স্থানে একি গোলা থাকিবেক।

এইক্ষণে ঐ২ গোলাহইতে আরাকানের লবণ দেওয়া যাইবেক। এবং ১০০/ মোন ও তাহার অধিক লবণ যাহারা খরীদ করে তাহারা এক২ শত মোন ৩৪৫৲ টাকা মূল্যে পাইবেক। ঐপ্রকারে খরীদকরা লবণের মূল্য বলুয়ার খাজানাখানায় দিতে হইবেক এবং বলুয়ার নিমক চৌকীর সুপরিন্টেণ্ডেণ্ট ঐ লবণ রক্ষার জন্যে রওয়ানা দিবেন। ১০০/ মোনের কম যত খরীদ করা যায় তাহার মূল্য মোনপ্রতি ৩॥০ সাড়ে তিন টাকা হইবেক এবং এত অল্প২ যে লবণ খরীদ করা যায় তাহা লইয়া যাইবার নিমিত্তে গোলার দারোগারা ছাড়চিঠী দিবেন। কিন্তু একি কালে ৫/ মোনের কম লবণ বিক্রয় করিবার অনুমতি নাই।

Rowannah Salt will be allowed free admission both in Shabazpore, and on the mainland, and the prices at the Depôts have been purposely so fixed as to give fair encouragement for a regular trade on the part of private merchants.

By order of the Board of Revenue,

A. R. YOUNG,
Offg. Junior Secretary.

Fort William, the 25th September, 1854.

No. 1039.

NOTIFICATION.

Applications for licenses will be received by the Board of Revenue, and also by the Superintendent of the Barripore Salt Chokies for transmission to the Board, from parties desirous to engage in the manufacture of Salt under an excise system. A portion of the Sunderbuns, known as the Tuffal Aurungs of the late 24-Pergunnahs Salt Agency, has been specially set apart for this purpose, and licenses to manufacture will be granted to applicants on the following terms and conditions :—

1. The Sunderbun Lots 131 and 132, in the first instance, afterwards Lot 149, and subsequently Lots 127, 128, 150, 151 and 152, in such order as may hereafter be judged expedient will be made available for the manufacture of Salt on a system of excise.

2. Lands suitably situated in the above locality will be divided into allotments of 50 Beegahs each, and rented at the rate of one anna per Beegah to parties engaging to manufacture not less than Maunds 2000 of Salt per annum. Each new allotment must be contiguous to the one last granted, or as nearly so as the nature of the ground will admit, but any number of allotments may be assigned to a single individual on his satisfying the Board of his ability and bonâ fide intention to work them. The rent of the lands must be paid half at the beginning and half at the end of the season.

3. The supervision of the manufacture will be entrusted to the Superintendent of the Barripore Salt Chokies assisted by an Establishment whose duty it will be to take an account of the daily manufacture of each Khalary and to prevent malpractices.

4. The Salt when made may, at the option and convenience of the manufacturer be delivered to purchasers from the Aurungs or stored in Golahs which will be provided by Government free of charge ; or a manufacturer may, if he prefers it under certain conditions remove his Salt to be stored elsewhere than in the Government Golahs. In each case the following rules must be observed.

5. When Salt is sold for delivery from the

রওয়ানার লবণ শাহাবাজপুরে ও বলুয়াতে বিনামাসুলে লইবার অনুমতি হইবেক। এবং বিশেষ মহাজনেরা রীতিমতে ব্যবসা করিবার উপযুক্ত উৎসাহ পায় এই অভিপ্রায়ে গোলাতে তাহার উক্ত মূল্য নির্দ্ধার্য্য হইয়াছে।

বোর্ড রেবিনিউর হুকুমক্রমে।

এ আর ইয়ং।

একটিং ছোট সেক্রেটারী।

ফোর্ট উলিয়ম।

১৮৫৪ সাল ২৫ সেপ্টেম্বর।

১০৩৯ নম্বর।

বিজ্ঞাপন।

যাঁহারা মাসুল দেওনের নিয়মমতে নিমক পোখ্তান করিতে চাহেন তাঁহারদের পাট্টা পাইবার দরখাস্ত বোর্ড রেবিনিউতে গ্রাহ্য হইবেক, এবং বোর্ড রেবিনিউতে পাঠাইবার জন্যে বারুইপুরের নিমক চৌকীর সুপরিণ্টেণ্ডেণ্টও গ্রাহ্য করিবেন। চব্বিশপরগনার সাবেক নিমক এজেণ্টীর তফাল আড়ঙ্গ নামে খ্যাত সুন্দরবনের এক অংশ এই কার্য্যের নিমিত্তে বিশেষমতে পৃথক্ করা গিয়াছে, এবং দরখাস্তকারিদিগকে নিমক পোখ্তানের পাট্টা নীচের লিখিত নিয়ম ও শর্ত্তমতে দেওয়া যাইবেক।

১। মাসুল দেওনের নিয়মমতে নিমক পোখ্তানের জন্যে সুন্দরবনের ১৩১ ও ১৩২ নম্বরী লাট প্রথমে পাওয়া যাইতে পারে, পরে ১৪৯ নম্বরী লাট ও তাহার পর ১২৭ ও ১২৮ ও ১৫০ ও ১৫১ ও ১৫২ নম্বরী লাট যে ক্রমেতে উত্তর কালে উপযুক্ত বোধ হইবেক সেই ক্রমেতে পাওয়া যাইতে পারিবেক।

২। উক্ত স্থানে যে সকল জমী স্থান বুঝিয়া উপযুক্ত হয় তাহা পঞ্চাশ২ বিঘার অংশ করিয়া বিলি করা যাইবেক, এবং যাহারা বৎসরে অন্যূন ২০০০/ মোন লবণ পোখ্তান করিতে করার করে তাহারদিগকে ঐ জমী বিঘা প্রতি এক আনার হারের খাজানায় দেওয়া যাইবেক। নূতন অংশ কোন কাহাকে দিতে হইলে, তৎপূর্ব্বে যে অংশ দেওয়া গিয়াছে তাহার কাছে যে অংশ তাহা, অথবা জমীর ভাব বুঝিয়া তাহার যত নিকটের অংশ দেওয়া যাইতে পারে তাহা, দেওয়া যাইবেক। কিন্তু কোন এক ব্যক্তি যত অংশ লইতে চাহে সে যদি ঐ সকল অংশের কার্য্য চালাইতে আপনার শক্তি ও আপনার প্রকৃত অভিপ্রায়ের বিষয়ে বোর্ডের সাহেবেরদের হৃদ্বোধ করাইতে পারে তবে ততই অংশ পাইতে পারে। জমীর খাজানার অর্দ্ধেক নিমক পোখ্তানের কালের আরম্ভে ও অর্দ্ধেক ঐ কালের শেষে দিতে হইবেক।

৩। নিমক পোখ্তানের তত্ত্বাবধারণের কার্য্য বারুইপুরের নিমক চৌকীর সুপরিণ্টেণ্ডেণ্টের প্রতি অর্পিত হইবেক, তাঁহার সাহায্যের নিমিত্তে আমলাগণ থাকিবেক। তাঁহারদের কর্ত্তব্য কর্ম্ম এই যে প্রত্যেক খালাড়িতে প্রতিদিন যত নিমক পোখ্তান হয় তাহার হিসাব লন এবং কুব্যবহার নিবারণ করেন।

৪। নিমক প্রস্তুত হইলে পর, যে ব্যক্তি তাহা প্রস্তুত করে তাহার যেমন ইচ্ছা কি সুবিধা হয় তেমনি সেই ব্যক্তি আড়ঙ্গহইতে খরীদারদিগকে নিমক দিতে কিম্বা গবর্ণমেণ্ট যে গোলা নিরূপণ করেন সেই গোলাতে বিনাখরচে গোলাজাত করিতে পারে। অথবা যদি চাহে তবে ঐ নিমক প্রস্তুতকরণিয়া, কোন বিশেষ নিয়মমতে কার্য্য করিয়া গবর্ণমেণ্টের গোলাছাড়া অন্য স্থানে গোলাজাত করিবার নিমিত্তে আপনার নিমক চালান করিতে পারে। ইহার মধ্যে যেরূপ করুক তাহার এই২ বিধিমতে কার্য্য করিতে হইবেক।

৫। যখন নিমক আড়ঙ্গহইতে দেওয়া যাইবার নি-

Aurungs, the amount of duty leviable upon it at the rate of Rupees 2-8 per Maund must be paid into the General Treasury, and, on production of receipts for such payment Permits will be granted at the Board's Office for the protection of the Salt in the same manner as in the case of Salt imported by Sea. The weighment on delivery must be made in presence of one of the Supervisor's Officers and the Permit must be endorsed by the Aurung Assistant.

6. When Salt is to be removed for the purpose of being stored in the Government Golahs (which for the present will be established at Baugundee,) the Boats must be laden and the Salt stamped over in the presence of one of the Supervisor's Officers. It will then be transported to the Golahs by a certain prescribed route under Chellans specifying the quantity by foot measurement. The Chellans will be numbered and signed and the Boats passed by the Aurung Assistant, who will keep a Register of the Chellans. On arrival at the Golahs the despatch will be examined by the Officer in charge of the Golahs, the condition of the Stamps noted and the Chellan registered. The Salt will then be weighed into store and the result of the weighment entered in the Chellan Register as well as in the store account to be kept by the Golah Darogah. The expense of weighing the Salt into store will be borne by the manufacturer.

7. Each manufacturer's Salt will be piled in a separate heap and stamped with his own Stamps. When a whole Golah is stored with Salt of a single manufacturer, the Golah will be secured with two locks, one key being kept by the manufacturer and the other by the Golah Darogah. When a Golah contains the Salt of more than one manufacturer there will be only one lock, the key of which will be kept by the Golah Darogah.

8. The Registers of Chellans kept by the Aurung Assistant and the Officer in charge of the Golahs will be carefully compared by the Superintendent, for which purpose extracts will be sent to him weekly; and if any despatch be not duly accounted for, or if any despatch appear to have been tampered with and the quantity received at the Depôt from such despatch be deficient as compared with the Estimate, no Salt belonging to the party concerned will be allowed to be delivered from the Depôt until the duty chargeable on the deficient quantity shall have been made good.

9. Salt will be delivered to purchasers from the Golahs on the production of Permits to be obtained from the Board's Office in the manner described in Rule 5.

10. Wastage at the rates specified in the mar-

মিত্তে বিক্রয় হয়, তখন তাহার উপর মোনপ্রতি ২॥০ আড়াই টাকার হারে মামুল জেনরল ত্রেজুরীতে দিতে হইবেক। এবং ঐ টাকা দেওয়ার রসীদ দেখান গেলে, সমুদ্র হইতে আমদানীহওয়া লবণের বিষয়ে যেপ্রকার হইয়া থাকে সেইপ্রকারে নিমকের রক্ষার নিমিত্তে বোর্ডের দফ্তরখানাহইতে ছাড়চিঠী দেওয়া যাইবেক। খরীদারকে নিমক দিবার সময়ে সুপরিণ্টেণ্ডেণ্টের এক জন আমলার সাক্ষাতে তাহার ওজন করিতে হইবেক এবং আড়ঙ্গের আসিষ্টাণ্ট ঐ ছাড়চিঠীর পৃষ্ঠে দস্তখৎ করিবেন।

৬। যখন নিমক গবর্ণমেণ্টের গোলাতে গোলাজাত করিবার নিমিত্তে চালান করা যায়, তখন, সুপরিণ্টেণ্ডেণ্টের এক জন আমলার সাক্ষাতে নৌকা বোঝাই করা যাইবেক এবং নিমকের উপর ছাপ দেওয়া যাইবেক। (এইক্ষণকার জন্যে ঐ গোলা বাগুণ্ডীতে করা যাইবেক।) পরে ঐ বোঝাইকরা লবণ চালানক্রমে বিশেষ নির্দ্দিষ্ট পথে গোলায় পাঠান যাইবেক, ঐ চালানেতে কুৎ করিয়া যত লবণ হয় তাহা লেখা থাকিবেক। আড়ঙ্গের আসিষ্টাণ্ট ঐ চালানে নম্বর লিখিয়া ও দস্তখৎ করিয়া নৌকা পাস করিবেন। তিনি চালানের এক রেজিষ্টর রাখিবেন। গোলাতে পঁহুছিলে গোলার ভারপ্রাপ্ত কার্য্যকারক চালান ভালমতে দেখিবেন এবং লবণের উপর দেওয়া ছাপের অবস্থা দেখিবেন, এবং চালান রেজিষ্টরী করিবেন। পরে নিমক ওজন করিয়া গোলাজাত করা যাইবেক, এবং ওজন করিয়া যত নিমক আছে তাহা চালানের রেজিষ্টরে টুকিয়া রাখা যাইবেক, এবং গোলার দারোগা গোলাজাত নিমকের যে হিসাববহী রাখিবেন তাহাতেও টুকিয়া রাখা যাইবেক। নিমক ওজন করিয়া গোলাজাত করণের খরচ নিমক প্রস্তুতকরণিয়ার দিতে হইবেক।

৭। নিমক প্রস্তুতকরণিয়া প্রত্যেক ব্যক্তির নিমকের আলাহিদা গাদি হইবেক এবং তাহার উপর তাহার নিজ ছাপ দেওয়া যাইবেক। যখন লবণ প্রস্তুতকরণিয়া একি ব্যক্তির লবণেতে এক গোলা পূর্ণ হয় তখন ঐ গোলা দুই তালা দিয়া বন্ধ হইবেক। একের চাবি নিমক প্রস্তুতকরণিয়া রাখিবেক অন্য তালার চাবি গোলার দারোগা রাখিবেন। যদি একি গোলাতে দুই কি তাহার অধিক লোকের লবণ থাকে তবে কেবল এক তালা দেওয়া যাইবেক তাহার চাবি গোলার দারোগার হাতে থাকিবেক।

৮। আড়ঙ্গের আসিষ্টাণ্ট এবং যাঁহার জিম্মায় গোলা থাকে সেই কার্য্যকারক চালানের যে২ রেজিষ্টর রাখেন তাহা সুপরিণ্টেণ্ডেণ্ট মনোযোগ করিয়া মিলাইয়া দেখিবেন এবং সেই অভিপ্রায়ে সপ্তাহে২ ঐ২ রেজিষ্টরের চুম্বক তাঁহার নিকটে পাঠান যাইবেক। তাহাতে যদি চালানকরা কিছু লবণের উপযুক্ত হিসাব দিতে না পারা যায় কিম্বা যদি দৃষ্ট হয় যে ঐ লবণের কিঞ্চিৎ অপরহণ হইয়াছে এবং চালানকরা যত লবণ গোলাতে পাওয়া গিয়াছে তাহা ইষ্টিমিটের সঙ্গে মিলাইয়া কম হইয়াছে তবে ঐ কম লবণের যত মামুল লাগে তাহা সমুদয় যাবৎ না দেওয়া যায় তাবৎ ঐ লবণ যাহার আছে তাহার আর কিছু লবণ ঐ গোলাহইতে বাহির করিবার অনুমতি হইবেক না।

৯। যাহারা গোলাহইতে লবণ খরীদ করিবেক তাহারা ৫ বিধির নির্দ্দিষ্টমতে বোর্ডের দফ্তরখানাহইতে ছাড়চিঠী লইবেক তাহা গোলাতে দেখাইলে তাহারদিগকে লবণ দেওয়া যাইবেক।

১০। এই সকল বিধিমতে যে লবণ গোলাজাত করা

gin* will be allowed in accounting for Salt stored under these rules, and duty must be paid by the manufacturer on any deficiency beyond the allowed wastage which may not be accounted for to the Board's satisfaction. For the realization of this duty a sufficient portion of the Salt may be detained and sold by Government.

11. The Salt of each year's manufacture will be kept separate in order that the accounts of each year's store may be duly made up.

12. Manufacturers who may not choose to store their Salt at the fixed Depôt, must make a deposit of the duty in Company's Paper before removing it, and the duty must be paid in full within six months from the close of the season, that is before the 1st December of each year. The Salt must be weighed before removal and an excess of 3 per cent. above the quantity registered for duty will be allowed for wastage. Salt so removed will be protected by Special Passes to be filled up and signed by the Superintendent, and after removal will be at the free disposal of the manufacturer subject only to the provisions of Section 46, Regulation X. of 1819. Manufacturers intending to remove their Salt under this rule must give notice to the Superintendent at the commencement of the season.

13. The manufacture will be closed on or before the 31st May, and all Salt must be removed from the Aurungs not later than the 15th June. Any Salt remaining in the Aurungs after that date will be liable to be destroyed by the Supervisor's Officers.

14. For a breach of any of the provisions of the rules the licenses of the party offending will be liable to be immediately withdrawn, and, in the event of smuggling or connivance at smuggling being proved against the manufacturer or his duly authorized Agent, the whole of the Salt manufactured or stored by him will be liable to confiscation.

15. Applicants before receiving their licenses will be required to bind themselves to accept and abide by the conditions embodied in the foregoing rules.

যায় তাহার হিসাব করিলে নীচের লিখিত* হারানুসারে তাহার শুক্তির বাবৎ বাদ দেওয়া যাইবেক। যত বাদ দেওয়া যায় তাহার অধিক যদি কম পড়ে ও বোর্ডের খাতিরজমামতে তাহার হিসাব দিতে না পারা যায় তবে লবণ প্রস্তুতকরণিয়ার তাহার মাসুল দিতে হইবেক। ঐ মাসুল আদায় করিকার নিমিত্তে যত লবণ উপযুক্ত হয় তাহা আটক করা যাইতে ও গবর্ণমেণ্টের দ্বারা বিক্রয় হইতে পারিবেক।

১১। এক২ বৎসরে যে লবণ গোলাজাত করা যায় তাহার হিসাব উপযুক্তমতে হইতে পারে এই নিমিত্তে যে বৎসরে যে লবণ প্রস্তুত করা যায় তাহা আলাহিদা রাখা যাইবেক।

১২। লবণ প্রস্তুতকরণিয়া যে ব্যক্তিরা আপনারদের লবণ নির্দ্দিষ্ট গোলাতে গোলাজাত করিতে না চাহে তাহারদের ঐ লবণ লইয়া যাইবার পূর্ব্বে তাহার মাসুল কোম্পানির কাগজে আমানৎ করিতে হইবেক। এবং নিমক পোখ্তানের কালের শেষ হইলে পর ছয় মাসের মধ্যে অর্থাৎ প্রতিবৎসরের ডিসেম্বর মাসের ১ তারিখের পূর্ব্বে ঐ সমুদয় মাসুল তাহারদের দিতে হইবেক। ঐ লবণ লইয়া যাইবার পূর্ব্বে তাহার ওজন করিতে হইবেক এবং মাসুলের নিমিত্তে যত রেজিষ্টরী করা যায় তাহার উপর ফিশত মোনের প্রতি ৩/ মোন শুক্তির বাবৎ দেওয়া যাইবেক। এই প্রকারে যে লবণ স্থানান্তর করা যায় তাহার রক্ষার জন্যে বিশেষ পাস দেওয়া যাইবেক তাহাতে সুপরিণ্টেণ্ডেণ্ট সকল কথা লিখিয়া দস্তখৎ করিবেন এবং তাহা স্থানান্তর করা গেলে লবণপ্রস্তুতকরণিয়া তাহা লইয়া যেমন ইচ্ছা তেমন করিতে পারিবেক কেবল ১৮১৯ সালের ১০ আইনের ৪৬ ধারার বিধানের অধীন থাকিবেক। লবণ প্রস্তুতকরণিয়া যে ব্যক্তিরা এই বিধিমত আপনারদের লবণ স্থানান্তর করিতে চাহে তাহারদের সেই অভিপ্রায়ের সম্বাদ নিমক পোখ্তানের কালের আরম্ভে সুপরিণ্টেণ্ডেণ্টকে দিতে হইবেক।

১৩। নিমক পোখ্তানের কার্য্য মে মাসের ৩১ তারিখে কি তাহার পূর্ব্বে সাঙ্গ হইবেক। এবং জুন মাসের ১৫ তারিখের পরে না হয় এমন সময়ে সকল লবণ আড়ঙ্গহইতে স্থানান্তর করিতে হইবেক। ঐ তারিখের পর যে কিছু লবণ কোন আড়ঙ্গে থাকে তাহা সুপরিণ্টেণ্ডেণ্টের আমলারদের দ্বারা নষ্ট করা যাইতে পারিবেক।

১৪। এই বিধির মধ্যের কোন বিধান লঙ্ঘন হইলে তাহার অপরাধি ব্যক্তির পাট্টা তৎক্ষণে মৌকুফ হইতে পারিবেক এবং নিমক প্রস্তুতকরণিয়া ব্যক্তির কি তাহার উপযুক্ত ক্ষমতাপ্রাপ্ত গোমাশ্তার নামে যদি মাসুল চুরীর দোষ কি মাসুল চুরী জানিয়া তাচ্ছল্য করণের দোষ প্রমাণ হয় তবে তাহার পোখ্তানকরা কি গোলাজাত সমুদয় লবণ জব্দ হইতে পারিবেক।

১৫। যাহারা পাট্টা পাইবার দরখাস্ত করে তাহারদিগকে পাট্টা লইবার পূর্ব্বে পূর্ব্বোক্ত সকল বিধির লিখিত নিয়ম স্বীকার করিয়া তদনুসারে কার্য্য করিতে করার করিতে হইবেক।

										Mds.	Srs.
* First Quarter after storage per 100 Mds.,										2	10
Second	Do.	Do.	Do.,	...	...	...	...	...		3	10
Third	Do.	Do.	Do.,	...	...	...	...	...		3	30
Fourth	Do.	Do.	Do.,	...	...	...	...	...		4	0

And an additional allowance at the rate of one Maund per annum for Salt kept in store above one year.

* গোলাজাত করিবার পরে প্রথম তিন মাস ফি শত মোনের উপর				...	...	...	২।০
ঐ	দ্বিতীয়	ঐ	ঐ	...	...	...	৩।০
ঐ	তৃতীয়	ঐ	ঐ	...	...	...	৩৸০
ঐ	চতুর্থ	ঐ	ঐ	...	...	...	৪/

এক বৎসরের অধিক কাল যে লবণ গোলায় থাকে তাহার উপর বৎসরে২ অধিক এক২ মোনের হিসাবে বাদ দেওয়া যাইবেক।

[গবর্ণমেণ্ট গেজেট। ১৮৫৪। ১৭ অক্টোবর।]

16. Should any individual or Joint Stock Company desire to manufacture Salt on a large scale elsewhere than in the locality above described, licenses will be granted for such manufacture, provided the site chosen appear on enquiry suitable for the purpose and a compliance with the application be otherwise unobjectionable. The foregoing terms, except in so far as they may be in part modified by special conditions to be entered in the license will be applicable to licenses granted under this Rule.

By order of the Board of Revenue,

A. R. YOUNG,

Offg. Junior Secretary.

Fort William, the 25th September, 1854.

১৬। যদি কোন ব্যক্তি কি সমাজভুক্ত কোম্পানি উপরের নির্দ্দিষ্ট স্থানভিন্ন অন্য স্থানে বাহুল্যমতে নিমক পোখ্তান করিতে চাহেন তবে তদারক হইলে পর যদি ঐ স্থান ঐ কার্য্যের উপযুক্ত বোধ হয় এবং সেই প্রার্থনামতে কার্য্য করণের যদি অন্য প্রকারে কোন আপত্তি না থাকে তবে তাঁহারদিগকে ঐ প্রকারে নিমক পোখ্তানের পাট্টা দেওয়া যাইতে পারিবেক। এই বিধিমতে যে পাট্টা দেওয়া যায় তাহার প্রতি পূর্ব্বোক্ত সকল নিয়ম খাটিবেক কেবল তাহার কোন অংশ যদি বিশেষ নিয়মমতে পরিবর্ত্তন করা যায় তবে সেই নিয়ম পাট্টায় লেখা যাইবেক।

বোর্ড রেবিনিউর হুকুমক্রমে।

এ আর ইয়ং।

একটিং ছোট সেক্রেটারী।

ফোর্ট উলিয়ম। ১৮৫৪ সাল ২৫ সেপ্টেম্বর।

No. 1756.

FORT WILLIAM,

CIVIL AUDITOR'S OFFICE,

The 9th October, 1854.

NOTIFICATION.

Civil and Sessions Judges, Collectors, Magistrates, and all other Officers who have in their respective Departments, or serving under them, any of the Superior Class of Uncovenanted Servants, whose salaries are included in their respective Abstracts, are requested to transmit with each of their Bills and Abstracts for September and October 1854, Certificates stating when Principal Sudder Ameens, Sudder Ameens, Moonsiffs, Deputy Collectors, Deputy Magistrates and other Uncovenanted Servants, obtain leave of absence, with the dates, respectively of their leaving and resuming their duties, during the Dusserah and Mohurrum Vacations, as the want of such information occasions much inconvenience and delay in auditing the Abstracts of the Mofussil authorities.

W. P. PALMER, *Civil Auditor.*

১৭৫৬ নম্বর।

ফোর্ট উলিয়ম।

সিবিল আডিটর সাহেবের দফ্তরখানা।

১৮৫৪ সাল ৯ অক্টোবর।

বিজ্ঞাপন।

সিবিল ও সেশন জজ ও কালেক্টর ও মাজিষ্ট্রেট সাহেবদিগকে এবং অন্যান্য যে কার্য্যকারক সাহেবেরদের সিরিশ্তায় উচ্চ শ্রেণীর অচিহ্নিত কোন কার্য্যকারকেরা থাকেন কিম্বা অধীনে কর্ম্ম করেন অথচ তাঁহারদের বেতন আপনারদের বেতনের বিলের মধ্যে লেখা যায় সেই সকল কার্য্যকারক সাহেবদিগকে আদেশ হইতেছে যে তাঁহারা যখন ১৮৫৪ সালের সেপ্টেম্বর ও অক্টোবর মাসের বিল ও চুম্বক পাঠাইবেন তখন তাহার সঙ্গে এক সর্টিফিকট পাঠান্। প্রধান সদর আমীনেরা ও সদর আমীনেরা ও মুনসেফেরা ও ডেপুটী কালেক্টরেরা ও ডেপুটী মাজিষ্ট্রেটেরা ও অচিহ্নিত অন্যান্য কার্য্যকারকেরা দশহরার ও মহরমের বন্দে ছুটী লইলে যে তারিখে ছুটী লন ও যে তারিখে আপন২ সিরিশ্তার কর্ম্মের ভার ত্যাগ করেন ও পুনর্গ্রহণ করেন তাহাও ঐ সর্টিফিকটের মধ্যে লেখা যাইবেক। এমত সম্বাদ না থাকাতে মফঃসলের কার্য্যকারক সাহেবেরদের বেতনের বিল আডিট করিতে অধিক ক্লেশ ও বিলম্ব হয়।

ডবলিউ পি পামর।

সিবিল আডিটর।

EDUCATION NOTICE.

The next meeting of the Committee appointed for the examination of Candidates for promotion and employment in the Education Department, will be held in the Presidency College, on Wednesday the 18th, Thursday the 19th, and Friday the 20th October, 1854.

Detailed particulars of the nature and extent of the examination, the number of vacancies in the Department, &c., &c., will be afforded by the Secretary to the Council of Education, to all Candidates on personal application.

(By Order,)

H. WOODROW,

Secretary Council of Education.

[*Government Gazette*, 17*th October*, 1854.]

বিদ্যাধ্যাপনের বিজ্ঞাপন।

বিদ্যাধ্যাপনের ডিপার্টমেণ্টে উচ্চ পদ প্রাপণের এবং কর্ম্মে নিযুক্ত হওনের আকাঙ্ক্ষিরদের পরীক্ষার্থ কমিটির বৈঠক ১৮৫৪ সালের অক্টোবর মাসের ১৮ তারিখ বুধবারে ও ১৯ তারিখ বৃহস্পতিবার ও ২০ তারিখ শুক্রবারে স্থানীয় কালেজে হইবেক।

পরীক্ষার প্রকার এবং যেপর্য্যন্ত পরীক্ষা হইবেক ও বিদ্যাধ্যাপনের ডিপার্টমেণ্টে যত পদ শূন্য আছে ইত্যাদি বিস্তারিত বৃত্তান্ত কর্ম্মাকাঙ্ক্ষি যে কোন ব্যক্তি জানিতে চাহেন তিনি বিদ্যাধ্যাপনের কৌন্সেলের সেক্রেটারী সাহেবের নিকটে স্বয়ং উপস্থিত হইয়া তাঁহার স্থানে অবগত হইতে পারিবেন।

(হুকুমক্রমে।)

এচ উডরো।

বিদ্যাধ্যাপনের কৌন্সেলের সেক্রেটারী।

GOVERNMENT ADVERTISEMENTS.

SALT.

নিমক।

মাসকাবারী হিসাব মৌজুদ নমক মায় ৪ পরসেণ্ট গোলা শুল্কি বাবৎ লাগাদ ৩০ সেপ্টেম্বর ১৮৫৪ সাল প্রত্যেক এজেন্সীর ও শালিখার গোলায়

এজেন্সীর নাম	সন ১২৫৫ সাল ইং- রাজি ১৮৪৮। ৪৯ সাল এবং পূর্ব্ব সনহায়ের	সন ১২৫৬ সাল মোতাবক ইং ১৮৪৯। ৫০ সাল	সন ১২৫৭ সাল মোতাবক ইং ১৮৫০। ৫১ সাল	সন ১২৫৮ সাল মোতাবক ইং ১৮৫১। ৫২ সাল	সন ১২৫৯ সাল মোতাবক ইং ১৮৫২। ৫৩ সাল	সন ১২৬০ সাল মোতাবক ইং ১৮৫৩। ৫৪ সাল	মৌজুদ নমকের একুন
হিজলি।							
পাঙ্গা নমক ঘাট রসুলপুর।	•	•	•	•	•	৫,১১৩/	৫,১১৩/
ঐ ঐ কৃষ্ণনগর।	•	•	•	•	৪০/	৫২৬/	৫৬৬/
ঐ ঐ রামনগর।	•	•	•	•	১৯৯৸৬৸	১৪,৩৪৮/	১৪,৫৪৭৸৬৸
ঐ ঐ উত্তর কালীনগর।	•	•	•	•	•	•	•
ঐ ঐ পুরীঘাটা।	•	•	•	•	•	৫৮,৭১২/	৫৮,৭১২/
একুন।	•	•	•	•	২৩৯৸৬৸	৭৮,৬৯৯/	৭৮,৯৩৮৸৬৸
তমলুক।							
পাঙ্গা নমক ঘাট নারায়ণপুর।	•	•	•	•	•	১৫,৯৯৫/১॥	১৫,৯৯৫/১॥
একুন।	•	•	•	•	•	১৫,৯৯৫/১॥	১৫,৯৯৫/১॥
চট্টগ্রাম।							
পাঙ্গা নমক নেজামপুর ঘাট ডোমখালি।	•	•	•	•	•	•	•
ঐ আরাকিন ঐ	•	•	•	•	•	•	•
ঐ সদর ঘাট এজেন্সী।	•	১৫,৮৪৬॥০	•	•	•	১৮,৮৯৭/	৩৪,৭৪৩॥০
ঐ ঐ আরাকিন।	•	•	•	•	•	৬৭,০১৪৸১৸/	৬৭,০১৪৸১৸/
একুন।	•	১৫,৮৪৬॥০	•	•	•	৮৫,৯১১৸১৸/	১,০১,৭৫৮।১৸/

[গবর্ণমেণ্ট গেজেট ১৮৫৪। ৮ ডিসেম্বর।]

শালিখ।	সন ১২৫৫ সাল ইং রাজি ১৮৪৮। ৪৯ সাল এবং পূর্ব্ব সনহায়ের	সন ১২৫৬ সাল মোতাবক ইং ১৮৪৯। ৫০ সাল	সন ১২৫৭ সাল মোতাবক ইং ১৮৫০। ৫১ সাল	সন ১২৫৮ সাল মোতাবক ইং ১৮৫১। ৫২ সাল	সন ১২৫৯ সাল মোতাবক ইং ১৮৫২। ৫৩ সাল	সন ১২৬০ সাল মোতাবক ইং ১৮৫৩। ৫৪ সাল	মৌজুদ নমকের একুন।
পাঙ্গা নমক কটক।	২,৮০,৬৪৭/৫	৩,১৬২৸৭	৬৬৭৸৩	০	০	০	২,৮৪,৪৭৭৸৫
ঐ ঐ বালেশ্বর।	০	০	০	০	০	০	০
ঐ ঐ খোরদা।	০	০	০	০	০	০	০
ঐ ঐ চিলকা।	০	০	০	০	০	০	০
ঐ হিজলি রামনগর।	০	০	০	০	০	০	০
ঐ রসুলপুর।	০	০	০	০	০	০	০
ঐ ২৪ পরগনা নারায়ণপুর নমক।	৩,৬৩,৬২০ ।৫	০	০	০	০	০	৩,৬৩,৬২০ ।৫
ঐ ঐ ডাইমনহারবর।	১,২১,৫৮৫/	০	০	০	০	০	১,২১,৫৮৫/
ঐ সাগর।	০	০	০	০	০	০	০
মান্দ্রাজ পরমিট নেমক ২ রকম।	০	০	০	০	০	* ১৩,৪০৭॥০	১৩,৪০৭॥০
একুন।	৭,৬৫,৮৫২॥০	৩,১৬২৸৭	৬৬৭৸৩	০	০	১৩,৪০৭॥০	৭,৮৩,০৯০৸০
আরাকিন।							
পাঙ্গা ঘাট কৈকফু।	০	০	০	০	০	২৫,৭৮৮৸৭	২৫,৭৮৮৸৭
একুন।	০	০	০	০	০	২৫,৭৮৮৸৭	২৫,৭৮৮৸৭
মোট একুন।	৭,৬৫,৮৫২॥০	১৯,০০৯ ।৭	৬৬৭৸৩	০	২৩৯৸৬৸	২,১৯,৮০২ ।০ ৴	১০,০৫,৫৭১৸৭/

* ১৮৫৪। ৫৫ সালের

এ আর ইয়ং। একটিং ছোট সেক্রেটারী।

NOTIFCATIONS.

ORDERS BY THE SUDDER DEWANNY ADAWLUT.

APPOINTMENT.

The 13th October, 1854.

Baboo Bystub Churn Dass, to be Additional Moonsiff of the Town of Chittagong, vice Jenutoollah, pensioned.

LEAVE OF ABSENCE.

The 6th October, 1854.

Baboo Nobinchunder Paul, Moonsiff of Lakda, in Manbhoom, for five days, in excess of the vacations.

C. T. BUCKLAND, *Register*.

বিজ্ঞাপন।

সদর দেওয়ানী আদালতের হুকুম।

নিয়োগ।

১৮৫৪ সাল ১৩ অক্টোবর।

শ্রীযুত জিনতউল্লা পেনস্যনপ্রাপ্ত হওয়াতে শ্রীযুত বাবু বৈষ্ণবচরণ দাস চট্টগ্রাম শহরের অতিরিক্ত মুনসেফ হইবেন।

ছুটী।

১৮৫৪ সাল ৬ অক্টোবর।

মানভূমের লাকদার মুনসেফ শ্রীযুত বাবু নবীনচন্দ্র পাল বন্দের অতিরিক্ত পাঁচ দিনের ছুটী পাইয়াছেন।

সি টি বকলাণ্ড। রেজিষ্টর।

রাজকর্ম্মে নিয়োগ।

২১৩৪ নম্বর।

বাঙ্গলা দেশের শ্রীযুত লেপ্টেনেন্ট গবরনর সাহেবের হুকুম।

নিয়োগ।

১৮৫৪ সাল ২৯ সেপ্টেম্বর।

শ্রীযুত টি ব্লোমফিল্ড সাহেব (Mr. T. Blomefield,) পুরীর মাজিষ্ট্রেট ও কালেক্টর ও নিমকের এজেন্ট সাহেবের আসিষ্টাণ্ট হইবেন এবং ঐ জিলায় জাইণ্ট মাজিষ্ট্রেট ও ডেপুটী কালেক্টরের ক্ষমতানুসারে কার্য্য করিবেন।

১৮৫৪ সাল ২ অক্টোবর।

শ্রীযুত সি চাপমান সাহেব ও শ্রীযুত এচ জে বাম্বর সাহেব (Messrs. C. Chapman and H. J. Bamber,) চাটিগাঁয়ের গুদারার নৌকার দ্বারা প্রাপ্ত ফাজিল টাকা ব্যয় করণের কমিটির মেম্বর হইবেন।

শ্রীযুত এচ রো সাহেব ও শ্রীযুত আর রনেল্ড সাহেব (Messrs. H. Roe and R. Ronald,) ত্রিপুরার গুদারার নৌকার দ্বারা প্রাপ্ত ফাজিল টাকা ব্যয় করণের কমিটির মেম্বর হইবেন।

নওয়াখালীর সিবিল চিকিৎসক সাহেব এবং নিমক চৌকীর সুপরিণ্টেণ্ডেণ্ট সাহেব আপনারদের পদোলক্ষে উক্ত জিলায় গুদারার নৌকার দ্বারা প্রাপ্ত ফাজিল টাকা ব্যয় করণের কমিটির মেম্বর হইবেন।

ডবলিউ গ্রে।

বাঙ্গলা দেশের গবর্ণমেণ্টের সেক্রেটারী।

LAND ADVERTISEMENT. ভূমিবিষয়ক ইশ্তিহার।

জিলা রাজশাহী।

ইহার দ্বারা সংবাদ দেওয়া যাইতেছে যে জেলা রাজশাহির মোতালক নীচের লিখিত মহাল সরকারি রাজস্ব আদায় জন্য ইংরেজি ১৮৫৪ সালের ১৩ নবেম্বর মোতাবেক বাঙ্গলা ১২৬১ সালের ২৯ কার্ত্তিক সোমবার এই জেলার কালেক্টরির কাছারিতে বিনা ওজরে নীলামে ধরা যাইবেক ও নিতান্তই বিক্রয় হইবেক সন ১৮৫৪ ইংরেজি তারিখ ১০ অক্টোবর মোতাবেক সন ১২৬১ বাঙ্গলা তারিখ। ২৫ আশ্বিন।

প্রথম শ্রেণী এস্তমুরারি জমা ধার্য্যহওয়া মহাল।

নং ১১৭

পরগনে গরেরহাট জমিদার রাণী অন্নপূর্ণা জওজে রাজা উদমন্ত সিংহ ও রাণী আনন্দময়ী সদর জমা

খাজানা	১১৮০১৶১ পাই
পুলিস	১১৮৸১০ পাই
	১১৯১৯৸৶১১

E. RADCLIFFE, *Collector*.

MISCELLANEOUS ADVERTISEMENT. সাধারণ ব্যক্তিদের ইশ্তিহার।

সদর দেওয়ানী আদালতের মাসিক নিষ্পন্ন মোকদ্দমার ইংরাজি রিপোর্টের বঙ্গভাষায় অনুবাদ।

মেসর্স ব্রাডন কোম্পানির মুৎসুদ্দি শ্রীযুত বাবু পীতাম্বর পাইনের সহকারে কলিকাতাস্থ একাউণ্টেণ্ট আপিসের জেনেরল ডিপার্টমেণ্টের শ্রীকৃষ্ণচন্দ্র হালদার, শ্রীকালীমোহন মুখো, শ্রীপ্রসন্নচন্দ্র মুখো ও শ্রীগিরিশচন্দ্র মুখোপাধ্যায়ের দ্বারা উক্ত বহি ১৮৫৩ সালের জানুআরি মাসহইতে পৃষ্ঠায়২ বঙ্গভাষায় অনুবাদিত হইয়া মাসিক ১৲ বাণ্মাসিক আংশি ৫৲ ও বার্ষিক ৮৲ আট টাকা মূল্যে প্রতি ২০ দিনান্তর প্রকাশ হইতেছে, প্রথম তিন মাসের বহী প্রস্তুত আছে, চতুর্থ মাসের মুদ্রিত হইতেছে গ্রহণেচ্ছুক মহাশয়েরা উক্ত এক স্থানে পত্র লিখিলেই গ্রন্থ পাইবেন।

[গবর্ণমেণ্ট গেজেট। ১৮৫৪। ১৭ অক্টোবর।]

শ্রীরামপুরের যন্ত্রালয়ে শ্রীযুত জে সি মরে সাহেবকর্ত্তৃক মুদ্রিত হইল।

AUSPICIO REGIS ET SENATUS ANGLIÆ

গবর্ণমেণ্ট গেজেট

গবর্ণমেণ্টের আজ্ঞাক্রমে প্রকাশিত।

CALCUTTA, TUESDAY, OCTOBER 24, 1854.

কলিকাতা মঙ্গলবার ১৮৫৪ সাল ২৪ অক্টোবর।

CALCUTTA PUBLICK LIBRARY

LEGISLATIVE COUNCIL.

THE following Extracts from the Standing Orders adopted by the Legislative Council on the 19th of August, 1854, are published for general information.

PETITIONS.

[How to be framed.]

XXII. Petitions to the Legislative Council must relate to matters connected with the business of the Council. Every petition shall be superscribed "To the Honorable the Legislative Council of India," and shall be dated and signed by the petitioner or petitioners. It shall be in respectful and temperate language, and shall conclude with a distinct prayer.

[Signature.]

XXIII. Every petition will be received as the petition of the person or persons only by whom it is actually signed.

[How to be transmitted.]

XXIV. All petitions shall be transmitted to the Clerk of the Council.

[Abstract.]

XXV. The Clerk shall make an abstract of every petition so received.

[How to be dealt with.]

XXVI. If in the judgment of the Clerk the petition be framed in conformity with Order No. XXII., he shall bring the petition under the consideration of the Council by reading the abstract thereof, and the prayer or the substance of the prayer of the petition, whereupon such petition shall be deemed to have been received by the Council.

[If not in conformity with Order No. XXII.]

XXVII. If in the judgment of the Clerk the

ব্যবস্থাপক কৌন্সেল।

ব্যবস্থাপক কৌন্সেলের সাহেবেরা ইঙ্গরেজী ১৮৫৪ সালের ১৯ আগষ্ট তারিখে যে স্থিরতর বিধান নির্দ্ধার্য্য করিয়াছেন তাহাহইতে গৃহীত নীচের লিখিত কথা সকল লোককে জানাইবার নিমিত্তে প্রকাশ করা যাইতেছে।

দরখাস্ত।

[যেপ্রকারে লিখিতে হইবেক।]

২২ ধারা। ব্যবস্থাপক কৌন্সেলের নিকটে যে সকল দরখাস্ত করা যায় তাহা ঐ কৌন্সেলের কার্য্যসম্পর্কীয় হইবেক। প্রত্যেক দরখাস্তের "ভারতবর্ষের অতিসম্ভ্রান্ত ব্যবস্থাপক কৌন্সেল সমীপেষু" এই শিরনামা লিখিতে হইবেক আর তাহাতে দরখাস্তকারী কি দরখাস্তকারিরা তারিখ লিখিবেন ও দস্তখৎ করিবেন। ঐ দরখাস্ত সম্ভ্রমসূচক ও কোমল ভাষায় লেখা যাইবেক, ও তাহার শেষভাগে প্রার্থনীয় বিষয় স্পষ্টরূপে লেখা থাকিবেক।

[দস্তখৎ।]

২৩ ধারা। প্রত্যেক দরখাস্তেতে নিতান্ত যে ব্যক্তির কি ব্যক্তিরদের দস্তখৎ থাকে কেবল তাঁহার কি তাঁহারদেরই দরখাস্ত বলিয়া তাহা গ্রাহ্য হইবেক।

[যেপ্রকারে পাঠাইতে হইবেক।]

২৪ ধারা। সকল দরখাস্ত কৌন্সেলের ক্লার্ক সাহেবের নিকটে পাঠাইতে হইবেক।

[চুম্বক।]

২৫ ধারা। ক্লার্ক সাহেব এই প্রকারে যে সকল দরখাস্ত পান তাহার চুম্বক সংগ্রহ করিবেন।

[দরখাস্তের বিষয়ে যেরূপ কার্য্য হইবেক।]

২৬ ধারা। যদি ক্লার্ক সাহেবের বিবেচনাতে দরখাস্ত এই বিধানের ২২ ধারামত প্রস্তুত হইয়াছে তবে তিনি ঐ দরখাস্তের চুম্বক ও তাহাতে প্রার্থনীয় বিষয় কি সেই বিষয়ের মর্ম্ম পাঠ করণের দ্বারা ঐ দরখাস্ত কৌন্সেলের বিবেচনার জন্যে অর্পণ করিবেন। তাহাতে ঐ দরখাস্ত কৌন্সেলের সাহেবেরা গ্রহণ করিয়াছেন এমত জ্ঞান হইবেক।

[দরখাস্ত বিধানের ২২ ধারামতে লেখা না গেলে।]

২৭ ধারা। যদি ক্লার্ক সাহেবের বিবেচনায় ঐ দরখাস্ত

petition be not framed in conformity with Order No. XXII., or if he have reason to doubt the authenticity of any signature thereto, he shall certify the same on the back of the petition, and shall report the fact to the Council, in which case the petition shall not be received by the Council except upon the motion of a Member.

[How to be disposed of.]

XXVIII. Any petition received by the Council may, upon the motion of a member, be disposed of in one or more of the following ways:—

1. It may be ordered to be printed.

2. It may be referred to the Select Committee sitting on any Bill to which it relates.

3. It may be referred for report to a Select Committee to be appointed specially for that purpose.

4. If no motion be made upon such a petition, the petition shall be laid upon the table, and afterwards deposited by the Clerk amongst the Records of the Council.

[When and how Petitioners may be heard.]

XXIX. If a Bill be pending peculiarly affecting private interests, and any person whose interests are so affected apply by petition to be heard by himself or his Counsel upon the subject of the Bill, an Order may be made, upon the motion of a Member, allowing the petitioner to be so heard either before the Select Committee on the Bill or before a Committee of the whole Council, provided the petition be received by the Clerk of the Council before the Report of the Select Committee on the Bill shall have been presented. In no other case or manner shall any stranger be heard by himself or by his Counsel.

[Reply to Petitions.]

XXX. Ordinarily no reply will be sent to a petitioner. But the Clerk of the Council may be ordered to make such special communication to a petitioner as the Council may direct.

PROJECTS OF LAWS.

[Proposed by Local Governments.]

XXXI. If a Draft or project of a Law be proposed by the Governor or Governor in Council of a Presidency, or by the Lieutenant-Governor of a Lieutenant-Governorship, the fact shall be reported to the Council by the Clerk, and the Draft or project shall, together with any annexures thereto, be printed and recorded. If within four weeks from the day of such report being made, no Member shall make any motion upon the subject, it shall be the duty of the Member nominated by the Governor of such Presidency, or by the Lieutenant-Governor of

বিধানের ২২ ধারামতে না লেখা গিয়াছে, কিম্বা তাহাতে যে সকল দস্তখৎ হইয়াছে তাহার কোন দস্তখৎ প্রকৃত ব্যক্তির নহে যদি তাঁহার এমত সন্দেহ করিবার হেতু থাকে, তবে তিনি সেই কথা দরখাস্তের পৃষ্ঠে লিখিয়া হজুর কৌন্সেলে তাহার রিপোর্ট করিবেন। তাহাতে এক জন মেম্বর সাহেবের প্রস্তাব না হইলে, ঐ দরখাস্ত হজুর কৌন্সেলে গ্রাহ্য হইবেক না।

[দরখাস্ত লইয়া যেরূপ করিতে হইবেক।]

২৮ ধারা। কোন দরখাস্ত কৌন্সেলে গ্রাহ্য হইলে, এক জন মেম্বর সাহেবের প্রস্তাবমতে তাহা লইয়া নীচের লিখিত কোন এক কি অধিক প্রকারে কার্য্য করা যাইবেক অর্থাৎ

১। ঐ দরখাস্ত ছাপাইবার হুকুম হইতে পারিবেক।

২। ঐ দরখাস্ত কোন আইনের মুসাবিদার বিষয়ের হইলে, ঐ মুসাবিদা বিবেচনার্থে যে বিশেষ কমিটির বৈঠক হইতেছে সেই কমিটিতে অর্পণ করা যাইতে পারিবেক।

৩। ঐ দরখাস্তের বিষয়ের রিপোর্ট করিতে বিশেষমতে নিযুক্ত এক বিশেষ কমিটির প্রতি তাহা অর্পণ হইতে পারিবেক।

৪। যদি এমত দরখাস্তের বিষয়ে কোন প্রস্তাব না করা যায় তবে দরখাস্ত মেজের উপর রাখা যাইবেক, তৎপরে ক্লার্ক সাহেব ঐ দরখাস্ত কৌন্সেলের কাগজপত্রের মধ্যে রাখিবেন।

LXXXV. Any Member may likewise move in Council that the Draft be re published for general information, on the ground that the amendments which may have been adopted are of so new and important a nature that the Act ought not to be passed without being previously published for general information; and, if the motion be carried the amended Bill shall be published, and notice may be given of a day on which the third reading and passing of the Bill will be moved.

[Re-committal of Bill to Committee of the whole Council.]

LXXXVI. Upon the Order of the Day for the third reading and passing of the Bill being read, any Member previously to the motion being made, may move that the Bill be re-committed to a Committee of the whole Council for the purpose of correcting any errors therein, or considering any proposed amendment thereof.

৮১ ধারা। কৌন্সেলের সমস্ত সাহেবের কমিটি আপনারদের বৈঠক কি বাদানুবাদ ভঙ্গ করিয়া সময়ান্তর নিরূপণ করিয়া পুনরায় বসিতে পারিবেন। আর যখন সেই কমিটির বৈঠকের সময়ান্তর নিরূপণ হয় তখন কৌন্সেলের বৈঠকের সময়ান্তর নিরূপণ না হইলে কৌন্সেলের সাহেবেরা কৌন্সেলস্বরূপ পুনশ্চ বৈঠক করিবেন।

[কৌন্সেলের সমস্ত সাহেবের কমিটির রিপোর্ট। সভাপতি সাহেবের সর্টিফিকট।]

৮২ ধারা। কৌন্সেলের সমস্ত সাহেবের কমিটি যখন বিল স্থির করিয়াছেন তখন সভাপতি সাহেব এই কথার প্রসঙ্গ করিবেন যে, "এই বিলের সংশোধনসমেত" (কিম্বা বিষয় বিশেষে "বিনা সংশোধনে") "কৌন্সেলের নিকটে রিপোর্ট করা যায়।" যদি সেই প্রস্তাব গ্রাহ্য হয় তবে সভাপতি সাহেব কৌন্সেলের সমস্ত সাহেবের কমিটিতে স্থিরকরা ঐ বিলের নিম্ন ভাগে নীচের লিখিত পাঠে সর্টিফিকট লিখিবেন।

"এই বিল কমিটিতে যেরূপ স্থির হইয়াছে সেইরূপই আছে।"

(স্বাক্ষর।)

কৌন্সেলের সমস্ত সাহেবের কমিটির সভাপতি।

তারিখপ্রভৃতি।

তাহার পরে যদি কৌন্সেলের বৈঠকের জন্যে সময়ান্তর নিরূপণ না হয় তবে কৌন্সেলের সাহেবেরা কৌন্সেলস্বরূপ পুনশ্চ বৈঠক করিবেন।

[কৌন্সেলের সমস্ত সাহেবের কমিটির রিপোর্ট উপস্থিত করণ। তৃতীয়বার পাঠ করণের ও জারী করণের সম্বাদ।]

৮৩ ধারা। কৌন্সেলের সমস্ত সাহেবের কমিটিতে ঐ বিল যেরূপ স্থির হয় সেইরূপে সেই দিবসে কৌন্সেলের নিকটে রিপোর্ট করা যাইতে পারে। তাহার পরে ঐ বিলের তৃতীয়বার পাঠ হওনের ও জারী হওনের প্রস্তাব যে দিবসে করা যাইবেক এমত এক দিবসের সম্বাদ দেওয়া যাইতে পারিবেক।

[বিল পুনরায় ছাপা করা।]

৮৪ ধারা। যদি কৌন্সেলের সমস্ত সাহেবের কমিটিতে বিলের কিছু সংশোধন করা যায় তবে কোন মেম্বর সাহেব এই প্রস্তাব করিতে পারিবেন যে, সেই প্রকারে সংশোধিত ঐ বিল ছাপা হয়।

[সকল লোককে জানাইবার নিমিত্তে পুনরায় প্রকাশ করণ।]

৮৫ ধারা। যে সংশোধন গ্রাহ্য হইয়াছে তাহা নূতন ও গুরুতর হওয়াপ্রযুক্ত সকল লোককে জানাইবার নিমিত্তে প্রকাশ না করা গেলে আইন জারী করা উচিত নহে, ইহা বলিয়া কোন মেম্বর সাহেব সেই প্রকারে কৌন্সেলে প্রস্তাব করিতে পারিবেন যে, ঐ মুসাবিদা সকল লোককে জানাইবার নিমিত্তে পুনরায় প্রকাশ করা যায়। আর যদি ঐ প্রস্তাব গ্রাহ্য হয় তবে ঐ সংশোধিত বিল প্রকাশ করা যাইবেক ও বিলের তৃতীয়বার পাঠ হওনের ও জারী হওনের প্রস্তাব যে দিনে করা যাইবেক এমত এক দিনের সম্বাদ দেওয়া যাইতে পারিবেক।

[কৌন্সেলের সমস্ত সাহেবের কমিটিতে ঐ বিল পুনশ্চ অর্পণ করণ।]

৮৬ ধারা। বিলের তৃতীয়বার পাঠ হইবার ও জারী হইবার দিবসের কর্ত্তব্য কার্য্যের ফর্দ্দ পাঠ হইবার পরে, কোন মেম্বর সাহেব, ঐ বিল পাঠ হইবার প্রস্তাব হওনের পূর্ব্বে, এমত প্রস্তাব করিতে পারিবেন যে, ঐ বিলের মধ্যে কোন ভ্রম শুধরাইবার নিমিত্তে, কিম্বা তাহার প্রস্তাবিত কিছু সংশোধন বিবেচনা করিবার নিমিত্তে ঐ বিল কৌন্সেলের সমস্ত সাহেবের কমিটিতে পুনরায় অর্পণ করা যায়।

[Proceedings on Re-committal.]

LXXXVII. If the Bill be re-committed on such motion, the Committee shall settle the same, and the Chairman shall again certify the Bill, according to the form prescribed in Order No. LXXXII. after which the Council may at once receive the Report; and the third reading and passing of the Bill may be moved immediately.

[Certificate of President.]

LXXXVIII. If the motion for the third reading and passing of the Bill be carried, the President shall sign a certificate at the foot of the Bill in the following form:—

This Bill was passed in the Legislative Council on the day of

(Signed,)

President.

[Assents may be recorded.]

LXXXIX. After a Bill shall have been passed, or thrown out at any stage, any Member present and voting for the passing or throwing out of the Bill may record his assent, and his reasons of assent; and any other Member voting for the passing or throwing out of the Bill may affix his signature thereto for all or any of the reasons specified therein, or may add additional reasons for his assent, or may record his assent and reasons separately.

[Dissents may be recorded.]

XC. Any Member who was present and voted against the passing or throwing out of the Bill may record his dissent and his reasons of dissent; and any other Member voting against the passing or throwing out of the Bill may sign such dissent for all or any of the reasons specified therein, or may add additional reasons for such dissent, or may record his dissent and reasons separately.

[No assent or dissent to be recorded unless notice given.]

XCI. No Member shall be allowed to record his assent or dissent, unless he give notice of his intention so to do at the Meeting at which the Bill shall be passed or thrown out.

[Dissents within what time to be recorded.]

XCII. No dissent shall be recorded unless delivered to the Clerk of the Council before the expiration of the next ordinary Meeting after the passing or throwing out of the Bill.

[Assents within what time to be recorded.]

XCIII. No assent shall be recorded unless delivered to the Clerk of the Council before the expiration of the second ordinary meeting of the Council after the passing or throwing out of the Bill.

[Governor General's assent when present.]

XCIV. If the Governor General be not absent

[পুনরায় অর্পণ হইলে যে কার্য্য হইবেক।]

৮৭ ধারা। যদি সেই প্রস্তাবমতে বিল পুনরায় অর্পণ করা যায় তবে কমিটির সাহেবেরা তাহা স্থির করিবেন এবং সভাপতি সাহেব ৮২ ধারার নির্দ্দিষ্ট পাঠানুসারে বিলে পুনরায় সর্টিফিকট লিখিবেন। তাহার পরে কৌন্সেলের সাহেবেরা একেবারে রিপোর্ট গ্রাহ্য করিতে পারেন আর বিলের তৃতীয়বার পাঠ ও জারী হইবার প্রস্তাব তৎক্ষণাৎ হইতে পারিবেক।

[অধিপতি সাহেবের সর্টিফিকট।]

৮৮ ধারা। যদি বিলের তৃতীয়বার পাঠ ও জারী হইবার প্রস্তাব গ্রাহ্য হয় তবে অধিপতি সাহেব বিলের নিম্ন ভাগে নীচের লিখিত পাঠের এক সর্টিফিকটে স্বাক্ষর করিবেন।

"এই বিল অমুক সালের অমুক মাসের অমুক তারিখে ব্যবস্থাপক কৌন্সেলে জারী হয়।

(স্বাক্ষর।)

অধিপতি।"

[সম্মতি রিকার্ড করা যাইতে পারে।]

৮৯ ধারা। বিল জারী হইলে পর, কিম্বা বিবেচনাধীন থাকনের কোন সময়ে পরিত্যাগ হইলে পর, উপস্থিত যে কোন মেম্বর সাহেব ঐ বিল জারী হইবার কি পরিত্যাগ করিবার পক্ষে আপনার মত প্রকাশ করিয়া ছলেন তিনি আপনার ঐ সম্মতি ও সেই সম্মতির হেতু রিকার্ড করিতে অর্থাৎ কৌন্সেলের বহীতে লেখাইয়া লইতে পারেন। এবং অন্য যে কোন মেম্বর সাহেব ঐ বিল জারী করণের কি পরিত্যাগ করণের বিষয়ে সম্মত হন তিনি উক্ত লিখনের নির্দ্দিষ্ট সকল কি কোন হেতুর বিষয়ে ঐ লিখনে স্বাক্ষর করিতে পারেন, কিম্বা আপনার সম্মতির অধিক কারণ লিখিতে পারেন, কিম্বা আপনার সম্মতি ও সম্মতির হেতু পৃথক্ রিকার্ড করিতে পারেন।

[অসম্মতি রিকার্ড করা যাইতে পারে।]

৯০ ধারা। যে কোন মেম্বর সাহেব উপস্থিত হইয়া বিল জারী করিবার কি পরিত্যাগ করিবার বিপরীত মত প্রকাশ করিলেন তিনি আপনার অসম্মতি ও ঐ অসম্মতির কারণ রিকার্ড করিতে পারেন। এবং অন্য যে কোন মেম্বর সাহেব ঐ বিল জারী করিবার কি পরিত্যাগ করিবার বিপরীত মত প্রকাশ করিলেন তিনি ঐ লিখনের নির্দ্দিষ্ট সকল কি কোন২ কারণের বিষয়ে ঐ অসম্মতির লিখনে স্বাক্ষর করিতে পারেন, কিম্বা ঐ অসম্মতির অধিক কারণ লিখিতে পারেন, কিম্বা আপনার অসম্মতি ও তাহার কারণ পৃথক্ রিকার্ড করিতে পারেন।

[সম্বাদ না দেওয়া গেলে সম্মতি কি অসম্মতি রিকার্ড করা যাইবেক না।]

৯১ ধারা। বিল যে বৈঠকে জারী হয় কি পরিত্যাগ করা যায় সেই বৈঠকে কোন মেম্বর সাহেব আপনার সম্মতি কি অসম্মতি রিকার্ড করিবার অভিপ্রায়ের সম্বাদ না দিলে তাহা রিকার্ড করিবার অনুমতি হইবেক না।

[অসম্মতি যে সময়ের মধ্যে রিকার্ড করিতে হইবেক।]

৯২ ধারা। বিল জারী হইবার কি পরিত্যক্ত হইবার পরে প্রথম যে সাধারণ বৈঠক হয় তাহার শেষ না হওনের পূর্ব্বে কৌন্সেলের ক্লার্ক সাহেবকে অসম্মতির লিখন দেওয়া না গেলে ঐ অসম্মতি রিকার্ড করা যাইবেক না।

[সম্মতির কথা যে সময়ে রিকার্ড করিতে হইবেক।]

৯৩ ধারা। বিল জারী হইবার কি পরিত্যক্ত হইবার পর কৌন্সেলের সাহেবেরদের দ্বিতীয় যে সাধারণ বৈঠক হয় তাহার শেষ হওনের পূর্ব্বে যদি সম্মতির লিখন কৌন্সেলের ক্লার্ক সাহেবকে না দেওয়া যায় তবে রিকার্ড করা যাইবেক না।

[শ্রীযুত গবর্নর্ জেনরল বাহাদুর উপস্থিত থাকিলে তাঁহার সম্মতি।]

৯৪ ধারা। যদি শ্রীযুত গবর্নর্ জেনরল বাহাদুর

from the Council of India, the Bill when passed shall be sent by message to the Governor General, or to the Governor General in Council, in order that it may be submitted to the Governor General for his assent.

[When absent.]

XCV. If the Governor General shall be absent from the Council of India, the Bill so passed, together with the record of assent or dissent of any Member, shall be sent by a message to the President in Council, in order that it may be submitted to the Governor General for his assent.

[Promulgation of Act.]

XCVI. If the Governor General give his assent, the Act shall be promulgated in the *Government Gazette.*

SUSPENSION OF STANDING ORDERS.

[By Council. By Committee.]

CXXV. The Council may suspend all or any of the Standing Orders, and any Committee of the whole Council may suspend any Standing Order, so far as it relates to business then before such Committee. Provided that no motion for such suspension shall be proposed from the Chair unless it shall be seconded. Such suspension ought to be rarely had recourse to, and never without cogent reasons given, to the satisfaction of the Council.

[Recording dissents and assents.]

CXXVI. Any Member voting against such suspension may record his dissent and the reasons thereof, and any Member voting for such suspension may record his assent and the reasons thereof. Provided that such recorded dissent or assent be given in at the next ordinary Meeting of the Council.

SPECIAL STANDING ORDER.

[Bills published before 20th of May, 1854.]

Any Draft Act, which, prior to the 20th of May, 1854, was read in Council and published for general information by order of the Governor General of India in Council, may, upon motion, be referred to a Select Committee, or may be taken into consideration by a Committee of the whole Council; and such Committees shall proceed respectively in the manner prescribed in the general Standing Orders, after which the Council may proceed in the manner prescribed in the general Standing Orders in respect to Bills settled in Committee.

W. MORGAN,
Clerk of the Council.

[*Government Gazette*, 31*st October*, 1854.]

ভারতবর্ষের কৌন্সেলে অনুপস্থিত না থাকেন তবে ঐ বিল জারী হইলে শ্রীযুত গবর্নর্ জেনরল বাহাদুরের সম্মতির নিমিত্তে অর্পণ করিবার জন্যে শ্রীযুত গবর্নর্ জেনরল বাহাদুরকে কিম্বা হজুর কৌন্সেলে শ্রীযুত গবর্নর্ জেনরল বাহাদুরকে সম্বাদক্রমে দেওয়া যাইবেক।

[অনুপস্থিত থাকিলে।]

৯৫ ধারা। যদি শ্রীযুত গবর্নর্ জেনরল বাহাদুর ভারতবর্ষের কৌন্সেলে অনুপস্থিত থাকেন, তবে সেইপ্রকারে জারী করা বিলেতে শ্রীযুত গবর্নর্ জেনরল বাহাদুরের সম্মতির জন্যে তাহা তাঁহার সম্মুখে অর্পণ হয় এই নিমিত্তে. ঐ বিল ও তাহার সঙ্গে কোন মেম্বর সাহেবের সম্মতির কি অসম্মতির লিখন হজুর কৌন্সেলে শ্রীযুত অধিপতি সাহেবকে সম্বাদক্রমে দেওয়া যাইবেক।

[আইন জারী করণ।]

৯৬ ধারা। যদি শ্রীযুত গবর্নর্ জেনরল বাহাদুর আপনার সম্মতি প্রকাশ করেন তবে ঐ আইন গবর্ণমেণ্ট গেজেটে প্রকাশ করা যাইবেক।

স্থিরতর বিধি স্থগিত করণ।

[কৌন্সেলের দ্বারা। কমিটির দ্বারা।]

১২৫ ধারা। কৌন্সেলের সাহেবেরা স্থিরতর বিধির সমস্ত কি কোন২ বিধি স্থগিত করিতে পারেন এবং কমিটির গোচরে যে কার্য্য উপস্থিত আছে সেই কার্য্যের বিষয়ে কোন বিধির যেপর্য্যন্ত সম্পর্ক থাকে সেইপর্য্যন্ত কৌন্সেলের সমস্ত সাহেবের কোন কমিটি ঐ স্থিরতর বিধি স্থগিত করিতে পারেন। পরন্তু ঐ প্রকারে স্থগিত করণের যে প্রস্তাব হয় তাহার পোষকতায় দ্বিতীয় সাহেবও প্রস্তাব না করিলে ঐ প্রস্তাবিত কথা সভাপতি সাহেবহইতে প্রসঙ্গ হইবেক না। সেই প্রকার স্থগিত করণ কদাচিৎ হইলে হইতে পারে কিন্তু কৌন্সেলের সাহেবেরদের হৃদ্বোধমতে অতিগুরুতর হেতু না হইলে কখন হইবেক না।

[অসম্মতি ও সম্মতি রিকার্ড করণ।]

১২৬ ধারা। যে কোন মেম্বর সাহেব এমত স্থগিত করণের বিপরীত মত প্রকাশ করেন তিনি আপনার অসম্মতি ও তাহার হেতু রিকার্ড করিতে পারেন। এবং ঐ স্থগিত করণের পক্ষে যে কোন মেম্বর সাহেব মত প্রকাশ করেন তিনিও আপনার সম্মতি ও তাহার হেতু রিকার্ড করিতে পারেন। পরন্তু ঐ রিকার্ড করা অসম্মতি কি সম্মতি তাহার পর কৌন্সেলের সাহেবেরদের যে প্রথম সাধারণ বৈঠক হয় সেই বৈঠকে অর্পণ করিতে হইবেক।

বিশেষ স্থিরতর বিধি।

[১৮৫৪ সালের ২০ মে তারিখের পূর্ব্বে প্রকাশিত বিল।]

১৮৫৪ সালের ২০ মে তারিখের পূর্ব্বে আইনের যে মুসাবিদা হজুর কৌন্সেলে পাঠ হইয়া হজুর কৌন্সেলে ভারতবর্ষের শ্রীযুত গবর্নর্ জেনরল বাহাদুরের হুকুমক্রমে সকল লোককে জানাইবার নিমিত্তে প্রকাশ করা গিয়াছে এমত কোন মুসাবিদা, প্রস্তাবমতে, বিশেষ কমিটিতে অর্পণ হইতে পারিবেক কিম্বা কৌন্সেলের সমস্ত সাহেবের কমিটির দ্বারা বিবেচনা করা যাইতে পারিবেক। এবং ঐ২ কমিটির সাহেবেরা সাধারণ স্থিরতর বিধির নির্দ্দিষ্ট প্রকারে কার্য্য করিবেন। তাহার পর কৌন্সেলের সাহেবেরা কমিটির স্থিরকরা বিলের বিষয়ে সাধারণ স্থিরতর বিধির নির্দ্দিষ্ট প্রকারে কার্য্য করিবেন।

ডবলিউ মর্গান।
কৌন্সেলের ক্লার্ক।

JOHN ROBINSON, *Bengalee Translator.*

DRAFT OF ACT.

LEGISLATIVE COUNCIL.

THE 2D SEPTEMBER, 1854.

THE following Bill was read a second time in the Legislative Council on the 2nd of September, 1854, and referred to a Select Committee who are to report thereon after the 6th of November next:—

A Bill for the better supervision of Embankments.

[Preamble.]

WHEREAS the Regulations now in force for the maintenance of Embankments have been found ineffectual for the intended purposes thereof, and whereas it is desirable that provision should be made for the better supervision and protection of the same, and for the punishment of offences against this Act; It is hereby declared and enacted as follows:—

[Repeal of former Regulations.]

I. Regulation VI. of 1806 and Regulation XI. of 1829, are hereby repealed, except so far as they repeal the whole or part of any other Regulation, and except as to acts done, offences committed, and liabilities incurred before the passing of this Act.

[What is a public Embankment within this Act.]

II. Every Embankment in the Territories annexed to the Presidency of Fort William in Bengal, which is now kept up or may be erected and kept up at the expense of Government, or is now repaired or may be erected and repaired by the Officers of Government at the expense of the party bound to maintain such Embankment, and every Embankment which may be taken charge of and repaired by the Officers of Government under the authority of this Act at the expense of the party bound to maintain such Embankment, is a public Embankment within the meaning hereof.

[Construction of Act.]

III. In the construction of this Act, unless where a contrary intention appears from the context, the word "Embankment" shall, if it refers to a public Embankment, include such portion, not exceeding two hundred and fifty feet, of the land on both sides of the Embankment at the foot thereof as shall be marked off or denoted by the Officers of Government hereinafter mentioned.

[Who to have the general superintendence of public Embankments.]

IV. The general superintendence of the public Embankments shall be entrusted to such Officers as the Lieutenant-Governor of Bengal or the Lieutenant Governor of the North-Western Provinces shall think proper to appoint for the performance of that duty in their respective Lieutenant-Governorships.

[Private Embankment in the line of a public Embankment, &c., may be taken charge of by Government.]

V. The general Superintendent of public Embankments under this Act, may cause any private

আইনের মুসাবিদা।

ব্যবস্থাপক কৌন্সেল।

ইঙ্গরেজী ১৮৫৪ সাল ২ সেপ্টেম্বর।

আইনের নীচের লিখিত মুসাবিদা ইঙ্গরেজী ১৮৫৪ সালের সেপ্টেম্বর মাসের ২ তারিখে ব্যবস্থাপক কৌন্সেলে দ্বিতীয়বার পাঠ করা গিয়াছিল ও বিশেষ কমিটির প্রতি অর্পিত হইয়াছিল। তাঁহারা আগামি নবেম্বর মাসের ৬ রিখে তাহার বিষয়ের রিপোর্ট করিবেন।

বাঁধের আরো উত্তমরূপে তত্ত্বাবধারণ করিবার আইনের মুসাবিদা।

[হেতুবাদ।]

যেহেতুক বাঁধের রক্ষার বিষয়ে যে সকল আইন এইক্ষণে প্রবল আছে তাহা ঐ২ আইনের কল্পিত অভিপ্রায়ের নিমিত্তে ফলজনক দেখা গেল না, এবং যেহেতুক বাঁধের আরো উত্তমরূপে তত্ত্বাবধারণ ও রক্ষা করণের, এবং এই আইনের বিপরীত দোষের দণ্ড করণের বিধি নির্দ্দিষ্ট করা উচিত, অতএব নীচের লিখিতমতে নির্দ্দিষ্ট ও হুকুম হইল।

[পূর্ব্ব২ আইন রদ করণ।]

১ ধারা। ১৮০৬ সালের ৬ আইন ও ১৮২৯ সালের ১১ আইন ইহার দ্বারা রদ হইল। কিন্তু ঐ২ আইনেতে যেপর্য্যন্ত অন্য কোন আইন সমুদয় কি তাহার কোন অংশ রদ হইয়াছে সেইপর্য্যন্ত ঐ২ আইন রদ হইল না, আর এই আইন জারীহওনের পূর্ব্বে যে২ কার্য্য করা গিয়াছে ও যে২ অপরাধ হইয়াছে ও যে২ দায় ঘটিয়াছে তাহার বিষয়ে ঐ২ আইন রদ হইল না ইতি।

[এই আইনের অর্থের মধ্যে সরকারী বাঁধ কি।]

২ ধারা। বাঙ্গলা দেশের ফোর্ট উলিয়ম রাজধানীর শামিলকরা দেশের মধ্যে, গবর্ণমেণ্টের খরচে যে২ বাঁধ এইক্ষণে রক্ষা করা যায় কিম্বা বাঁধা ও রক্ষা করা যাইবেক, অথবা এমত বাঁধ রক্ষা করিতে যে ব্যক্তি বদ্ধ আছেন তাঁহার খরচে গবর্ণমেণ্টের কার্য্যকারকেরদের দ্বারা যে২ বাঁধের এইক্ষণে মেরামৎ হয় কিম্বা যে২ বাঁধ বাঁধা যাইবেক ও মেরামৎ করা যাইবেক, আর বাঁধ রক্ষা করিতে যে ব্যক্তি বদ্ধ আছেন তাঁহার খরচে, গবর্ণমেণ্টের কার্য্যকারকেরদের দ্বারা এই আইনের ক্ষমতাক্রমে যে২ বাঁধের কার্য্যের ভার গ্রহণ করা যায় ও মেরামৎ হয় এমত প্রত্যেক বাঁধ, এই আইনের অর্থের মধ্যে সরকারী বাঁধ আছে ইতি।

[আইনের অর্থ করণ।]

৩ ধারা। এই আইনের অর্থ করণেতে, "বাঁধ" যদি এই কথা সরকারী বাঁধের বিষয়ের হয় তবে তাহার মধ্যে আড়াই শত ফুটের অধিক না হয় বাঁধের গোড়ায় দুই দিগে এমত যত ভূমি এই আইনের মধ্যে পশ্চাৎ নির্দ্দিষ্ট গবর্ণমেণ্টের কার্য্যকারকেরা নিশান দিয়া রাখেন কি দেখাইয়া দেন সেই ভূমিও বুঝাইবেক। কিন্তু যে স্থলে পূর্ব্বাপর কথাতে বিপরীত অভিপ্রায় দৃষ্ট হয় সেই স্থলে ঐ অর্থ হইবেক না ইতি।

[সরকারী বাঁধের সাধারণ তত্ত্বাবধারণের ভার যাঁহার প্রতি থাকিবেক।]

৪ ধারা। বাঙ্গলা দেশের শ্রীযুত লেপ্টেনেণ্ট গবরনর সাহেব কিম্বা উত্তরপশ্চিম দেশের শ্রীযুত লেপ্টেনেণ্ট গবরনর সাহেব আপন২ কর্ত্তৃত্বাধীন দেশে সরকারী বাঁধের সাধারণরূপে তত্ত্বাবধারণের কার্য্য নির্ব্বাহ করিতে যে কার্য্যকারকদিগকে নিযুক্ত করা উচিত বোধ করেন তাঁহারদের প্রতি ঐ কর্ম্মের ভার অর্পণ হইবেক ইতি।

[সরকারী বাঁধের মধ্যে বিশেষ ব্যক্তিরদের যে বাঁধ থাকে ইত্যাদি তাহার ভার গবর্ণমেণ্ট গ্রহণ করিতে পারেন।]

৫ ধারা। এই আইনানুসারে সরকারী পুলবন্দীর সাধারণ সুপরিণ্টেণ্ডেণ্ট যিনি হন তিনি, বিশেষ ব্যক্তির যে বাঁ-

Embankment which connects public Embankments, or forms by junction with them part of a line of Embankments, or which interferes in any way with the efficiency of a line of public Embankments, or which is necessary for the protection of the neighbouring country, to be taken charge of and repaired by the Officers of Government, and shall charge the expense of maintaining any Embankment so taken charge of to the Zemindar or farmer, who is bound, or who may be willing, to maintain the same.

[Private Embankment endangering a public Embankment may be removed.]

VI. The general Superintendent of Embankments may also cause any private Embankment which endangers the stability of a public Embankment or obstructs the beneficial drainage of the country, to be removed or levelled.

[Notice to be first given.]

VII. Before a final order for taking charge of, or removing any such Embankment shall be passed, notice shall be given to the party to enable him to appear before the Collector and be heard against the order, and the Collector shall communicate any objections that may be made thereto with his opinion thereupon to the general Superintendent of public Embankments, who shall pass such orders thereupon as may appear to him to be just and reasonable.

[Land-holders how to proceed to obtain a masonry sluice in a public Embankment.]

VIII. If any Land-holder, farmer, or cultivator be desirous of having a sluice or permanent opening made in any public Embankment for the purpose of drainage or irrigation, he shall make an application in writing to the Collector of the District in which such Embankment is situate. The application shall contain such particulars of the land to be drained or irrigated as may enable the Officers of Government to judge of the advantage which may be derived from the work, and shall declare, as regards an Embankment maintained at the expense of the State, whether the applicant is willing to bear such part, not exceeding half of the cost thereof, as may be determined by Government; and as regards an Embankment maintained by Government at the expense of the owner thereof, whether the applicant is willing to defray the whole or such part of the cost incident to, and attendant on, the proposed work, as may be determined as aforesaid.

[Officer in immediate charge of Embankments to inspect and to report on the proposed work.]

IX. The Collector shall transmit such application to the Officer in immediate charge of the public Embankments of his district, who shall, either personally or by his Agents, inspect and examine the land and report his opinion on the application, and if he shall be of opinion that the sluice or

ধের দ্বারা সরকারী দুই বাঁধের পরস্পর সংযোগ হয় তাহার, কিম্বা বিশেষ ব্যক্তির যে বাঁধ সরকারী বাঁধের সঙ্গে সংযুক্ত হইয়া একি বাঁধের একাংশ হয় তাহার, কিম্বা বিশেষ ব্যক্তির যে বাঁধেতে সরকারী বাঁধের কর্ম্মোপযোগিতার কোন প্রকারে বাধা হয় তাহার, কিম্বা নিকটস্থ দেশের সুরক্ষার জন্যে যে বাঁধ আবশ্যক হয় তাহার তত্ত্বাবধারণের ও মেরামৎ করণের ভার গবর্ণমেণ্টের কার্য্যকারকেরদিগকে গ্রহণ করিতে আজ্ঞা করিতে পারেন এবং এমত যে কোন বাঁধের কার্য্যের ভার লওয়া যায় তাহা যে কোন জমীদার কি ইজারদার রক্ষা করিতে বদ্ধ আছেন কি ইচ্ছুক আছেন তাঁহার স্থানে ঐ বাঁধ রক্ষা করণের খরচ লইবেন ইতি।

[বিশেষ ব্যক্তির যে বাঁধের দ্বারা সরকারী বাঁধের ক্ষতির সম্ভাবনা তাহা উঠাইয়া দেওয়া যাইতে পারে।]

৬ ধারা। আরও বিশেষ ব্যক্তির যে বাঁধের দ্বারা সরকারী বাঁধের স্থিরতার সঙ্কট জন্মে কিম্বা দেশের উপকারজনকরূপে জলনিকাশের বাধা হয় এমত কোন বাঁধ পুলবন্দীর সাধারণ সুপরিণ্টেণ্ডেণ্ট সাহেব উঠাইয়া দেওয়াইতে কি ভাঙ্গিয়া ফেলাইতে পারেন।

[প্রথমে এত্তেলা দিতে হইবেক।]

৭ ধারা। এমত কোন বাঁধের কার্য্যের ভার লওনের কি তাহা উঠাইয়া দেওনের চূড়ান্ত হুকুম হওনের পূর্ব্বে, ঐ ব্যক্তি কালেক্টর সাহেবের সম্মুখে উপস্থিত হইতে পারেন ও ঐ হুকুমের বিরুদ্ধে তাঁহার কথা শুনা যাইতে পারে এইনিমিত্তে তাঁহাকে এত্তেলা দেওয়া যাইবেক। এবং তাহাতে যে কোন আপত্তি করা যায় তাহা ও সেই আপত্তির বিষয়ে কালেক্টর সাহেবের যে মত হয় তাহা কালেক্টর সাহেব সরকারী পুলবন্দীর সাধারণ সুপরিণ্টেণ্ডেণ্ট সাহেবকে জ্ঞাত করিবেন তাহাতে সুপরিণ্টেণ্ডেণ্ট সাহেব যে হুকুম ন্যায্য ও উপযুক্ত বোধ করেন এমত হুকুম করিবেন ইতি।

[সরকারী বাঁধে কপাটযুক্ত পাকা নালা হইবার জন্যে ভূম্যধিকারিরদের যেরূপ কার্য্য করিতে হইবেক।]

৮ ধারা। যদি কোন জমীদার কি ইজারদার কি রাইয়ত চাহেন যে জলনিকাশের কি জল সেঁচিবার জন্যে কোন সরকারী বাঁধে কপাটযুক্ত নালা, কি সর্ব্বদাই খোলা থাকে এমত প্রণালি করা যায়, তবে ঐ বাঁধ যে জিলাতে থাকে সেই জিলার কালেক্টর সাহেবের নিকটে তিনি এক লিখিত দরখাস্ত দিবেন। যে জমীতে জলনিকাশের পথ করা যাইবেক কি জল সেঁচান যাইবেক তাহাতে ঐ কার্য্য করিলে যে উপকার জন্মিতে পারে তাহার বিচার গবর্ণমেণ্টের কার্য্যকারক সাহেবেরা যাহাতে করিতে পারেন ঐ জমীর এমত বৃত্তান্ত ঐ দরখাস্তে লেখা থাকিবেক, এবং যদি সরকারী খরচে ঐ বাঁধের রক্ষা হয় তবে ঐ কার্য্যের খরচের অর্দ্ধেকের অধিক না হয় এমত যে কোন অংশ গবর্ণমেণ্ট নির্দ্ধার্য্য করেন তাহা দরখাস্তকারী দিতে রাজী আছেন কি না, আর যদি গবর্ণমেণ্টের দ্বারা ঐ বাঁধের স্বামির খরচে তাহার রক্ষা হয় তবে দরখাস্তকারী প্রস্তাবিত কার্য্যসম্পর্কীয় ও তৎসম্বলিত সমুদয় খরচ কি তাহার যে অংশ উপরের উক্তমতে নির্দ্ধার্য্য হয় সেই অংশ দিতে রাজী আছেন কি না, এই কথাও ঐ দরখাস্তেতে প্রকাশ হইবেক ইতি।

[ঐ বাঁধের কর্ম্মের ভার সাক্ষাৎ যে কার্য্যকারকের প্রতি থাকে তিনি তদারক করিয়া প্রস্তাবিত কার্য্যের বিষয়ের রিপোর্ট করিবেন।]

৯ ধারা। কালেক্টর সাহেব আপন জিলার মধ্যে সরকারী বাঁধের কর্ম্মের ভার সাক্ষাৎ যে কার্য্যকারকের আছে তাঁহার নিকটে ঐ দরখাস্ত পাঠাইবেন। তিনি আপনি কিম্বা আপন কর্ম্মকারকেরদের দ্বারা ঐ জমীর তদারক ও তজবীজ করিবেন, ও দরখাস্তের বিষয়ে আপনার মতের রিপোর্ট করিবেন, আর কপাটযুক্ত নালাতে

opening will benefit the land of the applicant, or effect an improvement in the general cultivation and be otherwise unobjectionable, he shall annex to his report a plan of the proposed work and an estimate of the expense of its construction.

[Upon the applicant engaging to defray the cost, Collector may issue certificate.]

X. If the construction of the proposed sluice or opening receive the approval of such Officer, the Collector shall require the applicant to enter into a written agreement to defray the whole or half of the expense, or such portion thereof as may be determined under the provisions of Section VIII. of this Act, as the case may be; and upon such agreement being executed shall issue a certificate to the said Officer to construct the sluice or opening.

[Officer in immediate charge of Embankments may authorize temporary water-course or roadway to be made.]

XI. Whenever any person is desirous that a temporary water-course or a temporary roadway shall be made through or over any public Embankment, he shall apply to the Officer in immediate charge of such Embankment, stating the circumstances: such Officer shall grant the application or not according as may appear to him to be just and reasonable; provided that before the commencement of the proposed work the applicant shall enter into a written agreement to defray the expense of, and incident to, making and closing such temporary water-course or roadway.

[Annual Accounts to be forwarded to the Collector, who may recover the amount as arrears of Government Revenue.]

XII. The accounts of the actual expense incurred in constructing and repairing Embankments, and in constructing and repairing sluices and openings, and making temporary water-courses or roadways through and over any public Embankment, shall be prepared as soon as possible after the completion of such works, and shall, as soon as such Accounts shall have received the sanction of the general Superintendent of public Embankments, be forwarded to the Collector, who shall proceed to levy such amount, as may be chargeable to parties who are bound by their engagements to pay for the same, by the process which is or may be in force for the recovery of arrears of Government Revenue.

[Officer in immediate charge to report to Collector as to removal of buildings, &c.]

XIII. Whenever an Officer in immediate charge of the public Embankments in any zillah under this Act shall be of opinion that the removal of any house, hut, or other building is needed for the safety or improvement of a public Embankment, he shall make a report to that effect, accompanied by a detailed statement of the houses, huts, or other buildings to be removed, to the Collector of the district in whose jurisdiction the land on which

কি প্রণালিতে দরখাস্তকারির জমীর উপকার হইতে পারে, কিম্বা সাধারণ কৃষিকার্য্য আরো উত্তম হইতে পারে, ও তাহাতে অন্য বিষয়ে কোন আপত্তি নাই, তিনি যদি এই মত বোধ করেন তবে ঐ প্রস্তাবিত কার্য্যের নক্শা, ও তাহা প্রস্তুত করিবার খরচের এক ইষ্টিমেট, আপন রিপোর্টের সঙ্গে দিবেন ইতি।

[দরখাস্তকারী খরচ দিতে করার করিলে কালেক্টর সাহেব সর্টিফিকট জারী করিতে পারেন।]

১০ ধারা। যদি ঐ কার্য্যকারক সাহেব ঐ প্রস্তাবিত কপাটযুক্ত নালা কি প্রণালি করিবার বিষয়ে সম্মত হন তবে ঐ দরখাস্তকারী তাহার খরচের সমুদয় কি অর্দ্ধেক কিম্বা, বিষয়বিশেষে এই আইনের ৮ ধারার বিধানমতে তাহার যে অংশ নির্দ্ধার্য্য হয় সেই অংশ দিবেন, কালেক্টর সাহেব তাঁহাকে এমত এক করার লিখিয়া দিতে হুকুম করিবেন। আর ঐ করারপত্রে দস্তখৎ হইলে পর কালেক্টর সাহেব উক্ত কার্য্যকারককে ঐ কপাটযুক্ত নালা কি প্রণালি করিতে সর্টিফিকট জারী করিবেন ইতি।

[বাঁধের কর্ম্মের ভার সাক্ষাৎ যে কার্য্যকারকের প্রতি আছে তিনি অল্প কালের জন্যে নালা কি পথ করিতে অনুমতি দিতে পারেন।]

১১ ধারা। যখন কোন ব্যক্তি সরকারী বাঁধ কাটিয়া কিঞ্চিৎ কালের জন্যে নালা, কি ঐ বাঁধের উপর দিয়া পথ করিতে চাহেন, তখন তিনি ঐ বাঁধের কর্ম্মের ভার সাক্ষাৎ যে কার্য্যকারকের প্রতি আছে তাঁহার নিকটে দরখাস্ত দিয়া বৃত্তান্ত জানাইবেন। ঐ কার্য্যকারক যেরূপ ন্যায্য ও উচিত বোধ করেন সেইরূপে ঐ প্রার্থনা গ্রাহ্য করিবেন কিম্বা না করিবেন। পরন্তু ঐ প্রস্তাবিত কার্য্য আরম্ভ হইবার পূর্ব্বে দরখাস্তকারীর এমত করার লিখিয়া দিতে হইবেক যে তিনি কিঞ্চিৎ কালের জন্যে ঐ নালা কি পথ করিবার, কি তাহা বন্দ করিবার, ও তৎসম্পর্কীয় খরচ দিবেন ইতি।

[যে খরচ নিতান্ত হইয়াছে তাহার হিসাব কালেক্টর সাহেবকে দেওয়া যাইবেক। তিনি যেমন সরকারের বাকী রাজস্ব আদায় করেন তেমনি সেই টাকা আদায় করিবেন।]

১২ ধারা। ঐ বাঁধ করিবার ও মেরামৎ করিবার আর কপাটযুক্ত নালা ও প্রণালি করিবার ও মেরামৎ করিবার, আর কোন সরকারী বাঁধ কাটিয়া কিঞ্চিৎ কালের জন্যে নালা করিবার, কি বাঁধের উপর দিয়া কিঞ্চিৎ কালের জন্যে পথ করিবার নিতান্ত যে খরচ হইয়াছে তাহার হিসাব, ঐ কার্য্য সাঙ্গ হইলে পর যত শীঘ্র হয় ততই শীঘ্র, প্রস্তুত করা যাইবেক। এবং সরকারী পুলবন্দীর সাধারণ সুপরিন্টেণ্ডেণ্ট সাহেব ঐ হিসাবে সম্মত হইলে ঐ হিসাব কালেক্টর সাহেবের নিকটে পাঠান যাইবেক। তিনি গবর্ণমেণ্টের রাজস্বের বাকী আদায়ের নিমিত্তে যে নিয়ম চলন আছে কি হইবেক সেই নিয়মমতে, ঐ টাকা দিতে যে ব্যক্তিরা করারমতে বদ্ধ আছেন তাঁহারা যত টাকার দায়ী হন তত টাকা তাঁহারদের স্থানে আদায় করিবেন ইতি।

[সাক্ষাৎ যে কার্য্যকারকের প্রতি কর্ম্মের ভার থাকে তিনি ইমারৎপ্রভৃতি উঠাইয়া দিবার বিষয়ের রিপোর্ট কালেক্টর সাহেবের নিকটে করিবেন।]

১৩ ধারা। এই আইনানুসারে কোন জিলাতে সরকারী বাঁধের কার্য্যের ভার সাক্ষাৎ যে কার্য্যকারকের প্রতি থাকে তিনি যদি কোন সময়ে বোধ করেন যে সরকারী বাঁধের নির্ব্বিঘ্নরূপে রক্ষার জন্যে কি তাহা আরো উত্তম করিবার জন্যে, কোন ঘর কি খড়ুয়া ঘর কি অন্য ইমারৎ উঠাইয়া দেওয়া আবশ্যক, তবে ঐ ঘর কি খড়ুয়া ঘর কি অন্য ইমারৎ যে জমীতে আছে সেই জমী যে জিলার কালেক্টর সাহেবের এলাকায় থাকে, তাঁহাকে ঐ বিষয়ের এক রিপোর্ট দিবেন, এবং যে ঘর কি খড়ুয়া ঘর কি অন্য

such house, hut, or other building stands, is situate.

[Collector to give notice to claimants.]

XIV. When such report is received, the Collector shall cause a notice, containing a general description of the houses, huts, or other buildings proposed to be removed, to be affixed in some conspicuous place upon the land, and to be published by proclamation in the nearest bazar, calling on all persons claiming a right in such houses, huts, or other buildings to appear in person or by authorized Agent at a place to be specified in the notice, on or before a given date, not being less than fifteen days from the date of such proclamation, in order to make known the amount and particulars of their claim to compensation to a Punchait, to be appointed by the Collector for determining the value of the houses, huts, or buildings.

[Collector to appoint Punchait.]

XV. The Collector shall appoint three persons to act as a Punchait to decide the rights of different claimants, and determine the value of the houses, one of whom shall be nominated by the Officer in immediate charge of the Embankment Department.

[Punchait to make the award.]

XVI. The Punchait shall, on the close of the inquiry, make their award, and transmit it to the Collector. If they differ in opinion, the opinion of the majority shall determine the award.

[If Collector confirm award it is final.]

XVII. If the Collector agree with such award, his decision shall be final.

[If he differ, the Commissioners shall decide.]

XVIII. If he differ therefrom he shall transmit to the Commissioner of the Division the award, with a report stating the grounds of his opinion, and the decision of the Commissioner thereupon shall be final.

[Award to be impeachable only for fraud.]

XIX. No final award made under this Act shall be liable to be reversed or altered, unless upon proof in a regular suit that it was procured by corruption or fraud, or that it extended beyond the authority given to the arbitrators.

[After award, Collector to give notice of payment, and to remove buildings, &c., in 15 days.]

XX. When the award has become final the Collector shall cause a notice to be affixed in some conspicuous place upon the land, with a citation calling on the parties to appear before him, in person or by authorized Agent, on a certain day, and receive the

ইমারৎ উঠাইয়া দিতে হয় তাহার বেওরাযুক্ত এক লিখন ঐ রিপোর্টের সঙ্গে দিবেন ইতি।

[কালেক্টর সাহেব দাওয়াদারদিগকে এত্তেলা দিবেন]

১৪ ধারা। যখন উক্ত প্রকার রিপোর্ট পাওয়া যায়, তখন কালেক্টর সাহেব, যে ঘর কি খড়ুয়া ঘর কি অন্য ইমারৎ উঠাইয়া দেওনের প্রস্তাব হয় তাহার সাধারণ বেওরাসমেত এক এত্তেলা ঐ জমীতে সকল লোকের দৃষ্টিগোচর কোন স্থানে লট্‌কাইয়া দিবেন এবং অতি নিকট বাজারেও ঘোষণার দ্বারা তাহা প্রকাশ করাইবেন, এবং ঐ এত্তেলাতে তিনি, ঐ ঘর কি খড়ুয়া ঘর কি অন্য ইমারতে যে সকল ব্যক্তি স্বত্বের দাওয়া রাখে তাহারদিগকে হুকুম করিবেন যে, ঐ ঘরের কি খড়ুয়া ঘরের কি ইমারতের মূল্য নির্ণয় করিবার জন্যে কালেক্টর সাহেব যে পঞ্চায়তকে নিযুক্ত করেন সেই পঞ্চায়তকে, আপনারদের ক্ষতিপূরণের দাওয়ার মোট ও বেওরা জানাইবার জন্যে আপনারাই, কিম্বা উপযুক্ত ক্ষমতাপ্রাপ্ত মোখ্তারের দ্বারা ঐ এত্তেলার নির্দ্দিষ্ট স্থানে, নিরূপিত তারিখে কি তাহার পূর্ব্বে (কিন্তু ঐ এত্তেলার তারিখের পর পনের দিনের কম না হয় এমত দিনে) হাজির হন ইতি।

[কালেক্টর সাহেব পঞ্চায়ত নিযুক্ত করিবেন।]

১৫ ধারা। কালেক্টর সাহেব নানা দাওয়াদারেরদের স্বত্ব নির্দ্ধার্য্য করিতে ও ঘরের মূল্য নিরূপণ করিতে পঞ্চায়তের কর্ম্ম করণার্থে তিন ব্যক্তিকে নিযুক্ত করিবেন। তাঁহারদের এক জনকে পুলবন্দীর সিরিশ্তার কর্ম্মের ভার সাক্ষাৎ যে কার্য্যকারকের প্রতি আছে তিনি মনোনীত করিবেন ইতি।

[পঞ্চায়ত ফয়সলা করিবেন।]

১৬ ধারা। পঞ্চায়ত তদারক করিলে পর ফয়সলা করিয়া কালেক্টর সাহেবের নিকটে পাঠাইবেন। যদি পঞ্চায়তের ব্যক্তিরদের মতের ঐক্য না হয় তবে তাঁহারদের অধিক লোকের যে মত হয় তদনুসারে ফয়সলা নির্দ্ধার্য্য হইবেক ইতি।

[কালেক্টর সাহেব ফয়সলা মঞ্জুর করিলে তাহা চূড়ান্ত হইবেক।]

১৭ ধারা। যদি কালেক্টর সাহেব ঐ ফয়সলাতে সম্মত হন তবে তাঁহার নিষ্পত্তি চূড়ান্ত হইবেক ইতি।

[তিনি যদি সম্মত না হন তবে কমিস্যনর সাহেব নিষ্পত্তি করিবেন।]

১৮ ধারা। যদি তিনি ঐ ফয়সলাতে সম্মত না হন তবে তিনি ঐ ফয়সলা এবং আপনার মতের হেতুর এক রিপোর্ট এলাকার কমিস্যনর সাহেবের নিকটে পাঠাইবেন এবং তদ্বিষয়ে কমিস্যনর সাহেবের নিষ্পত্তি চূড়ান্ত হইবেক ইতি।

[প্রবঞ্চনাবিনা অন্য হেতুতে ফয়সলার দোষ বলা যাইবেক না]

১৯ ধারা। এই আইনানুসারে যে চূড়ান্ত ফয়সলা হয় তাহা অন্যথা কি পরিবর্ত্তন হইবার যোগ্য হইবেক না। কেবল ঐ ফয়সলা উৎকোচ কি প্রবঞ্চনার দ্বারা পাওয়া গিয়াছে কিম্বা সালিসদিগকে যে ক্ষমতা দেওয়া গিয়াছিল সেই ক্ষমতার অতিরিক্ত হইয়াছে এমত প্রমাণ জাবেতামতের মোকদ্দমায় হইলে অন্যথা কি পরিবর্ত্তন হইতে পারিবেক ইতি।

[ফয়সলা হইলে পর কালেক্টর সাহেব ১৫ দিনের মধ্যে টাকা দিবার ও ইমারৎপ্রভৃতি উঠাইয়া দিবার এত্তেলা দিবেন।]

২০ ধারা। যখন ফয়সলা চূড়ান্ত হইয়াছে তখন কালেক্টর সাহেব জমীতে সকল লোকের দৃষ্টিগোচর কোন স্থানে এত্তেলা লট্‌কাইবেন, তাহাতে উক্ত ব্যক্তিরদিগকে হুকুম হইবেক যে তাঁহারা নিরূপিত দিনে আপনারাই কি ক্ষমতাপ্রাপ্ত মোখ্তারের দ্বারা হাজির হইয়া উক্ত প্রকারে

amount so awarded, and warning them to remove their houses, huts, or other buildings within fifteen days from date of such notice.

[Collector may remove buildings, &c., at the cost of the owners in case they neglect to do so themselves.]

XXI. If on the expiration of the above stated period the houses, huts, or other buildings shall have not been previously removed, the Collector shall cause the same to be removed or levelled, and if any expense be incurred in removing or levelling the same, the Collector may sell the materials at public auction in order to defray the charge, delivering any surplus that may remain to the owner.

[Penalty for obstructing Officer or person in discharge of duty.]

XXII. Whoever wilfully obstructs any duly authorized person in removing or levelling any Embankment, house, hut, or other building, shall be liable to be imprisoned for any time not exceeding six months, with or without labor, at the discretion of the Magistrate, and also to fine not exceeding 200 rupees, commutable if not paid to a further period of imprisonment not exceeding six months.

[Penalty for wilful damage to Embankment by cutting, &c.]

XXIII. Whoever wilfully cuts through or attempts to cut through any Embankment, whether public or private, or destroys or damages, or attempts to destroy or damage, any such Embankment, or opens any sluice or water-course in any such Embankment so as to expose the adjoining lands to the danger of being overflowed, shall be liable, on conviction before a Magistrate, to be imprisoned for a term not exceeding three years, with or without labor, at the discretion of the Magistrate, and to a fine not exceeding 200 Rupees, commutable if not paid to a further period of imprisonment not exceeding one year.

[Penalty for other wilful damage or obstruction.]

XXIV. Whoever wilfully damages any public or private Embankment by constructing other Embankments, or diverting by any artificial means the drainage upon such Embankment, or by constructing dams or causing any obstruction for the purpose of diverting or opposing the current of an embanked river, or by cutting or otherwise altering the banks of any embanked river, or by removing the earth from such Embankment, or, if it be a public Embankment, from the land within the limits hereinbefore provided for at the foot thereof, or by grazing or tethering any cattle or other animals on any public or private Embankment, or by driving stakes, or cutting or rooting out grass growing on such Embankment or adjacent land; or does any other wilful act which may destroy or diminish the efficiency of such Embankment, shall be liable, on

ফয়সলাকরা ঐ টাকা গ্রহণ করেন এবং তাঁহার দিগকে সতর্ক করেন যে ঐ এত্তেলার তারিখের পর পনেরো দিনের মধ্যে আপনারদের ঘর কি খড়ুয়া ঘর কি অন্য ইমারৎ উঠাইয়া লন ইতি।

[ঐ ইমারৎপ্রভৃতির স্বামিরা যদি আপনারাই উঠাইয়া না লন তবে কালেক্টর সাহেব তাঁহারদের খরচে তাহা করিবেন।]

২১ ধারা। যদি উপরের লিখিত মিয়াদের মধ্যে ঐ ঘর কি খড়ুয়া ঘর কি অন্য ইমারৎ উঠাইয়া না লওয়া গিয়া থাকে তবে কালেক্টর সাহেব তাহা উঠাইয়া দিবেন কি ভাঙ্গিয়া ফেলাইবেন। আর যদি তাহা উঠাইয়া দেওনেতে কি ভাঙ্গিয়া ফেলাতে কিছু খরচ লাগে তবে কালেক্টর সাহেব সেই খরচ দিবার নিমিত্তে ঐ ঘরপ্রভৃতির সরঞ্জাম নীলামে বিক্রয় করিবেন, আর যে কিছু বাকী থাকে তাহা ঐ গৃহাদির স্বামিকে দিবেন ইতি।

[কার্য্যকারকের কি ব্যক্তির কর্ম্ম করণ কালে তাঁহার বাধা করিবার দণ্ড।]

২২ ধারা। উপযুক্ত ক্ষমতাপ্রাপ্ত কোন ব্যক্তির কোন বাঁধ কি ঘর কি খড়ুয়া ঘর কি অন্য ইমারৎ উঠাইয়া দিবার কি ভাঙ্গিয়া ফেলিবার কালে যে কোন ব্যক্তি ইচ্ছাপূর্ব্বক তাঁহার বাধা করে, সেই ব্যক্তি মাজিষ্ট্রেট সাহেবের বিবেচনামতে ছয় মাসের অধিক না হয় এমত কোন মিয়াদে পরিশ্রমসহিত কি পরিশ্রমবিনা কয়েদ হইবার যোগ্য হইবেক, এবং ২০০৲ টাকার অনধিক জরীমানারও যোগ্য হইবেক আর জরীমানার টাকা না দেওয়া গেলে ছয় মাসের অধিক না হয় এমত অতিরিক্ত মিয়াদে কয়েদ হইবার যোগ্য হইবেক ইতি।

[খাল কাটনপ্রভৃতির দ্বারা ইচ্ছাপূর্ব্বক বাঁধের নোকসান করিবার দণ্ড।]

২৩ ধারা। যে কেহ সরকারী কি বিশেষ ব্যক্তির কোন বাঁধ ইচ্ছাপূর্ব্বক কাটে কি কাটিবার উদ্যোগ করে কিম্বা এমত কোন বাঁধ নষ্ট করে কি তাহার নোকসান করে কিম্বা তাহা নষ্ট করিতে কি তাহার নোকসান করিতে উদ্যোগ করে কিম্বা এমত কোন বাঁধে কোন নালা কি প্রণালি এমত খোলে যে তাহাতে নিকটস্থ জমী জলে ভাসিয়া যাইবার আশঙ্কা জন্মে সেই ব্যক্তির দোষ মাজিষ্ট্রেট সাহেবের সম্মুখে সাব্যস্ত হইলে সেই ব্যক্তি মাজিষ্ট্রেট সাহেবের বিবেচনামতে তিন বৎসরের অধিক না হয় এমত মিয়াদে পরিশ্রমসহিত কি পরিশ্রমবিনা কয়েদ হইবার যোগ্য হইবেক, এবং ২০০৲ টাকার অনধিক জরীমানার যোগ্য হইবেক, আর ঐ জরীমানার টাকা যদি না দেয় তবে আর এক বৎসরের অনধিক মিয়াদে কয়েদ হইবার যোগ্য হইবেক ইতি।

[ইচ্ছাপূর্ব্বক অন্য নোকসান কি বাধা করিবার দণ্ড।]

২৪ ধারা। যে কেহ কোন বাঁধ বাঁধিয়া, কিম্বা বাঁধের সম্পর্কীয় জলনিকাশ কোন কৃত্রিম উপায়ে অন্য দিগে ফিরাইয়া, কিম্বা বাঁধদেওয়া নদীর স্রোত অন্যদিগে ফিরাইবার কি নিবারণ করিবার অভিপ্রায়ে ভেড়ি বাঁধিয়া কি অন্য বাধা জন্মাইয়া, কিম্বা বাঁধদেওয়া নদীর তীর কাটিয়া কি অন্য প্রকারে পরিবর্ত্তন করিয়া, কিম্বা ঐ বাঁধহইতে মাটি তুলিয়া দিয়া, অথবা যদি সরকারী বাঁধ হয় তবে তাহার গোড়ায় এই আইনের মধ্যের নির্দ্দিষ্ট সীমার জমীহইতে মাটি তুলিয়া দিয়া, কিম্বা কোন সরকারী কি বিশেষ ব্যক্তির বাঁধের উপর কোন গোমেষাদি অন্য জন্তু চরাইয়া কি বাঁধিয়া, কিম্বা খুঁটি পুতিয়া, কিম্বা ঐ প্রকার বাঁধের কি তাহার নিকটে জমার উপর যে ঘাস হইতেছে তাহা কাটিয়া কি উপড়াইয়া, সরকারী কি বিশেষ ব্যক্তির কোন বাঁধের ইচ্ছাপূর্ব্বক নোকসান করে, কিম্বা ঐ বাঁধ যাহাতে নষ্ট হয় কি তাহার কর্ম্মোপযোগিতার ন্যূনতা হয় এমত অন্য কোন কার্য্য ইচ্ছাপূর্ব্বক করে সেই ব্যক্তির দোষ মাজিষ্ট্রেট সাহেবের সম্মুখে সাব্যস্ত হইলে সে ব্যক্তি মা-

conviction before a Magistrate, to simple imprisonment, with or without labor, at the discretion of the Magistrate, for a term not exceeding three months, or to a fine not exceeding 200 rupees, commutable if not paid to a further period of imprisonment, with or without labor, for a term not exceeding three months, or to both.

[Jurisdiction of Deputy or Assistant Magistrate under this Act.]

XXV. Any Deputy or Assistant Magistrate may, to the extent of the power conferred upon him by the Regulations of the Bengal Code, and by the Acts of the Governor-General of India in Council, exercise the powers conferred upon a Magistrate by this Act.

[Provision of Section XIII., Regulation XX. of 1817, extended to this Act.]

XXVI. The provision of Section XIII. Regulation XX. of 1817, shall extend to any charge or information of the offences specified in Section XXIII. of this Act, and Darogahs and other Police Officers shall inquire into such offences in the mode and subject to the provisions therein prescribed.

[Right of Appeal.]

XXVII. All sentences and orders passed by a Magistrate, Deputy Magistrate, or Assistant under this Act shall be appealable, subject to the general provisions which regulate appeals.

W. MORGAN,
Clerk of the Council.

জিষ্ট্রেট সাহেবের বিবেচনামতে তিন মাসের অনধিক মিয়াদে পরিশ্রমসহিত কি পরিশ্রমবিনা কেবল কয়েদ হইবার যোগ্য হইবেক কিম্বা ২০০৲ টাকার অনধিক জরীমানার যোগ্য হইবেক আর যদি ঐ জরীমানার টাকা না দেওয়া যায় তবে আর তিন মাসের অনধিক মিয়াদে পরিশ্রমসহিত কি পরিশ্রমবিনা কয়েদ হইবার যোগ্য হইবেক কিম্বা উভয় দণ্ডের যোগ্য হইবেক ইতি।

[এই আইনানুসারে ডেপুটী কি আসিষ্টাণ্ট মাজিষ্ট্রেটের এলাকা।]

২৫ ধারা। কোন ডেপুটী কি আসিষ্টাণ্ট মাজিষ্ট্রেটের প্রতি বাঙ্গলা দেশের আইনের দ্বারা ও হজুর কৌন্সেলের ভারতবর্ষের শ্রীযুত গবরনর জেনরল বাহাদুরের আইনের দ্বারা যে ক্ষমতার্পণ হইয়াছে সেই ক্ষমতাপর্য্যন্ত এই আইনেতে মাজিষ্ট্রেট সাহেবের প্রতি অর্পিত ক্ষমতানুসারে কার্য্য করিতে পারিবেন ইতি।

[১৮১৭ সালের ২০ আইনের ১৩ ধারার বিধান এই আইনের বিষয়ে খাটে।]

২৬ ধারা। ১৮১৭ সালের ২০ আইনের ১৩ ধারার বিধান এই আইনের ২৩ ধারার নির্দ্দিষ্ট অপরাধের কোন নালিশ কি এত্তেলার বিষয়ে খাটিবেক এবং ঐ আইনের নির্দ্দিষ্ট বিধানের নিয়মমতে ও তাহার অনুসারে দারোগারা ও পোলীসের অন্য কার্য্যকারকেরা ঐ অপরাধের তদারক করিবেন ইতি।

[আপীল করিবার ক্ষমতা।]

২৭ ধারা। মাজিষ্ট্রেট সাহেব কি ডেপুটি মাজিষ্ট্রেট কিম্বা আসিষ্টাণ্ট সাহেব এই আইনানুসারে যে সকল দণ্ডাজ্ঞা ও হুকুম করেন তাহার উপর আপীল যে সাধারণ বিধিমতে আপীল করা যায় সেই বিধির অনুসারে হইতে পারে ইতি।

ডবলিউ মর্গান।
কৌন্সেলের ক্লার্ক।

JOHN ROBINSON, *Bengalee Translator.*

NOTIFCATIONS.

ORDERS BY THE SUDDER DEWANNY ADAWLUT.

APPOINTMENTS.

The 16th October, 1854.

Moulvee Sumeenooddeen Ahmed, Moonsiff of Rajmehal, in Zillah Bhaugulpore, to be Moonsiff of Okhra, Zillah Beerbhoom.

The 20th October, 1854.

Baboo Radhanath Chatterjea, Moonsiff of Juggernath Diggee, in Tipperah, to be Moonsiff of Soonamookhy, in West Burdwan, and Syud Norool Hossein, Moonsiff of Soonamookhy, in West Burdwan, to be Moonsiff of Juggernath Diggee in Tipperah.

C. T. BUCKLAND, *Register.*

বিজ্ঞাপন।

সদর দেওয়ানী আদালতের হুকুম।

নিয়োগ।

১৮৫৪ সাল ১৬ অক্টোবর।

জিলা ভাগলপুরের রাজমহলের মুনসেফ শ্রীযুত মৌলবী সমীন্ উদ্দীন আহমদ জিলা বীরভূমের ওখরার মুনসেফ হইবেন।

১৮৫৪ সাল ২০ অক্টোবর।

ত্রিপুরার জগন্নাথ দীঘীর মুনসেফ শ্রীযুত বাবু রাধানাথ চাটুর্য্যা পশ্চিম বর্দ্ধমানের সোণামুখীর মুনসেফ হইবেন। এবং পশ্চিম বর্দ্ধমানের সোণামুখীর মুনসেফ শ্রীযুত সৈয়দ নুরুল হুসেন ত্রিপুরার জগন্নাথ দীঘীর মুনসেফ হইবেন।

সি টি বকলাণ্ড। রেজিষ্টর।

No. 1756.

FORT WILLIAM,
CIVIL AUDITOR'S OFFICE,
The 9th October, 1854.

NOTIFICATION.

Civil and Sessions Judges, Collectors, Magistrates and all other Officers who have in their respective Departments, or serving under them, any of the Superior Class of Uncovenanted Servants, whose salaries are included in their respective Abstracts,

১৭৫৬ নম্বর।
ফোর্ট উলিয়ম।
সিবিল অডিটর সাহেবের দফ্তরখানা।
১৮৫৪ সাল ৯ অক্টোবর।

বিজ্ঞাপন।

সিবিল ও সেশন জজ ও কালেক্টর ও মাজিষ্ট্রেট সাহেবদিগকে এবং অন্যান্য যে কার্য্যকারক সাহেবেরদের সিরিশ্তায় উচ্চ শ্রেণীর অচিহ্নিত কোন কার্য্যকারকেরা থাকেন কিম্বা অধীনে কর্ম্ম করেন অথচ তাঁহারদের বেতন আপনারদের বেতনের বিলের মধ্যে লেখা যায় সেই সকল

are requested to transmit with each of their Bills and Abstracts for September and October 1854, Certificates stating when Principal Sudder Ameens, Sudder Ameens, Moonsiffs, Deputy Collectors, Deputy Magistrates and other Uncovenanted Servants, obtain leave of absence, with the dates, respectively of their leaving and resuming their duties, during the Dusserah and Mohurrum Vacations, as the want of such information occasions much inconvenience and delay in auditing the Abstracts of the Mofussil authorities.

W. P. PALMER, *Civil Auditor.*

কার্য্যকারক সাহেবদিগকে আদেশ হইতেছে যে তাঁহারা যখন ১৮৫৪ সালের সেপ্টেম্বর ও অক্টোবর মাসের বিল ও চুম্বক পাঠাইবেন তখন তাহার সঙ্গে, প্রধান সদর আমীনেরা ও সদর আমীনেরা ও মুনসেফেরা ও ডেপুটী কালেক্টরেরা ও ডেপুটী মাজিষ্ট্রেটেরা ও অচিহ্নিত অন্যান্য কার্য্যকারকেরা দশহরার ও মহরমের বন্দে ছুটী লইলে যে তারিখে ছুটী লন ও যে তারিখে আপন২ সিরিশ্তার কর্ম্মের ভার ত্যাগ করেন ও পুনর্গ্রহণ করেন তাহার এক২ সর্টিফিকট পাঠান্। এমত সম্বাদ না থাকাতে মফঃসলের কার্য্যকারক সাহেবেরদের বেতনের বিল আডিট করিতে অধিক ক্লেশ ও বিলম্ব হয়।

ডবলিউ সি পামর। সিবিল আডিটর।

রাজকর্ম্মে নিয়োগ।

২২৫৪ নম্বর।

বাঙ্গলা দেশের শ্রীযুত লেপ্টেনেন্ট গবর্নর সাহেবের হুকুম।

নিয়োগ।

১৮৫৪ সাল ১০ অক্টোবর।

শ্রীযুত ডবলিউ জে লঙ্গমোর সাহেব (Mr. W. J. Longmore,) কটক জিলাতে দলীলদস্তাবেজের রেজিষ্টর ও বিবাহের রেজিষ্ট্রার হইবেন।

শ্রীযুত ডাক্তর টি ডুকা সাহেব (Dr. T. Duka,) ত্রিপুরা জিলাতে দলীলদস্তাবেজের রেজিষ্টর ও বিবাহের রেজিষ্ট্রার হইবেন।

১৮৫৪ সাল ১১ অক্টোবর।

১৮৫৫ সালে পারীস নগরে যে মহাপ্রদর্শন হইবেক তথায় প্রেরণাভিপ্রায়ে শিল্প বিদ্যা ও পরিশ্রমজাত বস্তু সংগ্রহ করণার্থে, শ্রীযুত সি হফনেগল সাহেব (Mr. C. Huffnagle,) বাঙ্গলা দেশের সদর কমিটির মেম্বর হইবেন।

ছুটী।

১৮৫৪ সাল ১০ অক্টোবর।

চাটিগাঁয়ের জজ শ্রীযুত এ ফরবস সাহেব (Mr. A. Forbes,) গত মাসের ২৫ তারিখে যে ছুটী পান তাহার অন্যথায় ছুটীবিষয়ক নূতন বিধির ১৩ ধারানুসারে তিন মাসের ছুটী পাইয়াছেন।

বালেশ্বরের জাইন্ট মাজিষ্ট্রেট ও ডেপুটী কালেক্টর শ্রীযুত ই ই উডকক সাহেব (Mr. E. E. Woodcock,) ছুটীবিষয়ক নূতন বিধির ১৩ ধারানুসারে এক মাসের ছুটী পাইয়াছেন।

ডবলিউ গ্রে।

বাঙ্গলা দেশের গবর্ণমেণ্টের সেক্রেটারী।

২২৭৮ নম্বর।

বাঙ্গলা দেশের শ্রীযুত লেপ্টেনেন্ট গবর্নর সাহেবের হুকুম।

নিয়োগ।

১৮৫৪ সাল ১৬ অক্টোবর।

শ্রীযুত ডবলিউ কোবর্ণ সাহেব (Mr. W. Cockburn,) জামালপুরের ডেপুটী মাজিষ্ট্রেট হইবেন।

রাজস্বসম্পর্কীয় জরীপী কার্য্যের প্রথম অর্থাৎ উত্তর এলাকার ডেপুটী কালেক্টর শ্রীযুত বাবু হরচন্দ্র ঘোষ যশোহর জিলাতে ১৮২২ সালের ৭ আইন ও ১৮২৫ সালের ৯ আইনানুসারে কালেক্টরের ক্ষমতাপ্রাপ্ত হইয়াছেন।

ছুটী।

১৮৫৪ সাল ২৮ সেপ্টেম্বর।

শিবসাগরে আসাম প্রদেশের কমিস্যনর সাহেবের সব-আসিষ্টান্ট শ্রীযুত জে থর্ণটন সাহেব (Mr. J. Thornton,) স্বীয় কর্ম্মোপলক্ষে বর্ত্তমান মাসের ৪ তারিখঅবধি বারো দিনের ছুটী পাইয়াছেন।

১৮৫৪ সাল ১০ অক্টোবর।

বাঁকুড়ার সিবিল আসিষ্টান্ট চিকিৎসক শ্রীযুত জি এন চীক সাহেব (Mr. G. N. Cheek,) আপনার চিকিৎসকতা কর্ম্মের ভার দেশীয় চিকিৎসকের প্রতি অর্পণ করিয়া ছুটীবিষয়ক নূতন বিধির ১৩ ধারানুসারে এক মাসের ছুটী পাইয়াছেন।

১৮৫৪ সাল ১৪ অক্টোবর।

পাটনা ও বেহারের অতিরিক্ত জজ শ্রীযুত ই লাটুর সাহেব (Mr. E. Lautour,) ছুটীবিষয়ক নূতন বিধির ১৩ ধারানুসারে এক মাসের ছুটী পাইয়াছেন।

১৮৫৪ সাল ১৬ অক্টোবর।

ঢাকার কালেক্টর শ্রীযুত জি পি লেষ্টর সাহেব (Mr. G. P. Leycester,) ছুটীবিষয়ক নূতন বিধির ১৩ ধারানুসারে এক মাসের ছুটী পাইয়াছেন।

ডবলিউ গ্রে।

বাঙ্গলা দেশের গবর্ণমেণ্টের সেক্রেটারী।

২৩০৮ নম্বর।

বাঙ্গলা দেশের শ্রীযুত লেপ্টেনেন্ট গবর্নর সাহেবের হুকুম।

নিয়োগ।

১৮৫৪ সাল ১৮ অক্টোবর।

শ্রীযুত এচ ডবটন সাহেবের (Mr. H. Doveton,) অনুপস্থান কি অন্য হুকুম না হওনপর্য্যন্ত শ্রীযুত এচ এল ডাম্পিয়ার সাহেব (Mr. H. L. Dampier,) মধইপুরার এলাকা খজের কর্ম্মের ভারপ্রাপ্ত হইবেন।

১৮৫৪ সাল ১৯ অক্টোবর।

শ্রীযুত জে এচ পাটন সাহেব (Mr. J. H. Patton,) সদর দেওয়ানী ও নিজামৎ আদালতের জজের কর্ম্ম নির্ব্বাহ করিবেন। এবং ১৮২৮ সালের ৩ আইনানুসারে স্পেসিয়ল কমিস্যনরের ক্ষমতাপ্রাপ্ত হইবেন।

১৮৫৪ সাল ২০ অক্টোবর।

শ্রীযুত মাকলৌড ওয়াইলি সাহেবের (Mr. Macleod Wylie,) অনুপস্থান কি অন্য হুকুম না হওনপর্য্যন্ত শ্রীযুত এ জি মাকফর্সন সাহেব (Mr. A. G. McPherson,) ক্ষুদ্র২ মোকদ্দমার আদালতের প্রথম জজের কর্ম্ম নির্ব্বাহ করিবেন।
2nd. As connected with the subject of Drafts, I beg to annex a new Form and Copies of Revised Rules which under the Orders of Government, it is proposed to introduce generally in all Public Treasuries throughout India.

3rd. The new Form of Draft is intended to be used in every case of Remittance from a Public Treasury with exception to the Family Remittances of the Native Soldiery, which will be drawn in the Form at present in use with the addition of the Check-margins and advices in one continuous length of water-marked paper.

4th. The Book form of water-marked paper for bills, &c. will be provided as soon as a supply of suitable water-marked paper can be procured from England. In the meahwhile forms of bills with Check-margins and advices will be printed on plain paper and furnished to you by this Department for adoption in lieu of the forms now in use.

(Signed) EDMUND DRUMMOND,
Offg. Acott. Military Department.

(True Copy.)

(Signed) R. LLOYD,
Offg. Head Uncovenanted Assistant.

যে হুণ্ডী খারিজদাখিল হইতে পারে কেবল সেই হুণ্ডীর বিষয়ে লাগে, আর "সিপাহীরদের পরিবারের নিকটে প্রেরণীয় টাকার হুণ্ডীর" বিষয়ে লাগে না। ঐ হুণ্ডী পূর্ব্বাবধি যে বিধির অধীন আছে সেই বিধির অধীন থাকিবেক।

২। হুণ্ডীর সম্পর্কীয় কথা লিখনেতে আমি এক নূতন পাঠ ও সংশোধিত বিধির কএক কেতা নকল ইহার সঙ্গে পাঠাইতেছি। সেই পাঠ ও বিধি, গবর্ণমেণ্টের হুকুমক্রমে, ভারতবর্ষের মধ্যে সরকারী সকল খাজানাখানায় চলন করিবার অভিপ্রায় আছে।

৩। এদেশীয় সিপাহীরদের পরিবারের নিকটে প্রেরণীয় টাকাছাড়া সরকারী খাজানাখানাহইতে যতবার টাকা প্রেরণ হয় ততবার হুণ্ডীর ঐ নূতন পাঠ ব্যবহার করিবার অভিপ্রায় আছে। সিপাহীরদের পরিবারের নিকটে প্রেরণীয় টাকার হুণ্ডীর যে পাঠ এইক্ষণে ব্যবহার হইতেছে সেই পাঠে ঐ হুণ্ডী লেখা যাইবেক, অতিরিক্ত এই যে মোকাবিলার হাঁশিয়া ও তদ্বিষয়ের পত্র জলের চিহ্নকরা একি লম্বা কাগজে তাহার সঙ্গে দেওয়া যাইবেক।

৪। জলের উপযুক্ত চিহ্নকরা কাগজ প্রচুরমতে ইঙ্গলণ্ডহইতে পাওয়া যাইতে পারিলে হুণ্ডীপ্রভৃতির জন্যে জলের চিহ্নকরা ঐ কাগজের বহী পাঠান যাইবেক। ইতিমধ্যে মোকাবিলার হাঁশিয়া ও হুণ্ডীবিষয়ক পত্রসমেত হুণ্ডীর পাঠ সামান্য কাগজে ছাপা হইয়া, এইক্ষণে যে২ পাঠ ব্যবহার হইতেছে তাহার পরিবর্ত্তে ব্যবহার হইবার জন্যে, এই সিরিশ্‌তাহইতে তোমার নিকটে পাঠান যাইবেক।

এডমণ্ড ড্রমণ্ড।
মিলিটারী ডিপার্টমেণ্টে এক্‌টিং আকেক্টাণ্টেণ্ট
(যথার্থ নকল।)

আর লয়ড।
এক্‌টিং প্রধান অচিহ্নিত আসিষ্টাণ্ট।
JOHN ROBINSON, *Bengalee Translator.*

CIRCULAR ORDERS OF THE SUDDER DEWANNY, ADAWLUT.

No. 29.

To the Civil Judges in the Lower Provinces.

I am directed by the Court to forward to you the accompanying Tabular Form and to request that you will have it filled up and returned to this Office within one week from the date of its receipt, showing 1st the rate per diem of Tullubana to Peons engaged in serving processes in your own Court, 2nd in the Principal Sudder Ameen's Court, 3rd in the Sudder Ameen's Court, and 4th in the Moonsiffs' Courts of your District.

2nd. If the rates vary from those prevailing in the Districts contiguous to your own, you will report the reason of the difference and the authority (if traceable) by which the present rates were fixed.

3rd. You will also be careful to ascertain and report, whether in your District boat hire is deposited as a charge independent of the regular Tullubana for the Peadah, and at what rate it is calculated.

(Signed) C. T. BUCKLAND,
Register.

Fort William, the 8th September, 1854.

সদর দেওয়ানী আদালতের সরকুলর অর্ডর।

২৯ নম্বর।

বাঙ্গলাপ্রভৃতি দেশের শ্রীযুত সিবিল জজ সাহেব বরাবরেষু।

সদর আদালতের আদেশমতে, নীচের লিখিত টেবিলের পাঠ তোমার নিকটে পাঠাইয়া আদেশ করিতেছি যে তুমি তাহা পূর্ণ করাইয়া তাহা পাইবার তারিখের পর এক সপ্তাহের মধ্যে এই দফ্তরখানায় পাঠাও। তাহাতে এই২ বিষয় দৃষ্ট হইবেক অর্থাৎ ১। তোমার আপন আদালতে, ২। তোমার জিলার প্রধান সদর আমীনের আদালতে, ৩। সদর আমীনের আদালতে, ও ৪। মুনসেফের আদালতে, যে পেয়াদারা পরওয়ানা জারীর কর্ম্মেতে নিযুক্ত আছে তাহারা দিনপ্রতি যে হারে তলবানা পায় তাহা।

২। তোমার নিকটস্থ জিলাতে যে২ হার চলন আছে, তাহাতে যদি তোমার জিলাতে চলিত হারের বৈলক্ষণ্য থাকে তবে ঐ বৈলক্ষণ্যের কারণের এবং (যদি জানা যাইতে পারে তবে) যাঁহার আজ্ঞাতে বর্ত্তমান চলিত হার নিরূপণ হইয়াছিল এই বিষয়ের রিপোর্ট কর।

৩। আরো তোমার জিলাতে পেয়াদার রীতিমতের তলবানাছাড়া নৌকার ভাড়া, খরচ বলিয়া আমানৎ হইতেছে কি না, আর তাহার যে হারে হিসাব হয় এই বিষয় তুমি মনোযোগপূর্ব্বক নিশ্চয় জানিয়া রিপোর্ট কর।

সি টি বক্‌লাণ্ড। রেজিষ্টর।

ফোর্ট উলিয়ম। ১৮৫৪ সাল ৮ সেপ্টেম্বর।

FORM.

Rate per diem of Tullubana in the Judge's Court.	Do. Do. in the Principal Sudder Ameen's Court.	Do. Do. in the Sudder Ameen's Court.	Do. Do. in Moonsiffs' Courts.	Amount of boat hire in addition to Peadah's fees if found to prevail.	Reason of difference from rates of adjacent districts (if any) and authority (if traceable) by which the rates were fixed.

[গবর্ণমেণ্ট গেজেট । ১৮৪৪ । ৬ নবেম্বর ।]

পাঠ।

জজ সাহেবের আদালতে দিন প্রতি তলবানার হার	প্রধান সদর আমীনের আদালতে ঐ ঐ	সদর আমীনের আদালতে ঐ ঐ	মুনসেফেরদের আদালতে ঐ ঐ	পেয়াদার তলবানার অতিরিক্ত যদি নৌকার ভাড়া দেওনের ব্যবহার চলন হয় তবে তাহা যত হয়	নিকটস্থ জিলার হারের সঙ্গে হারের বৈলক্ষণ্য হইলে তাহার কারণ আর (যদি জানা যাইতে পারে তবে) যাঁহার আজ্ঞামতে ঐ হার নিরূপণ হয়।

No. 28.

To the Civil Authorities in the Lower Provinces.

By Section 20, Regulation XXVI. 1814, and Construction No. 249 of 15th May, 1816, lists of exhibits and witnesses in Summary Appeals and miscellaneous cases do not require a Stamp, it appears however from the returns submitted to the Court, that an erroneous practice prevails in many districts of requiring petitions for the filing of Exhibits and for the summoning of witnesses in such cases to be written on Stamp paper. With reference to the above law and under articles 5 and 11 Schedule B. Regulation X. of 1829 the Court notify that a Stamp is only required for the above purposes in Regular suits.

(Signed) C. T. BUCKLAND,
Register.

Fort William, the 1st September, 1854.

CIRCULAR ORDER OF THE SUDDER NIZAMUT ADAWLUT.

No. 10.

To the Criminal Authorities in the Lower and Extra Regulation Provinces.

Adverting to Construction No. 1030, and with reference to the compensation, which may be awarded to a Prosecutor under Act XVI. of 1850, the Court direct that, in a case where the alleged value of the stolen property is *the only reason* for the commitment of the Prisoner, the Magistrate shall put on record such proof as may show reasonable probability that the loss sustained by the Prosecutor really amounts to the sum specified and charged in the indictment.

2. As regards Act 16, 1850, the Court, observe that, in the application of a heavily penal law, such as the act in question, much care and discrimination are necessary, so as to reduce within fairly credible limits the amount of loss on account of which a fine is awarded as compensation.

(Signed) C. T. BUCKLAND,
Register.

Fort William, the 12th September, 1854.

No. 1756.

FORT WILLIAM,
CIVIL AUDITOR'S OFFICE,
The 9th October, 1854.

NOTIFICATION.

Civil and Sessions Judges, Collectors, Magistrates, and all other Officers who have in their respective Departments, or serving under them, any of the Superior Class of Uncovenanted Servants, whose salaries are included in their respective Abstracts, are requested to transmit with each of their Bills and Abstracts for September and October 1854, Certificates stating when Principal Sudder Ameens, Sudder Ameens, Moonsiffs, Deputy Collectors, Deputy Magistrates and other Uncovenanted Servants,

২৮ নম্বর।

বাঙ্গলাপ্রভৃতি দেশের শ্রীযুত দেওয়ানীর কার্য্যকারক সাহেব বরাবরেষু

১৮১৪ সালের ২৬ আইনের ২০ ধারামতে ও ১৮১৬ সালের ১৫ মে তারিখের ২৪৯ নম্বরী আইনের অর্থমতে, সরাসরী আপীলেতে ও মুৎফরকা মোকদ্দমায় দলীল দস্তাবেজের ফিরিস্তেতে ও সাক্ষিদের ইসমনবীসীতে ইষ্টাম্পের আবশ্যক নাই। কিন্তু সদর আদালতে যে২ রিটর্ণ উপস্থিত করা গিয়াছে তাহাতে দৃষ্ট হয় যে সেই প্রকার মোকদ্দমায় দলীলদস্তাবেজ দাখিল করণের ও সাক্ষিদিগকে তলব করণের দরখাস্ত ইষ্টাম্প কাগজে লিখিবার আদেশ করণের ভ্রমযুক্ত ব্যবহার অনেক জিলাতে চলন আছে উপরের উক্ত আইনের উপলক্ষে এবং ১৮২৯ সালের ১০ আইনের B চিহ্নিত তফসীলের ৫ ও ১১ প্রকরণমতে সদর আদালতের সাহেবেরা জানাইতেছেন যে উক্ত বিষয়ে কেবল নম্বরী মোকদ্দমায় ইষ্টাম্প কাগজের আবশ্যক আছে।

সি টি বকলাণ্ড। রেজিষ্টর।

ফোর্ট উলিয়ম। ১৮৫৪ সাল ১ সেপ্টেম্বর।

সদর নিজামৎ আদালতের সরক্যুলর অর্ডর।

১০ নম্বর।

বাঙ্গলাপ্রভৃতি দেশের ও আইনবহির্ভূত প্রদেশের শ্রীযুত ফৌজদারীর কার্য্যকারক সাহেব বরাবরেষু।

১০৩০ নম্বরী আইনের অর্থের উপলক্ষে এবং ১৮৫০ সালের ১৬ আইনানুসারে ফরিয়াদীর ক্ষতিপূরণার্থে তাহাকে যে টাকা দবার হুকুম হইতে পারে তাহার বিষয়ে সদর আদালতের সাহেবেরা আজ্ঞা করিয়াছেন যে, কোন মোকদ্দমায় যদি চোরা জিনিসের কথিত মূল্যভিন্ন কয়েদীকে সোপর্দ্দ করণের অন্য কারণ না থাকে, তবে নালিশপত্রে যে টাকা নির্দ্দিষ্ট ও যত টাকার বাবৎ নালিশ হইয়াছে ফরিয়াদীর নিতান্ত তাহারই তুল্য ক্ষতি হইয়াছে এমত যুক্তিসিদ্ধ সম্ভাবনা যাহাতে দৃষ্ট হয় ত দৃশ প্রমাণ মাজিষ্ট্রেট সাহেব রিকার্ডে লেখেন।

২। ১৮৫০ সালের ১৬ আইনের বিষয়ে সদর আদালতের সাহেবেরা কহিতেছেন যে উক্ত প্রকার অতিভারি দণ্ড নিরূপণের আইন কোন মোকদ্দমায় খাটাইলে যে ক্ষতিপূরণস্বরূপ জরীমানার হুকুম হয় সেই ক্ষতির মোট ন্যায্যমতে বিশ্বাসযোগ্য সীমাসংখ্যার মধ্যে আনিবার জন্যে অতিশয় সতর্কতা ও সদ্বিবেচনার আবশ্যক আছে।

সি টি বকলাণ্ড। রেজিষ্টর।

ফোর্ট উলিয়ম। ১৮৫৪ সাল ১২ সেপ্টেম্বর।

JOHN ROBINSON, *Bengalee Translator.*

১৭৫৬ নম্বর।

ফোর্ট উলিয়ম।

সিবিল আডিটর সাহেবের নফরখানা।

১৮৪৫ সাল ৯ অক্টোবর।

বিজ্ঞাপন।

সিবিল ও সেশন জজ ও কালেক্টর ও মাজিষ্ট্রেট সাহেবদিগকে এবং অন্যান্য যে কার্য্যকারক সাহেবেরদের সিরিশতাশ উচ্চ শ্রেণীর অচিহ্নিত কোন কার্য্যকারকেরা থাকেন কিম্বা অধীনে কর্ম্ম করেন অথচ তাঁহারদের বেতন আপনারদের বেতনের বিলের মধ্যে লেখা যায় সেই সকল কার্য্যকারক সাহেবদিগকে আদেশ হইতেছে যে তাঁহারা যখন ১৮৫৪ সালের সেপ্টেম্বর ও অক্টোবর মাসের বিল ও চুম্বক পাঠাইবেন তখন তাহার সঙ্গে, প্রধান সদর আমীনেরা ও সদর আমীনেরা ও মুনসেফেরা ও ডেপুটী কালেক্টরেরা ও ডেপুটী মাজিষ্ট্রেটেরা ও অচিহ্নিত অন্যা-

obtain leave of absence, with the dates, respectively of their leaving and resuming their duties, during the Dusserah and Mohurrum Vacations, as the want of such information occasions much inconvenience and delay in auditing the Abstracts of the Mofussil authorities.

W. P. PALMER, *Civil Auditor.*

NOTIFICATIONS.

ORDERS BY THE SUDDER DEWANNY ADAWLUT.

LEAVES OF ABSENCE.

The 3d November, 1854.

Moonshee Summeenooddeen Ahmed, Moonsiff of Sarhut, Zillah Beerbhoom, for six weeks, in extension of that granted on the 13th June last.

Baboo Gobind Chand Bose, Moonsiff of Paragacha, Zillah Dacca, for fifteen days.

Baboo Gourchunder Mujoomdar, Moonsiff of Tallah, Zillah Jessore, for two weeks, in excess of the vacations.

Moulvie Asudoollah, Moonsiff of Bishenpore, Zillah West Burdwan, for one day, viz., the 24th instant.

Moulvie Mahomed Mahmood, Moonsiff of Begumgunge, Zillah Tipperah, for two weeks, on Medical Certificate.

Syud Khadem Hossein, Moonsiff of Ghoraghat, Zillah Dinagepore, for three weeks.

Baboo Kumlakanth Chuckerbutty, Moonsiff of Hathazaree, Zillah Chittagong, for seven days, in excess of the vacations.

Baboo Poornochunder Banerjea, Moonsiff of Kandra, Zillah Beerbhoom, for eight days.

Syud Abdoollah, Moonsiff of Nittrokonah, Zillah Mymensingh, for seventeen days, in excess of the vacations, on Medical Certificate.

Moonshee Ally Newaz, Moonsiff of Ameergong, Zillah Tipperah, for five days.

C. T. BUCKLAND, *Register.*

রাজকর্ম্মে নিয়োগ।

২৩০৮ নম্বর

বাঙ্গলা দেশের শ্রীযুত লেপ্টেনেন্ট গবরনর সাহেবের হুকুম।

ছুটী।

১৮৫৪ সাল ১৯ অক্টোবর।

জরীপী কার্য্যের চতুর্থ অর্থাৎ পশ্চিম এলাকার রাজয়সম্পর্কীয় একটিং সরবেয়র শ্রীযুত কাপ্তান জে ই গাষ্ট্রেল সাহেব (Captain J. E. Gastrell,) স্বীয় কর্ম্মোপলক্ষে দুই সপ্তাহের ছুটী পাইয়াছেন।

১৮৫৪ সাল ২০ অক্টোবর।

ক্ষুদ্র২ মোকদ্দমার আদালতের প্রথম জজ শ্রীযুত মাকলোড ওয়াইলি সাহেব (Mr. Macleod Wylie,) চিকিৎসকের সর্টিফিকটক্রমে পনের দিনের ছুটী পাইয়াছেন।

ডবলিউ গ্রে।

বাঙ্গলা দেশের গবর্ণমেন্টের সেক্রেটারী।

[*Government Gazette, 7th November,* 1854.]

ন্য কার্য্যকারকেরা দশহরার ও মহরমের বন্দে ছুটী লইলে যে তারিখে ছুটী লন ও যে তারিখে আপন২ সিরিশ্তার কর্ম্মের ভার ত্যাগ করেন ও পুনর্গ্রহণ করেন তাহার এক২ সর্টিফিকট পাঠান্। এমত সম্বাদ না থাকাতে মফঃসলের কার্য্যকারক সাহেবেরদের বেতনের বিল আডিট করিতে অধিক ক্লেশ ও বিলম্ব হয়।

ডবলিউ সি পামর। সিবিল আডিটর।

বিজ্ঞাপন।

সদর দেওয়ানী আদালতের হুকুম।

ছুটী।

১৮৫৪ সাল ৩ নবেম্বর।

জিলা বীরভূমের সারহাটের মুনসেফ শ্রীযুত মুনশী সমীনউদ্দীন আহমদ গত জুন মাসের ১৩ তারিখে যে ছুটী পান তদতিরিক্ত ছয় সপ্তাহের ছুটী পাইয়াছেন।

জিলা ঢাকার পারাগাছার মুনসেফ শ্রীযুত বাবু গোবিন্দচাঁদ বসু পনের দিনের ছুটী পাইয়াছেন।

জিলা যশোহরের টালার মুনসেফ শ্রীযুত বাবু গৌরচন্দ্র মজুমদার বন্দের অতিরিক্ত দুই সপ্তাহের ছুটী পাইয়াছেন।

জিলা পশ্চিম বর্দ্ধমানের বিষ্ণুপুরের মুনসেফ শ্রীযুত মৌলবী আসদ উল্লা এক দিন অর্থাৎ ২৪ তারিখের ছুটী পাইয়াছেন।

জিলা ত্রিপুরার বেগমগঞ্জের মুনসেফ শ্রীযুত মৌলবী মহম্মদ মামুদ চিকিৎসকের সর্টিফিকটক্রমে দুই সপ্তাহের ছুটী পাইয়াছেন।

জিলা দিনাজপুরের ঘোড়াঘাটের মুনসেফ শ্রীযুত সৈয়দ খাদেম হুসেন তিন সপ্তাহের ছুটী পাইয়াছেন।

জিলা চাটিগাঁয়ের হাটহাজারীর মুনসেফ শ্রীযুত বাবু কমলাকান্ত চক্রবর্ত্তী বন্দের অতিরিক্ত সাত দিনের ছুটী পাইয়াছেন।

জিলা বীরভূমের কান্দরার মুনসেফ শ্রীযুত বাবু পূর্ণচন্দ্র বাঁড়ুয্যা আট দিনের ছুটী পাইয়াছেন।

জিলা ময়মুনসিংহের নেত্রকোণার মুনসেফ শ্রীযুত সৈয়দ আবদুল্লা চিকিৎসকের সর্টিফিকটক্রমে বন্দের অতিরিক্ত সতেরো দিনের ছুটী পাইয়াছেন।

জিলা ত্রিপুরার আমির গাঁয়ের মুনসেফ শ্রীযুত মুনশী আলী নেওয়াজ পাঁচ দিনের ছুটী পাইয়াছেন।

সি টি বকলাণ্ড রেজিষ্টর।

২৩৩১ নম্বর।

বাঙ্গলা দেশের শ্রীযুত লেপ্টেনেন্ট গবরনর সাহেবের হুকুম।

নিয়োগ।

১৮৫৪ সাল ২০ অক্টোবর।

শ্রীযুত ডবলিউ এফ মাকডনেল সাহেব (Mr. W. F. McDonnell,) চাম্পারণের জাইন্ট মাজিষ্ট্রেট ও ডেপুটী কালেক্টরের কর্ম্ম নির্ব্বাহ করিবেন।

১৮৫৪ সাল ২১ অক্টোবর।

শ্রীযুত এচ এফ জেম্স সাহেব (Mr. H. F. James,) চব্বিশপরগনা ও হুগলী ও নদীয়া এবং পূর্ব্ব ও পশ্চিম বর্দ্ধমানের অতিরিক্ত সেশন জজ হইবেন।

শ্রীযুত ই বেণ্টাল সাহেব (Mr. E. Bentall,) পূর্ব্ব বর্দ্ধমানের সিবিল ও সেশন জজ হইবেন।

ডবলিউ গ্রে।

বাঙ্গলা দেশের গবর্ণমেন্টের সেক্রেটারী।

No. 483.

Detailed Statement of the valuable enclosures found in the unclaimed letters opened in the Calcutta General Post Office, agreeably to Clause 27 Act No. 17 of 1837.

Date of opening.	From what place the letter was originally despatched.	Date of despatch.	Name of the Addressee.	Station to which the letter was despatched.	Bill of Exchange, Drafts or Hoondies.		Half Bank Notes.		Whole Bank Notes.		Remarks.
						Rs. As. P.					
1st Sept., 1854,	Calcutta, ...	8th September, 1852,	Debnauth Bundopadhay, ..	Bagundy, ..	0	0 0 0	21886	20 0 0			Under one cover.
	"	"	"	"	0	0 0 0	18116	15 0 0			
	Pooree,... ...	15th June, 1852, ...	Brojonauth Mitter, ...	Culnah, ...	0	0 0 0	5075	10 0 0			
	Calcutta, ...	11th February, 1852,	Juggernauth Dass, ...	Benares, ...	0	0 0 0	32016	100 0 0			
	Meerut, ...	26th January, 1852,	Lieut. Henry Baugh, 34th M. I.,	Umballa, ...	0	300 0 0	0	0 0 0			Promissory Notes of James Hiscomb.
	Dum-Dum, ...	12th February, 1852,	Monohur Dass, ...	Calcutta, ...	0	2000 0 0					Under one cover.
	"	"	"	"	0	1500 0 0					
				Total Co.'s Rs.		3800 0 0		145 0 0	0	0 0 0	

Calcutta General Post Office, the 31st October, 1854.

C. K. Dove, *Deputy Post Master General.*

[ইষ্টিয়ান্ ৬ । ৪৯৪৫ । বৃহস্পতিবার]

৪৮৩ নম্বর।

১৮৩৭ সালের ১৭ আইনের ২৭ ধারাক্রমে দাওয়া না হওয়া যে পত্র কলিকাতার সাধারণ ডাকঘরে খোলা গিয়াছে তাহার মধ্যে মূল্যবান যে২ বিষয় পাওয়া যায় তাহার কৈফিয়ৎ।

খুলিবার তারিখ	যে স্থানহইতে পত্র প্রথমে পাঠান যায়	পাঠাইবার তারিখ	যাহার নামে পত্র হয়	পত্রের শিরনামায় যে সাকিন লেখা যায়	বিল অফ এক্সচেঞ্জ কি হুণ্ডী কি দ্রাফ্‌ট		অর্দ্ধেক ব্যাঙ্ক নোট		পূরা ব্যাঙ্ক নোট		মন্তব্য কথা
						টাকা					
১৮৫৪। ১ সেপ্টেম্বর	কলিকাতা ...	১৮৫২ সাল ৮ সেপ্টেম্বর	দেবনাথ বন্দোপাধ্যায় ...	বাগুণ্ডী ...	০	০	২১৮৮৬	২০৲			একি খামে বন্দ।
	"	"	"	"	০	০	১৮১১৬	১৫৲			
	পুরী ...	১৮৫২ সাল ১৫ জুন ...	ব্রজনাথ মিত্র	কালনা ..	০	০	৫০৭৫	১০৲			
	কলিকাতা ...	১৮৫২ সাল ১১ ফেব্রুআরি	জগন্নাথ দাস	বানারস ..	০	০	৩২০১৬	১০০৲			
	মিরট ...	১৮৫২সাল ২৬ জানুআরি	মান্দ্রাজ সৈন্যের ৩৪ পল্টনের লেপ্টেনেণ্ট শ্রীযুত হেনরি বগ সাহেব	অম্বালা ...	০	৩০০৲	০	০			জেম্‌স হিসকোম্ব সাহেবের প্রমিসরি নোট।
	দমদমা ...	১৮৫২ সাল ১২ ফেব্রুআরি	মনোহর দাস	কলিকাতা ...	০	২০০০৲					একি খামে বন্দ।
	"	"	"	"	০	১৫০০৲					
				মোট কোং টাকা	০	৩৮০০৲	০	১৪৫৲	০	০	

কলিকাতা সাধারণ ডাকঘর। ১৮৫৪ সাল ৩১ অক্টোবর।

সি কে ডব।
ডেপুটী পোষ্ট মাষ্টর জেনরল।

SALT.

নিমক।

মাসকাবারী হিসাব মৌজুদ নমক মায় ৪ পরসেণ্ট গোলা শুল্কি বাবৎ লাগাদ ৩১ অক্টোবর সন ১৮৫৪ সাল প্রত্যেক এজেন্সীর ও শালিখার গোলায়

এজেন্সীর নাম	সন ১২৫৫ সাল ইং- রাজি ১৮৪৮। ৪৯ সাল এবং পূর্ব্ব সনহায়ের	সন ১২৫৬ সাল মোতাবক ইং ১৮৪৯। ৫০ সাল	সন ১২৫৭ সাল মোতাবক ইং ১৮৫০। ৫১ সাল	সন ১২৫৮ সাল মোতাবক ইং ১৮৫১। ৫২ সাল	সন ১২৫৯ সাল মোতাবক ইং ১৮৫২। ৫৩ সাল	সন ১২৬০ সাল মোতাবক ইং ১৮৫৩। ৫৪ সাল	মৌজুদ নমকের একুন
হিজলি।							
পাঙ্গা নমক ঘাট রসুলপুর।	০	০	০	০	০	৪,১৫০/	৪,১৫০/
ঐ ঐ কৃষ্ণনগর।	০	০	০	০	৪০/	৫২৬/	৫৬৬/
ঐ ঐ রামনগর।	০	০	০	০	৪৯৸৬৸	৬,৮৪৮/	৬,৮৯৭৸৬৸
ঐ ঐ উত্তর কালীনগর।	০	০	০	০	০	০	০
ঐ ঐ পুরীঘাটা।	০	০	০	০	০	৫৮,৭১২/	৫৮,৭১২/
একুন।	০	০	০	০	৮৯৸৬৸	৭০,২৩৬/	৭০,৩২৫৸৬৸
তমলুক।							
পাঙ্গা নমক ঘাট নারায়ণপুর।	০	০	০	০	০	১৪,২৯০/১॥	১৪,২৯০/১॥
একুন।	০	০	০	০	০	১৪,২৯০/১॥	১৪,২৯০/১॥
চট্টগ্রাম।							
পাঙ্গা নমক নেজামপুর ঘাট ডোমখালি।	০	০	০	০	০	০	
ঐ আরাকিন ঐ	০	০	০	০	০	০	০
ঐ সদর ঘাট এজেন্সী।	০	৮,৮৪৬॥০	০	০	০	১৪,০০৯ ।৫	২২,৮৫৫৸৫
ঐ ঐ আরাকিন।	০	০	০	০	০	৬২,৯৭০৸৪ ।	৬২,৯৭০৸৪ ।
একুন।	০	৮,৮৪৬॥০	০	০	০	৭৬,৯৮০/৯ ।	৮৫,৮২৬॥৯ ।

এজেন্সীর নাম।	সন ১২৫৫ সাল ইং রাজি ১৮৪৮। ৪৯ সাল এবং পূর্ব্ব সন হায়ের	সন ১২৫৬ সাল মোতাবক ইং ১৮৪৯। ৫০ সাল	সন ১২৫৭ সাল মোতাবক ইং ১৮৫০। ৫১ সাল	সন ১২৫৮ সাল মোতাবক ইং ১৮৫১। ৫২ সাল	সন ১২৫৯ সাল মোতাবক ইং ১৮৫২। ৫৩ সাল	সন ১২৬০ সাল মোতাবক ইং ১৮৫৩। ৫৪ সাল	মৌজুদ নমকের একুন
শালিখা।							১,৪৬,২৩৪৸৫
পাঙ্গা নমক কটক।	১,৪২,৪০৪/৫	৩,১৬২৸৭	৬৬৭৸৩				
ঐ ঐ বালেশ্বর।							
ঐ ঐ খোরদা।							
ঐ ঐ চিলকা।							
ঐ হিজলি রামনগর।							
ঐ রসুলপুর।							৩,৬১,০৬৮।৫
ঐ ২৪ পরগনা নারায়ণপুর নমক।	৩,৬১,০৬৮।৫						৯,২০,৭৮৫/
ঐ ঐ ডাইমনহারবর।	১,২০,৭৮৫/					৩১,৫৭৫/	৩১,৫৭৫/
ঐ সাগর।							
মান্দ্রাজ পরমিট নেমক।							
একুন।	৬,২৪,২৫৭॥০	৩,১৬২৸৭	৬২৭৸৩			৩১,৫৭৫/	৬,৫৯,৬৬৩।০
আরাকিন।						২৫,৭৮৮৸৭	২৫,৭৮৮৸৭
পাঙ্গা ঘাট কৈকফু।							
একুন।						২৫,৭৮৮৸৭	২৫,৭৮৮৸৭
মোট একুন।	৬,২৪,২৫৭॥০	১২,০০৯।৭	৬৬৭৸৩	৮৯৸৬৸		২,১৮,৮৭০/৭৸	৮,৫৫,৮৯৪৸৪॥

এ আর ইয়ং। এক্‌টিং ছোট সেক্রেটারী।

LAND ADVERTISEMENTS.

ভূমিবিষয়ক ইশ্‌তিহার।

জিলা বর্দ্ধমান।

ইস্তাহারনামা কাছারী কালেক্‌টরী জিলা বর্দ্ধমান।

সংবাদ দেওয়া যাইতেছে যে সন ১৮৪৫ সালের ১ আইনের ৬ ধারার মর্ম্মানুসারে জিলা বর্দ্ধমানের নিম্নের লিখিত মহাল নিমক চৌকী গোপীবল্লভপুরের মাজুল দারোগা নোতফলহকের সরকারী লবণ তছরূপ বাবুদি ৬৬৫৮॥০ টাকা দেনার নিমিত্ত উহার নীচের লিখিত জায়দাদ সন ১৮৫৪ সালের ২০ নবেম্বর মোং সন ১২৬১ সালের ৬ অগ্রহায়ণ তারিখে সোমবার দিবসে এই জেলার কালেটক্‌রীতে বিনাওজর নীলামে ধরা যাইবেক এবং নিতান্ত বিক্রয় হইবেক ইতি সন ১৮৫৪। ১ নবেম্বর।

নম্বর শ্রেণী	মহালের শ্রেণী	মহালের তৌজির নম্বর	মহালের নাম	মালিকের নাম	সদর জমা	সরকারী লবণ তছরূপ বাবুদি বাকী	মন্তব্য কথা
৬	সরকারী লবণ তছরূপ বাবুদি বাকীর জন্য	২৪০৮ নং	লাখেরাজ বাজেআপ্তি মৌজে যোত মজলিসের মধ্যে ৻১৮ গণ্ডা	মহম্মদ ওয়াজেদ দীং	৮২৻৩	৬৬৫৮॥০	জেলা মেদিনীপুর সংক্রান্ত নিমক চৌকী গোপীবল্লভপুরের মাজুল দারোগা নোতফল হকের সরকারী লবণ তছরূপ বাবুদি ৬৬৫৮॥০ টাকা সরকারী বাকী আদায় কারণ মৌজে যোত মজনিশ লাখেরাজ বাজেআপ্তি ৩৭॥৪। বিঘা জমীর মধ্যে দারোগা মজুরের ৻১৮ গণ্ডার অংশ অত্র জেলার শ্রীযুত মাজিষ্ট্রেট সাহেবের ২৩ জুন তারিখের রুবকারির আদেশমতে নীলাম হইবেক।
ঐ	ঐ	৩৭৪ নং	আয়মা বহরার মধ্যে প্রতিবাদির অংশ ৻১৮ গণ্ডা	মহিবুল্লা	৯৩৸/১০	ঐ	৩৭৪ নং আয়মা বহরার মধ্যে নোতফল হকের অংশ ৻১৮ গণ্ডা উপর দেনার জন্য নীলাম হইবেক ইতি।

E. S. PEARSON, *Offg. Collector.*

[গবর্ণমেণ্ট গেজেট ১৮৫৪। ৭ নবেম্বর।]

AUSPICIO REGIS ET SENATUS ANGLIÆ

গবর্ণমেণ্ট গেজেট

গবর্ণমেণ্টের আজ্ঞাক্রমে প্রকাশিত।

CALCUTTA, TUESDAY, NOVEMBER 14, 1854.

কলিকাতা মঙ্গলবার ১৮৫৪ সাল ১৪ নবেম্বর।

CALCUTTA PUBLICK LIBRARY

ACT.

LEGISLATIVE COUNCIL.

THE 4TH NOVEMBER, 1854.

THE following Act, passed by the Legislative Council, received the assent of the Most Noble the Governor General of India on the 4th of November, 1854, and is hereby promulgated for general information :—

ACT No. XXV. OF 1854.

An Act for discontinuing the practice of issuing warrants for the payment of money from the Treasuries of the Collectors.

[Preamble.]

WHEREAS the issue of warrants for the payment of money from the Treasuries of the Collectors is unnecessary. It is enacted as follows :

[Section XII. Regulation II. of 1793, Section XII. Regulation V. of 1795, Section XI. Regulation XXV. of 1803, and part of Section XVIII. Regulation VIII. of 1805 of the Bengal Code, repealed. Proviso.]

Section XII. Regulation II. of 1793, Section XII. Regulation V. of 1795, Section XI. Regulation XXV. of 1803, and so much of Section XVIII. Regulation VIII. of 1805 of the Bengal Code as extends Section XI. Regulation XXV. of 1803 to the Provinces and Territories specified in Section III. of that Regulation, are hereby repealed. Provided, however, that no money shall be paid away from any such treasury, except under the written order of the Collector or other officer in charge of the Treasury.

W. MORGAN,
Clerk of the Council.

আইন।

ব্যবস্থাপক কৌন্সেল।

ইঙ্গরেজী ১৮৫৪ সাল ৪ নবেম্বর।

ব্যবস্থাপক কৌন্সেলের জারীকরা নীচের লিখিত আইনের বিষয়ে ভারতবর্ষের শ্রীযুত মোষ্ট নোবল গবর্নর জেনরল বাহাদুর ১৮৫৪ সালের নবেম্বর মাসের ৪ তারিখে সম্মতি জ্ঞাপন করেন ও তাহা সকল লোককে জানাইবার নিমিত্তে ইহাতে প্রকাশ করা যাইতেছে।

ইঙ্গরেজী ১৮৫৪ সাল ২৫ আইন।

কালেক্টর সাহেবেরদের খাজানাখানাহইতে টাকা দিবার জন্যে পরওয়ানা দেওয়ার ব্যবহার রহিত করণের আইন।

[হেতুবাদ।]

যেহেতুক কালেক্টর সাহেবেরদের খাজানাখানাহইতে টাকা দেওনের জন্যে পরওয়ানা দেওয়া আবশ্যক নহে অতএব নীচের লিখিতমতে হুকুম হইল।

[১৭৯৩ সালের ২ আইনের ১২ ধারা ও ১৭৯৫ সালের ৫ আইনের ১২ ধারা ও ১৮০৩ সালের ২৫ আইনের ১১ ধারা ও বাঙ্গলা দেশের চলিত ১৮০৫ সালের ৮ আইনের ১৮ ধারার একাংশ রদ হইল। বর্জ্জিত কথা।]

১৭৯৩ সালের ২ আইনের ১২ ধারা, ও ১৭৯৫ সালের ৫ আইনের ১২ ধারা, ও ১৮০৩ সালের ২৫ আইনের ১১ ধারা, ও বাঙ্গলা দেশের চলিত ১৮০৫ সালের ৮ আইনের ১৮ ধারার যে অংশের দ্বারা ঐ আইনের ৩ ধারার নির্দ্দিষ্ট প্রদেশে ও দেশে ১৮০৩ সালের ২৫ আইনের ১১ ধারা বিস্তারিত হইয়া খাটান গিয়াছে সেই অংশ, ইহার দ্বারা রদ হইল। পরন্তু জানা কর্ত্তব্য যে, কালেক্টর সাহেবের কিম্বা খাজানাখানার ভারপ্রাপ্ত অন্য কার্য্যকারকের লিখিত হুকুম বিনা এমত কোন খাজানাখানাহইতে কিছু টাকা দেওয়া যাইবেক না ইতি।

ডবলিউ মর্গান।
কৌন্সেলের ক্লার্ক।

JOHN ROBINSON, *Bengalee Translator.*

DRAFT OF ACT.

LEGISLATIVE COUNCIL.

16TH SEPTEMBER, 1854.

THE following Bill was read a second time in the Legislative Council on the 16th of September, 1854, and referred to a Select Committee, who are to report thereon after the 20th of November next :—

A Bill for the more effectual suppression of affrays concerning the possession of Property.

[Preamble.]

WHEREAS the provisions of the existing law for preventing affrays concerning the possession of land within the Presidency of Fort William in Bengal have been found to be insufficient, and it is expedient to extend and alter the same ; It is hereby enacted as follows :—

[Acts repealed.]

I. Act No. IV. of 1840 Sections VI. and VII., Act XV. of 1845, and Act XXVII. of 1845, are hereby repealed, except in so far as they repeal any previous enactments, and except as to any order passed, acts done, offences committed, or liabilities incurred, before the passing of this Act.

[If a dispute about property causes, or is likely to cause, a breach of the peace, Magistrate is to inquire who was the actual possessor before dispute.]

II. Whenever a Magistrate has reason to believe, that a dispute exists concerning any property of whatever description, moveable or immoveable, or concerning any right to collect rents or dues, or concerning any road, water, fishery, or common, or the mode of using the same, and that such dispute has led, or is likely to lead, to a breach of the peace respecting the possession or use of such property, he may record the grounds of such belief, and summon all, or any of the parties concerned in the dispute, whether proprietors, dependent talookdars, under-farmers, ryots, or other persons, to attend his Court, in person or by agent, and make judicial inquiry in respect to the actual possession or use of the subject in dispute when the dispute arose, without reference to any question of right.

[Pending the inquiry Magistrate may take possession.]

III. Pending such inquiry, a Magistrate may attach, and take possession of the subject of dispute, and may retain possession thereof and may employ such Officers or other servants as may seem to him to be necessary for the due care and custody of such subject of dispute.

[The person having the actual possession or use before the dispute, to be put and maintained in possession. Expense of inquiry, &c., how to be realized.]

[গবর্ণমেণ্ট গেজেট ১৮৫৪ সাল ৫ নবেম্বর।]

আইনের মুসাবিদা।

ব্যবস্থাপক কৌন্সেল।

ইঙ্গরেজী ১৮৫৪ সাল ১৬ সেপ্টেম্বর।

আইনের নীচের লিখিত মুসাবিদা ইঙ্গরেজী ১৮৫৪ সালের ১৬ সেপ্টেম্বর তারিখে ব্যবস্থাপক কৌন্সেলে দ্বিতীয়বার পাঠ হইয়া বিশেষ কমিটির প্রতি অর্পিত হইল। তাঁহারা আগামি নবেম্বর মাসের ২০ তারিখের পর তদ্বিষয়ের রিপোর্ট করিবেন।

সম্পত্তির দখলের বিষয়ে দাঙ্গাহঙ্গামা আরও উত্তমরূপে নিবারণ করিবার আইনের মুসাবিদা।

[হেতুবাদ।]

যেহেতুক বাঙ্গলা দেশের ফোর্ট উলিয়ম রাজধানীর মধ্যে ভূমির দখলের বিষয়ে দাঙ্গাহঙ্গামা নিবারণ করিবার জন্যে যে আইন চলন আছে তাহার বিধান প্রচুর নহে দেখা গেল, আর তাহা বিস্তারিত করা ও পরিবর্ত্তন করা বিহিত। অতএব ইহার দ্বারা নীচের লিখিতমতে হুকুম হইল।

[যে২ আইন রদ হইল।]

১ ধারা। ১৮৪০ সালের ৪ আইনের ৬ ও ৭ ধারা ও ১৮৪৫ সালের ১৫ আইন ও ১৮৪৫ সালের ২৭ আইন ইহার দ্বারা রদ হইল। কিন্তু ঐ২ আইনের যে কথাতে পূর্ব্বের করা অন্য কোন আইন রদ হইয়াছে সেই কথা রদ হইবেক না, আর এই আইন জারী হওনের পূর্ব্বে যে কোন হুকুম জারী হইয়াছে কি কার্য্য করা গিয়াছে কি অপরাধ হইয়াছে কি দায় ঘটিয়াছে তাহার বিষয়ে ঐ২ আইন রদ হইল না ইতি।

[যদি সম্পত্তি বিষয়ের বিবাদেতে দাঙ্গা হয় কি হইবার সম্ভাবনা হয় তবে ঐ বিবাদের পূর্ব্বে দখীলকার নিতান্ত কে ছিল এই বিষয়ের তদারক মাজিষ্ট্রেট সাহেবের করিতে হইবেক।]

২ ধারা। যখন মাজিষ্ট্রেট সাহেব কোন কারণে বিশ্বাস করেন যে, স্থাবর কি অস্থাবর কোন প্রকার সম্পত্তির বিষয়ে, কিম্বা খাজানা কি পাওনা টাকা আদায় করিবার কোন স্বত্বের বিষয়ে, কিম্বা কোন পথ, কি জল, কি মাছ ধরিবার জলাশয়, কি মাঠের বিষয়ে, কিম্বা তাহার ব্যবহার করিবার নিয়মের বিষয়ে বিবাদ হইতেছে, আর সেই বিবাদেতে সেই সম্পত্তির দখলের কি ব্যবহারের বিষয়ে দাঙ্গা হইয়াছে কি হইবার সম্ভাবনা, তবে তিনি আপনার ঐরূপ বিশ্বাস করিবার কারণ লিখিয়া, ঐ বিবাদে যাহারা লিপ্ত থাকে তাহারা ভূম্যধিকারী কি মফঃসলী তালুকদার কি দরইজারদার কি রাইয়ৎ কি অন্য ব্যক্তি হউক, তাহারদের সকলকে কি কোন কাহাকে খোদ কি মোক্তারের দ্বারা তাঁহার আদালতে হাজির হইবার জন্যে তলব করিবেন। আর স্বত্বের বিষয়ের কোন কথা উল্লেখ না করিয়া, বিবাদ যে সময়ে আরম্ভ হইয়াছিল সেই সময়েতেই ঐ বিরোধীয় বিষয়ের নিতান্ত দখল ও ব্যবহারের বিষয়ে বিচারসম্পর্কীয় তদারক করিবেন ইতি।

[তদারক শেষ না হওনপর্য্যন্ত মাজিষ্ট্রেট সাহেব দখল করিতে পারেন।]

৩ ধারা। এমত তদারক সমাপ্ত না হওনপর্য্যন্ত মাজিষ্ট্রেট সাহেব বিবাদের সম্পত্তি ক্রোক করিয়া তাহার দখল করিতে পারেন ও তাহা দখলে রাখিতে পারেন, আর ঐ বিরোধীয় সম্পত্তির উপযুক্ত নেগাহবানী ও রক্ষা করিবার জন্যে যে আমলারা কি অন্য চাকরেরা তাঁহার বিবেচনায় আবশ্যক হয় তাহারদিগকে নিযুক্ত করিতে পারিবেন ইতি।

[বিবাদের পূর্ব্বে সম্পত্তি নিতান্ত যে ব্যক্তি দখল ও ব্যবহার করিতেছিল তাহাকেই দখল দেওয়া যাইবেক ও তাহা তাহার দখলে রাখা যাইবেক। তদারকপ্রভৃতি করিবার খরচ যেপ্রকারে আদায় হইবেক।]

IV. On the conclusion of such inquiry, the Magistrate shall record a proceeding, declaring who was in actual possession of the subject in dispute when the dispute arose, or (where the right to use, and not the property itself, is in dispute, and such use is capable of being exercised at all times of the year,) who may have exercised such right within three months from the date of the institution of such inquiry, or (where the right to use exists at particular seasons) who may have exercised such right when least capable of being exercised; and the proportions in which the expenses of the inquiry and of the custody and care of the subject in dispute are to be borne by all or any of those concerned, and may issue a warrant directing the Police Officers of his district to put such person or persons in possession of the subject of dispute, or to maintain him or them in the exercise of the right of use therein, employing force if necessary, until ousted by order of a competent Court. And he may realize such expenses from each of the parties by whom they are to be borne, by distress and sale of the moveable or immoveable property, other than the subject in dispute, of such party, in the manner prescribed for the levy of fines under Act II. of 1839.

[Upon complaint of forcible dispossession or disturbance party may be put and maintained in possession. Proviso.]

V. If any party complain to a Magistrate that he has been, without authority of law, forcibly dispossessed of any land, premises, water-courses, fisheries, crops, trees, or other produce of land, or of the right of use of any land or water within the jurisdiction of such Magistrate, whether the same were possessed by such party as proprietor, dependent talookdar, farmer, under-farmer, ryot, or otherwise, the Magistrate shall direct the issue of a notice requiring the party or parties complained against to appear and make defence, in person or by agent, within 15 days from the date of the service of such notice, and if after the examination of the necessary witnesses and documents, the complaint appears to him to be substantiated, he shall record a proceeding, ordering the party complaining to be put again into possession of the subject of dispute, and maintained in possession, until the right to possession be determined by a competent Court; provided that no such order shall be passed unless the party complaining of having been so dispossessed prefer his claim within one month from the time of such dispossession, or if such party be a Native Officer or Soldier, within such period as may be considered by the Magistrate reasonable,

৪ ধারা। সেই তদারক সমাপ্ত হইলে পর মাজিষ্ট্রেট সাহেব এক রুবকারী লিখিয়া, বিবাদ যে সময়ে আরম্ভ হয় সেই সময়ে ঐ বিরোধীয় সম্পত্তি নিতান্ত যাহার দখলে ছিল তাহার নাম অথবা (যে স্থলে সম্পত্তির বিষয়ে বিবাদ না হইয়া তাহার ব্যবহারের স্বত্বের বিষয়ে বিবাদ হয় আর ঐ বিষয়ের ব্যবহার বারো মাসেই হইতে পারে এমত স্থলে) ঐ তদারক আরম্ভ করণের পূর্ব্বে তিন মাসাবধি যে ব্যক্তি ঐ স্বত্বক্রমে কার্য্য করিয়াছে তাহার নাম, অথবা (যে স্থলে ব্যবহারের স্বত্ব বৎসরের কেবল কোন২ সময়ে হয় এমত স্থলে) যে সময়ে তাহার ব্যবহার প্রায় হইতে পারে না সেই সময়ে যে জন ঐ স্বত্বক্রমে কার্য্য করিয়াছে তাহার নাম, আর ঐ তদারক করিবার ও বিরোধীয় বিষয়ের নেগাহবানী ও রক্ষা করিবার খরচ, ঐ বিবাদেতে লিপ্ত সকল কি কোন২ ব্যক্তির যে হারে দিতে হইবেক তাহা প্রকাশ করিবেন। আর আপন জিলার পোলীসের আমলারদের নামে পরওয়ানা জারী করিয়া হুকুম করিতে পারেন যে তাহারা ঐ ব্যক্তিকে কি ব্যক্তিরদিগকে বিবাদের বিষয়ের দখল দেওয়ায়, কিম্বা যেপর্য্যন্ত উপযুক্ত আদালতের হুকুমক্রমে বেদখল না করা যায় সেইপর্য্যন্ত, ঐ সম্পত্তির ব্যবহারের স্বত্বক্রমে কার্য্য করণেতে তাহাকে কি তাহারদিগকে রক্ষা করে, আর যদি আবশ্যক হয় তবে বলপূর্ব্বক করে। আর ঐ বিবাদে লিপ্ত যে ব্যক্তিরদের ঐ খরচ দিতে হইবেক তাহারদের, ঐ বিরোধীয় সম্পত্তিছাড়া, অন্য স্থাবর কি অস্থাবর সম্পত্তি ক্রোক ও নীলাম করিয়া, মাজিষ্ট্রেট সাহেব ১৮৩৯ সালের ২ আইনানুসারে জরীমানা উসুল করিবার নির্দ্দিষ্ট প্রকারে, তাহারদের যাহার যত খরচ দিতে হইবেক তাহার স্থানে তত আদায় করিবেন ইতি।

[কোন ব্যক্তি বলপূর্ব্বক বেদখল হওনের কি দখলের বিষয়ে ক্লেশ পাওনের নালিশ করিলে তাহাকে দখল দেওয়া যাইতে পারে ও সেই সম্পত্তি তাহার দখলে রাখা যাইতে পারে। বর্জ্জিত কথা।]

৫ ধারা। যদি কোন ব্যক্তি মাজিষ্ট্রেট সাহেবের নিকটে নালিশ করে যে ঐ মাজিষ্ট্রেট সাহেবের এলাকার শামিল কোন ভূমি কি বাটী কি জলপ্রণালি কি মাছ ধরিবার জলাশয় কি ফসল কি গাছ কি জমীর উৎপন্ন অন্য দ্রব্যের কিম্বা কোন ভূমির কি জলের ব্যবহার করিবার স্বত্বহইতে আমাকে আইনের অনুমতি বিনা বলপূর্ব্বক বেদখল করা গিয়াছে, তবে সেই সম্পত্তি ভূম্যধিকারী কি মফঃসলী তালুকদার কি ইজারদার কি দরইজারদার কি রাইয়ৎস্বরূপে কি অন্য প্রকারে ঐ ব্যক্তির দখলে থাকুক মাজিষ্ট্রেট সাহেব এই মর্ম্মের এত্তেলা জারী করিবার হুকুম করিবেন যে, যে ব্যক্তির কি ব্যক্তিরদের নামে নালিশ হয় সে কি তাহারা ঐ এত্তেলা জারী হইবার তারিখের পর পনের দিনের মধ্যে খোদ কি মোখ্তারের দ্বারা হাজির হইয়া জওয়াব দেয়। আর আবশ্যক সাক্ষিরদের জোবানবন্দী লইলে পর ও দলীলদস্তাবেজ দেখিলে পর যদি তাঁহার বিবেচনায় ঐ নালিশ সাব্যস্ত হইয়াছে তবে তিনি রুবকারী লিখিয়া হুকুম করিবেন যে নালিশকরণিয়া ব্যক্তিকে বিরোধীয় সম্পত্তির দখল পুনশ্চ দেওয়া যায় ও দখলের স্বত্ব যেপর্য্যন্ত উপযুক্ত আদালতে নির্দ্ধার্য্য না হয় সেইপর্য্যন্ত ঐ সম্পত্তি তাহার দখলে রাখা যায়। পরন্তু যে ব্যক্তি সেই প্রকারে বেদখল হইবার বিষয়ে নালিশ করে সে যদি ঐরূপে বেদখল হওনের সময়ের পর এক মাসের মধ্যে আপন দাওয়া উপস্থিত না করে, অথবা সেই ব্যক্তি এদেশীয় হুদ্দাদার কি সিপাহী হইলে তাহার থাকিবার স্থানের দূরতা ও তাহার নিকটে সম্বাদ পঁহুছিবার উপায় বিবেচনা করিয়া মাজিষ্ট্রেট সাহেব যত কাল উচিত বোধ করেন তত কালের মধ্যে যদি

গবর্ণমেণ্টের আকেডেমি

with reference to the distance of such Native Officer or Soldier and the means of communication.

[Newly-formed land or property to be attached by Collector, who shall certify who is entitled to possession. Collector to exercise powers of Regulation VII. of 1822 and Regulation IX. of 1825. And to be guided by Regulation XI. of 1825.]

VI. If the subject of dispute be newly-formed land or other immoveable property, of which it appears to the Magistrate on enquiry that no party has ever had possession, the Magistrate may require the Collector to certify who is entitled to be put in possession of the disputed property, and to attach and manage the same until one of the contending parties shall be put in possession. For this purpose the Collector may exercise all the powers prescribed by Regulations VII. of 1822 and IX. of 1825 of the Bengal Code, and in making the said declaration shall be guided, as far as possible, by the principles laid down in Regulation XI. of 1825 of the Bengal Code.

[Magistrate to put the party in possession and Collector to pay him the rents.]

VII. On the receipt of such declaration the Magistrate shall put the party named in such declaration as entitled to the possession of such property, in possession thereof, and it shall be lawful for the Collector to pay to such party the rents and produce, or such portion thereof as may remain after satisfying the expenses attendant on, and incident to, the management of such property.

[Reference to Arbitration.]

VIII. The Magistrate may, with the consent of the parties concerned, refer any case brought before him under Section II. of this Act, to an Arbitrator or Arbitrators, for inquiry and decision, and in such case the Magistrate, in recording the Official proceeding specified in Section IV., shall be guided by the award of the Arbitrators as to the party to be put in possession of the subject in dispute.

[No appeal from order of Magistrate or Collector, but Sessions Judge may, within a month, call for the record and require further evidence to be taken.]

IX. There shall be no appeal from any order passed by a Magistrate or Collector under the foregoing Sections of this Act, but at any time within one month after the date of such order or declaration, the Sessions Judge may, on application of any of the parties concerned, call for the record, and if it should appear that there has been any fault in the proceedings of the Magistrate or Collector, whereby any party has been denied a fair hearing, or there has been otherwise a failure of substantial justice, he may require the Magistrate to take further evidence, and, if necessary, to review his former decision. But no order of a Magistrate or Collec-

দাওয়া উপস্থিত না করা যায়, তবে ঐ প্রকার হুকুম করা যাইবেক না ইতি।

[চড়া ভূমি কি সম্পত্তি কালেক্টর সাহেব ক্রোক করিবেন আর যাহার দখলের স্বত্ব আছে এ বিষয়ের সর্টিফিকট দিবেন, কালেক্টর সাহেব ১৮২২ সালের ৭ আইন ও ১৮২৫ সালের ৯ আইনের ক্ষমতানুসারে কার্য্য করিবেন আর ১৮২৫ সালের ১১ আইনমতে কার্য্য করিবেন।]

৬ ধারা। যদি অল্প কালের চড়া ভূমির, কিম্বা মাজিষ্ট্রেট সাহেব তদারক করিয়া যে সম্পত্তি কখন কোন কাহারও দখলে ছিল না দেখেন এমত কোন স্থাবর সম্পত্তি রবিষয়ে বিবাদ হয়, তবে মাজিষ্ট্রেট সাহেব কালেক্টর সাহেবকে হুকুম করিতে পারেন যে সর্টিফিকট লিখিয়া ঐ বিরোধীয় সম্পত্তির দখল পাইবার যাহার স্বত্ব আছে তাহা জ্ঞাত করেন, আর বিবাদকরণিয়া ব্যক্তিরদের কোন এক জনকে যেপর্য্যন্ত দখল না দেওয়া যায় সেইপর্য্যন্ত তাহা ক্রোক করিয়া তাহার সরবরাহ করেন। এই অভিপ্রায়ে কালেক্টর সাহেব বাঙ্গলা দেশের চলিত ১৮২২ সালের ৭ আইনের ও ১৮২৫ সালের ৯ আইনের নির্দ্দিষ্ট সকল ক্ষমতামতে কার্য্য করিতে পারেন, আর উক্ত সর্টিফিকট লিখনের বিষয়ে তিনি বাঙ্গলা দেশের চলিত ১৮২৫ সালের ১১ আইনে যে মূল নিয়ম নির্দ্দিষ্ট হইয়াছে সেই নিয়মানুসারে সাধ্যমতে কার্য্য করিবেন ইতি।

[মাজিষ্ট্রেট সাহেব ঐ ব্যক্তিকে দখল দেওয়াইবেন ও কালেক্টর সাহেব তাহাকে খাজানা দিবেন।]

৭ ধারা। ঐ সর্টিফিকট পাইলে পর তাহাতে যে ব্যক্তি ঐ সম্পত্তির দখল পাইবার স্বত্ববান প্রকাশ হইয়াছে তাহাকে মাজিষ্ট্রেট সাহেব তাহার দখল দেওয়াইবেন। আর কালেক্টর সাহেবের ক্ষমতা থাকিবেক যে ঐ জমীর খাজানা ও উৎপন্ন, কিম্বা ঐ ভূমির সরবরাহ করণসম্পর্কীয় ও তৎসম্বলিত যত খরচ লাগে তাহা দিলে পর ঐ খাজানাপ্রভৃতির যে অংশ অবশিষ্ট থাকে তাহা, তাহাকে দেন ইতি।

[সালিসীতে অর্পণ করণ।]

৮ ধারা। এই আইনের ২ ধারানুসারে যে মোকদ্দমা মাজিষ্ট্রেট সাহেবের সম্মুখে উপস্থিত করা যায় তাহাতে লিপ্ত ব্যক্তিরদের সম্মতিক্রমে তিনি এমত কোন মোকদ্দমা তদারক ও নিষ্পত্তি হইবার জন্যে এক কি অনেক জন সালিসের প্রতি অর্পণ করিতে পারেন। আর তাহা করিলে মাজিষ্ট্রেট সাহেব যখন ৪ ধারার নির্দ্দিষ্ট রুবকারী লিখিবেন তখন বিরোধীয় সম্পত্তির দখল যে ব্যক্তিকে দিতে হইবেক তদ্বিষয়ে তিনি সালিসের ফয়সলামতে কার্য্য করিবেন ইতি।

[মাজিষ্ট্রেট কি কালেক্টর সাহেবের হুকুমের উপর আপীল নাই কিন্তু সেশন জজ সাহেব এক মাসের মধ্যে কাগজপত্র তলব করিয়া অধিক প্রমাণ লইবার হুকুম করিতে পারেন।]

৯ ধারা। এই আইনের পূর্ব্ব২ ধারানুসারে মাজিষ্ট্রেট সাহেব কি কালেক্টর সাহেব যে কোন হুকুম করেন তাহার উপর আপীল হইবেক না। কিন্তু ঐ হুকুমের কি সর্টিফিকটের তারিখের পর এক মাসের মধ্যে কোন সময়ে ঐ বিবাদে লিপ্ত কোন ব্যক্তির দরখাস্তমতে সেশন জজ সাহেব কাগজপত্র তলব করিতে পারিবেন। আর যদি দৃষ্ট হয় যে মাজিষ্ট্রেট কি কালেক্টর সাহেবের কার্য্যেতে কোন দোষ হইয়াছে ও তৎপ্রযুক্ত কোন ব্যক্তির কথা ন্যায্যমতে শুনা যায় নাই কিম্বা অন্যপ্রকারে প্রকৃত বিচারের ত্রুটি হইয়াছে তবে তিনি মাজিষ্ট্রেট সাহেবকে অধিক প্রমাণ লইতে ও আবশ্যক হইলে আপনার পূর্ব্বকরা নিষ্পত্তি সংশোধন করিতে হুকুম করিতে পারেন। কিন্তু এই আইনের পূর্ব্ব২ বিধানমতে মাজিষ্ট্রেট কি কালেক্টর

tor passed under the foregoing provisions of this Act shall be suspended or stayed, nor shall any such order be modified or reversed, except under the provisions of this Section, or by the judgment of a Civil Court passed on a regular suit.

[Saving of legal right of attachment or seizure.]

X. Nothing in this Act contained shall affect the legal exercise of any right of attachment or seizure vested by law in any parties.

[Penalty for opposing the execution of an order.]

XI. Whoever, by force or threats, opposes or impedes the execution of an order passed by a Magistrate under any of the preceding Sections of this Act, or knowingly contravenes the same, is liable to imprisonment, with or without labor, at the discretion of the Magistrate, for a term not exceeding six months, or to fine not exceeding Rupees 200, commutable, if not paid, to a period of imprisonment not exceeding six months, or to both imprisonment and fine as aforesaid.

[If breach of peace appear probable, Magistrate may employ Police for prevention, and charge the cost of their maintenance upon the parties.]

XII. Whenever it shall appear to the Magistrate that a breach of the peace is likely to be committed, or that it is necessary to take special measures for the prevention of any heinous violence, he may employ any reasonable number of Police, for such time as may appear to him to be necessary, for the purpose of preventing a breach of the peace or other crime, and may, after summoning and hearing the parties, charge the cost of maintaining such Police, in such proportions as he may think proper, upon the persons by, or on whose behalf, or with whose consent, such breach of the peace or other crime was likely to be committed; and such cost, when charged, shall be realized in the manner prescribed in Section III.

[Penalty for not giving correct list of retainers, &c.]

XIII. Any land-holder, farmer, or other person, owning or occupying land, who, on being required by the Magistrate at any time of the year to furnish him with a list, in the form A. appended to this Act, of all guards, watchmen, messengers, retainers, and other like servants, (not being actually and ordinarily employed in household or menial offices) in his employ at that time, or of such servants employed or discharged during the current calendar year, refuses or omits to do so, or who omits to include in such list the name of any such servant employed by him during the year, or who makes any untrue statement therein, shall for every such offence be liable to fine not exceeding Rupees 100.

[Magistrate may in certain cases require land-

সাহেব যে কোন হুকুম করেন তাহা স্থগিত কি রহিত হইবেক না কিম্বা এমত কোন হুকুম পরিবর্ত্তন কি অন্যথা হইবেক না। কেবল এই ধারার বিধানানুসারে অথবা নম্বরী মোকদ্দমাতে দেওয়ানী আদালত যে বিচার করেন তদনুসারে ঐ হুকুম স্থগিতপ্রভৃতি হইতে পারিবেক ইতি।

[আইনমতে ক্রোক কি দখল করণের স্বত্ব রক্ষা করণ।]

১০ ধারা। কোন ব্যক্তির প্রতি আইনমতে ক্রোক কি দখল করিবার যে কোন স্বত্বার্পণ হইয়াছে তদনুসারে আইনানুযায়ি কার্য্য করণের ক্ষতিবৃদ্ধি এই আইনের কোন কথার দ্বারা হইবেক না ইতি।

[হুকুম জারী করিবার বাধা করণের দণ্ড।]

১১ ধারা। এই আইনের পূর্ব্ব লিখিত কোন ধারাক্রমে মাজিষ্ট্রেট সাহেব যে কোন হুকুম করেন তাহা জারী হইবার বিষয়ে, যে কেহ বলদ্বারা কি ভয় দর্শাওনের কথার দ্বারা প্রতিবন্ধকতা কি বাধা করে, কিম্বা যে কেহ জানিয়া শুনিয়া তাহার বিপরীত কার্য্য করে, সেই ব্যক্তি ছয় মাসের অধিক না হয় এমত মিয়াদে, মাজিষ্ট্রেট সাহেবের বিবেচনামতে পরিশ্রমসহিত কি পরিশ্রমবিনা, কয়েদ হইবার কিম্বা ২০০৲ টাকার অধিক না হয় এমত জরীমানা দিবার যোগ্য হইবেক। ঐ জরীমানার টাকা না দেওয়া গেলে, ছয় মাসের অধিক না হয় এমত মিয়াদে কয়েদ হইতে পারিবেক, কিম্বা উক্ত প্রকারে কয়েদ ও জরীমানা উভয় দণ্ডের যোগ্য হইবেক ইতি।

[দাঙ্গার সম্ভাবনা হইলে মাজিষ্ট্রেট সাহেব তাহা নিবারণের জন্যে পোলীসের আমলারদিগকে পাঠাইতে পারেন ও তাহারদের খোরাকের খরচ ঐ লোকেরদের দিতে হইবেক।]

১২ ধারা। যদি মাজিষ্ট্রেট সাহেব কোন সময়ে বোধ করেন যে দাঙ্গা হইবার সম্ভাবনা, কিম্বা কোন ভারি ফসাদ নিবারণ করিবার বিশেষ উপায় করা আবশ্যক, তবে তিনি ঐ দাঙ্গা কি অন্য অপরাধ নিবারণের জন্যে যত কাল আবশ্যক বোধ করেন তত কাল পোলীসের আমলারদের যত জন উপযুক্ত হয় তত জনকে ঐ কর্ম্মে নিযুক্ত করিবেন। আর উভয় পক্ষের লোকদিগকে তলব করিয়া তাহারদের কথা শুনিলে পর, যে ব্যক্তিরদের দ্বারা কি যাহারদের পক্ষে কি অনুমতিতে ঐ দাঙ্গা কি অন্য অপরাধ হইবার সম্ভাবনা ছিল তাহারদিগকে যাহার যত খরচ দেওয়ান উচিত বোধ করেন তাহার তত খরচ ঐ পোলীসের আমলারদের খোরাকের নিমিত্তে দিবার হুকুম করিতে পারেন। আর ঐ খরচ দিবার হুকুম হইলে, তাহা ৪ ধারার নির্দ্দিষ্ট প্রকারে আদায় হইবেক ইতি।

[ঠিকা লোকপ্রভৃতির ঠিক ফর্দ্দ না দেওয়ার দণ্ড।]

১৩ ধারা। মাজিষ্ট্রেট সাহেব বৎসরের কোন সময়ে, কোন ভূম্যধিকারিকে কি ইজারদারকে কিম্বা ভূমির মালিক কি দখীলকার অন্য কোন ব্যক্তিকে, তৎকালে তাহার কর্ম্মে নিযুক্ত সকল তৈনাৎ ও চৌকীদার ও দূত ও ঠিকা লোক আর (যাহারা নিতান্ত ও নিয়ত গৃহের কর্ম্মে কি চাকারীতে নিযুক্ত থাকে তাহারদের ছাড়া) সেই প্রকার অন্য চাকরের, কিম্বা চলন বৎসরের মধ্যে সেই প্রকারের যে চাকরেরা নিযুক্ত হইয়াছে কি বিদায় হইয়াছে তাহারদের, নামের ফর্দ্দ, এই আইনের শেষে দেওয়া A চিহ্নিত পাঠানুসারে, লিখিয়া দাখিল করিতে হুকুম করিলে, যদি উক্ত কোন ভূম্যধিকারিপ্রভৃতি ঐ ফর্দ্দ লিখিয়া দিতে অস্বীকার করে কি লিখিয়া না দেয় কিম্বা বৎসরের মধ্যে সেই প্রকারের যে চাকর তাহার কর্ম্মে ছিল এমত কোন চাকরের নাম ঐ ফর্দ্দে লিখিয়া না দেয় কিম্বা তাহাতে কোন অসত্য কথা লেখে তবে সেই ভূম্যধিকারিপ্রভৃতি এমত প্রত্যেক অপরাধের জন্যে এক২ শত টাকার অধিক না হয় এমত জরীমানার যোগ্য হইবেক ইতি।

[মাজিষ্ট্রেট সাহেব কোন২ স্থলে ভূম্যধিকারিপ্রভৃতির

holder, &c., to discharge servant. Penalty for refusal.]

XIV. If a Magistrate see reason to believe that any servant or retainer of any land-holder, farmer, or other person owning or occupying land, is likely to be employed to commit riot or breach of the peace, he may record the grounds of such belief and require the discharge of such servant or retainer. Whoever, on being so required, shall refuse or omit to discharge such servant or retainer, shall be liable to fine not exceeding Rupees 100.

[Penalty for hiring club-men, &c.]

XV. Whoever, with intent to cause, or to facilitate the commission of riot or affray, hires, engages, or employs club-men, fightingmen, or others, for the purpose of taking forcible possession of any property contrary to law, or for the purpose of intimidating any person or compelling him to give possession of any property, or authorizes, or induces another to do so, is liable for each person so hired, engaged, or employed, to imprisonment for a term not exceeding six months, with or without labour, at the discretion of the Magistrate, or to a fine not exceeding Rupees 200, commutable, if not paid, to imprisonment, with or without labour as aforesaid, for a period not exceeding six months, or to both.

[Penalty for taking hire to commit riot.]

XVI. Whoever takes hire, or otherwise engages himself, for the purpose of committing or aiding the commission of riot or affray, is liable to the penalties specified in the last preceding Section of this Act.

[Magistrate may in certain cases require a person to enter into a Mochulka or security under Act V. of 1848.]

XVII. Whenever it shall appear to a Magistrate, upon the report of a Police Officer or other credible information, that a riot or an aggravated breach of the peace is likely to be committed, and that it is necessary for the maintenance of the peace to require any person to enter into a Mochulka or security under Act V. of 1848, such Magistrate may, if he deem it necessary, issue a warrant for the arrest of such person and proceed further as directed in the said Act.

[Provisions of Regulation X. of 1824 extended.]

XVIII. The provisions of Regulation X. of 1824 of the Bengal Code, under which Magistrates are empowered to tender pardons to accomplices in certain heinous crimes, are hereby extended to all cases of affray or riot.

[Provisions of Regulation VIII. of 1818 extended.]

XIX. The provisions of Regulation VIII. of 1818 of the Bengal Code, and of any other enactments in force relative to the requisition of securi-

প্রতি কোন চাকরকে বিদায় করিবার হুকুম করিতে পারেন। হুকুম না মানিবার দণ্ড।]

১৪ ধারা। যদি মাজিষ্ট্রেট সাহেব কোন কারণে বিশ্বাস করেন যে, কোন ভূম্যধিকারির, কি ইজারদারের, কি ভূমির মালিক কি দখীলকার অন্য ব্যক্তির কোন চাকরের কি ঠিকা লোকের দাঙ্গা কি হঙ্গামা করিতে নিযুক্ত হইবার সম্ভাবনা, তবে তিনি ঐ বিশ্বাসের কারণ লিখিয়া ঐ চাকরকে কি ঠিকা লোককে বিদায় করিবার হুকুম করিতে পারেন। যে কেহ, সেইপ্রকার হুকুম পাইলে, সেই চাকরকে কি ঠিকা লোককে বিদায় করিতে অস্বীকার করে কি বিদায় না করে সে ব্যক্তি ১০০৲ টাকার অধিক না হয় এমত জরীমানার যোগ্য হইবেক ইতি।

[লাঠিয়ালপ্রভৃতিকে মেহনতানা দিয়া রাখিবার দণ্ড।]

১৫ ধারা। যে কেহ, কোন সম্পত্তি আইন বিরুদ্ধে বলপূর্ব্বক দখল করিবার জন্যে কিম্বা কোন ব্যক্তিকে ভীত করিবার জন্যে কি জোরপূর্ব্বক কোন সম্পত্তির দখল দেওয়াইবার জন্যে দাঙ্গা কি হঙ্গামা করিবার কি তাহার সাহায্য করিবার অভিপ্রায়ে লাঠিয়ালদিগকে কি লড়াই করিবার লোকদিগকে কি অন্যেরদিগকে মেহনতানা দিয়া রাখে কি করার করিয়া রাখে কি কর্ম্ম দেয়, কিম্বা অন্য ব্যক্তিকে তাহা করিবার অনুমতি কি প্রবৃত্তি দেয়, সেই ব্যক্তি এমত যে প্রত্যেক জনকে মেহনতানা দিয়া রাখে কি করার করিয়া রাখে কি কর্ম্ম দেয় তাহার জন্যে, ছয়২ মাসের অধিক না হয় এমত মিয়াদে, মাজিষ্ট্রেট সাহেবের বিবেচনামতে, পরিশ্রম সহিত কি পরিশ্রমবিনা, কয়েদ হইবার যোগ্য হইবেক, কিম্বা দুই২ শত টাকার অধিক না হয় এমত জরীমানার যোগ্য হইবেক। আর যদি জরীমানার টাকা না দেওয়া যায় তবে ছয় মাসের অধিক না হয় এমত মিয়াদে, পূর্ব্বোক্ত প্রকারে পরিশ্রমসহিত কি পরিশ্রমবিনা, কয়েদ হইবার যোগ্য হইবেক কিম্বা উভয় দণ্ডের যোগ্য হইবেক ইতি।

[হঙ্গামা করিবার জন্যে মেহনতানা লইবার দণ্ড।]

১৬ ধারা। যে কেহ হঙ্গামা কি দাঙ্গা করিবার কি তাহাতে সাহায্য করিবার জন্যে মেহনতানা লয় কি অন্য প্রকারে করার করিয়া আপনি থাকে সেই ব্যক্তি এই আইনের পূর্ব্বোক্ত ১৫ ধারার নির্দ্দিষ্ট দণ্ডের যোগ্য হইবেক ইতি।

[মাজিষ্ট্রেট সাহেব কোন২ স্থলে কোন ব্যক্তিকে ১৮৪৮ সালের ৫ আইনানুসারে মুচলকা লিখিয়া দিতে কি জামিন দিতে হুকুম করিতে পারেন।]

১৭ ধারা। যখন মাজিষ্ট্রেট সাহেব পোলীসের কোন আমলার রিপোর্টক্রমে কি বিশ্বাসযোগ্য অন্য ব্যক্তির স্থানে অবগত হইয়া বোধ করেন যে, হঙ্গামা কি অতিভারি দাঙ্গা হইবার সম্ভাবনা, আর শান্তি রক্ষার জন্যে কোন ব্যক্তিকে ১৮৪৮ সালের ৫ আইনানুসারে মুচলকা লিখিয়া দিতে কি জামিন দিতে হুকুম করা আবশ্যক, তখন সেই মাজিষ্ট্রেট সাহেব আবশ্যক বোধ করিলে ঐ ব্যক্তিকে গ্রেফ্তার করিবার পরওয়ানা জারী করিবেন আর ঐ আইনের হুকুমমতে অন্য কার্য্য করিবেন ইতি।

[১৮২৪ সালের ১০ আইনের বিধান বিস্তার করণ।]

১৮ ধারা। বাঙ্গলা দেশের চলিত ১৮২৪ সালের ১০ আইনমতে মাজিষ্ট্রেট সাহেবেরা কোন২ গুরুতর অপরাধের সহকারি ব্যক্তিরদের ক্ষমা করিতে প্রতিজ্ঞা করিতে পারেন। সেই আইনের বিধান এতদ্দ্বারা বিস্তারিত হইয়া দাঙ্গা কি হঙ্গামার সকল মোকদ্দমায় খাটান গেল ইতি।

[১৮১৮ সালের ৮ আইনের বিধান বিস্তার করণ।]

১৯ ধারা। বাঙ্গলা দেশের চলিত ১৮১৮ সালের ৮ আইনের বিধান, ও বদমাইশেরদের ও যাহারদের আচরণেতে প্রাণের আশঙ্কা হইতে পারে এমত লোকেরদের

ty, from persons of bad or dangerous character, and to the imprisonment of such persons in default of security, are hereby made and declared applicable to persons who may be proved to be in the habit of engaging themselves for the purpose of aiding the commission of riot or affray.

[Construction of Act.]

XX. The term "Magistrate" shall be held to include any Officer exercising the full powers of a Magistrate, and also any Officer exercising any of the powers of a Magistrate, who is under an order of the Government, or of a Commissioner of Circuit, in charge of a District or of any portion of a District.

[Jurisdiction.]

XXI. The penalties specified in Sections X., XI., XII. and XIII. of this Act, may be adjudged and inflicted by any Officer exercising the powers, or any of the powers of a Magistrate, subject to all the rules applicable to criminal appeals. Provided that no Officer shall inflict, under this Act, a more severe penalty than he is empowered to inflict in other cases, under the existing Law.

[To what persons Act is applicable.]

XXII. The provisions of this Act are applicable to all persons of whatever birth or descent.

A.

List of Guards, Watchmen, Messengers, Retainers and other like servants employed by (name of land-holder, &c.,) of (name of Village) during the year 185 *within the district of as required by Act No.* *of* 1854.

Names and residences of guards or other servants.	How employed.	Name of Village in which employed.	When engaged.	When discharged.	Remarks.

W. MORGAN,
Clerk of the Council.

স্থানে জামিন লইবার বিষয়ি ও জামিন না দেওয়া গেলে সেইপ্রকার লোকেরদিগকে কয়েদ করিবার বিষয়ি অন্য যে কোন আইন চলন আছে তাহার বিধান, যে ব্যক্তিরা দাঙ্গা কি হঙ্গামা করিতে সাহায্য করিবার জন্যে করার করিয়া থাকে প্রমাণ হয়, এমত লোকেরদের প্রতি খাটান গেল ও খাটে প্রকাশ হইল ইতি।

[আইনের অর্থ করণ।]

২০ ধারা। "মাজিষ্ট্রেট" এই শব্দের মধ্যে যে কোন কার্য্যকারক মাজিষ্ট্রেটের সম্পূর্ণ ক্ষমতামতে কার্য্য করেন তিনি, আর মাজিষ্ট্রেটের কোন ক্ষমতামতে কার্য্যকারি যে কোন কার্য্যকারক গবর্ণমেণ্টের কিম্বা দায়েরনায়েরী কোন কমিস্যনর সাহেবের হুকুমক্রমে জিলার কি জিলার কোন অংশের কার্য্যের ভারপ্রাপ্ত হইয়াছেন তিনিও গণ্য হইবেন ইতি।

[এলাকা।]

২১ ধারা। মাজিষ্ট্রেটের সমুদয় কি কোন ক্ষমতামতে কার্য্যকারি কোন কার্য্যকারক সাহেব এই আইনের ১০ ও ১১ ও ১২ ও ১৩ ধারার নির্দ্দিষ্ট দণ্ডের হুকুম করিতে ও ঐ দণ্ড করিতে পারেন, কিন্তু ফৌজদারী মোকদ্দমার আপীলের বিষয়ে যে সকল বিধি খাটে তাহা সেই বিষয়েও খাটিবেক। পরন্তু চলিত আইনানুসারে কোন কার্য্যকারক অন্য২ মোকদ্দমাতে যে দণ্ড করিতে পারেন তদপেক্ষা গুরুতর দণ্ড এই আইনানুসারে করিবেন না ইতি।

[আইন যাহারদের বিষয়ে খাটে]

২২ ধারা। কোন ব্যক্তিরা যে কোন দেশের কি বংশের লোক হউক তাহারদের সকলের প্রতি এই আইনের বিধান খাটে ইতি।

A.

১৮৫৪ সালের অমুক নম্বরী আইনের হুকুমমতে অমুক জিলার অন্তঃপাতি অমুক সালে অমুক গ্রামের শ্রীঅমুকের (ভূম্যধিকারিপ্রভৃতির নাম লিখিতে হইবেক) কর্ম্মেতে যে সকল তৈনাৎ ও চৌকীদার ও দূত ও ঠিকা লোক ও সেই প্রকারের অন্য২ চাকর আছে তাহারদের তালিকার ফর্দ্দ।

তৈনাতেরদের কি অন্য চাকরদের নাম ও বাসস্থান	যে কর্ম্মে নিযুক্ত হয়	যে গ্রামে ঐ কর্ম্মে নিযুক্ত হয়	যখন কর্ম্মে নিযুক্ত হয়	যখন তগীর করা যায়	মন্তব্য কথা।

ডবলিউ মর্গান।
কৌন্সেলের ক্লার্ক।
JOHN ROBINSON, *Bengalee Translator.*

CIRCULAR ORDERS OF THE ACCOUNTANT GENERAL.

No. 846.

To the Collectors of Land Revenue, Lower Provinces.

The Accountant, North Western Provinces, hav-

আক্কৌণ্টেণ্ট জেনরল সাহেবের সরকুলর অর্ডর।

৮৪৬ নম্বর।

বাঙ্গলাপ্রভৃতি দেশের ভূমির রাজস্বের শ্রীযুত কালেক্টর সাহেব বরাবরেষু।

উত্তরপশ্চিম দেশের আক্কৌণ্টেণ্ট সাহেব এই দস্তুর-

ing notified to this office the formation of a separate Treasury at Jhansi under charge of a Deputy Superintendent who is authorized to issue Bills of Exchange, I have the honor to request you will have the goodness to honor Drafts drawn by the Deputy Superintendent above-mentioned upon your Treasury under the rules in force.

Bills however are not to be drawn by you upon the Deputy Superintendent at Jhansi until further orders.

(Signed) C. HOBHOUSE,
Asstt. Acctt. to the Govt. of Bengal.

Fort William, Accountant's Office,
Revenue Department,
The 13th September, 1854.

No. 845.

To the Collectors of Land Revenue, Lower Provinces.

Under orders of the Government of India in the Financial Department conveyed in the Financial Secretary's letter No. 1491 of the 24th April, 1854, to the address of the Secretary, Government of Bengal, and No. 2183 of the 23rd June, 1854, to the address of the Officiating Accountant, Government of Bengal, and in communication with the Board of Revenue, I have the honor to forward for your adoption the accompanying Rules on the Subject of Bills of Exchange issued or discharged from your Treasury.

2nd. The Book Form of water-marked paper for Bills, &c., alluded to in Rule 1 will be provided as soon as a supply of suitable water-marked paper can be procured from England. In the meanwhile, however, I beg to enclose for your use as per margin, a quantity sufficient for 6 months' expenditure of forms of Bills with Check-margins and Advices in the new form printed on plain paper, in substitution of the forms now in use, and until the water-marked forms are furnished to you, you will indent on the Government Printing Press for so many of these forms of Bills on plain paper as you may from time to time require.

(Signed) C. HOBHOUSE,
Asstt. Acctt. to the Govt. of Bengal.

Fort William, Accountant's Office,
Revenue Department,
The 12th September, 1854.

RULES REVISED FORM.

I. Bill margins, Bills and their Advices shall be in the annexed Form which is to be one continuous length of water-marked paper. They shall be distributed in the Book Form, from the Accountant's Office, and when Bills and Advices are separated from the margin, the cutting shall be indented and varied.

খানায় জ্ঞাপন করিয়াছেন যে ঝান্সিতে ডেপুটী সুপরিণ্টেণ্ডেণ্ট সাহেবের অধীনে পৃথক্ এক খাজানাখানা হইয়াছে আর ঐ সাহেব বিল অফ এক্সচেঞ্জ দিবার ক্ষমতাপ্রাপ্ত হইয়াছেন। অতএব আদেশ করিতেছি যে পূর্ব্বোক্ত ডেপুটী সুপরিণ্টেণ্ডেণ্ট সাহেব চলিত বিধানানুসারে তোমার খাজানাখানার উপর যে হুণ্ডী দেন তাহার টাকা দেও।

পরন্তু অন্য হুকুম যেপর্য্যন্ত না পাও সেইপর্য্যন্ত ঝান্সিতে ডেপুটী সুপরিণ্টেণ্ডেণ্ট সাহেবের উপর তোমার কোন হুণ্ডী দিতে হইবেক না।

সি হবহৌস।
বাঙ্গলা দেশের গবর্ণমেণ্টের আসিষ্টাণ্ট আকেক্কাণ্টেণ্ট।

ফোর্ট উলিয়ম।
আকেক্কাণ্টেণ্ট সাহেবের দফ্তরখানা।
রেবিনিউ ডিপার্টমেণ্ট।
১৮৫৪ সাল ১৩ সেপ্টেম্বর।

---

৮৪৫ নম্বর।

বাঙ্গলাপ্রভৃতি দেশের ভূমির রাজস্বের শ্রীযুত কালেক্টর সাহেব বরাবরেষু।

বাঙ্গলা দেশের গবর্ণমেণ্টের সেক্রেটারী সাহেবের নামে ফিনান্সিয়ল সেক্রেটারী সাহেবের ১৮৫৪ সালের ২৪ আপ্রিল তারিখের ১৪৯১ নম্বরী পত্রেতে এবং বাঙ্গলা দেশের গবর্ণমেণ্টের একটিং আকেক্কাণ্টেণ্ট সাহেবের নামে ১৮৫৪ সালের ২৩ জুন তারিখের ২১৮৩ নম্বরী পত্রেতে, ফিনান্সিয়ল ডিপার্টমেণ্টে ভারতবর্ষের গবর্ণমেণ্টের যে হুকুম প্রকাশ হইয়াছে তদনুসারে, ও বোর্ড রেবিনিউর সাহেবেরদের সঙ্গে লিখনপঠন করিয়া, তোমার খাজানাখানাহইতে যে বিল অফ এক্সচেঞ্জ দিয়া তাহার টাকা দেওয়া যায় তাহার বিষয়ের বিধি ইহার সঙ্গে পাঠাইতেছি, সেই বিধিমতে তোমার কার্য্য করিতে হইবেক।

২। হুণ্ডীপ্রভৃতির জন্যে জলের চিহ্নকরা কাগজের যে বহীর বিষয় ১ বিধিতে লিখিত হইয়াছে এইমত বহী, জলের উপযুক্ত চিহ্নকরা ঐ কাগজ ইঙ্গলণ্ডহইতে প্রচুরমতে পাওয়া গেলেই, তোমার নিকটে পাঠান যাইবেক। পরন্তু ইতিমধ্যে শাদা কাগজে ছাপা, নূতন পাঠে মোকাবিলা করণের হাঁশিয়া ও তদ্বিষয়ের পত্র সম্বলিত হুণ্ডীর যত পাঠ তোমার ছয় মাস ব্যবহারের নিমিত্তে প্রচুর হইতে পারিবেক তত পাঠ পার্শ্বের লিখিতমতে তোমার নিকটে পাঠাইতেছি। এইক্ষণে যাহা ব্যবহার হইতেছে তাহার পরিবর্ত্তে ঐ পাঠ ব্যবহার করিতে হইবেক। আর জলের চিহ্নকরা পাঠ যেপর্য্যন্ত তোমার নিকটে না পাঠান যায় সেইপর্য্যন্ত তোমার সময়মতে যত পাঠের প্রয়োজন হয়, সামান্য কাগজে হুণ্ডীর তত পাঠ পাইবার জন্যে তুমি গবর্ণমেণ্টের ছাপাখানায় পত্র লিখিবা।

সি হবহৌস।
বাঙ্গলা দেশের গবর্ণমেণ্টের আসিষ্টাণ্ট আকেক্কাণ্টেণ্ট।

ফোর্ট উলিয়ম। আকেক্কাণ্টেণ্ট সাহেবের দফ্তরখানা।
রেবিনিউ ডিপার্টমেণ্ট।
১৮৫৪সাল ১২ সেপ্টেম্বর।

সংশোধিত পাঠের বিধান।

১ বিধি। হুণ্ডীর হাঁশিয়া ও হুণ্ডী ও তদ্বিষয়ের জ্ঞাপন পত্র নীচের লিখিত পাঠে হইবেক। তাহা জলের চিহ্নকরা এক লম্বা কাগজে হইবেক। আকেক্কাণ্টেণ্ট সাহেবের দফ্তরখানাহইতে তাহার বহী দেওয়া যাইবেক। আর হুণ্ডী ও তদ্বিষয়ের জ্ঞাপন পত্র হাঁশিয়াহইতে কাটিয়া দেওয়া গেলে তাহা আকাবাঁকামতে ও নানাপ্রকারে কাটিয়া দিতে হইবেক।

II. The Bill Book or Books shall be in the immediate custody of the Treasurer who shall give out to the Head Clerk on his receipt such a number of Bills and Advices as may be required for the day's use. The Advice shall be despatched without Envelope, and on each daily Advice shall be entered the date of the last Advice issued.*

III. Collectors and Officers in charge of Treasuries failing to bear in mind the instructions notified in Government Orders, dated the 6th January, 1834, will be held personally responsible for any loss consequent on their disregard of them. On opening Advices the date of receipt will be noted by the receiving Officers and signed in initials. The Post mark, its place and date, the signature of the despatching officer, the date of Bill and of Advice, and the Signatures on the Bill and Advice, shall all be compared by officers in charge of Treasuries. If the drawer's Signature be not fairly legible, the *drawee* may make a reference to the *drawer* and the *drawer* will be responsible for any loss accruing from that necessity. If erasure or other cause of suspicion exist, the *drawee* may suspend payment, and make a reference to the *drawer*, or Accountant or Post Office, or any or all of them, as the case may be. If after the above comparisons and examinations, no circumstances arise to justify suspicion or reference, the Bill shall be accepted, or ordered to be paid as the case may be, the Advice shall be then scored through × thus and filed with all other Advices, and bound up year by year separately, and when the Bill is actually paid, the Advice shall be stamped PAID. The Treasurer will pay no Bill except on the order "Pay" with initials of the Officer in actual charge of the Treasury; and when paid the Collector shall score it × thus, and also have it stamped PAID. The actual Bill shall be receipted on the back of it by the Payee who must be identified by the Treasurer, before he is paid and gives the above receipt.

* Vide *Calcutta Gazette* 15th January, 1834, No. 131, Page 1295.

২ বিধি। হুণ্ডীর বহী কি বহীসকল সাক্ষাৎ খাজাঞ্চীর জিম্মায় থাকিবেক। খাজাঞ্চী দিনের ব্যবহারের নিমিত্তে যত হুণ্ডীর ও তদ্বিষয়ের জ্ঞাপনপত্রের প্রয়োজন হয় ততই হুণ্ডীপ্রভৃতি প্রধান কেরাণীর রসীদ লইয়া তাঁহাকে দিবেন। হুণ্ডীর বিষয়ের জ্ঞাপনপত্র খামে না দিয়া পাঠান যাইবেক। আর যে দিনে ঐ প্রকার যে পত্র পাঠান যায় তাহার উপর তৎপূর্ব্বে যে পত্র পাঠান গিয়াছিল তাহার তারিখ লেখা যাইবেক

৩ বিধি। কালেক্টর সাহেবেরা ও খাজানাখানার ভারপ্রাপ্ত কার্য্যকারকেরা গবর্ণমেণ্টের ১৮৩৪ সালের ৬ জানুআরি তারিখের হুকুমে যে উপদেশ * প্রকাশ হইয়াছিল তাহা মনে না করিলে তাঁহারদের তদ্বিষয়ের অমনোযোগেতে যে কোন ক্ষতি হয় তাহার দায়ী তাঁহারাই হইবেন। হুণ্ডীর বিষয়ের জ্ঞাপন পত্র খুলিলে, যে কার্য্যকারকেরা সেই পত্র প্রাপ্ত হন তাঁহারা তাহা পাইবার তারিখ লিখিবেন ও নামের আদি অক্ষর দিয়া তাহাতে দস্তখৎ করিবেন। ডাকঘরের ইষ্টাম্প, ও তাহাতে ছাপা মোকামের নাম, ও তারিখ, ও যে কার্য্যকারক পাঠাইলেন তাঁহার দস্তখৎ, ও হুণ্ডী ও জ্ঞাপনপত্রের তারিখ, ও হুণ্ডীর ও জ্ঞাপনপত্রের উপর দস্তখৎ, এই সকল বিষয় খাজানাখানার ভারপ্রাপ্ত কার্য্যকারকেরা মিলাইয়া দেখিবেন। যে সাহেব হুণ্ডী দিয়াছেন তাঁহার দস্তখৎ যদি অনায়াসে পাঠ করা না যায় তবে যে সাহেবের উপর হুণ্ডী দেওয়া যায় তিনি তাঁহার নিকটে সেই বিষয়ের পত্র লিখিবেন, আর তাহা করিবার প্রয়োজন হওয়াতে যে কিছু ক্ষতি হয় তাহার বিষয়ে ঐ হুণ্ডীদেওনিয়া সাহেব দায়ী হইবেন। যদি কোন কথা উঠাইয়া দেওয়া গিয়াছে কিম্বা সন্দেহের অন্য কারণ থাকে তবে যে সাহেবের উপর হুণ্ডী দেওয়া যায় তিনি ঐ টাকা দেওয়া স্থগিত করাইয়া যে সাহেব হুণ্ডী দিয়াছেন তাঁহার কিম্বা আকেকাণ্টেণ্ট সাহেবের কি ডাকঘরের কিম্বা বিষয়বিশেষে তাঁহারদের কোন জনের কি সকলের নিকটে সেই বিষয় জিজ্ঞাসা করিবেন। যদি উক্ত প্রকারে মিলাইয়া দেখিলে ও তজবীজ করিলে পর যাহাতে সন্দেহ কি জিজ্ঞাসা করা প্রকৃতমতে হইতে পারে এমত কোন বিষয় না থাকে তবে ঐ বিল সাকরিয়া দেওয়া যাইবেক কিম্বা বিষয়বিশেষে তাহার টাকা দিবার হুকুম দেওয়া যাইবেক আর তদ্বিষয়ের জ্ঞাপনপত্রেতে × এই প্রকারের কোণাকোণি কসি টানা যাইবেক ও সেই পত্র ঐ প্রকার অন্য সকল পত্রের সঙ্গে নথীর শামিল করা যাইবেক। তাহা বৎসরে২ আলাহিদা বাঁধা যাইবেক। আর বিলের টাকা নিতান্ত দেওয়া গেলে ঐ জ্ঞাপনপত্রের উপর "PAID" এই শব্দ ইষ্টাম্প করা যাইবেক। খাজানাখানার ভার নিতান্ত যে কার্য্যকারকের প্রতি আছে তিনি "Pay" অর্থাৎ "টাকা দেও" এই কথা ও তাহাতে আপন নামের আদি অক্ষর না লিখিলে খাজাঞ্চী কোন বিলের টাকা দিবেন না। আর টাকা দেওয়া গেলে কালেক্টর সাহেব × এই প্রকারের কোণাকোণি কসি টানিবেন ও তাহার উপর "PAID" এই কথা ইষ্টাম্প করিবেন। যে ব্যক্তি ঐ টাকা লন তাঁহার ঐ বিলের পৃষ্ঠে ঐ টাকার রসীদ লিখিয়া দিতে হইবেক। তাঁহাকে ঐ টাকা দেওনের ও তাঁহার রসীদ লিখনের পূর্ব্বে তিনি প্রকৃত ব্যক্তি কি না খাজাঞ্চীর এই বিষয় নিশ্চয় করিতে হইবেক।

* ১৮৩৪ সালের ১৫ জানুআরি তারিখের ১৩১ নম্বরী কলিকাতা গেজেটের ১২৯৫ পৃষ্ঠা দেখ।

Day

Month

Year

Account

Amount

Drawer

Drawee

Payee

Premium

No. of Bill

Collectorate, No. of 185 5 .

To

THE

SIR,

At sight and per advice of this my First of Exchange (the Second and Third of the same tenor and date being unpaid) you will be pleased to pay to

or order the sum of Co.'s Rs.

for value received into this Treasury from

under orders of

I am, Sir,
Your most obedient Servant,

Collector.

Treasurer.

Head Writer.

The COLLECTORATE. 185 .

To

THE

SIR,

I hereby advise you that I have this day drawn the under-mentioned Bill upon your Treasury No. of 185 .

I am, Sir,
Your most obedient Servant,

The COLLECTORATE, 185 .

Date of last advice issued.	Date of the present advice.	Register No.	When Payable.	In whose favour.	Amount in Co.'s Rs.

Collector.

অমুক কালেক্টরী।

তারিখ

মাস

সাল

হিসাব

যত টাকা

যিনি দিয়াছেন

যাঁহার উপর

যিনি টাকা পাইবেন

প্রিমিয়ম

বিলের নম্বর

খাজাঞ্চী

প্রধান কেরাণী

অমুক সালের অমুক নম্বর।

শ্রী অমুক প্রতি আগে।

এত দিন মিয়াদে আমার হুণ্ডীর এই প্রথম কেতা পাইলে (যদি সেই মর্ম্মের ও তারিখের দ্বিতীয় ও তৃতীয় কেতার টাকা না দেওয়া যায় তবে) এই খাজানাখানাতে

অমুকের স্থানে এত

টাকা পাওয়া গিয়াছে তাহার এওজে

শ্রী অমুককে

কিম্বা তিনি যাঁহাকে বলেন তাঁহাকে

অমুক তারিখের হুকুমঅনুসারে দেও

শ্রী অমুক

কালেক্টর

কালেক্টরী

সন তাং

শ্রী অমুক প্রতি আগে।

তোমাকে এতদ্দ্বারা জ্ঞাপন করিতেছি যে আমি অদ্য অমুক সালের অমুক নম্বরের নীচের নির্দ্দিষ্ট হুণ্ডী তোমার খাজানাখানার উপর দিয়াছি।

শ্রী অমুক

কালেক্টর

কালেক্টরী

সন তাং

পূর্ব্বের জ্ঞাপন পত্রের তারিখ	বর্ত্তমান জ্ঞাপন পত্রের তারিখ	রেজিষ্টরের নম্বর	টাকা যখন দেনা হয়	যাহার নামে	যত টাকা

কালেক্টর

CIRCULAR ORDERS OF THE SUDDER DEWANNY ADAWLUT.

No. 30.

To the Civil and Criminal Authorities in the Regulation and Extra Regulation Provinces.

I am directed by the Court to forward for your information the accompanying copy of an Extract, paragraph 9, from a Despatch of the Honorable the Court of Directors to the Government of India in the Financial Department, relative to Pensions to be granted to Uncovenanted Servants after a period of 35 years of good service.

(Signed) C. T. BUCKLAND,
Register.

Fort William, the 13th October, 1854.

Extract from a Despatch from the Honorable the Court of Directors to the Government of India in the Financial Department, (No. 18 of 1854.) dated the 5th of May.

Para. 9. We have adverted to the remark contained in Para. 15 of your letter under reply in which you observe that many reasons might be given for recommending to us the grant of the boon of Pensions to Uncovenanted Servants after a certain period of approved service. We have already expressed our disposition to extend to that class all the indulgence that can be consistently granted to them and upon a full consideration of the subject, we are prepared so far to concur in the suggestion made, as to authorize you to grant to any Uncovenanted Servant belonging to a class recognized by the present rules, who, though not possessed of a Medical Certificate of incapacity, may be permitted to retire from the Service, and who can produce unquestionable testimonials of a faithful and efficient discharge of his duties during a period of 35 years, a pension equal to half the average salary which he may have received during the last five years of his Service. These Pensions are to be regarded as the rewards of good Service—they will not in any case, be claimable as of right and every Pension which you may see sufficient reason to grant must be reported to us with a statement of the grounds of your proceeding.

(True Extract.)
(Signed) W. G. YOUNG,
Offg. Under Secy. to the Govt. of Bengal.
(True Copy.)
R. STUART,
Asstt. Register.

সদর দেওয়ানী আদালতের সরক্যুলর অর্ডর।

৩০ নম্বর।

আইনের অধীন ও আইনবহির্ভূত প্রদেশের শ্রীযুত দেওয়ানী ও ফৌজদারীর কার্য্যকারক সাহেব বরাবরেষু।

অচিহ্নিত কার্য্যকারকেরা ৩৫ বৎসরপর্য্যন্ত ভালমতে কার্য্য করিলে পর তাঁহারদিগকে যে পেন্‌স্যন দেওয়া যাইবেক এই বিষয়ে, শ্রীযুত অনরবিল কোর্ট অফ ডৈরেক্টর্স সাহেবেরা ফিনান্‌সিয়ল ডিপার্টমেণ্টে ভারতবর্ষের গবর্ণমেণ্টের নিকটে যে পত্র পাঠান তাহাহইতে গৃহীত ৯দফার নীচের লিখিত নকল, সদর আদালতের হুকুমক্রমে তোমাকে জ্ঞাত করিবার জন্যে পাঠাইতেছি।

সি টি বক্‌লাণ্ড। রেজিষ্টর।

ফোর্ট উলিয়ম। ১৮৫৪ সাল ১৩ অক্টোবর।

ফিনান্‌সিয়ল ডিপার্টমেণ্টে ভারতবর্ষের গবর্ণমেণ্টের নিকটে শ্রীযুত অনরবিল কোর্ট অফ ডৈরেক্টর্স সাহেবেরদের ৫ মে তারিখের অর্থাৎ ১৮৫৪ সালের ১৮ নম্বরী পত্রহইতে গৃহীত।

৯ দফা। তোমার যে পত্রের উত্তর লিখিতেছি তাহার ১৫ দফার লিখিত কথা উল্লেখ করিয়াছি। সেই দফাতে লিখিয়াছ যে, অচিহ্নিত চাকরেরা নির্দ্দিষ্ট কাল সুগ্রাহ্যমতে কর্ম্ম করিলে পর তাঁহারদিগকে অনুগ্রহপূর্ব্বক পেন্‌স্যন দান করিবার পরামর্শ দেওনের অনেক কারণ প্রকাশ করা যাইতে পারে। ঐ কার্য্যকারকদিগকে যত অনুগ্রহ উপযুক্ত মতে করা যাইতে পারে তাহা করিবার বিষয়ে আমরা আপনারদের অভিপ্রায় পূর্ব্বে জ্ঞাত করিয়াছি। আর সেই বিষয়ের সম্পূর্ণমতে বিবেচনা করিয়া আমরা তোমার পরামর্শেতে সম্মত হইতে এইপর্য্যন্ত প্রস্তুত আছি যে, এইক্ষণকার চলিত বিধিমতে যে শ্রেণীর অচিহ্নিত কার্য্যকারকেরা পেনস্যন পাইতে পারেন, সেই শ্রেণীর যে কোন কার্য্যকারক অকর্ম্মণ্য হইবার চিকিৎসকের সর্টিফিকট বিনাও সরকারী কর্ম্ম ত্যাগ করিবার অনুমতি পাইতে পারেন ও ৩৫ বৎসরপর্য্যন্ত আপনার কর্ত্তব্য কর্ম্ম বিশ্বস্ত ও সফলরূপে নির্ব্বাহ করিয়াছেন এমত নিঃসন্দিগ্ধ প্রমাণপত্র দর্শাইতে পারেন, তাঁহাকে আপন চাকরীর শেষ পাঁচ বৎসর তিনি গড়ে যত বেতন পাইলেন তাহার অর্দ্ধেক পেনস্যন দিতে তোমাকে ক্ষমতা দেই। ঐ পেনস্যন ভালমতে কার্য্য করিবার পুরস্কারস্বরূপ জ্ঞান হইবেক, কিন্তু তাহাতে স্বত্ব আছে বলিয়া কেহ তাহার কখন দাওয়া করিতে পারিবেন না। আর তুমি যখন কোন কাহাকে পেনস্যন দিবার উপযুক্ত কারণ জ্ঞান তখন সেই কথার রিপোর্ট করিতে হইবেক ও তোমার সেইরূপ কার্য্য করিবার কারণের এক লিখনও তাহার সঙ্গে দিতে হইবেক।

(যথার্থ চুম্বক।)
ডবলিউ জি ইয়ং।
বাঙ্গলা দেশের গবর্ণমেণ্টের এক্‌টিং ছোট সেক্রেটারী।
(যথার্থ নকল)
আর ষ্টুআর্ট। আসিষ্টাণ্ট রেজিষ্টর।
JOHN ROBINSON, *Bengalee Translator.*

No. 1756.

FORT WILLIAM,
CIVIL AUDITOR'S OFFICE,
The 9th October, 1854.

NOTIFICATION.

Civil and Sessions Judges, Collectors, Magistrates, and all other Officers who have in their respective Departments, or serving under them, any of the

১৭৫৬ নম্বর।

ফোর্ট উলিয়ম।
সিবিল আডিটর সাহেবের দফ্তরখানা
১৮৫৪ সাল ৯ অক্টোবর।

বিজ্ঞাপন।

সিবিল ও সেশন জজ ও কালেক্টর ও মাজিষ্ট্রেট সাহেবদিগকে এবং অন্যান্য যে কার্য্যকারক সাহেবেরদের সিরিশ্‌তায় উচ্চ শ্রেণীর অচিহ্নিত কোন কার্য্যকারকেরা

Superior Class of Uncovenanted Servants, whose salaries are included in their respective Abstracts, are requested to transmit with each of their Bills and Abstracts for September and October 1854, Certificates stating when Principal Sudder Ameens, Sudder Ameens, Moonsiffs, Deputy Collectors, Deputy Magistrates and other Uncovenanted Servants, obtain leave of absence, with the dates, respectively of their leaving and resuming their duties, during the Dusserah and Mohurrum Vacations, as the want of such information occasions much inconvenience and delay in auditing the Abstracts of the Mofussil authorities.

W. P. PALMER, *Civil Auditor.*

থাকেন কিম্বা অধীনে কর্ম্ম করেন অথচ তাঁহারদের বেতন আপনারদের বেতনের বিলের মধ্যে লেখা যায় সেই সকল কার্য্যকারক সাহেবদিগকে আদেশ হইতেছে যে তাঁহারা যখন ১৮৫৪ সালের সেপ্টেম্বর ও অক্টোবর মাসের বিল ও চুম্বক পাঠাইবেন তখন তাহার সঙ্গে, প্রধান সদর আমীনেরা ও সদর আমীনেরা ও মুনসেফেরা ও ডেপুটী কালেক্টরেরা ও ডেপুটী মাজিষ্ট্রেটেরা ও অচিহ্নিত অন্যান্য কার্য্যকারকেরা দশহরার ও মহরমের বন্দে ছুটী লইলে যে তারিখে ছুটী লন ও যে তারিখে আপন২ সিরিশ্তার কর্ম্মের ভার ত্যাগ করেন ও পুনর্গ্রহণ করেন তাহার এক২ সর্টিফিকট পাঠান। এমত সম্বাদ না থাকাতে মফঃসলের কার্য্যকারক সাহেবেরদের বেতনের বিল আডিট করিতে অধিক ক্লেশ ও বিলম্ব হয়।

ডবলিউ পি পামর। সিবিল আডিটর।

NOTIFICATIONS.

ORDERS BY THE SUDDER DEWANNY ADAWLUT.

APPOINTMENTS.

The 3rd November, 1854.

Baboo Muddun Mohun Dutt, to be Acting Moonsiff of Chintamun, Zillah Dinagepore, during the absence on leave of the incumbent.

The 8th November, 1854.

Kazem Hossein, to officiate as Moonsiff of Olipore, Zillah Rungpore, during the absence on leave of the incumbent.

Baboo Kishto Soonder Ghose, (a Diploma holder,) to officiate as Moonsiff of Pingnah, Zillah Mymensing, during the deputation of the incumbent.

Baboo Bidyabhoosun Banerjea, to be Moonsiff of Belmariah, Zillah Rajshahye.

The 10th November, 1854.

Baboo Rajrajishur Bhuttacharji, to officiate as Moonsiff of Junghypore, Zillah Moorshedabad.

LEAVES OF ABSENCE.

The 3rd November, 1854.

Moulvie Mahatabooddeen Mahomed, Moonsiff of Chintamun, Zillah Dinagepore, for two months, in excess of the vacations, on Medical Certificate.

The 8th November, 1854.

Baboo Ramcoomar Ghose, Moonsiff of Olipore, Zillah Rungpore, for three months, on Medical Certificate.

The 10th November, 1854.

Baboo Koonjulall Banerjea, Moonsiff of Junghypore, Zillah Moorshedabad, for three weeks, on Medical Certificate.

Baboo Ramnarain Sandyal, Moonsiff of Nyehatty, Zillah 24-Pergunnahs, for two days.

The remaining portion of the leave of absence, viz., the 29th and 30th ultimo, granted in Court's orders of the 3rd idem, to the Moonsiff of Hathhazaree, Zillah Chittagong, is cancelled.

C. T. BUCKLAND, *Register.*

[*Government Gazette*, 14*th November*, 1854.]

বিজ্ঞাপন।

সদর দেওয়ানী আদালতের হুকুম।

নিয়োগ।

১৮৫৪ সাল ৩ নবেম্বর।

জিলা দিনাজপুরের চিন্তামনের মুনসেফের অনুপস্থানপর্য্যন্ত শ্রীযুত বাবু মদনমোহন দত্ত ঐ স্থানের একটিং মুনসেফ হইবেন।

১৮৫৪ সাল ৮ নবেম্বর।

জিলা রঙ্গপুরের অলিপুরের মুনসেফের অনুপস্থানপর্য্যন্ত শ্রীযুত কাজিম হুসেন ঐ স্থানের মুনসেফী কর্ম্ম নির্ব্বাহ করিবেন।

জিলা ময়মুনসিংহের পিঙ্গনার মুনসেফ অন্য স্থানে প্রেরিত হওয়াতে যোগ্যতার পত্রপ্রাপ্ত শ্রীযুত বাবু কৃষ্ণসুন্দর ঘোষ ঐ স্থানের মুনসেফী কর্ম্ম নির্ব্বাহ করিবেন।

শ্রীযুত বাবু বিদ্যাভূষণ বাঁড়ুয্যা জিলা রাজশাহীর বেলমারিয়ার মুনসেফ হইবেন।

১৮৫৪ সাল ১০ নবেম্বর।

শ্রীযুত বাবু রাজরাজেশ্বর ভট্টাচার্য্য জিলা মুরশিদাবাদের জঙ্গীপুরের মুনসেফী কর্ম্ম নির্ব্বাহ করিবেন।

ছুটী।

১৮৫৪ সাল ৩ নবেম্বর।

জিলা দিনাজপুরের চিন্তামনের মুনসেফ শ্রীযুত মৌলবী মহতাব উদ্দীন মহম্মদ বন্দের অতিরিক্ত চিকিৎসকের সর্টিফিকটক্রমে দুই মাসের ছুটী পাইয়াছেন।

১৮৫৪ সাল ৮ নবেম্বর।

জিলা রঙ্গপুরের অলিপুরের মুনসেফ শ্রীযুত বাবু রামকুমার ঘোষ চিকিৎসকের সর্টিফিকটক্রমে তিন মাসের ছুটী পাইয়াছেন।

১৮৫৪ সাল ১০ নবেম্বর।

জিলা মুরশিদাবাদের জঙ্গীপুরের মুনসেফ শ্রীযুত বাবু কুঞ্জলাল বাঁড়ুয্যা চিকিৎসকের সর্টিফিকটক্রমে তিন সপ্তাহের ছুটী পাইয়াছেন।

জিলা চব্বিশপরগনার নৈহাটির মুনসেফ শ্রীযুত বাবু রামনারায়ণ সান্যাল দুই দিনের ছুটী পাইয়াছেন।

জিলা চাটিগাঁয়ের হাটহাজারির মুনসেফকে সদর আদালতের গত মাসের ৩ তারিখের হুকুমক্রমে যে ছুটী দেওয়া যায় তাহার অবশিষ্ট দুই দিন অর্থাৎ গত মাসের ২৯ ও ৩০ তারিখের ছুটী রহিত হইয়াছে।

সি টি বক্‌লাণ্ড। রেজিষ্টর।

রাজকর্ম্মে নিয়োগ।

২৩৩১ নম্বর

বাঙ্গলা দেশের শ্রীযুত লেপ্টেনেন্ট গবরনর সাহেবের হুকুম।

নিয়োগ।

১৮৫৪ সাল ২১ অক্টোবর।

শ্রীযুত ই বেণ্টাল সাহেবের (Mr. E. Bentall,) অনুপস্থান কি অন্য হুকুম না হওনপর্য্যন্ত শ্রীযুত এচ সি মেটকাফ সাহেব (Mr. H. C. Metcalfe,) পূর্ব্ব বর্দ্ধমানের সিবিল ও সেশন জজের কর্ম্ম নির্ব্বাহ করিবেন।

শ্রীযুত সি ডবলিউ মাকিলপ সাহেবের (Mr. C. W. Mackillop,) বিশেষ কর্ম্মোপলক্ষে অনুপস্থান কি অন্য হুকুম না হওনপর্য্যন্ত শ্রীযুত ডবলিউ এচ হেণ্ডর্সন সাহেব (Mr. W. H. Henderson,) ঢাকার মাজিষ্ট্রেটের কর্ম্ম নির্ব্বাহ করিবেন।

১৮৫৪ সাল ২৪ অক্টোবর।

রাজস্বসম্পর্কীয় জরিপী কার্য্যের প্রথম অর্থাৎ উত্তর এলাকায় নিযুক্ত ডেপুটী কালেক্টর শ্রীযুত বাবু রাধানাথ বসু পূরণিয়াতে নিযুক্ত হইয়াছেন।

রাজস্বসম্পর্কীয় জরিপী কার্য্যের তৃতীয় অর্থাৎ পূর্ব্ব এলাকায় নিযুক্ত ডেপুটী কালেক্টর শ্রীযুত ই ডিরোজারিও সাহেব (Mr. E. D'Rozario,) ঢাকায় নিযুক্ত হইয়াছেন।

ছুটী।

১৮৫৪ সাল ২০ অক্টোবর।

চম্পারণের জাইণ্ট মাজিষ্ট্রেট ও ডেপুটী কালেক্টর শ্রীযুত এফ এ বি গ্লবর সাহেব (Mr. F. A. B. Glover,) ছুটীবিষয়ক নূতন বিধির ১৩ ধারানুসারে আগামি ডিসেম্বর মাসের ৬ তারিখঅবধি দুই মাসের ছুটী পাইয়াছেন।

লক্ষ্মীপুরে আসামের কমিস্যনর সাহেবের একটিং দ্বিতীয় আসিষ্টাণ্ট শ্রীযুত এনসাইন বি ডবলিউ ডি মর্টন সাহেব (Ensign B. W. D. Morton,) স্বীয় অত্যাবশ্যক কর্ম্মোপলক্ষে তিন মাসের ছুটী পাইয়াছেন।

দারজিলিঙ্গের ধর্ম্মোপদেশক শ্রীযুত পাদরি জে কোলি সাহেব (Reverend J. Coley,) চিকিৎসকের সর্টিফিকটক্রমে তিন মাসের ছুটী পাইয়াছেন।

১৮৫৪ সাল ২১ অক্টোবর।

মেদিনীপুরের মাজিষ্ট্রেট ও কালেক্টর সাহেবের আসিষ্টাণ্ট শ্রীযুত জে এচ রেবেন্সা সাহেব (Mr. J. H. Ravenshaw,) গত মাসের ১৯ তারিখে যে ছুটী পান তদতিরিক্ত পনের দিনের ছুটী পাইয়াছেন।

১৮৫৪ সাল ২৩ অক্টোবর।

ঢাকার কালেজের অধ্যক্ষ শ্রীযুত জি লুইস সাহেব (Mr. G. Lewis,) চিকিৎসকের সর্টিফিকটক্রমে পনের মাসের ছুটী পাইয়াছেন।

বিজ্ঞাপন।

১৮৫৪ সাল ২০ অক্টোবর।

লক্ষ্মীপুরে আসামের কমিস্যনর সাহেবের একটিং দ্বিতীয় আসিষ্টাণ্ট শ্রীযুত এনসাইন বি ডবলিউ ডি মর্টন সাহেব (Ensign B. W. D. Morton,) বাঙ্গলা ভাষার পরীক্ষাতে উত্তীর্ণ হইয়াছেন এমত রিপোর্ট হইয়াছে।

ডবলিউ গ্রে।
বাঙ্গলা দেশের গবর্ণমেণ্টের সেক্রেটারী

[গবর্ণমেণ্ট গেজেট। ১৮৫৪। ১৪ নবেম্বর।]

২৩৬১ নম্বর।

বাঙ্গলা দেশের শ্রীযুত লেপ্টেনেন্ট গবরনর সাহেবের হুকুম

ছুটী।

১৮৫৪ সাল ২৫ অক্টোবর।

বেহারের সিবিল আসিষ্টাণ্ট চিকিৎসক শ্রীযুত এচ ডৈয়াপর সাহেব (Mr. H. Diaper,) আগামি ডিসেম্বর মাসের ৮ তারিখঅবধি স্বীয় অত্যাবশ্যক কর্ম্মোপলক্ষে পনের দিনের ছুটী পাইয়াছেন।

নগওয়ানের ডেপুটী মাজিষ্ট্রেট শ্রীযুত মৌলবী ওয়াহিদুন নবি গত মাসের ৭ তারিখে যে ছুটী পান তদতিরিক্ত পাঁচ দিনের ছুটী পাইয়াছেন।

১৮৫৪ সাল ২৭ অক্টোবর।

পূরীর সিবিল আসিষ্টাণ্ট চিকিৎসক শ্রীযুত ই বি থ্রিং সাহেব (Mr. E. B. Thring,) আপন চিকিৎসকতা কর্ম্মের ভার সব আসিষ্টাণ্ট চিকিৎসক শ্রীযুত শ্যামাচরণ সরকারের প্রতি অর্পণ করিয়া এক মাসের ছুটী পাইয়াছেন।

বিজ্ঞাপন।

১৮৫৪ সাল ২৫ অক্টোবর।

শ্রীযুত টি ই ফ্যারফাক্স সাহেব ও শ্রীযুত জে সিমসন সাহেব (Messrs. T. E. Fairfax and J. Simson,) শ্রীযুত অনরবিল কোর্ট অফ ডৈরেক্টর্স সাহেবেরদের দ্বারা বাঙ্গলা দেশের সিবিলসম্পর্কীয় সিরিশ্তায় নিযুক্ত হইয়া বর্ত্তমান মাসের ১৪ তারিখে "বেণ্টীঙ্ক" নামক বাষ্পীয় জাহাজে রাজধানীতে পঁহুছিয়াছেন এমত রিপোর্ট করেন।

ডবলিউ গ্রে।
বাঙ্গলা দেশের গবর্ণমেণ্টের সেক্রেটারী।

২৩৯৪ নম্বর।

বাঙ্গলা দেশের শ্রীযুত লেপ্টেনেন্ট গবরনর সাহেবের হুকুম।

ছুটী।

১৮৫৪ সাল ২৫ অক্টোবর।

পূরণিয়ার কালেক্টর শ্রীযুত সি ডি রসেল সাহেব (Mr. C. D. Russell,) আপনার কর্ম্ম স্থানে পঁহুছিবার নিমিত্তে নূতন বিধির ১৫ ধারানুসারে বর্ত্তমান মাসের ১২ তারিখঅবধি তেইশ দিনের ছুটী পাইয়াছেন।

১৮৫৪ সাল ২৭ অক্টোবর।

চম্পারণের চিকিৎসকতা কর্ম্মের ভারপ্রাপ্ত সব-আসিষ্টাণ্ট চিকিৎসক শ্রীযুত জে জে ডুরাণ্ট সাহেব (Mr. J. J. Durant,) স্বীয় কর্ম্মোপলক্ষে পনের দিনের ছুটী পাইয়াছেন।

১৮৫৪ সাল ২৮ অক্টোবর।

শ্রীযুত সি ই লান্স সাহেব (Mr. C. E. Lance,) গত মাসের ২৬ তারিখে যে ছুটী পান তাহার পরিবর্ত্তে নূতন বিধির অনুসারে চিকিৎসকের সর্টিফিকটক্রমে পনের মাসের ছুটী পাইয়াছেন।

লাল গির্জার একটিং দ্বিতীয় ধর্ম্মোপদেশক শ্রীযুত পাদরি এচ স্মিথ সাহেব (Reverend H. Smith,) এক মাসের ছুটী পাইয়াছেন।

বিজ্ঞাপন।

১৮৫৪ সাল ২০ অক্টোবর।

বাঙ্গলা দেশের শ্রীযুত লেপ্টেনেন্ট গবরনর সাহেব নদীয়া জিলার বাগদহের মুনসেফী এলাকা মৌকুফ করিয়া উক্ত জিলার দৌলতগঞ্জের মুনসেফী এলাকাভুক্ত করিবার অনুমতি দিয়াছেন।

১৮৫৪ সাল ২৩ অক্টোবর।

আসামে গরাবাদী জমীর দানের বিষয়ে নীচের লিখিত বিধি বাঙ্গলা দেশের শ্রীযুত লেপ্টেনেন্ট গবরনর সাহেব

মঞ্জুর করিয়াছেন ও তাহা সকল লোককে জানাইবার নিমিত্তে প্রকাশ করা যাইতেছে।

১ বিধি। আসামে গরাবাদী জমী পাইবার দরখাস্ত কালেক্টর সাহেবের নিকটে করিতে হইবেক। তিনি আপন দফ্তরখানায় একখান বহী রাখিয়া যত দরখাস্ত পান তাহা তাহাতে এণ্টর করিবেন আর তাহার ইশতিহার এক সপ্তাহ আপন কাছারীতে লট্‌কাইয়া রাখিলে পর বোর্ড রেবিনিউর সাহেবেরদের হুকুম পাইবার জন্যে ঐ দরখাস্ত কমিস্যনর সাহেবের দ্বারা বোর্ডে অর্পণ করিবেন। যদি একি খণ্ড জমীর নিমিত্তে একের অধিক দরখাস্ত হয় তবে আরও পনের দিনপর্য্যন্ত ঐ ইশতিহার লট্‌কান থাকিলে পর তাহা নীলাম করা যাইবেক আর যে জন অতিউচ্চ মূল্য ডাকে তাহার দরখাস্ত উপরের নির্দ্দিষ্টমতে পাঠান যাইবেক।

২ বিধি। গরাবাদী জমী খণ্ড যাহারা পাইবার দরখাস্ত করে এমত প্রত্যেক জন, কোম্পাস আমীনের দ্বারা ঐ খণ্ড জমীর সীমানার উপযুক্তমতে জরিপ করিবার যত খরচ লাগিবেক তাহার উপযুক্ত টাকা কালেক্টর সাহেবের নিকটে আমানৎ করিবেক। আর উত্তর কালে বিবাদের সম্পূর্ণরূপে নিবারণ হয় এই জন্যে ঐ জরীপের এক কেতা নক্‌শা কালেক্টর সাহেবের রেজিষ্টরী বহীতে এণ্টর করা যাইবেক।

৩ বিধি। বনময় কি ঘাসময় গরাবাদী জমীর ৫০০ একরের ন্যূন পরিমাণের কোন জমীখণ্ড দেওয়া যাইবেক না তাহাও সেই নিয়মমতে দেওয়া যাইবেক।

৪ বিধি। ঘর ও পুকুর ও রাস্তা ও বাঁধপ্রভৃতি করিবার জন্যে জমীখণ্ডের চারি অংশের এক অংশ চিরকাল নিষ্কর থাকিবেক কিন্তু তাহা ঐ জমীর অন্য অংশহইতে পৃথকরূপে গণ্য হইবেক না কিম্বা জমীর যে অংশের উপর খাজানা লাগে তাহার সঙ্গে মিলিয়া তাহার পরিমাণপ্রযুক্ত ঐ নিষ্কর ভূমি দায়হইতে মুক্ত হইবেক না।

৫ বিধি। ঐ জমীখণ্ডের বাকী তিন অংশ পনের বৎসরপর্য্যন্ত নিষ্কর থাকিবেক তাহার পর দশ বৎসরপর্য্যন্ত তাহার একর প্রতি ৵ তিন আনা কর লাগিবেক ও চোয়াত্তর বৎসরপর্য্যন্ত একর প্রতি ।৵ আনা লাগিবেক সমুদয় কাল নিরানব্বই বৎসর নির্দ্ধার্য্য হইয়াছে।

৬ বিধি। নিরানব্বই বৎসরের পর ঐ জমীখণ্ডের জরীপ ও পুনরায় বন্দোবস্ত হইতে পারিবেক আর তৎকালের গবর্ণমেণ্ট তাহার উপর যে কর বসান উচিত বোধ করেন এমত অল্প কর বসান যাইবেক আর ইস্তমরারী বন্দোবস্ত ধার্য্য না হওয়া মহালের মালিকেরদের প্রতি সাধারণমতে যে নিয়ম খাটে সেই নিয়মানুসারে ঐ জমীখণ্ডের অধিকারিত্ব স্বত্ব ও গবর্ণমেণ্টের সঙ্গে করার করিবার স্বত্ব ঐ জমীপাওনিয়ার কি তাহার উত্তরাধিকারিরদের কি অছিরদের কিম্বা আসৈনিকদের প্রতি থাকিবেক আর উপরের নির্দ্দিষ্ট মতের ঐ জরীপ ও পুনশ্চ বন্দোবস্ত কি পুনশ্চ কর ধার্য্য করণের কার্য্য যেপর্য্যন্ত সমাপ্ত না হয় সেইপর্য্যন্ত একান্ন বৎসরঅবধি নিরানব্বই বৎসরপর্য্যন্ত বৎসরে২ যত রাজস্ব দেওয়া যায় তাহার তুল্য রাজস্ব ঐ জমীপাওনিয়ার কি তাহার উত্তরাধিকারিরদের কি অছিরদের কি আসৈনিকদের বৎসরে২ দিতে হইবেক।

৭ বিধি। অমুক সালের অমুক মাসঅবধি পঞ্চম বৎসরের শেষ না হইতে২ ঐ জমীখণ্ডের আট অংশের এক অংশ পরিষ্কার ও চাষের উপযুক্ত করিতে হইবেক আর অমুক সালের অমুক মাসঅবধি দশম বৎসরের শেষ না হইতে২ তাহার চারি অংশের এক অংশ, আর অমুক সালের অমুক মাসঅবধি বিশ বৎসরের শেষ না হইতে২ অর্দ্ধেক, ও অমুক সালের অমুক মাসাবধি ত্রিশ বৎসরের শেষ না হইতে২ চারি অংশের তিন অংশ, পরিষ্কার ও চাষের উপযুক্ত করিতে হইবেক। এই নিয়মের মধ্যে সকল নিয়ম কি কোন নিয়ম ভঙ্গ হইলে সম্পূর্ণ জমীখণ্ড বাজেয়াপ্ত করা যাইবেক এবং ঐ জমীর যে অংশ অপরিষ্কার থাকে ও তাহার যে অংশ পরিষ্কার ও আবাদ করা গিয়াছে তাহা সমুদয়েতে ঐ জমীপাওনিয়ার যে সকল স্বত্ব ও সম্পর্ক তাহা জব্দ হইবেক কিন্তু ঐ নিয়ম ভঙ্গের কথা কালেক্টর সাহেব কি অন্য কার্য্যকারক সরেজমীনে তদারক করিলে পর বোর্ড রেবিনিউর সাহেবেরা চূড়ান্তরূপে নিষ্পত্তি করিবেন।

৮ বিধি। পর্ব্বতীয় বনময় জমীর দান বিশেষ নিয়মমতে করা যাইবেক আর প্রত্যেক স্থলে বোর্ড রেবিনিউর সাহেবেরদের অনুমতিক্রমে তাহার বন্দোবস্ত হইবেক।

৯ বিধি। জমীখণ্ডের অধিকারিত্বের সকল খারিজদাখিলের ও পরিবর্ত্তনের উপযুক্তমতে রেজিষ্টরীহওনের অভিপ্রায়ে দাওয়াদারের নাম কালেক্টর সাহেবের বহীতে অধিকারিস্বরূপ রেজিষ্টরী হইয়াছে এইমত প্রমাণ না হইলে জমীর কিম্বা ঐ জমীখণ্ডের খাজানার অধিকারিত্ব স্বত্বের কোন দাওয়া সিদ্ধ জ্ঞান হইবেক না।

১০ বিধি। যাহারা নিতান্ত ভূমির চাষ করে তাহারদিগকে এই বিধির বিষয় বিবেচনা না করিয়া যে জিলাতে ঐ জমী আছে সেই জিলার চলন নিয়মমতে জমী দান করিতে স্থানবিশেষের কার্য্যকারক সাহেবেরা আপনারদিগকে ক্ষমতাপ্রাপ্ত জ্ঞান করিবেন।

ডবলিউ গ্রে।
বাঙ্গলা দেশের গবর্ণমেণ্টের সেক্রেটারী।

২৪২০ নম্বর।

বাঙ্গলা দেশের শ্রীযুত লেপ্টেনেণ্ট গবর্নর সাহেবের হুকুম।

নিয়োগ।

১৮৫৪ সাল সাল ৩০ অক্টোবর।

বালেশ্বরের নিমক এজেণ্ট সাহেবের আসিষ্টাণ্ট শ্রীযুত আর এচ পর্কিন্স সাহেব (Mr. R. H. Perkins,) ১৮৩৮ সালের ২৯ আইনের ২৫ ধারার নির্দ্দিষ্ট ক্ষমতাপ্রাপ্ত হইয়াছেন।

১৮৫৪ সাল ৩১ অক্টোবর।

শ্রীযুত আর এচ আলেকজাণ্ডর সাহেব (Mr. R. H. Alexander,) নওয়াখালীর জাইণ্ট মাজিষ্ট্রেট ও ডেপুটী কালেক্টর সাহেবের আসিষ্টাণ্ট হইবেন।

১৮৫৪ সাল ১ নবেম্বর।

শ্রীযুত এ হোপ সাহেবের (Mr. A. Hope,) অনুপস্থান কি অন্য হুকুম না হওনপর্য্যন্ত শ্রীযুত এ জে এলিয়ট সাহেব (Mr. A. J. Elliot,) বারাসতের জাইণ্ট মাজিষ্ট্রেট ও ডেপুটী কালেক্টরের কর্ম্ম নির্ব্বাহ করিবেন।

শ্রীযুত পাদরি টি উড সাহেব (Reverend T. Wood,) ফোর্ট উলিয়ম কিল্লার ও জেনরল হাসপিটালের ধর্ম্মোপদেশক হইবেন।

ছুটী।

১৮৫৪ সাল ৩০ অক্টোবর।

পূরণিয়ার প্রধান সদর আমীন শ্রীযুত মৌলবী তফজুল হুসেন গত আগষ্ট মাসের ২৫ তারিখে যে ছুটী পান তদতিরিক্ত চিকিৎসকের সর্টিফিকটক্রমে এক মাসের ছুটী পাইয়াছেন।

১৮৫৪ সাল ৩১ অক্টোবর।

ত্রিপুরার প্রধান সদর আমীন শ্রীযুত মৌলবী সৈয়দ আব্বাস আলী দশহরা ও মহরমের বন্দের অতিরিক্ত এক মাসের ছুটী পাইয়াছেন।

১৮৫৪ সাল ১ নবেম্বর।

বারাসতের জাইণ্ট মাজিষ্ট্রেট ও ডেপুটী কালেক্টর

শ্রীযুত এ হোপ সাহেব (Mr. A. Hope,) ছুটীবিষয়ক নূতন বিধির ১৫ ধারানুসারে এক মাসের ছুটী পাইয়াছেন।

বাঁকুড়ার জাইন্ট মাজিষ্ট্রেট ও ডেপুটী কালেক্টর শ্রীযুত এফ টকর সাহেব (Mr. F. Tucker,) গত সেপ্টেম্বর মাসের ২ তারিখে যে ছুটী পান তদতিরিক্ত ছুটীবিষয়ক নূতন বিধির ১৫ ধারানুসারে দশ দিনের ছুটী পাইয়াছেন।

মাদারিপুরের ডেপুটী মাজিষ্ট্রেট শ্রীযুত বাবু গুরুচরণ দাস গত সেপ্টেম্বর মাসের ১৫ তারিখে যে ছুটী পান তদতিরিক্ত চিকিৎসকের সর্টিফিকটক্রমে দশ দিনের ছুটী পাইয়াছেন।

বিজ্ঞাপন।

১৮৫৪ সাল ১৮ সেপ্টেম্বর।

১৮৫৩ সালের ডিসেম্বর মাসের ৯ তারিখের গবর্ণমেণ্টের হুকুম মতান্তর করিয়া বাঙ্গলা দেশের শ্রীযুত অনরবিল লেপ্টেনেণ্ট গবরনর সাহেব স্থির করিয়াছেন যে আরঙ্গাবাদ এলাকাখণ্ডের শামিল নিম্নের লিখিত থানা থাকিবেক।

ফরুক্কাবাদ ... ... ভাগলপুর

কালিকাপুর অথবা নারায়ণ
সমসেরগঞ্জ ... ...
পলসা ... ...
সুটী ... ...
মীরজাপুর ... ...
খামরা ... ...
} মুরশিদাবাদ

ডবলিউ গ্রে।
বাঙ্গলা দেশের গবর্ণমেণ্টের সেক্রেটারী।

GOVERNMENT ADVERTISEMENTS. গবর্ণমেণ্টের ইশ্‌তিহার।

LAND ADVERTISEMENTS. ভূমিবিষয়ক ইশ্‌তিহার।

জিলা নদীয়া।

ইস্তাহারনামা কাছারি কালেক্টরি জেলা নদীয়া।

ইহার দ্বারা সম্বাদ দেওয়া যাইতেছে যে জেলা নদীয়া মোতালকের নীচের লিখিত মহাল মালগুজারির বাকীর নিমিত্তে ১৮৫৪ সালের ২৫ নবেম্বর মোং সন ১২৬১ সালের ১১ অগ্রহায়ণ শনিবার কালেক্টরি কাছারিতে বিনা ওজর নীলামে ধরা যাইবেক ইতি সন ১৮৫৪ সাল তাং ২ নবেম্বর মোং সন ১২৬১ সাল তাং ১৮ কার্ত্তিক।

তৃতীয় শ্রেণী হালের অথবা উহার পূর্ব্ব বৎসরের ছাড়া অন্য বৎসরের বাকী।

৬১৫ নং মৌং জয়পুর চাং কৃষ্ণনগর মালিক তারিণী বেওয়া সদর জমা ১৸/২
৬৫৩ নং মৌং বেলপুখুরিয়া পং বাগুয়ান মালিক নিস্তারিণী ও ব্রহ্মময়ী দেব্যা সদর জমা ৩৶১০
৭৮২ নং মৌং দুর্গাপুর চাং কৃষ্ণনগর মালিক মদনমোহন রায় সদর জমা ২৮৸৶৬
৭৮৩ নং মৌং দুর্গাপুর চাং কৃষ্ণনগর মালিক গোলোকমণি দেব্যা সদর জমা ২৮৶৭
৮৮৮ নং মৌং কুলি চাং মাটীয়ারি মালিক হরিদাস মহন্ত সদর জমা ২৪৫।৯
৯৩০ নং মৌং দুর্গাপুর চাং মাটীয়ারি মালিক মুক্তকেশী দেব্যা মাদরে গিরিজাকান্ত রায় সদর জমা ২৩৭/১
৯৫৫ নং মৌং দলইগ্রাম তং মামজোয়ানী মালিক নাজীর তরফদার সদর জমা ৸০
+ ১১৪৫ নং মৌং চেঙ্গড়হরা চাং কৃষ্ণনগর মালিক দীননাথ ও তারিণী ভট্টাচার্য্য হাল রামচন্দ্র ভট্টাচার্য্য সদর জমা ২৩৸৶১
১১৮৩ নং মৌং উশীতপুর চাং কৃষ্ণনগর মালিক হরচন্দ্র মুখোপাধ্যায় সদর জমা ৩॥৶৮
১২২৭ নং মৌং গোয়ালসলুয়া তং মামজোয়ানী মালিক হরিদাস মহন্ত সদর জমা ৯।৶৭
১৩২৫ নং মৌং নন্দনপুর পং হাবেলীশহর মালিক উমাপ্রসাদ রায়দিগর সদর জমা ৫০০ ৫
১৩৪০ নং মৌং জয়পুর চাকলে কৃষ্ণনগর মালিক প্রসন্নচন্দ্র কবিরাজ সদর জমা ৩৬৸৶১
১৩৫৯ নং মৌং কাদিপুর পং সাহজীয়ান মালিক গঙ্গাগোবিন্দ দোবে সদর জমা ১৫৶৮
১৩৭৪ নং মৌং খলিশ্যাকুড়ী পং ভাণ্ডারদহ মালিক রামকমল বাঁড়ুয্যা সদর জমা ১০॥৶৮
১৪৪৬ নং মৌং পানিনালা চাং কৃষ্ণনগর মালিক রামচন্দ্র বন্দ্যোপাধ্যায় সদর জমা ২৶২
১৪৪৭ নং মৌং পানিনালা চাং কৃষ্ণনগর মালিক দ্বারকানাথ বাঁড়ুয্যা সদর জমা ৫/৯
১৪৯৯ নং মৌং রাধাকান্তপুর তং মামজোয়ানী মালিক দীননাথ ও চন্দ্রনাথ মুখোপাধ্যায় সদর জমা ৬৸৶২
১৫০০ নং মৌং রাধাকান্তপুর তং মামজোয়ানী মালিক কিনুচন্দ্র মুখোপাধ্যায় সদর জমা ৯।৶৪
১৫৩৮ নং মৌং বহিরগাছি পং বাগুয়ান মালিক রতিকান্ত ভট্টাচার্য্য সদর জমা ৯॥৶৯
১৫৪৩ নং মৌং সাতপোতা পং বাগুয়ান মালিক দামোদরচন্দ্র রায় সদর জমা ২৶৫

১৫৬০ নং মৌং বারিণা পং বেলগঁ। মালিক ঠাকুরদাস চক্রবর্ত্তী ও রাধামোহন সরকার ও বেনিমাধব ঘোষ ও কেদারনাথ ঘোষ সদর জমা ৩৬৲৭

১৫৮৭ নং মৌং রাউতাড়া চাং কৃষ্ণনগর মালিক কৃষ্ণনাথ চূড়ামণি ভট্টাচার্য্য সদর জমা ৮৸/৫

১৬০৫ নং মৌং সন্তোষপুর চাং মাটীয়ারি মালিক ব্রজেশ্বরী দেব্যা সদর জমা ২৬॥১

১৬১৩ নং মৌং শ্রীকোল পং রাজপুর মালিক ভাগীরথী চৌধুরাণী সদর জমা ২১৶১

১৬১৪ নং মৌং শ্রীকোল পং রাজপুর মালিক নন্দকুমার ও ভোলানাথ চাটুয্যা সদর জমা ৮ ।/০

১৬৪২ নং মৌং শোনদহদিং চাং কৃষ্ণনগর মালিক হরিশ্চন্দ্র সরকার সদর জমা ২১ ।৯

১৬৮৭ নং মৌং বেতাই পং পলাশী মালিক মহানন্দ মুখোপাধ্যায় ও স্বর্ণময়ী ও ভুবনময়ী দেব্যা সদর জমা ৫৭ ॥/৭

১৭১৩ নং মৌং বেজপাড়াছাতিনী পং বাগুয়ান মালিক রামমোহন মুখুয্যা সদর জমা ৸৶২

১৭৩৫ নং মৌং কলসুর পং উখড়া মালিক জয়গোপাল পাল চৌধুরী ও শ্রীগোপাল পাল চৌধুরী ওগয়রহ সদর জমা ১৮॥/১০

১৭৭৭ নং মৌং পানশিলা চাং কৃষ্ণনগর মালিক ঈশ্বরচন্দ্র চক্রবর্ত্তী সদর জমা ১০॥৮

১৮১৪ নং মৌং সাধনপাড়া পং বাগুয়ান মালিক রামগোপাল ভট্টাচার্য্য সদর জমা ৸৶১১

১৮২২ নং মৌং উশীতপুর চাং কৃষ্ণনগর মালিক উমাচরণ মুখোপাধ্যায় সদর জমা ৫৶২

১৮২৩ নং মৌং রাণাবন্দশীকড়ি চাং কৃষ্ণনগর মালিক প্রাণকৃষ্ণ পালদিগর সদর জমা ৪১॥ ৶৯

১৮৬০ নং মৌং তরণিপুর পং বাগুয়ান মালিক দামোদরচন্দ্র রায়দীং সদর জমা ৫১ ।/৮

১৮৭৫ নং মৌং শোনডাঙ্গা পং বাগুয়ান মালিক সেখ এনাএতওল্লা সদর জমা ২৸৶১১

১৮৮৪ নং মৌং লাউপালা পং উখড়া মালিক গোবিন্দচন্দ্র মুখোপাধ্যায় সদর জমা ॥৶৫

১৯০১ নং মৌং কামারহাটি পং বাগুয়ান মালিক গোপীনাথ ও কৃষ্ণকুমার ও মহেশচন্দ্র ভট্টাচার্য্য সদর জমা ৪৩৶৮॥

১৯২১ নং মৌং কাঁচকুলীদীং পং বাগুয়ান মালিক দামোদরচন্দ্র রায় সদর জমা ৸৶২

১৯২৩ নং মৌং ঘাটীগাছী তং শান্তিপুর মালিক তারাচাঁদ ভট্টাচার্য্য ও পীতাম্বর ভট্টাচার্য্য সদর জমা ৩১ ।৶৩

১৯৪১ নং মৌং উলা তং মামজোয়ানী মালিক হরদেব মুখয্যা সদর জমা ৪ ।৶৩

১৯৬১ নং মৌং চাঁদুড়ীয়া পং পাজনোর মালিক হরমণি দেব্যা জওজে লালমোহন বাঁড়ুয্যা সদর জমা ২॥৶৭

১৯৭৩ নং মৌং বাগপারাখানী চাং কৃষ্ণনগর মালিক জয়দেব মুখোয্যা সদর ২৪॥/৬

২০৩৩ নং মৌং মুজাপুর পং পলাশী মালিক দামোদরচন্দ্র রায় সদর জমা ১০৬৸৶৭

২০৩৪ নং মৌং শাকড়াচণ্ডীপুর তং মুনশীবপুর মালিক চন্দ্রমণি ব্রহ্মাণ্যা সদর জমা ২৯৶৫

২০৪৩ নং মৌং চাঁদকুড়ী চাং কৃষ্ণনগর মালিক মুনশী মহম্মদ আলী সদর জমা ১৫

২০৫১ নং মৌং বাগপ্রিয়ানগর পং পাজনোর মালিক রাণী হরসুন্দরী সদর জমা ৯৩৸৶১১

২০৭২ নং মৌং বাগুয়ান পং বাগুয়ান মালিক স্বর্ণময়ী দেব্যাদীং সদর জমা ৭২৸/৬

২০৭৪ নং মৌং বাগুয়ান পং বাগুয়ান মালিক দয়াময়ী দেব্যা সদর জমা ৫৫॥৶০

২১৩৯ নং মৌং ভুবানী পং পলাশী মালিক দামোদরচন্দ্র রায় ও কেশবচন্দ্র রায় সদর জমা ১৫ ।/১০

২২২৯ নং মৌং মুটীফুলবাড়ী চাং কৃষ্ণনগর মালিক উমানন্দ ও ত্রিপুরানন্দ রায় সদর জমা ৩৭৩ ।/

২২৬৩ নং মৌং আমডোব পং হলদহ মালিক ব্রজেশ্বরী দেব্যা জওজে হরিহর বাঁড়ুয্যা সদর জমা ২৬ ।৶৩

২২৮০ নং মৌং পেটভরা পং হলদহ মালিক পদু ও আমীর বিশ্বাস সদর জমা ৫॥/৩

২২৮৩ নং মৌং বেহারিয়া পং উখড়া মালিক কৃষ্ণলাল মুখোপাধ্যায় সদর জমা ১৶৭

২৩০৫ নং মৌং কাশীপুর পং পলাশী মালিক জগৎদুর্লভ ও রামদুর্লভ ও ব্রজদুর্লভ মুখোপাধ্যায় সদর জমা ৭৲৬

২৩০৯ নং মৌং সাজুয়া পং হলদহ মালিক জগৎধাত্রী দেব্যা সদর জমা ৬০ ।৶৩

২৩১০ নং মৌং বিবি বখোপ পং হলদহ মালিক বিশ্বেশ্বর মুখোপাধ্যায় সদর জমা ৩৪৶৪

২৩১১ নং মৌং খোর্দ্দ চাঁদুড়িয়া পং মুলঘড মালিক রায় বৈদ্যনাথ মুখোপাধ্যায় সদর জমা ২৩॥২

২৩১২ নং মৌং মহারাজপুর চাং কৃষ্ণনগর মালিক দেবনাথ রায় সদর জমা ২০॥৶১

২৩২৫ নং মৌং বাহাদুরপুর পং রাজপুর মালিক ব্রহ্মময়ী দেব্যা হাল কিশোরীমোহন গোস্বামী ও শক্তিময়ী দেব্যা সদর জমা ৩৬৸৶৫

২৩২৮ নং মৌং দক্ষিণপাড়া চাং কৃষ্ণনগর মালিক রণকালী দেব্যা সদর জমা ১০ ।৬

২৩৪৯ নং মৌং হেলিয়াডাঙ্গা পং উখড়া মালিক শ্রীরাম ভট্টাচার্য্য সদর জমা ১॥৶২

২৪১২ নং মৌং গড়বাড়ী তং মুনশীবপুর মালিকান ভৈরবচন্দ্র গঙ্গোপাধ্যায় সদর জমা ৮৲॥

২৪১৩ নং মৌং গড়বাড়ী তং মুনশীবপুর মালিক ভবানীশঙ্কর বন্দ্যোপাধ্যায় ও চন্দ্রমণি ব্রহ্মাণ্যা সদর জমা ৩॥৶

২৪২৪ নং মৌং হিজলী তং মামজোয়ানী মালিক জয়গোপাল পালচৌধুরী ও শ্রী গোপাল পালচৌধুরী ওং সদর জমা ২৮॥৶১০

G. W. BATTYE, *Collector.*